- $\frac{A_x}{B_x} = \frac{A_y}{B_y} = \frac{A_z}{B_z}$ [সমান্তরাল শর্ত]

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান


. সঠিক উত্তর কোনটি? [JU-A, Set-G: 2022-23]

A. $\hat{k} \times \hat{j} = \hat{i}$ B. $\hat{k} \times \hat{j} = 1$ C. $\hat{k} \times \hat{j} = -\hat{i}$ D. $\hat{k} \times \hat{j} = 0$

S C Why আয়ত একক ভেক্টর $\hat{i}$, $\hat{j}$ ও $\hat{k}$ হলে,



$\hat{i} \times \hat{j} = \hat{k}$
$\hat{j} \times \hat{k} = \hat{i}$
$\hat{k} \times \hat{i} = \hat{j}$



$\hat{j} \times \hat{i} = -\hat{k}$
$\hat{k} \times \hat{j} = -\hat{i}$
$\hat{i} \times \hat{k} = -\hat{j}$

যদি $\vec{A} \times \vec{B} = -\vec{B} \times \vec{A}$ হয় তবে এদের মধ্যবর্তী কোণ? [JU-A, Set-H: 2022-23; 21-22]

A. π B. $\frac{\pi}{2}$ C. $\frac{\pi}{3}$ D. $\frac{\pi}{4}$

S A Why $\vec{A} \times \vec{B} = -\vec{B} \times \vec{A}$ অর্থাৎ দিক পরস্পর বিপরীত হওয়ায় মধ্যবর্তী কোণ 180° বা π।

. কোনটি ভেক্টর রাশি? [JU-A, Set-N: 2022-23]

A. আয়তন B. বৈদ্যুতিক বিভব
C. স্বর্ণপাত ধারকযন্ত্র D. বৈদ্যুতিক প্রাবল্য

S D Why ভেক্টর রাশিসমূহ: বৈদ্যুতিক প্রাবল্য, কুলম্ব/তড়িৎ বল, ক্ষেত্রফল।
- স্কেলার রাশিসমূহ: বৈদ্যুতিক বিভব, চার্জ, কৃতকাজ, ধারকত্ব, আয়তন ইত্যাদি।

04. $\vec{A} = -\vec{B}$ হলে $\vec{A} \times \vec{B}$ এর মান হবে- [JU-A, Set-S: 2022-23]

A. $-A^2$ B. 0
C. $-B^2$ D. 1

S B Why $\vec{A} \times \vec{B} = \vec{A} \times \{-(\vec{A})\} = -(\vec{A} \times \vec{A}) = 0$

$\because |\vec{A} \times \vec{A}| = A.A\sin\theta = A.A\sin 0° = 0$ [$\vec{A}$ ও $\vec{A}$ এর মধ্যবর্তী কোণ 0°]

05. নিচের কোনটি বন্টন সূত্র? [JU.A. Set-I. 2021-22]

A. $(P + Q) + R = P + (Q + R)$ B. $m(P + Q) = mP + mQ$
C. $P + Q = Q + P$ D. A. B = B. A

S B Why ভেক্টর যোগের কয়েকটি সূত্র:
- ভেক্টরের বিনিময় সূত্র: $\vec{A} + \vec{B} = \vec{B} + \vec{A}$
- ভেক্টরের সংযোগ সূত্র: $(\vec{A} + \vec{B}) + \vec{C} = \vec{A} + (\vec{B} + \vec{C})$
- ভেক্টরের বন্টন সূত্র: $m(\vec{A} + \vec{B}) = m\vec{A} + m\vec{B}$

06. $\vec{A}, \vec{B}, \vec{C}$ সমতলীয় হবার শর্ত কোনটি? [JU.A. Set-O. 2021-22]

A. $\vec{A} \times (\vec{B} \times \vec{C}) = 0$ B. $\vec{A}.(\vec{B} \times \vec{C}) = 0$
C. $\vec{A} \times (\vec{B}.\vec{C}) = 0$ D. কোনটিই নয়

S B Why $\vec{A}, \vec{B}, \vec{C}$ সমতলীয় হবার শর্ত:

i. $\vec{A}.(\vec{B} \times \vec{C}) = 0$ ii. $\vec{B}.(\vec{A} \times \vec{C}) = 0$ iii. $\vec{C}.(\vec{A} \times \vec{B}) = 0$

07. কোনটি সত্য নয়? [JU.A. Set-M. 2021-22]

A. $\hat{k} \times \hat{k} = 0$ B. $\hat{i} \times \hat{k} = \hat{j}$ C. $\hat{k} \times \hat{i} = \hat{j}$ D. $\hat{k} \times \hat{j} = -\hat{i}$

S B Why $\hat{i} \times \hat{j} = \hat{k}$, $\hat{j} \times \hat{i} = -\hat{k}$ [Clock Wise = (–)ve] [Anti Clock Wise = (+) ve]

$\hat{j} \times \hat{k} = \hat{i}$, $\hat{k} \times \hat{j} = -\hat{i}$

$\hat{k} \times \hat{i} = \hat{j}$, $\hat{i} \times \hat{k} = -\hat{j}$

08. স্কেলার গুণনের উদাহরণ কোনটি? [JU.A. Set-Q. 2021-22]

A. কাজ B. টর্ক C. বল D. কৌণিক ভরবেগ

S A Why ডট গুণনে প্রাপ্ত ফলাফল স্কেলার।

কাজ, $W = \vec{F}.\vec{S} = Fs\cos\theta$ সুতরাং, কাজ স্কেলার।

09. $\vec{A} = 2\hat{i} - \hat{j} + 3\hat{k}$ এবং $\vec{B} = \hat{i} + 2\hat{j} - 4\hat{k}$। $\vec{A}$ এবং $\vec{B}$ যে সমতলে অবস্থিত তার লম্বদিকে একক ভেক্টর কত? [JU.A. Set-M. 2021-22]

A. $-\frac{2}{5\sqrt{6}}\hat{i} + \frac{11}{5\sqrt{6}}\hat{j} + \frac{1}{\sqrt{6}}\hat{k}$ B. $-\frac{2}{5\sqrt{6}}\hat{i} - \frac{11}{5\sqrt{6}}\hat{j} + \frac{1}{\sqrt{6}}\hat{k}$
C. $\frac{2}{5\sqrt{6}}\hat{i} + \frac{11}{5\sqrt{6}}\hat{j} + \frac{1}{5\sqrt{6}}\hat{k}$ D. কোনটিই নয়

S A Why লম্বদিকে একক ভেক্টর $= \frac{\vec{A} \times \vec{B}}{|\vec{A} \times \vec{B}|}$

$$\vec{A} \times \vec{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -1 & 3 \\ 1 & 2 & -4 \end{vmatrix} = \hat{i}(4 - 6) - \hat{j}(-8 - 3) + \hat{k}(4 + 1)$$

$$= -2\hat{i} + 11\hat{j} + 5\hat{k}$$

$$\therefore |\vec{A} \times \vec{B}| = \sqrt{(-2)^2 + (11)^2 + 5^2} = \sqrt{150} = 5\sqrt{6}$$

$$\therefore \text{লম্বদিকে একক ভেক্টর} = -\frac{2}{5\sqrt{6}}\hat{i} + \frac{11}{5\sqrt{6}}\hat{j} + \frac{5}{5\sqrt{6}}\hat{k}$$

$$= -\frac{2}{5\sqrt{6}}\hat{i} + \frac{11}{5\sqrt{6}}\hat{j} + \frac{1}{\sqrt{6}}\hat{k}$$

10. $\vec{A} = 3\hat{i} - 2\hat{j} + 6\hat{k}$, $\vec{A}$ এর দিকে একক ভেক্টর কত?
[JU.A. Set-O. 2021-22, JU-A, Set-E. 20-21]


A. $\frac{3}{7}\hat{i} - \frac{2}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k}$ B. $\frac{3}{7}\hat{i} + \frac{2}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k}$
C. $\frac{1}{2}\hat{i} - \frac{1}{3}\hat{j} + \hat{k}$ D. $\frac{1}{2}\hat{i} + \frac{1}{3}\hat{j} + \hat{k}$

SAWhy $|\vec{A}| = \sqrt{3^2 + (-2)^2 + 6^2} = \sqrt{49} = 7$
∴ একক ভেক্টর $= \frac{3}{7}\hat{i} - \frac{2}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k}$

11. 10N এর একটি বল Y-অক্ষের সঙ্গে 60° কোণে আনত। বলটির X-অক্ষ বরাবর লম্ব উপাংশ কত?
[JU.A. Set-Q. 2021-22]

A. 5 B. $5\sqrt{3}$
C. 0.5 D. 25

SBWhy X অক্ষ বরাবর উপাংশ,
$F_x = F\cos\theta = 10 \times \cos 30°$
$= 10 \times \frac{\sqrt{3}}{2} = 5\sqrt{3}$



12. যদি $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$ হয়, তবে $\vec{\nabla} \cdot \vec{r}$ কত?
[JU.A. Set-F. 2021-22; NSTU-A, 19-20; কু.বো. ২০১৬]

A. 3 B. 0
C. 1 D. 2

SAWhy $\vec{\nabla}.\vec{r} = \left(\frac{\delta}{\delta x}\hat{i} + \frac{\delta}{\delta y}\hat{j} + \frac{\delta}{\delta z}\hat{k}\right)(x\hat{i} + y\hat{j} + z\hat{k})$
$= \frac{\delta}{\delta x}(x) + \frac{\delta}{\delta y}(y) + \frac{\delta}{\delta z}(z) = 1 + 1 + 1 = 3$

13. যদি $\vec{A} = \hat{i} + \hat{j} \because \hat{k}$ এবং $\vec{B} = 2\hat{i} + 2\hat{j} + 2\hat{k}$ হয় তবে $\vec{A} \times \vec{B} = ?$
[JU-A, Set-G. 20-21]

A. $3\hat{i} + 2\hat{j} + 6\hat{k}$ B. $2\hat{i} + 3\hat{j} - 7\hat{k}$
C. $\hat{i} + 3\hat{j} - 2\hat{k}$ D. $\vec{0}$

SDWhy যদি একটি ভেক্টর অপর ভেক্টরের সরল গুণিতক হয় অর্থাৎ $A_x = A_y = A_z$ এবং $B_x = B_y = B_z$ হয়, তাহলে এদের নির্ণায়ক শূন্য।
অর্থাৎ $|\vec{A} \times \vec{B}| = 0$ কারণ, এক্ষেত্রে $\sin\theta = 0$।

14. সোহেল সাইকেলে করে বাড়ি যাচ্ছিল। হঠাৎ করে বৃষ্টি নামল। বৃষ্টির ফোঁটা $10\ ms^{-1}$ বেগে তার গায়ে পড়া শুরু হলো। বায়ুর প্রবাহ খুব বেশি ছিলনা। তবুও বৃষ্টির ফোটা তার গায়ে 45° কোণে পড়ছে। সাইকেলের বেগ কত? [JU-H, Set-A. 20-21]

A. $6\ ms^{-1}$ B. $8\ ms^{-1}$
C. $10\ ms^{-1}$ D. $12\ ms^{-1}$

SCWhy আমরা জানি, $\tan\theta = \frac{\text{মানুষের বা সাইকেলের বেগ}}{\text{বৃষ্টির বেগ}}$
$\Rightarrow$ সাইকেলের বেগ $= \tan 45° \times 10 = 10\ ms^{-1}$

15. ভেক্টর $\vec{A} = 2\hat{i} + 4\hat{j} - 5\hat{k}$ এবং $\vec{B} = \hat{i} + 2\hat{j} + 3\hat{k}$ দেওয়া আছে। তাহলে $|\vec{A} \cdot \vec{B}|$ এর মান কোনটি? [JU-A, Set-C. 20-21]

A. 5 B. 9
C. 7 D. 4

SAWhy $|\vec{A} \cdot \vec{B}| = |2\times1 + 4\times2 - 5\times3| = |-5| = 5$

16. নিচের কোনটি ভেক্টর রাশি? [JU-A, Set-A. 19-20]

A. আয়তন B. চাপ
C. ক্ষেত্রফল D. কাজ

SCWhy ক্ষেত্রফল একটি ভেক্টর রাশি এবং চাপ, আয়তন, কাজ স্কেলার রাশি।

17. $(\hat{i} - \hat{j})$ এবং $(\hat{i} + \hat{j})$ এর মধ্যবর্তী কোণ কত? [JU-A,
A. 60° B. 30°
C. 90° D. 180°

SCWhy $\theta = \cos^{-1}\frac{(\hat{i} - \hat{j})(\hat{i} + \hat{j})}{\sqrt{1^2 + (-1)^2}\sqrt{1^2 + (-1)^2}}$
$= \cos^{-1}\frac{0}{\sqrt{2} \times \sqrt{2}} = \cos^{-1}0 = 90°$

Aspect Special: কোনো অক্ষ বরাবর উপাংশ শূন্য হলে, বুঝতে বা ভেক্টর নির্দেশক তলটি ঐ অক্ষের সাথে সমকোণে অবস্থিত।

18. $3\hat{i} - 4\hat{j} + 12\hat{k}$ ভেক্টরটির মান কত?
A. 8 B. 11
C. 13 D. 18

SCWhy ভেক্টরটির মান $= \sqrt{9 + 16 + 144} = \sqrt{169} = 13$

19. একটি বস্তুকে 50N বল দ্বারা পশ্চিম দিকে এবং 20N বল দ্বারা উত্তর হচ্ছে। লব্ধি বলের মান কত হবে?
A. 53.85N B. 63.85N
C. 43.85N D. 50.85N

SAWhy $F = \sqrt{50^2 + 20^2} = 53.85N$

20. $\vec{A} = 2\hat{i} + \hat{j} - \hat{k}$ ও $\vec{B} = 4\hat{j} + \hat{k}$ ভেক্টরদ্বয়ের স্কেলার গুণফল কত?
A. 3 B. 7
C. 9 D. 11

SAWhy $(2\hat{i} + \hat{j} - \hat{k}).(4\hat{j} + \hat{k}) = 4 \times 1 + (-1) = 3$

21. 20 N এবং 60 N মানের দুটি ভেক্টর রাশির মধ্যকার কোণ 30° হলে লব্ধির মান কত হবে? [JU. 2015-16;
A. 67.96 N B. 77.96 N
C. 87.96 N D. 57.96 N

SBWhy $R = \sqrt{20^2 + 60^2 + 2 \times 20 \times 60 \times \cos 30°} = 7$

22. একটি লনরোলার টানা ও ঠেলার জন্য আনুভূমিকভাবে 30° কোণে 20N করা হলো। টানার সময় ওজন ঠেলা অপেক্ষা কম হবে-
A. 20N B. 10N
C. 15 N D. কোনটিই নয়

SAWhy লন রোলার ঠেলার ক্ষেত্রে মোট ওজন $= W + F\sin\theta$
লন রোলার টানার ক্ষেত্রে মোট ওজন $= W - F\sin\theta$
∴ টানার সময় ওজন ঠেলা অপেক্ষা কম হবে $= W + F\sin\theta - (W - F\sin\theta)$
$= 2F\sin\theta = 2\times20\times\sin30° = 20N$

23. দুই বা ততোধিক ভেক্টর একই তলে কাজ করলে তাকে ——— বলে।
A. একক ভেক্টর B. সমরেখ ভেক্টর
C. সমতলীয় ভেক্টর D. স্থানীয় ভেক্টর

24. $|\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}|$ হলে ভেক্টর $\vec{A}$ ও $\vec{B}$ এর ক্ষেত্র। [JU. 15-16,DU. 20
A. $\vec{A} + \vec{B} = 0$ B. $\vec{A} \cdot \vec{B} = 0$ C. $\vec{A} = \vec{B}$ D. কোনটি

SBWhy $|\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}| \Rightarrow |\vec{A}|^2 + |\vec{B}|^2 + 2AB\cos\alpha = |\vec{A}|^2 + |\vec{B}|^2$
$\Rightarrow 4AB\cos\alpha = 0 \Rightarrow \cos\alpha = 0 = \cos90° \therefore \alpha = 90° \therefore \vec{A} \perp \vec{B}$

25. কোনটি ভেক্টর রাশি?
A. দূরত্ব B. আয়তন
C. শক্তি D. সরন

26. দুটি ভেক্টরের ডট গুণফল শূন্য হলে, ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ-
A. 0° B. 30°
C. 90° D. 60°

ভেক্টর বিভাজনের দৃষ্টান্ত কোনটি? [JU. 13-14]
A. ওপটানা নৌকার গতি B. পাখির উড্ডয়ন
C. ঢালু পাড়িতে পড়ন্ত বৃষ্টি D. গাড়ির গতি **Ans A**

দুটি লিক রাশির প্রত্যেকটির মান 10 একক। এদের লব্ধির মান $10\sqrt{2}$ একক হলে তাদের মধ্যবর্তী কোণ কত? [JU. 13-14]
A. 0° B. 60° C. 90° D. 120°

S **C** **Why** প্রত্যেকটি রাশির মান = P; মধ্যবর্তী কোণ $\alpha = 90°$
তাহলে লব্ধি $R = P\sqrt{2}$

একটি খরস্রোতা নদী সবচেয়ে কম সময়ে পার হতে একটি নৌকার কোন দিকে যাওয়া উচিত? [JU. 12-13]
A. opposite shore B. somewhat upstream
C. somewhat downstream D. None **Ans A**

ভেক্টর $\vec{A} = 6\hat{i} - 4\hat{k}$ হলে ভেক্টর $\vec{A}$ এবং Y অক্ষের মধ্যবর্তী কোণ হবে- [JU. 12-13]
A. 30° B. 90° C. 60° D. 0°

S **C** **Why** $\cos\theta_y = \frac{0}{\sqrt{6^2 + (-4)^2}} \Rightarrow \theta_y = 90°$

দুটি ভেক্টর বিপরীত দিকে ক্রিয়ারত থাকলে লব্ধির মান হবে- [JU. 11-12]
A. সর্বাধিক B. শূন্য
C. সর্বনিম্ন D. কোনটিই নয় **Ans C**

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

কোন সময় একই বিন্দুতে ক্রিয়ারত তিনটি সমতলীয় ভেক্টর রাশিকে কোন ত্রিভুজের তিনটি বাহু দ্বারা একই ক্রমে নির্দেশ করলে এদের লব্ধি-
Ⓐ কম হবে Ⓑ বেশী হবে
Ⓒ শূন্য হবে Ⓓ কোন পরিবর্তন হবে না

স্কেলার রাশি কোনগুলি?
Ⓐ ক্ষমতা, কাজ, বেগ Ⓑ শক্তি, ত্বরণ, ক্ষমতা
Ⓒ কাজ, বেগ, শক্তি Ⓓ কাজ, শক্তি, ক্ষমতা

অবস্থান ভেক্টর $\vec{r} = 3x\hat{i} - 2y\hat{j} + 2z\hat{k}$ হলে $\vec{\nabla}.\vec{r} = ?$
Ⓐ 9 Ⓑ 5
Ⓒ 10 Ⓓ 12

কোন ভেক্টরটি x-অক্ষের সাথে সমান্তরাল?
Ⓐ $(\hat{i} \times \hat{j}) \times \hat{i}$ Ⓑ $(\hat{i} \times \hat{j}) \times \hat{k}$
Ⓒ $(\hat{i} \times \hat{j}) \times \hat{j}$ Ⓓ $(\hat{k} \times \hat{j}) \times \hat{k}$

দুটি ভেক্টর রাশির লব্ধির সর্বোচ্চ ও সর্বনিম্ন মান সমান হইলে, ভেক্টর দ্বয়ের মধ্যবর্তী কোন কত হবে?
Ⓐ 0 Ⓑ 90°
Ⓒ 80° Ⓓ 60°

$|\vec{A} \times \vec{B}|^2$ = নিচের কোনটি?
Ⓐ $A^2B^2 - (A.B)^2$ Ⓑ $A^2B^2 - 2\vec{A}.\vec{B}$
Ⓒ $A^2B^2 - 2AB\sin\theta$ Ⓓ $A^2B^2 - 2AB\cos\theta$

বল $\vec{F}$ ও সরণ $\vec{r}$ উভয়ই ভেক্টর রাশি হলে এদের স্কেলার গুণফলে কী রাশি উৎপন্ন হবে?
Ⓐ ক্ষমতা Ⓑ শক্তি
Ⓒ কাজ Ⓓ টর্ক

কোনো একটি কণা A(3,5,7) বিন্দু থেকে B(5,6,7) স্থানান্তরিত হলে কণাটির সরণ ভেক্টর কত?
Ⓐ $\hat{i} + \hat{j} + 7\hat{k}$ Ⓑ $2\hat{i} + 2\hat{j} + \hat{k}$
Ⓒ $2\hat{i} + \hat{j}$ Ⓓ $8\hat{i} + 11\hat{j} + 14\hat{k}$

09. $\vec{R} = 4\hat{i} - 6\hat{j} + 12\hat{k}$ হলে এর সমান্তরাল একক ভেক্টর কোনটি?
Ⓐ $\frac{2}{7}\hat{i} - \frac{3}{7}\hat{j} + \frac{6}{7}\hat{k}$ Ⓑ $2\hat{i} - 3\hat{j} + 6\hat{k}$
Ⓒ $\hat{i} - \hat{j} + 2\hat{k}$ Ⓓ $8\hat{i} - 12\hat{j} + 24\hat{k}$

10. দুইটি বলের লব্ধি 40 N. বল দুটির মধ্যে ছোট বলটির মান 30 N এবং এটির লব্ধি ছোট বলের লম্ব বরাবর ক্রিয়া করে। বড় বলটির মান কত?
Ⓐ 40N Ⓑ 45N
Ⓒ 50N Ⓓ 60N

11. $\vec{F} = 5\hat{i} + 2\hat{j} - 3\hat{k}$ এই বল ভেক্টরটির XZ তলে মান কত একক?
Ⓐ $\sqrt{13}$ Ⓑ $\sqrt{29}$
Ⓒ $\sqrt{34}$ Ⓓ $\sqrt{38}$

12. একটি নদীতে স্রোতের বেগ $5Kmh^{-1}$ একটি নৌকার বেগ $10Kmh^{-1}$ স্রোতের সাথে কত ডিগ্রী কোন করে নৌকা চালালে নৌকাটি অপর পারে ঠিক সোজাসোজি পৌছাবে?
Ⓐ 120° Ⓑ 150°
Ⓒ 130° Ⓓ 100°

13. কোন স্থানে বাতাস ঘন্টায় $35\sqrt{2}$km বেগে দক্ষিণ পূর্ব দিকে 45° কোণ করে প্রবাহিত হয়। বাতাসের বেগের পূর্বমূখী অংশ নির্ণয় কর।
Ⓐ 35km/h Ⓑ 30km/h
Ⓒ 25km/h Ⓓ 20km/h

14. Y-অক্ষের সাথে $4\hat{i} - 4\hat{k}$ ভেক্টরের উৎপন্ন কোণ হবে–
Ⓐ 0° Ⓑ 45°
Ⓒ 90° Ⓓ 180°

15. ভেক্টর $\vec{A} = \hat{i} - 3\hat{j} + 5\hat{k}$ এবং $\vec{B} = a\hat{i} + 6\hat{j} - 10\hat{k}$। a-এর মান কত হলে ভেক্টর দুটি সমান্তরাল হবে?
Ⓐ 0 Ⓑ –2
Ⓒ –1 Ⓓ 1


16. দেওয়া আছে $\underline{A} = 2\hat{i} + 2\hat{j} + \hat{k}$ এবং $\underline{B} = i + 2j + m\hat{k}$ । m এর মান কত হলে ভেক্টরদ্বয় পরস্পরের উপর লম্ব হবে
Ⓐ 5 Ⓑ – 6
Ⓒ 4 Ⓓ 1

17. একটি কণার উপর $\vec{F} = (2\hat{i} + 2\hat{j} + \hat{k})$ N বল প্রয়োগে কণাটির সরণ $\vec{r} = (6\hat{i} - 3\hat{j} - 2\hat{k})$m হয়। প্রয়োগকৃত বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ হবে-
Ⓐ 20 জুল Ⓑ 4 জুল
Ⓒ $(8\hat{i} - \hat{j} - \hat{k})$ জুল Ⓓ $(-4\hat{i} + 5\hat{j} + 3\hat{k})$ জুল

18. দুইটি ভেক্টর পরস্পর কত ডিগ্রী কোণে ক্রিয়া করলে এদের স্কেলার গুণফল ও ভেক্টর গুণফলের মান সমান হবে?
Ⓐ 0° Ⓑ 45°
Ⓒ 90° Ⓓ 180°


19. $\vec{A} = 2\hat{i} + 2\hat{j} + \hat{k}$ এবং $\vec{B} = 6\hat{i} - 3\hat{j} + 2\hat{k}$ হলে $\vec{B}$ বরাবর $\vec{A}$ এর অভিক্ষেপ হবে?
Ⓐ $\frac{8}{7}$ Ⓑ $\frac{8}{3}$
Ⓒ $\frac{3}{8}$ Ⓓ $\frac{7}{8}$

20. 10N এর একটি বলকে লম্ব উপাংশে বিভাজিত করলে OY এর মান কত?



Ⓐ 4N Ⓑ 9N
Ⓒ 12N Ⓓ 14N

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	C	
02	D	এখানে বেগ ও ত্বরণ ভেক্টর রাশি, অন্যগুলো স্কেলার।
03	B	$\left(\frac{\partial}{\partial x}\hat{i}+\frac{\partial}{\partial y}\hat{j}+\frac{\partial}{\partial z}\hat{k}\right)(3x\hat{i}-2y\hat{j}+4z\hat{k})=3-2+4=5$
04	C	$(\hat{i}\times\hat{j})\times\hat{j}=\hat{k}\times\hat{j}=-\hat{i}$ যা x অক্ষের উপর অবস্থিত একটি একক ভেক্টর যা ঐ অক্ষেরই সমান্তরাল।
05	B	$\lvert A+B\rvert=\lvert A-B\rvert$ হলে $\alpha=90°$
06	A	$\lvert\vec{A}.\vec{B}\rvert^2=\lvert AB\cos\theta\rvert^2=A^2B^2\cos^2\theta$ $\lvert\vec{A}\times\vec{B}\rvert^2=\lvert AB\sin\theta\rvert^2=A^2B^2\sin^2\theta=A^2B^2(1-\cos^2\theta)$ $=A^2B^2-A^2B^2\cos^2\theta=A^2B^2-(A.B)^2$
07	C	$w=\vec{F}.\vec{r}=Fr\cos\theta$
08	C	$\vec{S}=\overrightarrow{OB}-\overrightarrow{OA}=(5-3)\hat{i}+(6-5)\hat{j}+(7-7)\hat{k}=2\hat{i}+\hat{j}$
09	A	$\lvert R\rvert=\sqrt{(4)^2+(-6)^2+(12)^2}=\sqrt{196}=14$ $\therefore$ সমান্তরাল দিকে একক ভেক্টর $=\frac{4}{14}\hat{i}-\frac{6}{14}\hat{j}+\frac{12}{14}\hat{k}=\frac{2}{7}\hat{i}-\frac{3}{7}\hat{j}+\frac{6}{7}\hat{k}$
10	C	১ম বল P= ?; ২য় বল Q=30N; ২য় বল লব্ধির সাথে সমকোণে আনত। $\therefore$ বৃহত্তম বল, $P=\sqrt{(40)^2+(30)^2}$ =50N 
11	C	XZ তলে মান $=\sqrt{5^2+(-3)^2}=\sqrt{34}$
12	A	স্রোতের বেগ = $5Kmh^{-1}$ এবং নৌকার বেগ = $10Kmh^{-1}$ যাহারা পরস্পর দ্বিগুন। $\therefore$ কোণ $\alpha=120°$
13	A	পূর্বমুখী উপাংশ $=35\sqrt{2}\cos45°=35km/h$
14	C	
15	B	$\vec{A}=\hat{i}-3\hat{j}+5\hat{k}$ এবং $\vec{B}=a\hat{i}+6\hat{j}-10\hat{k}$ ভেক্টর দুইটি সমান্তরাল $\therefore\frac{1}{a}=\frac{-3}{6}$ বা, $a=-2$
16	B	ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে, $\therefore\underline{A}.\underline{B}=0$ বা, $2\times1+2\times2+1\times m=0$ বা, $6+m=0$ বা, $m=-6$
17	B	$W=\vec{F}.\vec{r}=(2\hat{i}+2\hat{j}+\hat{k}).(6\hat{i}-3\hat{j}-2\hat{k})$ $\Rightarrow W=(12-6-2)\,J=4\,J$
18	B	$AB\sin\theta=AB\cos\theta$ $\Rightarrow\tan\theta=1$ $\therefore\theta=45°$
19	A	$\vec{B}=6i-3j+2k$ $\vec{B}$ বরাবর $\vec{A}$ ভেক্টরের অভিক্ষেপ $=\frac{\vec{A}.\vec{B}}{\lvert B\rvert}=\frac{12-6+2}{\sqrt{(6)^2+(-3)^2+(2)^2}}=\frac{8}{7}$
20	B	$(OX)^2+(OY)^2=R^2$ [$\theta=90°$] $\Rightarrow(OY)=R^2-(OX)^2=10^2-4^2=100-16$ $\therefore OY=9.16\approx9N$

প্রথম পত্র
অধ্যায়: ০৪

নিউটনিয়ান বলবিদ্যা

কি পড়বে ? কেন পড়বে ? কতটুকু পড়বে ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V RA
TOPIC-01	বল সংক্রান্ত	★★
TOPIC-02	লিফট এ ত্বরণের তারতম্য সংক্রান্ত	★
TOPIC-03	ঘাত বল ও বলের ঘাত সংক্রান্ত	★★
TOPIC-04	ভরবেগের সংরক্ষণ সূত্র সংক্রান্ত	★
TOPIC-05	ঘর্ষণ সংক্রান্ত	★
TOPIC-06	রকেট সংক্রান্ত	★
TOPIC-07	রাস্তার ব্যাংকিং সংক্রান্ত	★
TOPIC-08	কেন্দ্রমুখী বল ও কেন্দ্রমুখী ত্বরণ সংক্রান্ত	★★
TOPIC-09	জড়তার ভ্রামক সংক্রান্ত	★
TOPIC-10	কৌণিক, রৈখিক এর সম্পর্ক ও কৌণিক গতিশক্তি সংক্রান্ত	★

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- নির্দিষ্ট অক্ষের চারদিকে ঘূর্ণায়মান বস্তুতে ত্বরণ সৃষ্টিতে প্রযুক্ত দ্বন্দের ভ্রামক বলে → টর্ক
- ঘূর্ণায়মান কনার ব্যাসার্ধ ভেক্টর এবং কনার উপর প্রযুক্ত বলের ভেক্টর গুনফল বলে → কৌনিক টর্ক
- লব্ধি বল = প্রযুক্ত বল – বাধা বল (লব্ধি বল → ত্বরণ সৃষ্টিকারী বল, প্রযুক্ত → গতির দিকে বল, বাধা বল → গতির বিপরীত দিকে বল)
- মাত্রা সমীকরণ:

রাশি	একক	মাত্রা সমীকরণ	রাশি	একক	মাত্রা সমীকরণ
বল	N	$[MLT^{-2}]$	ঘাত বল	N	[MLT
ভরবেগ	$kgms^{-1}$	$[MLT^{-1}]$	বলের ঘাত	Ns	[MLT
দ্বন্দ্ব বা কাপল/টর্ক/ দ্বন্দ্বের ভ্রামক/ বলের ভ্রামক	N – m	$[ML^2T^{-2}]$	জড়তার ভ্রামক	kgm^2	[ML
			কৌণিক বেগ	$rad\ s^{-1}$	[T
কৌণিক ভরবেগ	kgm^2s^{-1}	$[ML^2T^{-1}]$	কৌণিক ত্বরণ	$rad\ s^{-2}$	[T

- জড়তা: একটি বস্তু যেমন আছে ঠিক তেমন থাকতে চাওয়ার যে ধর্ম তাকে জড়তা বলে। জড়তা ২ প্রকার- (i) গতি জড়তা (ii) স্থিতি জড়তা।
- নিউটনের গতিসূত্র : 1687 সালে নিউটন তার গ্রন্থ "ফিলোসোফিয়া ন্যাচারালিস প্রিন্সিপিয়া ম্যাথম্যাটিকা" তে বস্তুর ভর, গতি ও বলের মধ্যে সম্পর্ক স্থাপন করে তিনটি সূত্র প্রদান করেন। এই সূত্রগুলিই নিউটনের গতি সূত্র নামে পরিচিত।
  - ১ম সূত্র: বাহ্যিক বল প্রয়োগে বস্তুর অবস্থান পরিবর্তন না ঘটালে স্থির বস্তু চিরকাল স্থির থাকবে এবং গতিশীল বস্তু সমবেগে সরলপথে চলতে থাকে।
  - ২য় সূত্র: বস্তুর ভরবেগের পরিবর্তনের হার বস্তুর উপর প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যে দিকে ক্রিয়া করে বস্তুর ভরবেগের পরিবর্তনও সে দিকে ঘটে।
  - ৩য় সূত্র: প্রত্যেক ক্রিয়ারই সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে।

সূত্রের প্রয়োগ:

সূত্র	প্রয়োগ
ভরবেগের সংরক্ষণ সূত্র	• কামান থেকে গোলা ছোঁড়া • আরোহীর নৌকা থেকে লাফ দেওয়া • রকেটের গতি • অ্যাথলেটের লং জ্যাম্প দেওয়া
নিউটনের গতির দ্বিতীয় সূত্র	• নিউটনের গতির প্রথম সূত্র প্রতিপাদন করা যায় • F= ma প্রতিপাদন করা যায়
নিউটনের গতির তৃতীয় সূত্র	• রকেটের উড্ডয়ন • ঘোড়ার গাড়ি টানা • নৌকা চালানো • বন্দুকের গুলি • টেবিলের উপর বই • পায়ে হাঁটা • পাখির আকাশে উড়

চার প্রকার মৌলিক বলের তুলনা:

বিষয়	মহাকর্ষ বল	দূর্বল নিউক্লিয় বল	তড়িৎ চুম্বকীয় বল	সবল নিউক্লিয় বল
কণার বিনিময়	গ্রাভিটন	Intermediate vector bosons	ফোটন (n)	মেসন
ধর্ম	আকর্ষণ ধর্মী	বিকর্ষণ ধর্মী	আকর্ষণ ধর্মী ও বিকর্ষণ ধর্মী	আকর্ষণ ধর্মী
পাল্লা	অসীম এ বলের মান কখনও শুন্য হয় না	10^{-16}m এর কম । তবে 10^{-15} এর বেশী দূরত্বে এ বল অনুভূত হয় না	অসীম	10^{-15}m তবে 10^{-14}m দূরত্বে এ বল উপেক্ষনীয়
আপেক্ষিক সবলতা	1	10^{30}	10^{39}; 10^{40}	10^{41}; 10^{42}
উদাহরণ	ইলেকট্রন ও প্রোটনের মধ্যকার বল	নিউক্লিয় বিটা ভাঙ্গন ও তেজস্ক্রিয়তা ভাঙ্গার জন্য দায়ী	স্থিতিস্থাপক বল, ঘর্ষন বল, স্প্রিং এর মধ্যকার বল, রাসায়নিক বিক্রিয়া, আণবিক গঠন।	প্রোটন ও নিউট্রনকে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরী।

- প্রফেসর আব্দুস সালাম, ওয়াইন বার্গ ও গ্লাসো তিনজন গবেষণা করে দুর্বল নিউক্লিয় বল ও তড়িৎ চুম্বকীয় বলের মধ্যে সম্পর্ক স্থাপন করেছেন, **যা সালাম ও ওয়াইনবার্গ তত্ত্ব নামে পরিচিত।**

কেটের গতি:

- রকেটে জ্বালানী হিসেবে তরল হাইড্রোজেন থাকে
- রকেটে দহনের জন্য থাকে তরল অক্সিজেন
- রকেটের ত্বরণ: $a = \frac{F}{M} = \frac{1}{M}\left(\frac{\Delta m}{\Delta t}\right).V$
- ধাক্কা বল; $F_r = V_r \times \left(\frac{dm}{dt}\right)$

উটনের প্রথম সূত্র থেকে বস্তুর জড়তা সম্পর্কে জানা যায়।
কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ শূন্য।
হাকর্ষ বল সর্বাপেক্ষা দূর্বল বল। সবল নিউক্লিয় বল সর্বাপেক্ষা শক্তিশালী বল।
হাকর্ষ বল < দুর্বল নিউক্লিয় বল < তড়িৎ চুম্বকীয় বল < সবল নিউক্লিয় বল।
একটি ঘড়ির মিনিটের কম্পাঙ্ক (Hz) 2.78×10^{-4}Hz
কান অক্ষের চারদিকে একটি বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে → বস্তুর ভর বিন্যাসের উপর।
মির সঙ্গে θ কোণে আনত কোন তল হতে একটি বস্তু পড়তে থাকলে বস্তুর ত্বরণের মান কত? → $g \sin\theta$।
রক্ষনশীল বলের উদাহরণ: তড়িৎ বল, চৌম্বক বল, অভিকর্ষ বল, স্প্রিং বল।
সংরক্ষনশীল বলের উদাহরণ: সান্দ্র বল, ঘর্ষণ বল।

- **ঘাত বল:** খুব অল্প সময়ের জন্য খুব বেশী মানের বল ক্রিয়াশীল হলে তাকে ঘাত বল বলে। উদাহরণ: ব্যাট দিয়ে ক্রিকেট বলে আঘাত, ট্রেনে ট্রেনে সংঘর্ষ, কামান হতে গোলা ছোড়া, বোমা বিস্ফোরণ প্রভৃতি।
- **হাতঘড়ির কাঁটার কৌণিক বেগ:**
  - ঘন্টার কাটার জন্য $\frac{\pi}{720}$ rad min^{-1} বা $\frac{\pi}{21600}$ rad s^{-1}
  - মিনিটের কাটার জন্য $\frac{\pi}{180}$ rad s^{-1}
  - সেকেন্ডের কাটার জন্য $\frac{\pi}{30}$ rad s^{-1}।
  - কৌণিক বেগের ক্রম: সেকেন্ডের কাটার > মিনিটের কাটার > ঘন্টার কাটার।
- কেন্দ্রমুখি বল দ্বারা কৃত কাজ শূন্য হবে। ব্যাঙ্কিং কোণ নির্ভর করে বস্তুর বেগের ওপর এবং রাস্তার বাঁকের ব্যাসার্ধের উপর।
- 1 rps = 2π rad, $F_c = \frac{mv^2}{r}$ হলে কেন্দ্রমুখি বলের রাশিমালা।
- সরু ও সুষম দন্ডের মধ্যবিন্দু দিয়ে ও তার দৈর্ঘ্যের অভিলম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে ঘূর্ণায়মান ঐ দন্ডের জড়তার ভ্রামক, $I = \frac{m}{12}l^2$
- সরু ও সুষম দন্ডের এক প্রান্ত দিয়ে ও তার দৈর্ঘ্যের লম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে তার জড়তার ভ্রামক, $I = \frac{1}{3}ml^2$
- নিজ অক্ষের চতুর্দিকে ঘূর্ণায়মান একটি নিরেট চোঙের সিলিন্ডারের জড়তার ভ্রামক, $I = \frac{1}{2}mr^2$
- ভারকেন্দ্রগামী ও প্রস্থের সমান্তরাল অক্ষ সাপেক্ষে আয়তাকার পাতের জড়তার ভ্রামক, $I = \frac{ml^2}{12}$
- ভারকেন্দ্রগামী ও তলের লম্ব বরাবর অক্ষ সাপেক্ষে আয়তাকার পাতের জড়তার ভ্রামক, $I = \frac{m}{12}(l^2 + b^2)$
- নিরেট গোলক বা পৃথিবীর ক্ষেত্রে জড়তার ভ্রামক, $I = \frac{2}{5}mr^2$
- K চক্রগতির ব্যাসার্ধ হলে জড়তার ভ্রামক, $I = mK^2$
- একক ভরের বস্তুর উপর একক ত্বরণ সৃষ্টি করলে একক বলের সৃষ্টি হয়।
- ব্যাঙ্কিং হলো রাস্তার বাঁকে কেন্দ্রমুখি বল যোগানের জন্য ঢাল। ক্রিয়া ও প্রতিক্রিয়ার মধ্যবর্তী কোণ 180°।
- 'r' ব্যাসার্ধের বৃত্তাকার পথে একবার ঘুরে আসলে সরণ হবে $2\pi r$। কৌণিক ত্বরণের মাত্রা $[T^{-2}]$.
- বলের ঘাত ভরবেগের পরিবর্তনের সমান। আর ঘাতবল হলো খুব অল্প সময়ের জন্য খুব বড় মানের প্রযুক্ত বল।
- ক্রিয়া ও প্রতিক্রিয়া বল (i) দুটি ভিন্ন বস্তুর উপর ক্রিয়া করে (ii) এদের যোগফল শূন্য হয়।
- আবর্তন ঘূর্ণন গতির জন্য (i) কাজ = টর্ক × কৌণিক বেগ, (ii) ক্ষমতা = টর্ক × কৌণিক বেগ।
- দৃঢ় বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে (i) ঘূর্ণন অক্ষের অবস্থানের ওপর (ii) দৃঢ় বস্তুর আকৃতিই উপর (iii) ঘূর্ণন অক্ষের চারদিকে দৃঢ় বস্তুর ভরের উপর। বল × ক্রিয়াকাল = বলের ঘাত।
- ভরবেগ 100% বৃদ্ধি করলে গতিশক্তির পরিবর্তন হবে 300%।
- একক সমকৌণিক বেগে আবর্তনরত কোনো দৃঢ়বস্তুর জড়তার ভ্রামক সংখ্যাগতভাবে এর গতিশক্তির দ্বিগুণ।
- M ভরের এবং R ব্যাসার্ধের একটি চাকতি তার সাথে লম্ব বরাবর অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক $\frac{MR^2}{2}$।
- জড়তার ভ্রামক সম্পর্কিত উপপাদ্য ২টি।
  i. সমান্তরাল অক্ষ উপপাদ্য। ii. লম্ব অক্ষ উপপাদ্য।

◆ এক নজরে কিছু সূত্রাবলী:

- $F = ma = m\frac{u^2}{2s} = m\frac{v-u}{t} = m\frac{2s}{t^2}$
- $F = \frac{mv^2}{r} = m\omega^2 r = m\frac{4\pi^2 r}{T^2}$
- θ ঘর্ষণ কোণ হলে, $\mu = \tan\theta = \frac{v^2}{rg} = \frac{h}{x}$ [যখন θ খুবই ছোট]
- $J = F.t = mv \sim mu$
- $\mu = \frac{F_k}{R} = \frac{F_k}{mg} = \frac{a}{g}$; $a = \frac{F - \mu_k mg}{m}$
- $E_k = \frac{1}{2}I\omega^2 = \frac{L^2}{2I}$,
- $P = mv = m\omega r = \sqrt{2mE}$
- $\omega = \frac{2\pi N}{t} = \frac{2\pi}{T}$
- $L = I\omega = mvr^2 = mvr = rp = \sqrt{2IE}$
- প্রযুক্ত বল = ঘর্ষণ বল + লব্ধি / কার্যকর বল।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. একটি শাটল মহাকাশ যানের ভর 1000kg এবং জ্বালানির ভর 50kg। জ্বালানি 5kg/s হারে ব্যবহৃত হলে এবং 150 m/s সুষম দ্রুতিতে নির্গত হলে শাটলের ওপর ধাক্কা কত? [JU-A, Set-G: 2022-23]

A. 250N B. 500N C. 750N D. 1000N

SCWhy শাটলের উপর ধাক্কা বল,

$F_r = \frac{dP}{dt} = \frac{dm}{dt}v_r$
$= 5 \times 150 = 750N$

$M = 1000kg$, $m = 50\ kg$
$\frac{dm}{dt} = 5\ kgs^{-1}$, $v_r = 150ms^{-1}$; $F = ?$

02. স্থিতিঘর্ষণ বল স্পর্শতলের প্রকৃতির উপর নির্ভর- [JU-A, Set-G: 2022-23]

A. করেনা B. কখনও কখনও করে
C. করে D. কখনও কখনও করেনা

SCWhy স্থিতি ঘর্ষণ বল স্পর্শ তলের প্রকৃতির উপর নির্ভর করে। কিন্তু স্পর্শতলের ক্ষেত্রফলের উপর নির্ভর করে না।

03. একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের 1টি তক্তা ভেদ করতে পারে। ঐরকম 16টি তক্তা ভেদ করতে হলে এর বেগ কত হবে? [JU-A, Set-G: 2022-23]

A. 2 গুণ B. 4 গুণ C. 8 গুণ D. 16 গুণ

SBWhy ভেদকৃত তক্তার সংখ্যা n এবং বেগ v হলে, $n = v^2$
$\Rightarrow v = \sqrt{n} = \sqrt{16} = 4$ গুণ হতে হবে।

04. গাছ থেকে 2kg ভরের একটি নারকেল সোজা নিচের দিকে পড়ছে। বাতাসের বাধা যদি 8.6N, নারকেলের ত্বরণ কত? [JU-A, Set-H: 2022-23]

A. 6.5 m/s^2 B. 5.5 m/s^2 C. 7.5m/s^2 D. 4.3 m/s^2

SBWhy $mg - F_R = ma$ বা, $a = \frac{mg - F_R}{m} = \frac{2 \times 9.8 - 8.6}{2} = 5.5ms^{-2}$

05. বলের ঘাতের মাত্রা হলো- [JU-A, Set-H: 2022-23]

A. MLT^{-2} B. MLT^{-1} C. $ML^{-1}T^{-1}$ D. $ML^{-1}T^{-2}$

SBWhy বলের ঘাত, $J = F \times t$
$\therefore$ মাত্রা $[J] = [MLT^{-2}].[T] = [MLT^{-1}]$

06. পথের ঘর্ষণ বল 10N হলে, 2kg ভরের একটি বস্তুকে 10 m/s^2 ত্বরণে গতিশীল করতে কত বল দরকার? [JU-A, Set-N: 2022-23]

A. 30N B. 35N C. 40N D. 25N

SAWhy কার্যকরী বল = প্রযুক্ত বল − ঘর্ষণ বল
$\therefore ma = F - f \Rightarrow F = ma + f$
$= 2 \times 10 + 10 = 30\ N$

$f = 10N$
$m = 2kg$
$a = 10ms^{-2}$
$F = ?$

07. 50m ব্যাসার্ধের একটি বাঁকের মুখে 60km/hr দ্রুতি সম্পন্ন গাড়ি যেতে হলে রাস্তার ব্যাংকিং-এর কোণ কত? [JU-A, Set-R: 2022-23]

A. 9.76° B. 19.65°
C. 39.67° D. 29.56°

SDWhy $\tan\theta = \frac{v^2}{rg} = \frac{\left(\frac{60}{3.6}\right)^2}{50 \times 9.8} = 0.57$
$\therefore$ ব্যাংকিং কোণ, $\theta = \tan^{-1}(0.57) = 29.56°$

08. 10N এবং 10N মানের দুটি বল কোন বিন্দুতে একসাথে কত কোণে ক্রিয়া করলে লব্ধির মান 10N হবে? [JU-A, Set-R:

A. 50° B. 120°
C. 60° D. 90°

SBWhy $P = Q = R$ হলে, $\alpha = 120°$

09. ভর হচ্ছে পদার্থের- [JU-A, Set-R:

A. জড়তার পরিমাপ B. বেগের পরিবর্তনে বাধার
C. A ও B দুটিই D. কোনোটিই সঠিক নয়

SCWhy ভর হচ্ছে পদার্থের জড়তার পরিমাণ। যে বস্তুর ভর যত বস্তুর জড়তা তত বেশি এবং কোনো বস্তুর বেগের পরিবর্তনকে বাধা পরিমাপই হচ্ছে ভর। তাই A ও B সঠিক।

10. কোন বস্তুর ভরবেগ ও গতিশক্তির মান সমান হলে, বস্তুর বেগ- [JU-A, Set-R:

A. 1 m/s B. 2 m/s
C. 4 m/s D. 8m/s

SBWhy ভরবেগ ও গতিশক্তি সমান। অর্থাৎ $P = E_k$
$\Rightarrow mv = \frac{1}{2}mv^2 \Rightarrow v^2 = 2v \Rightarrow v.v = 2v \therefore v = 2ms^{-1}$

11. m ও 4m ভরের দুটি বস্তু সমান গতিশক্তি নিয়ে গতিশীল। তাদের অনুপাত- [JU-A, Set-S:

A. 4:1 B. $\sqrt{2}$:1
C. 1:2 D. 1:6

SCWhy $E_{k_1} = E_{k_2} \Rightarrow \frac{P_1^2}{2m} = \frac{P_2^2}{2(4m)} \Rightarrow \left(\frac{P_1}{P_2}\right)^2 = \frac{1}{4}$
$\Rightarrow \frac{P_1}{P_2} = \frac{1}{2} \Rightarrow P_1 : P_2 = 1 : 2$

12. মহাকর্ষীয় ধ্রুবক, G এর মাত্রা হল– [JU-A, Set-S:

A. $M^{-1}L^3T^{-2}$ B. $M^{-1}LT^{-2}$
C. ML^3T^{-2} D. $M^{-1}L^3T^{-1}$

SAWhy $F = \frac{GMm}{r^2} = G = \frac{F\pi^2}{Mm}$
G এর একক হলো $Nm^2kg^{-2} \Rightarrow kgms^{-2}m^2kg^{-2} = m^3s^{-2}kg^{-1}$
$\therefore$ মাত্রা $[M^{-1}L^3T^{-2}]$

13. সুষম চাকতির অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক I হলে এর ব্যাসের জড়তার ভ্রামক হবে– [JU-A, Set-S:

A. 2I B. I
C. $\frac{I}{2}$ D. $\frac{1}{4}$

SCWhy আমরা জানি, সুষম চাকতির ভরকেন্দ্রগামী অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক, $I = \frac{1}{2}Mr^2$ ..... (i)
আবার, সুষম চাকতির ভরকেন্দ্রগামী ব্যাস সাপেক্ষে জড়তার ভ্রামক, $I' = \frac{1}{4}Mr^2 = \frac{1}{2} \times \frac{1}{2} \times Mr^2 = \frac{1}{2}I$

14. কৌণিক দ্রুতি 10% বৃদ্ধি করলে গতি শক্তির বৃদ্ধি হবে– [JU-A, Set-S:

A. 40% B. 21%
C. 20% D. 31%

SBWhy $\omega_2 = \omega_1 + 0.1\omega_1 = 1.1\ \omega_1$
কৌণিক গতিশক্তি, $E_k = \frac{1}{2}I\omega^2 \Rightarrow \frac{E_{k_2}}{E_{k_1}} = \frac{(1.1\omega_1)^2}{\omega_1^2} = 1.21$
$\therefore \Delta E_k = 21\%$

৬. তড়িৎ চুম্বকীয় বল কোন কণার পারস্পরিক বিনিময়ের ফলে কার্যকর হয়? [JU.A. Set-Q. 2021-22]

A. ফোটন B. মেসন
C. গ্রাভিটন D. নিউট্রন

S Q Why

মৌলিক বলসমূহ	কণা বিনিময়
(i) মহাকর্ষ বল	গ্রাভিটন কণা
(ii) তড়িৎ চুম্বকীয় বল	ফোটন
(iii) দূর্বল নিউক্লিয়ার বল	Intermediate Vector Bosan
(iv) সবল নিউক্লিয়ার বল	মেসন/গ্লুঅন

৭. কোনো একটি ঘূর্ণনশীল বস্তু সমবেগে চললে তার ত্বরণ কত? [JU.A. Set-M. 2021-22]

A. 0 B. অসীম
C. শূন্য নয় D. কোনোটিই নয়

S C Why সমবেগে ঘূর্ণনশীল বস্তুর বেগ অপরিবর্তীত থাকলেও দিক পরিবর্তিত হয়। যেহেতু ত্বরণ ভেক্টর রাশি তাই দিক পরিবর্তনে ত্বরণের পরিবর্তন হবে। সুতরাং ত্বরণের একটি মান থাকবে।

৮. দুটি বিলিয়ার্ড বল যার প্রতিটির ভর 6×10^{-3}kg একই সরলরেখার বিপরীত দিক থেকে $10ms^{-1}$ বেগে এসে সংঘর্ষে লিপ্ত হলো এবং একই বেগে বিপরীত দিকে চলতে শুরু করল। একটি বল কর্তৃক অন্যটির উপর বলের ঘাত কত? [JU.A. Set-O. 2021-22]

A. 1.2×10^{-1}kgms^{-1} B. 0.6kgms^{-1}
C. 12×10^{-3}kgms^{-1} D. 0.6×10^{-2}kgms^{-1}

S A Why বলের ঘাত, $J = Ft = m(v - u)$
$\therefore J = m(v + u)$ [বিপরীত দিক]
$= 6 \times 10^{-3} (10 + 10) = 1.2 \times 10^{-1}$ kgms^{-1}

৯. একটি ঘূর্ণায়মান বস্তুর ভর 2 kg। ঘূর্ণন অক্ষ হতে এর দূরত্ব 1 m। বস্তুটি 5 rads^{-1} কৌণিক বেগে ঘুরলে গতিশক্তি কত হবে? [JU.A. Set-F. 2021-22]

A. 25 J B. 12.5 J C. 50 J D. 100 J

S A Why $E_k = \frac{1}{2} I\omega^2 = \frac{1}{2} mr^2\omega^2 = \frac{1}{2} \times 2 \times 1^2 \times 5^2 = 25$ J

১০. একটি ধাতব গোলকের ভর 6g। এটিকে 3m লম্বা একটি সুতার এক প্রান্তে বেঁধে প্রতি সেকেন্ডে 4 বার ঘুরানো হচ্ছে। এর কৌণিক ভরবেগ কত? [JU.A. Set-Q. 2021-22]

A. 1.356kgm^{-2}s^{-1} B. 1.4×10^4 kgm^{-2}s^{-1}
C. 0.6 kgm^{-2}s^{-1} D. 4 kgm^{-2}s^{-1}

S A Why কৌণিক ভরবেগ, $L = m\omega r^2 = 6 \times 10^{-3} \times \frac{2\pi \times 4}{1} \times 3^2$
$\therefore L = 1.356$ kgm^{-2}s^{-1}

১১. বিটা ক্ষয় হয় কোন বলের কারণে? [JU.A. Set-F. 2021-22; JU. 18-19]

A. সবল নিউক্লিয় B. দুর্বল নিউক্লিয়
C. তড়িৎ চুম্বকীয় D. মহাকর্ষ

S B Why বিটা ক্ষয় হয় দুর্বল নিউক্লীয় বলের জন্য।

১২. বলের ভ্রামকের মাত্রা কোনটি? [JU-A, Set-B. 2020-21; 10-11; 09-10]

A. $[ML^2T^{-2}]$ B. $[MLT^{-1}]$
C. $[M^{-1}T^{-2}]$ D. $[ML^2T^{-1}]$

S A Why বলের ভ্রামক, $\tau = rF$
$\therefore$ বলের ভ্রামকের বা বলের মোমেন্টের মাত্রা $[\tau] = [L] \times [MLT^{-2}] = [ML^2T^{-2}]$

১৩. কৌণিক ভরবেগের মাত্রা কোনটি? [JU-A, Set-G. 2020-21; 18-19, IU. 2006-07]

A. $[ML^2T^{-2}]$ B. $[MLT^{-2}]$
C. $[MLT^{-1}]$ D. $[ML^2T^{-1}]$

S D Why আমরা জানি, $L = rp = mvr$ $\therefore [L] = [ML^2T^{-1}]$
এবং একক : kgm^{2}s^{-1}

১৪. একটি গাড়ির চাকা 30 min এ 2000 বার ঘুরে 10km পথ অতিক্রম করে। চাকার পরিধি নির্ণয় কর? [JU-A, Set-C. 20-21]

A. 20 m B. 15 m
C. 10m D. 5 m

S D Why $\omega = \frac{N}{t} = \frac{2000}{30 \times 60} = 1.11$ rad/s^{-1}

$v = \omega r = \frac{s}{t} \Rightarrow r = \frac{s}{t\omega} = \frac{10000}{1800 \times 1.11} = 5.05 \approx 5$ [সমবেগের ক্ষেত্রে $d = vt$]

১৫. 60 Kg ভরের একটি বস্তু $0.2ms^{-1}$ অনুভূমিক বেগে একটি খাড়া দেয়ালে ধাক্কা দিয়ে $0.1ms^{-1}$ বেগে বিপরীত দিকে ফিরে গেল। বলের ঘাত- kgms^{-1}? [JU-A, Set-A. 19-20]

A. 0.010 B. –0.015 C. 0.2015 D. –0.115

S X Why বলের ঘাত, $J = m(v - u) = 60 \times (0.2 + 0.1) = 18$ kgms^{-1}

১৬. 0.5 kg ভরের একটি ক্রিকেট বল $30ms^{-1}$ বেগে গিয়ে লম্বভাবে একটি ব্যাটকে আঘাত করল এবং বিপরীত দিকে 20 ms^{-1} বেগে প্রতিক্ষিপ্ত হলো। বলের দ্বারা ব্যাটের উপর প্রযুক্ত বলের ঘাত- [JU-A, Set-D. 19-20]

A. 0.5 Ks B. 1.0 Ns
C. 25 Ns D. 50 Ns

S C Why $J = m(v - u) = 0.5 \times (30 + 20) = 25$ Ns

১৭. একটি ঘড়ির সেকেন্ডের কাঁটার কৌণিক বেগ কত? [JU-H, Set-1. 19-20]

A. π rad s^{-1} B. $\pi/2$ rad s^{-1}
C. $\pi/3$ rad s^{-1} D. $\pi/30$ rad s^{-1}

S D Why $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{60} = \frac{\pi}{30}$ rads^{-1}

১৮. 50 Kg ওজনের একজন প্যারাসুট ব্যবহারকারী সমবেগে নিচের দিকে নামছেন। তাঁর উপরে বায়ুর বাধা- [JU-A, Set-D. 19-20]

A. 610 N B. 490 N
C. 520 N D. 590 N

S B Why বায়ুর বাধা, $W = mg = 50 \times 9.8 = 490$ N

১৯. স্থির পানিতে 500 kg ভরের একটি স্থির নৌকাকে নদীর দুই তীরে থেকে দড়ি দিয়ে 60° কোণে টানা হচ্ছে। নৌকাটি কত সময়ে তীরের সমান্তরালে 240 m অতিক্রম করবে? গন্তব্যস্থলে পৌছানোর জন্য দুই দিক হতে সমান টানে নৌকাটি টানা হয়। (দড়ির টানের মান 12N) [JU-H, Set-1. 19-20]

A. 500 s B. $100\sqrt{2}$ s
C. 5s D. $10\sqrt{2}$ m

S B Why $a = \frac{F}{m} = \frac{2T\cos\theta}{m} = \frac{2 \times 12 \times \cos 60°}{500}$ ms^{-2} $= \frac{12}{500}$ ms^{-2}

$\therefore s = \frac{1}{2}at^2 \Rightarrow t = \sqrt{\frac{2s}{a}} = \sqrt{\frac{2 \times 240}{\frac{12}{500}}} = \sqrt{20000}$

$= \sqrt{2 \times 10000} = 100\sqrt{2}$s

২০. 60 Kg ভরের একটি বস্তুর উপর কত বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ $10ms^{-1}$ বৃদ্ধি পাবে? [JU-A, Set-A. 19-20]

A. 20 N B. 15 N
C. 5 N D. 10 N

S D Why আমরা জানি বল, $F = ma = m\frac{\Delta v}{t} = 60 \times \frac{10}{60} = 10$ N

২১. একটি চাকার ভর 5kg এবং চক্রগতির ব্যাসার্ধ 25cm। এর জড়তার ভ্রামক কত? [JU. 18-19]

A. 0.4125 kg m^2 B. 0.7125 kg m^2
C.0.3125 kg m^2 D. 0.9125 kg m^2

S C Why $I = MK^2 = 5 \times (0.25)^2 = 0.3125$ kg m^2

২২. কোন সম্পর্কটি সঠিক? [JU. 18-19; RU. 14-15]

A. $\tau = I^2\alpha$ B. $\tau = \sqrt{I\alpha}$
C. $\tau = \frac{1}{\alpha}$ D. $\tau = I\alpha$ **Ans D**

32. ক্রিয়া ও প্রতিক্রিয়ার মধ্যবর্তী কোণের মান কত? [JU. 18-19, KU. 19-20; সমান বো. ২০১৯]
A. 0° B. 60°
C. 90° D. 180° Ans D

33. 30N বল 5kg ভরের একটি বস্তুর উপর 10sec ক্রিয়া করে। বস্তুটির ভরবেগের পরিবর্তন কত হবে? [JU. 17-18]
A. 400 kg ms^{-1} B. 300 kg ms^{-1}
C. 500 kg ms^{-1} D. 100 kg ms^{-1}
SCWhy বলের ঘাত = ভরবেগের পরিবর্তন = Ft = 30×10 = 300 kg ms^{-1}

34. একটি কঠিন সিলিন্ডারের ভর M ও ব্যাসার্ধ R। জাড্যিক অক্ষ সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? [JU. 17-18]
A. $\frac{1}{2}MR^2$ B. MR^2 C. $\frac{3}{2}MR^2$ D. $\sqrt{MR^2}$
SCWhy কঠিন সিলিন্ডারের জাড্যিক অক্ষ সাপেক্ষ এর জড়তার ভ্রামক = MR^2
নিরেট সিলিন্ডারের এক প্রান্ত দিয়ে ও তার দৈর্ঘ্যের লম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক = $\frac{1}{3}MR^2$
নিরেট সিলিন্ডারের মধ্যবিন্দু দিয়ে ও তার দৈর্ঘ্যের অভিলম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক = $\frac{1}{2}MR^2$

35. 100 gm ভরের একটি বস্তুকে 40 cm দীর্ঘ একটি সুতার একপ্রান্তে বেঁধে বৃত্তপথে 20 m/s সমদ্রুতিতে ঘুরানো হচ্ছে। কেন্দ্রমুখী ত্বরণ কত? [JU. 17-18]
A. 1200 m/s^2 B. 1000 m/s^2
C. 1800 m/s^2 D. 800 m/s^2
SBWhy কেন্দ্রমুখী ত্বরণ, $a = \frac{v^2}{r} = \frac{20^2}{0.4} = 1000 \text{ m s}^{-2}$

36. একটি কাঠের তক্তার উপর অবস্থিত একটি ইটের নিম্নল কোণ 40°। ইট ও তক্তার মধ্যকার স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক কত? [JU. 17-18]
A. 0.87 B. 0.85 C. 0.84 D. 0.9
SCWhy ঘর্ষণ গুণাঙ্ক, $\mu_s = \tan\theta_s = \tan 40^\circ = 0.84$

37. 100 kg ভরের একটি গাড়ি 20m/s বেগে চলছিল। ব্রেক চেপে একে 5 সেকেন্ডে থামিয়ে দেয়া হলো। মন্দনকারী বল কত? [JU. 17-18]
A. 400 N B. 500 N
C. 600 N D. 300 N
SAWhy বল, $F = m\frac{v-u}{t} = 100 \times \frac{(0-20)}{5} = -400 \text{ N}$

38. একটি গাড়ির নিরাপদে বাঁক নেয়ার শর্ত হলো- [JU. 16-17]
A. $v \le (\tan\theta rg)^{\frac{1}{2}}$ B. $v \le (\tan\theta rg)$
C. $v > (\tan\theta rg)$ D. $v > (\tan\theta rg)^{\frac{1}{2}}$
SAWhy $\tan\theta = \frac{v^2}{rg}$ $\therefore v = (\tan\theta rg)^{\frac{1}{2}}$ or, $v \le (\tan\theta\, rg)^{\frac{1}{2}}$

39. 0.250 kg ভরের একটি পাথর খন্ডকে 0.75m লম্বা একটি সুতার এক প্রান্তে বেধে বৃত্তাকার পথে প্রতি মিনিটে 90 বার ঘুরালে সুতার উপর কত টান পড়বে? [JU. 16-17]
A. 16.66 N B.17.66 N C. 18.66 N D. 19.66 N
SAWhy কেন্দ্রমুখী বল, $F = m\omega^2 r = m \times \left(\frac{2\pi N}{t}\right)^2 \times r$
$= 0.25 \times \left(\frac{2\pi \times 90}{60}\right)^2 \times 0.75 = 16.66 \text{ N}$

40. একটি কণা 4.5m বৃত্তাকার পথে প্রতি মিনিটে 225 বার আবর্তন করে। এর রৈখিক বেগ কত? [JU. 16-17]
A. 107 ms^{-1} B. 106 ms^{-1}
C. 108 ms^{-1} D. 109 ms^{-1}
SBWhy রৈখিক বেগ, $v = \omega r = \left(\frac{2\pi N}{t}\right) r = \frac{2\pi \times 225}{60} \times 4.5 = 106 \text{ms}^{-1}$

41. হাতঘড়ির কাটার কৌণিক বেগ ঘন্টার কাটার জন্য
A. $\pi/180$ rad s^{-1} B. $\pi/270$ rad s^{-1}
C. $\pi/21600$ rad s^{-1} D. $\pi/190$ rad s^{-1}
SCWhy কৌণিক বেগ, $\omega = \frac{2\pi N}{t} = \frac{2\pi}{12 \times 3600} = \frac{\pi}{21600}$

42. 5 টনের একটি ট্রাক ঘন্টায় 36km বেগে চলছে। এটি 4m দূরত্বে কত বলের প্রয়োজন হবে?
A. 62,500 N B. 63,500 N
C. 64,500 N D. 65,500 N
SAWhy $u = \frac{36}{3.6} = 10 \text{ms}^{-1}$; থেমে যাওয়ার ক্ষেত্রে, $v = 0$;
$\therefore$ প্রযুক্ত বল, $F = m\frac{u^2}{2s} = 5000 \times \frac{10^2}{2 \times 4} = 62,500 \text{ N}$

43. একটি বল 4kg ভর বিশিষ্ট একটি স্থির বস্তুর উপর ক্রিয়া করে। বলটি 6s এ 30m/s বেগ প্রাপ্ত হয়। বলের মান কত?
A. 10N B. 20N
C. 30N D. 40N
SBWhy স্থির বস্তুর জন্য, $u = 0$
খেলোয়াড় কর্তৃক প্রযুক্ত গড় বল, $F = ma = m\frac{v}{t} = 4 \times \frac{30}{6} = 20$

44. একটি কণা 1.5m ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রতি মিনিটে 120 বার করে। এর রৈখিক বেগ কত হবে?
A. 16.84 ms^{-1} B. 17.84 ms^{-1}
C. 18.84 ms^{-1} D. 19.84 ms^{-1}
SCWhy রৈখিক বেগ, $v = \omega r = \frac{2\pi \times N}{t} \times r = \frac{2\pi \times 120}{60} \times 1.5 =$

45. 5kg ভরের একটি বন্দুক হতে 0.01kg ভরের একটি গুলি 300 m/s বেগে বের হলে বন্দুকের পশ্চাৎ বেগ কত হবে?
A. 0.06 ms^{-1} B. 0.6 ms^{-1}
C. 1800 ms^{-1} D. 18000 ms^{-1}
SBWhy ভরবেগের সংরক্ষণসূত্র অনুযায়ী, $MV = mv$
$\Rightarrow V = \frac{mv}{M} = \frac{0.01 \times 300}{5} = 0.6 \text{ ms}^{-1}$

46. কোন মেঝেতে স্থাপিত 400 N এর একটি কাঠের বাক্সের উপর ন্যূনতম 160 N বল প্রয়োগ করলে এটি চলার উপক্রম হয়। মেঝে ও বাক্সের মধ্যবর্তী ঘর্ষণাঙ্ক হবে-
A. 4.00 B. 0.40
C. 1.60 D. 0.16
SBWhy কাঠের বাক্সের ওজনের মান, $mg = 400N$
প্রযুক্ত বল = ঘর্ষণ বল + লব্ধি বল
$\therefore F = f_k + ma = \mu_k mg + ma$
$\Rightarrow 160 = \mu_k \times 400 + 0$ $\therefore \mu_k = 0.40$

47. একটি দেয়াল ঘড়ির মিনিটের কাটার দৈর্ঘ্য 18 cm হলে এর কৌণিক বেগ
A. 1.74×10^{-3} rad/s B. 3.13×10^{-4} rad/s
C. 18×10^{-4} rad/s D. 10^{-4} rad/s
SAWhy $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{3600} = 1.74 \times 10^{-3}$ rad/s

48. $\frac{L^2}{2I}$ represents..... of a particle
A. Rotational kinetic energy B. Potential energy
C. torque D. Power
SAWhy $\frac{L^2}{2I} = \frac{(I\omega)^2}{2I} = \frac{1}{2}I\omega^2$ = Rotational kinetic energy

9. একটি ঘূর্ণনরত কণার ব্যাসার্ধ ভেক্টর $\vec{r} = \hat{i} - \hat{j} + \hat{k}$ এবং প্রযুক্ত বল $\vec{F} = 2\hat{i} - \hat{j}$ হলে টর্কের মান হবে- [JU. 12-13]

A. 2 একক B. $\sqrt{6}$ একক
C. 4 একক D. $\sqrt{8}$একক

SBWhy $\vec{r} = \hat{i} - \hat{j} + \hat{k}$, $\vec{F} = 2\hat{i} - \hat{j}$, টর্ক $= \vec{r} \times \vec{F}$

$$= \begin{vmatrix} i & j & k \\ 1 & -1 & 1 \\ 2 & -1 & 0 \end{vmatrix} = \hat{i} + 2\hat{j} + \hat{k}(-1+2) = \hat{i} + 2\hat{j} + \hat{k}$$

$\therefore$ টর্কের মান $= \sqrt{1^2 + 2^2 + 1^2} = \sqrt{6}$

10. একটি ঘূর্ণায়মান পিতলের গোলকের ভর 0.02kg. ঘূর্ণন অক্ষহতে এর দূরত্ব 1m হলে, অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক হবে- [JU. 12-13]

A. 2.0kgm^2 B. 20kgm^2
C. 0.2kgm^2 D. 0.02kgm^2

SDWhy $I = mr^2 = 0.02 \times 1^2 = 0.02\text{kgm}^2$

11. একটি বৃত্তাকার চাকতির পৃষ্ঠের অভিলম্ব বরাবর চাকতির কেন্দ্র দিয়ে গমনকারী অক্ষের সাপেক্ষে জড়তার ভ্রামক হলো- $\left(\frac{MR^2}{2}\right)$। বৃত্তাকার চাকতির পৃষ্ঠের অভিলম্ব ভাবে গমনকারী স্পর্শকের সাপেক্ষে জড়তার ভ্রামক কত? [JU. 12-13]

A. $1.5MR^2$ B. $0.75MR^2$
C. $0.5R^2$ D. None

SAWhy সমান্তরাল অক্ষ উপপাদ্য অনুসারে, $I = I_G + MR^2$

$$= \frac{MR^2}{2} + MR^2 = 1.5MR^2$$

12. সম বেগে গতিশীল কোন বস্তুর উপর প্রযুক্ত বল শূন্য হলে- [JU. 12-13]

A. বস্তুটির বেগ শূন্য B. বস্তুটির মন্দন হবে
C. বস্তুটি সমবেগে চলতে থাকবে
D. বস্তুটির গতির কোন পরিবর্তন হবে না **Ans C**

13. একটি চাকার ভর 10kg এবং জড়তার ভ্রামক 2.5kgm^2 হলে চক্রগতির ব্যাসার্ধ হবে- [JU. 11-12]

A. 1m B. 0.5m C. 1.5m D. 5m

SBinfo $I = mK^2$ বা, $K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{2.5}{10}} = 0.5\text{m}$

14. পৃথিবীর চারিদিকে চাঁদের কক্ষ পথের ব্যাসার্ধ 3.85×10^5km কক্ষ পথ এক বার প্রদক্ষিণ করতে সময় লাগে 27.3 দিন। চাঁদের কৌণিক বেগ কত? [JU. 11-12]

A. $12.664\times10^{-6}\text{rads}^{-1}$ B. $22.644\times10^{-6}\text{rads}^{-1}$
C. $2.665\times10^{-6}\text{rads}^{-1}$ D. কোনটিইনয়

SCWhy $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{27.3 \times 24 \times 60 \times 60} = 2.665 \times 10^{-6}$ rad/s

15. 100m ব্যাসের বৃত্তাকার পথে কোন মাঠের সাইকেল আরোহী কত বেগে ঘুরলে উলম্ব তলের সাথে 45^0 কোণে আনত থাকবেন? [JU. 11-12]

A. 11.1359ms^{-1} B. 22.1359ms^{-1}
C. 16.1359ms^{-1} D. 33.1359ms^{-1}

SBWhy $v = \sqrt{rg\tan\theta} = \sqrt{50 \times 9.8 \times \tan 45^\circ} = 22.1359\text{ms}^{-1}$

16. বলের মাত্রা সমীকরণ- [JU. 11-12, 10-11, RU. 10-11; RUET. 12-13]

A. $[ML^2T]$ B. $[MLT^{-2}]$
C. $[M^2LT]$ D. $[MLT^{-1}]$ **Ans B**

17. 4 gm ভরের একটি বুলেট 400 m/s এ ছুটলে যে সমবলে তাকে 1s এ থামিয়ে দেয় তা কত? [JU. 11-12]

A. 2.6 N B. 1.6 N
C. 4.6 N D. 3.6 N

SBWhy থেমে যাওয়ায় শেষবেগ, $v = 0\text{ms}^{-1}$

প্রযুক্ত বল, $F = m\frac{u}{t} = \frac{4}{1000} \times \frac{400}{1} = 1.6\text{N}$

58. একটি টেবিলের উপর 1kg ভরের একটি বই আছে। টেবিলের তল বরাবর 3N বল প্রয়োগ করলে বইটি চলার উপক্রম হয়। টেবিল ও বই এর মাঝে স্থিতি ঘর্ষণ গুণাংক কত? [JU. 11-12]

A. 0.3 B. 1.4 C. 2.5 D. 3.1

SAWhy $\mu_s = \frac{F_k}{R} = \frac{F_k}{mg} = \frac{3}{1 \times 9.8} = 0.3$

59. 16N এর একটি বল 4 kg ভরের উপর 2s ক্রিয়া করে। বস্তুটির বেগের পরিবর্তন হবে- [JU. 10-11]

A. 16 ms^{-1} B. 8 ms^{-1} C. 10 ms^{-1} D. 20 ms^{-1}

SBWhy [$\because$ বলের ঘাত = ভরবেগের পরিবর্তন]

$m\Delta v = Ft \Rightarrow \Delta v = \frac{Ft}{m} = \frac{16 \times 2}{4} = 8\text{ ms}^{-1}$

60. একটি বস্তুর উপর 5N বল 10s ক্রিয়া করে। ভরবেগের পরিবর্তন কত? [JU. 10-11]

A. 50kgms^{-1} B. 10kgms^{-1}
C. 60kgms^{-1} D. 100kgms^{-1}

SAWhy ভরবেগের পরিবর্তন $= Ft = 5 \times 10 = 50$

61. কোন মোটর সাইকেল আরোহী r ব্যাসার্ধের বৃত্তাকার পথে কত বেগে ঘুরলে তিনি উলম্ব তলের সাথে θ কোণে আনত থাকেন? [JU. 09-10]

A. $rg\tan\theta$ B. $\sqrt{rg\tan\theta}$
C. $\tan^{-1}\left(\frac{\theta}{rg}\right)$ D. $rg\sqrt{(\tan g\theta)}$ **Ans B**

62. সি.জি.এস পদ্ধতিতে ভরবেগের একক হলো- [JU. 09-10]

A. গ্রাম/সেকেন্ড B. গ্রাম-সেকেন্ড
C. গ্রাম-সেন্টিমিটার/সেকেন্ড D. গ্রাম/সেন্টিমিটার-সেকেন্ড **Ans C**

63. গতীয় ঘর্ষণ কোণ হলো- [JU. 09-10]

A. $\tan^{-1}\frac{F_k}{R}$ B. $\tan^{-1}\frac{R}{F_k}$
C. $\tan^{-1}\frac{F_s}{R}$ D. $\tan^{-1}\frac{F_k}{R^2}$ **Ans A**

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. 1 ডিগ্রী সমান কত রেডিয়ান?
Ⓐ 0.00165 Ⓑ 0.0075
Ⓒ 0.0165 Ⓓ 0.0175

02. ধনাত্মক চার্জ বহনকারী প্রোটনগুলো কোন বলের কারণে একত্রে নিউক্লিয়াসে অবস্থান করে?
Ⓐ মহাকর্ষীয় বল Ⓑ তড়িৎ চুম্বকীয় বল
Ⓒ সবল নিউক্লীয় বল Ⓓ নিউক্লিয় দুর্বল বল

03. নিউটনের তৃতীয় সূত্রের প্রয়োগ নয় কোনটি?
Ⓐ রকেট Ⓑ বন্দুকের পশ্চাৎ গতি
Ⓒ যাত্রীবাহী বাস Ⓓ কোনটিই নয়

04. চক্রগতির ব্যাসার্ধের মাত্রা সমীকরণ কোনটি?
Ⓐ $[M^2L^2]$ Ⓑ $[L]$
Ⓒ $[L^{-1}M]$ Ⓓ $[ML]$

05. F বল প্রয়োগে একটি ট্রেন s দূরত্বে থামে। যদি আদিবেগ দ্বিগুণ করা হয় তবে কোন দূরত্বে ট্রেনটি থামবে?
Ⓐ S Ⓑ 2S Ⓒ S^4 Ⓓ 4S

06. গাছ থেকে 2 kg ভরের একটি ফল নীচের দিকে পড়ল। বাতাসের বাধা 7.6 N হলে ফলটির ত্বরণ কত হবে?
Ⓐ 9.8ms^{-2} Ⓑ 4.9ms^{-2}
Ⓒ 6 ms^{-2} Ⓓ 2.45ms^{-2}

07. 2kg ভরের একটি কণা $\vec{v} = (2\hat{i} + 4\hat{j} + 2\hat{k})$ m/s বেগে চলছিল। বাহ্যিক বল $\vec{F}$ এর ক্রিয়ায় কণাটি থেমে গেল। $\vec{F}$ কর্তৃক কৃত কাজ কত?
Ⓐ 12J Ⓑ 24J
Ⓒ 48J Ⓓ –24J

08. একটি 7.0 kg ভরের বস্তু একটি লিফটের মেঝের উপর স্থির অবস্থায় আছে। লিফটের ঊর্ধ্বগামী ত্বরণ 2 m/s^2 হলে বস্তুর উপর মেঝে কর্তৃক বল কত?
Ⓐ 68.6 N Ⓑ 54.6 N
Ⓒ 82.6 N Ⓓ 0.0 N

09. 1100kg ভরের একটি গাড়ী $50ms^{-1}$ বেগে আনুভূমিক রাস্তার উপর দিয়ে চলার সময় হঠাৎ 100kg ভরের একটি বস্তু গাড়ী থেকে বাইরে পড়ে গেল। গাড়ির বর্তমান বেগ কত?
Ⓐ $44ms^{-1}$ Ⓑ $50\ ms^{-1}$
Ⓒ $55\ ms^{-1}$ Ⓓ $100\ ms^{-1}$

10. 10kg ভরের উপর প্রযুক্ত বল 20N ও ঘর্ষণ বল 5N. ত্বরণ হবে-
Ⓐ $2\ ms^{-2}$ Ⓑ $1.5\ ms^{-2}$
Ⓒ $1.75\ ms^{-2}$ Ⓓ $1.08\ ms^{-2}$

11. দুইটি তলের মধ্যকার স্থির ঘর্ষণ কোন 60°। তাদের ঘর্ষণ গুনাংক কত?
Ⓐ $\sqrt{3}$ Ⓑ 1.70
Ⓒ 1.76 Ⓓ $\sqrt{2}$

12. 5 kg ভরের একটি বস্তু $1.2\ ms^{-1}$ বেগে একটি দেয়ালে লম্বভাবে ধাক্কা খেয়ে $0.8\ ms^{-1}$ বেগে বিপরীত দিকে ফিরে আসলে বলের ঘাত কত হবে?
Ⓐ 4 Ⓑ 5
Ⓒ 6 Ⓓ 10

13. একটি বস্তুর জড়তার ভ্রামক $9000\ g\ cm^2$। বস্তুটির ভর 10 g হলে, চক্রগতির ব্যাসার্ধ কত?
Ⓐ 900 cm Ⓑ 30 cm
Ⓒ 10 cm Ⓓ 90000 cm

14. একটি চাকার ভর 6kg এবং কোনো অক্ষ সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ 30cm। চাকাটিতে $3rads^{-2}$ ত্বরণ সৃষ্টি করতে কত মানের টর্ক প্রয়োগ করতে হবে?
Ⓐ 1.62 Nm Ⓑ 1.8 Nm
Ⓒ 16.2 Nm Ⓓ 18 Nm

15. যখন বৃত্তাকার পথে ঘূর্ণায়মান একটি ট্রেনের গতি দ্বিগুণ করা হয় তখন ট্রেনটির কেন্দ্রমুখী বল-
Ⓐ সমান থাকে Ⓑ 2 গুণ বৃদ্ধি পায়
Ⓒ 8 গুণ বৃদ্ধি পায় Ⓓ 4 গুণ বৃদ্ধি পায়

16. একটি বল 9m ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তাকার পথে $8ms^{-1}$ বেগে ঘুরালে তার ত্বরণ কত?
Ⓐ শূন্য Ⓑ $8.1\ ms^{-2}$
Ⓒ $9.1\ ms^{-2}$ Ⓓ $7.1\ ms^{-2}$

17. 50 গ্রাম ভরের একটি বস্তু প্রতি সেকেন্ডে বৃত্ত পথে 3 বার ঘুরে, কৌণিক বেগ কত?
Ⓐ 2π Ⓑ 3π
Ⓒ 4π Ⓓ 6π

18. একটি বৈদ্যুতিক পাখার ভর 10kg এবং কোনো অক্ষ সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ 2m। পাখাটিতে $3rads^{-2}$ কৌণিক ত্বরণ সৃষ্টি করতে কত মানের টর্ক প্রয়োগ করতে হবে?
Ⓐ 40Nm Ⓑ 20Nm
Ⓒ 30Nm Ⓓ 120Nm

19. যদি v = দ্রুতি, r = ব্যাসার্ধ, g = অভিকর্ষজ ত্বরণ হয়, তাহলে নিম্নের কোন রাশিটি মাত্রাহীন?
Ⓐ $\frac{v^2r}{g}$ Ⓑ $\frac{v^2g}{r}$
Ⓒ v^2gr Ⓓ $\frac{v^2}{rg}$

20. রাস্তার ব্যাংকিং নির্ভর করে-
Ⓐ গাড়ির দ্রুতি ও ভরের উপর
Ⓑ গাড়ির ভর ও রাস্তার বাঁকের উপর
Ⓒ শুধু মাত্র গাড়ির ভরের উপর
Ⓓ গাড়ির দ্রুতি ও রাস্তার বাঁকের ব্যাসার্ধের উপর

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	D	360 ডিগ্রী = 2π রেডিয়ান $\therefore 1^\circ = \frac{\pi}{180} = 0.0175$ রেডিয়ান
02	C	সবল নিউক্লিয় বল প্রোটন ও নিউট্রনকে আবদ্ধ করে নিউক্লিয়াস করে এবং দূর্বল নিউক্লিয় বল বিটা ক্ষয়ের জন্য দায়ী।
03	C	যাত্রীর বাস জড়তা অর্থাৎ প্রথম সূত্রকে ব্যাখ্যা করে।
04	B	$I = MK^2 \Rightarrow K = \sqrt{\frac{I}{M}}$ $\therefore$ চক্রগতির ব্যাসার্ধের মাত্রা, $[K] = \sqrt{\frac{ML^2}{M}} = [L]$
05	D	u দ্বিগুণ হলে s এর মান $u^2 = 2^2 = 4$ গুণ হবে।
06	C	$\Delta F = ma$ $\therefore a = \frac{\Delta F}{m} = \frac{mg - 7.6}{2} = \frac{2\times 9.8 - 7.6}{2} = \frac{12}{2} = 6ms^{-2}$
07	D	$\lvert\vec{v}\rvert^2 = 2^2 + 4^2 + 2^2 = 24ms^{-1}$ $\Rightarrow$ W = গতি শক্তির পরিবর্তন $= \frac{1}{2}mv^2 = 24J$ যেহেতু, $\vec{F}$ ও $\vec{s}$ এর দিক পরস্পর বিপরীতমুখী। তাই কাজ ঋণাত্মক।
08	C	$T = F = m(g + a) = 7(9.8 + 2) = 82.6$ N
09	C	গাড়ির ভর M = 1100kg, গাড়ির বেগ V = 50 ms^{-1} বের হয়ে যাওয়ার পর ভর m = 1100 – 100 = 1000kg. $MV = mv$ $\Rightarrow v = \frac{MV}{m} = \frac{1100\times 50}{1000} = 55\ ms^{-1}$
10	B	$R - f = ma$ বা, $20 - 5 = 10a$ বা, $a = 1.5ms^{-2}$
11	A	$\mu_s = \tan\theta = \tan 60^\circ = \sqrt{3}$
12	D	বলের ঘাত = ভরবেগের পরিবর্তন $\Rightarrow Ft = mv - mu = 5\times 1.2 - 5\times(-0.8) = 10$ Ns
13	B	জড়তার ভ্রামক, $I = mK^2$ $\Rightarrow K = \sqrt{\frac{I}{m}} = \sqrt{\frac{9000\times 10^{-4}g}{10g}}$ $= 30\times 10^{-2}$ m = 30cm
14	A	$\tau = I\alpha = MK^2\times\alpha = 6\times\left(\frac{30}{100}\right)^2\times 3 = 1.62$ Nm
15	D	কেন্দ্রমুখী বল, $F = \frac{mv^2}{r}$, $F \propto v^2$ $\therefore F_2 = 2^2F_1 = 4F_1$
16	D	$a = \frac{v^2}{r} = \frac{8^2}{9} = 7.1ms^{-2}$
17	D	কৌণিক বেগ, $\omega = \frac{2\pi\times N}{t} = \frac{2\pi\times 3}{1} = 6\pi$
18	D	$\tau = I\alpha = mr^2\times\alpha = 10\times 2^2\times 3 = 120$Nm
19	D	$\frac{v^2}{rg} = \frac{[LT^{-1}]}{[L][LT^{-2}]} = \frac{[L^2T^{-2}]}{[L^2T^{-2}]}$ = মাত্রাহীন
20	D	গাড়ির দ্রুতি ও রাস্তার বাঁকের ব্যাসার্ধের উপর, $\left(\tan\theta = \frac{v^2}{rg}\right)$

প্রথম পত্র অধ্যায়: ০৪

কাজ, শক্তি ও ক্ষমতা


কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	কাজ সংক্রান্ত	★★★
TOPIC-02	শক্তি সংক্রান্ত	★★
TOPIC-03	তক্তা সংক্রান্ত	★★★
TOPIC-04	কুয়া সংক্রান্ত	★★
TOPIC-05	ভরবেগ সংক্রান্ত	★★
TOPIC-06	ক্ষমতা সংক্রান্ত	★★
TOPIC-07	গতিশক্তি এবং বিভব শক্তি সংক্রান্ত	★★

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- **বিভব শক্তি:** অবস্থানের পরিবর্তনের জন্য যে শক্তি (উচ্চতার জন্য)
- **স্থিতি শক্তি:** বস্তুর আকৃতি পরিবর্তনের জন্য যে শক্তি (স্প্রিং, ফোম)
- কোন যন্ত্রের কর্মদক্ষতা বলতে কার্যকরী শক্তি ও প্রদত্ত মোট শক্তির অনুপাতকে বোঝায় (এর কোন একক নেই)
- বেগ, ত্বরণ, বল, কাজ, ক্ষমতা ও শক্তির মাত্রা যথাক্রমে-
  $LT^{-1}, LT^{-2}, MLT^{-2}, ML^2T^{-2}, ML^2T^{-3}, ML^2T^{-2}$
- m ভরের একটি বস্তু সমবেগে (সরল রৈখিক) চলমান। যদি বস্তুটির বেগ দ্বিগুন করা হয় তবে এর গতিশক্তির কি পরিবর্তন হবে? → বস্তুটির গতিশক্তি পূর্বের গতিশক্তির চারগুণ
- কাজ ও শক্তির একক একই যা → জুল
- ক্ষমতার একক- জুল/সেকেন্ড
- ইলেকট্রন ভোল্ট (eV) কিসের একক? → শক্তি বা কাজের একক
- বল ও সরনের মধ্যবর্তী কোনের মান কত হলে কাজের পরিমান শূন্য হয়- 90°
- এক মেগা ইলেকট্রন ভোল্ট সমান- 1.6×10^{-13} জুল

কাজের প্রকৃতি	কোন θ	cos θ	কৃতকাজ, W
সর্বোচ্চ কাজ	0	cos0 = 1	$W = Fs = W_{max}$
ধনাত্মক কাজ	$0 \le \theta < \frac{\pi}{2}$	$1 \ge \cos\theta > 0$	$W_{max} \ge W > 0$
শূন্য কাজ	$\frac{\pi}{2}$	$\cos\frac{\pi}{2} = 0$	W = 0 (Null Work)
ঋণাত্মক কাজ	$\frac{\pi}{2} < \theta \le \pi$	$0 > \cos\theta \ge -1$	$0 > W \ge W_{min}$
সর্বনিম্ন কাজ	π	cosπ = −1	$W = -Fs = W_{min}$

- গতিশীল বস্তু যত নিচে নামে এর বিভব শক্তি হ্রাস পায় কিন্তু গতিশক্তি বৃদ্ধি পায়।
- এক মানুষের গড় ক্ষমতা = 110 watt বা 0.147 HP
- **সংরক্ষণশীল** বল দ্বারা কৃতকাজ শূণ্য। উদাহরণঃ অভিকর্ষীয় বল, বৈদ্যুতিক বল, তড়িৎ বল, চৌম্বক বল, মহাকর্ষ বল, আদর্শ স্প্রিং এর বিকৃতি প্রতিরোধী বল।
- সংরক্ষণশীল বলের ক্ষেত্রে- (১) পূর্ণচক্রে মোট কাজ শূন্য হয় (২) কাজের পরিমাণ কণার গতিপথের উপর নির্ভর করে না (৩) শক্তি নিত্যতার সূত্র পালিত হয় (৪) কাজ পুনরুদ্ধার করা যায়।
- **অসংরক্ষণশীল**, বল দ্বারা কৃতকাজ শূণ্য হয় না। উদাঃ সান্দ্র ও ঘর্ষন বল।
- অসংরক্ষণশীর বলের ক্ষেত্রে- (১) পূর্ণচক্রে মোট কাজ শূন্য হয় না (২) কাজের পরিমাণ কণার গতিপথের উপর নির্ভর করে (৩) শক্তির নিত্যতা পালিত হয় না (৪) কাজ সম্পূর্ণরূপে পুনরুদ্ধার করা যায় না।
- সমান ভরবেগের ভারী বস্তুর চেয়ে হালকা বস্তুর গতিশক্তি বেশী।
- সমান গতিশক্তির হালকা বস্তুর চেয়ে ভারী বস্তুর ভরবেগ বেশী।
- অবস্থান সাপেক্ষে এক চক্র পরিমাণে গড় গতিশক্তি K.E. $= \frac{1}{2} \times$ মোট শক্তি।
- কাজের পরিমাণ সবচেয়ে বেশী হয় যখন প্রযুক্তবল ও সরণের মধ্যে কোণের মান হয়- 0°
- গতিশীল বস্তু যত নিচে নামে এর বিভব শক্তি হ্রাস পায় কিন্তু গতিশক্তি বৃদ্ধি পায়। ভূমি স্পর্শ করার মুহূর্তে সম্পূর্ণ বিভব শক্তি গতিশক্তিতে পরিণত হয়।
- **এক অশ্ব ক্ষমতা:** প্রতি সেকেন্ডে 746 J কাজ করার ক্ষমতাকে এক অশ্ব ক্ষমতা বলে।
- সিঁড়ি বেয়ে উপরে উঠতে হয় কারণ- অভিকর্ষ বলের বিরুদ্ধে কাজ হয়। অভিকর্ষীয় বলের বিপরীত কাজ W = h. কাজের অভিকর্ষীয় একক কেজি-মিটার।
- বস্তুর ভর ও বেগ উভয়ই দ্বিগুণ হলে গতিশক্তি পূর্বের 8 গুণ হয়। কেন্দ্রমুখি বল দ্বারা কাজ শূন্য হয়।
- একটি স্প্রিংকে সংকুচিত করলে তাতে স্থিতিশক্তি সঞ্চিত থাকে স্থিতিস্থাপক বলের বিরুদ্ধে কাজ $W = x^2$.
- সিঁড়ি বেয়ে উপরে উঠা ঋণাত্মক কাজ। আর নিচে নামা ধনাত্মক কাজ। শক্তির মাত্রা $[ML^2T^{-2}]$
- সমান গতিশক্তিসম্পন্ন 9_g এবং 4_g ভরের দুটি বস্তু A ও B এর রৈখিক ভরবেগের অনুপাত হবে 3 : 2।
- কোনো বস্তুর ভরবেগ 100% বৃদ্ধি করলে গতিশক্তি 300% বৃদ্ধি পায়।
- বস্তুর আকার পরিবর্তনের জন্য স্থিতিশক্তি লাভ করে- ধনুকে তীর লাগিয়ে টানলে, ধাতব পাতকে বাঁকালে।
- একটি ভারী বস্তুকে মাথায় করে অনুভূমিক বরাবর রাস্তার উপর দিয়ে এক স্থান হতে অন্য স্থানে সরানো হলো- (১) ঘর্ষণ বলের বিরুদ্ধে কাজ হয় (২) অভিলম্বিক প্রতিক্রিয়া দ্বারা কাজ শূন্য।
- দুটি বস্তুকণার মধ্যকার দূরত্ব বৃদ্ধি করলে – (i) মহাকর্ষ বল দ্বারা কৃত কাজ ঋণাত্মক। (ii) বাহ্যিক বল দ্বারা কৃত কাজ ধনাত্মক (iii) মহাকর্ষ বল দ্বারা কৃত কাজ দূরত্বের আদি ও চূড়ান্ত মানের উপর নির্ভর করবে। মধ্যবর্তী কোনো মানের উপর নয়।
- উড়োজাহাজ থেকে নিক্ষিপ্ত বোমা মাঝপথে কেটে গেলে মোট ভরবেগ কমবে। অভিকর্ষীয় স্থিতিশক্তি বল দ্বারা সৃষ্ট সরণের সমানুপাতিক।
- 

  (i) চিত্র অনুযায়ী CD অংশের ভরবেগ হবে AB অংশের ভরবেগের চারগুণ।
  (ii) CD অংশের বেগ দ্বিগুণ হলে গতিশক্তি AB অংশের চারগুণ হবে।
- স্প্রিং ধ্রুবক $k = \frac{F}{x}$, নির্ভর করে i. স্প্রিং এর দৈর্ঘ্যের উপর
  ii. জ্যামিতিক গঠনের উপর iii. পদার্থের স্থিতিস্থাপকতার উপর
- **এক নজরে কিছু সূত্রাবলী:**
  - $W = \vec{F}.\vec{S} = FScos\theta = \frac{1}{2}mv_1^2 - \frac{1}{2}mv_2^2 = -\Delta E_k = -Pt = -Fvt = -mg(h_1 - h_2)$
  - $E_k = \frac{1}{2}mv^2 = \frac{p^2}{2m} = \frac{1}{2}m(\sqrt{2gh})^2$
  - $W = \frac{1}{2}kx^2 = \int_{x_1}^{x_2} kxdx$
  - $P = \frac{W}{t} = \frac{mgh}{t} = \frac{Fs}{t} = Fv = mgv = \frac{Fscos\theta}{t} = \frac{mv^2}{2t}$

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. ক্রেনের সাহায্যে 200kg ভরের বোঝাকে 0.1m/s বেগে উঠানো হলে ক্রেনের ক্ষমতা কত? [JU-A, Set-H: 2022-23]

A. 19.6W B. 98W
C. 200W D. 196W

Solve Why $P = Fv = mg \times v = (200 \times 9.8 \times 0.1) = 196W$

- একটি গাড়ি চলতে থাকলে তার টায়ারের ভিতর সমআয়তন প্রক্রিয়া চলে। টায়ার ফেটে গেলে রুদ্ধতাপীয় প্রক্রিয়া।
- একটি আদর্শ গ্যাসের C_p এবং C_v এর মধ্যে সম্পর্ক: $C_p - C_v = R$
  যেহেতু সার্বজনীন বা মোলার গ্যাস ধ্রুবক R সর্বদা একটি ধনাত্মক রাশি, সুতরাং, $C_p > C_v$
  $\therefore$ C_p সর্বদাই C_v এর চেয়ে বড়।
  মোলার গ্যাস ধ্রুবক: $R = 8.314\ Jmole^{-1}K^{-1}$
  অথবা, $R = 0.0821\ Latm\ mol^{-1}K^{-1}$
- **এক পরমাণুক গ্যাসের ক্ষেত্রে:** $\gamma = 1.66$ (He, Ar)
- **দ্বি-পরমাণুক গ্যাসের ক্ষেত্রে:** $\gamma = 1.4$(O_2, N_2, X_2 বা হ্যালোজেন অণু)
- **বহু-পরমাণুক গ্যাসের ক্ষেত্রে:** $\gamma = 1.33$ (CO_2, NH_3, C_2H_6)
- কিছু বলা না থাকলে γ এর মান 1.4 ব্যবহার করতে হবে।
- **প্রত্যাবর্তী প্রক্রিয়া (Reversible Process):** যে প্রক্রিয়া বিপরীত মুখী হয়ে প্রত্যাবর্তন করে এবং সম্মুখবর্তী ও বিপরীত মুখী প্রক্রিয়ার প্রতি স্তরে তাপ ও কাজের ফলাফল সমান ও বিপরীত হয়। উদাহরণ: পানি ⇌ বরফ।
- **অপ্রত্যাবর্তী প্রক্রিয়া (Irreversible process):** যে প্রক্রিয়া সম্মুখগামী হওয়ার পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে না, তাকে অপ্রত্যাগামী প্রক্রিয়া বলে। উদাহরণ: ঘর্ষণের ফলে যে তাপ উৎপন্ন হয়।
- **তাপ ইঞ্জিন:** যে যান্ত্রিক ব্যবস্থা তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে পরিণত করে তাকে তাপ ইঞ্জিন বলা হয়।
- যদি সিস্টেম Q_1 পরিমাণ শক্তি শোষণ করে, Q_2 পরিমাণ শক্তি ত্যাগ করে তাহলে কাজ $W = Q_1 - Q_2$

$$\therefore \eta = \left(\frac{Q_1 - Q_2}{Q_1}\right) \times 100\% = \boxed{1 - \frac{Q_2}{Q_1}} \times 100\%$$

[বাস্তবে সকল তাপ ইঞ্জিন অপ্রত্যাগামী প্রক্রিয়ায় চলে এবং এটাই সকল অপ্রত্যাগামী তাপ ইঞ্জিনের কর্মদক্ষতার সমীকরণ]
কার্নোর আদর্শ তাপ ইঞ্জিন প্রত্যাগামী প্রক্রিয়ায় চলে ধরে নিলে, $Q \propto T$

$$\therefore \eta = \left(\frac{T_1 - T_2}{T_1}\right) \times 100\% = \boxed{1 - \frac{T_2}{T_1}} \times 100\% ; \frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$$

- যেহেতু $T_1 > (T_1 - T_2)$, কাজেই ইঞ্জিনের দক্ষতা কখনই 100% হতে পারে না।
- কার্নো চক্র একটি প্রত্যাগামী চক্র।
- একটি পেট্রোল ইঞ্জিনের কর্মদক্ষতা 30%
- যে যন্ত্রের সাহায্যে পরিবেশ অপেক্ষা কম তাপমাত্রা সৃষ্টি করা যায় এবং এই তাপমাত্রা সর্বদা স্থির অবস্থায় রাখা যায় তাকে রেফ্রিজারেটর বলা হয়।
- এনট্রপি: রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় বস্তুর যে তাপীয় ধর্ম স্থির থাকে তাকে এনট্রপি বলে। এনট্রপি হচ্ছে শক্তির সেই রূপ যাকে আর কখনো কাজে রূপান্তর করা যাবে না।
  - প্রত্যাগামী প্রক্রিয়ায় যে কোন সংস্থার এনট্রপি স্থির থাকে।
  - অপ্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপি বৃদ্ধি পায়।
  - সাম্যাবস্থায় এনট্রপির মান সর্বোচ্চ
  - একক JK^{-1}
- স্থির তাপমাত্রায় এনট্রপির পরিবর্তন, $ds = \frac{dQ}{dT} = \frac{mL}{T}$

  বরফ গলনের আপেক্ষিক সুপ্ত তাপ $L_f = 336000$ J/K

  পানির বাষ্পীভবনের আপেক্ষিক সুপ্ত তাপ $L_v = 2268000$ J/K

  পরিবর্তিত তাপমাত্রায় এনট্রপির পরিবর্তন $ds = ms \ln\left(\frac{T_2}{T_1}\right)$,

  T_2 = শেষ তাপমাত্রা; T_1 = আদি তাপমাত্রা।

  S আপেক্ষিক তাপ → বরফ = 2100 $Jkg^{-1}K^{-1}$; পানি = 4200 $Jkg^{-1}K^{-1}$; বাষ্প = 2000 $Jkg^{-1}K^{-1}$
- পদার্থের উচ্চতাপীয় অবস্থা হলো প্লাজমা।
- 1 ক্যালরি = 4.2 জুল; 1 জুল = 0.24 ক্যালরি, 1 জুল = 10^7 erg
- আলোকীয় পাইরোমিটারে তাপমাত্রার পরিসর → 600°C – 1500°C।
- যদি কোন তাপ ইঞ্জিন থেকে কোন তাপ বের না হয় তবে ইঞ্জিনের দক্ষতা 100%।
- চাপ, আয়তন, রোধ প্রভৃতি উষ্ণতামিতিক পদার্থ।

Aspect Special: সূর্যের পৃষ্ঠের তাপমাত্রা ফিক্সড 5800K। তাই এটি মনে রাখলে অংক করার প্রয়োজন নেই।

- বদ্ধ সিস্টেম পরিবেশের সাথে শুধু শক্তি বিনিময় করে।
- প্রত্যাগামী প্রক্রিয়ায় এন্ট্রপি স্থির থাকে।
- স্থিতিস্থাপক সীমার মধ্যে স্প্রিংকে সংকুচিত ও প্রসারিত করা একটি প্রত্যাবর্তী প্রক্রিয়া।
- তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রকে ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়।
- এন্ট্রপি সংরক্ষণশীলতার সূত্র মেনে চলে না।
- সমোষ্ণ প্রক্রিয়ায় শর্ত হলো- (ক) গ্যাসের সংননমন ও প্রসারণ খুব ধীরে ধীরে সংঘটিত হবে (খ) পাত্রের চারপাশের মাধ্যমের তাপধারণ ক্ষমতা বেশি হতে হবে।
- তাপ এক প্রকার শক্তি যা কোনো বস্তুর উপর প্রয়োগ করলে–
  (১) বস্তুর উষ্ণতা বৃদ্ধি পায়
  (২) বস্তুর আয়তন বৃদ্ধি পায়
  (৩) অণুর গতিশক্তি বৃদ্ধি পায়।
- তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রকে কাজে লাগিয়ে তাপীয় ইঞ্জিন ও রেফ্রিজারেটর তৈরি করা হয়।
- অন্তস্থ শক্তির পরিবর্তন = স্থির আয়তনে গ্যাসের আপেক্ষিক তাপ × পরম তাপমাত্রা।
- একটি কার্নো চক্রে মোট এনট্রপির পরিবর্তন শূন্য।

এক নজরে কিছু সূত্রাবলীঃ

- $\theta_c = \frac{x_\theta - x_{ice}}{x_{steam} - x_{ice}} \times 100°C; \frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273}{5}$
- $dQ = dU + dW = dU + PdV$
- $\frac{1}{2}mv^2 = ms\,\Delta\theta; v = \sqrt{2s\Delta\theta}; \Delta\theta = \frac{v^2}{2s} = \frac{gh}{s}$
- $\Delta T = \frac{\Delta\eta \times T_2}{(1-\eta_1)(1-\eta_2)}$
- $dS = ms\,ln\frac{T_2}{T_1} = \frac{dQ}{T} = \frac{mL_f}{T} = \frac{mL_v}{T}$

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. নিচের কোনটি পদার্থের অবস্থার পরিবর্তন নয়? [JU-A, Set-G: 202

A. ঘনীভবন B. দ্রবীভবন C. বাষ্পীভবন D. ঊর্ধ্বপাতন

S B Why ঘনীভবন: গ্যাসীয় দশা থেকে তরল দশায় রূপান্তর।

- বাষ্পীভবন: তরল দশা থেকে গ্যাসীয় দশায় রূপান্তর।
- ঊর্ধ্বপাতন: কঠিন দশা থেকে গ্যাসীয় দশায় রূপান্তর।

ঘনীভবন, বাষ্পীভবন ও ঊর্ধ্বপাতন সরাসরি ভৌত দশা পরিবর্তন দ্রবীভবন প্রক্রিয়ায় বস্তুর দশার কোনো পরিবর্তন হয় না। কারণ, দ্রবীভবন দ্রাবকে কোনো দ্রব তার স্বকীয় বৈশিষ্ট্য বজায় রেখে অদৃশ্য বা দ্রবীভূত থাকে

02. কফির গরম কাপ টেবিলে রাখা আছে। কিছু সময় পরে এটি চারপাশের একটি তাপীয় ভারসাম্য অর্জন করে। ঘরের বায়ুর অণুগুলোকে তাপগতি ব্যবস্থা হিসেবে বিবেচনা করে নিচের কোনটি সত্য (U অভ্যন্তরীণ শক্তি, Q শক্তি, W কাজ)? [JU-A, Set-G: 2022

A. $U > 0, Q = 0$ B. $U > 0, W < 0$

C. $U > 0, Q > 0$ D. $U = 0, Q > 0$

S D Why যেহেতু কফির কাপ ধীরে ধীরে পরিবেশের সাথে তাপীয় ভার অর্জন করে, তাই তাপগতীয় প্রক্রিয়াটি হবে সমোষ্ণ প্রক্রিয়া।

প্রক্রিয়া	dQ	dU	dW
রুদ্ধতাপীয়	O	+, –	–, +
সমোষ্ণ	+	O	+
সমআয়তনিক	+	–	O
সমচাপীয়	+	+	+

03. 0.20 কেজি রান্নার তেলের তাপমাত্রা 50°C বাড়াতে কত শক্তি প্রয়োজন, এই তেলের আপেক্ষিক তাপ 1800J/(kg°C)? [JU-A, Set-G: 2022-

A. $0.2 \times 50 \times 1800$ B. $\frac{0.2}{50 \times 1800}$

C. $\frac{1800}{0.2 \times 50}$ D. $\frac{1800}{0.2 \times 50}$

S A Why $Q = mS\Delta\theta = 0.20 \times 1800 \times 50$

$= \frac{20}{100} \times 1800 \times 50 = 1000 \times 18 = 18000$J

m = 0.20 kg
$\Delta\theta = 50°C = 50K$
S = 1800 J/(kg.°C
Q = ?

04. ঠান্ডা শীতের দিনে কেউ দরজা খুললে ঘর ঠান্ডা হয়ে যায়। কিভাবে এ তা স্থানান্তর ঘটে? [JU-A, Set-H: 2022

A. ভেতর থেকে উষ্ণ বাতাস বাইরে স্থানান্তরিত হয়

B. বাইরে থেকে উষ্ণ বাতাস ভেতরে স্থানান্তরিত হয়

C. ভেতর থেকে ঠান্ডা বাতাস বাইরে স্থানান্তরিত হয়

D. কোনটিই নয়

S A Why তাপ সর্বদা উচ্চ তাপমাত্রার অঞ্চল হতে নিম্ন তাপমাত্রার অ স্থানান্তরিত হয়।

05. সাইকেলের টায়ার হঠাৎ ফেটে গেলে টায়ারের ভিতরের বাতাস প্রসারিত এই প্রক্রিয়া- [JU-A, Set-H: 2022

A. আইসোথার্মাল B. এডভায়োটিক C. আইসোবারিক D. আইসোকো

S B Why • চলন্ত টায়ার → সম আয়তন (Isochoric)

• হঠাৎ টায়ার ফেটে যাওয়া → রুদ্ধতাপীয় (Adiabetic)

06. একটি কক্ষের তাপমাত্রা 30°C, ফারেনহাইট স্কেলে এর মান কত? [JU-A, Set-N: 202

A. 86°F B. 80°F C. 73°F D. 68°F

S A Why সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের মধ্যে সম্পর্ক: $\frac{C}{5} = \frac{F-}{}$

$\Rightarrow F - 32 = \frac{9C}{5}$

$\Rightarrow F = \frac{9C}{5} + 32 = \frac{9 \times 30}{5} + 32 = 54 + 32 = 86°F$

7. তাপ প্রয়োগে তরল প্রসারিত এবং হালকা হয়ে উপরে উঠে যায়। কিন্তু উপরের শীতল ও ঘন উপাদানটি নীচে ডুবে যায়। এটি কি হিসাবে পরিচিত? [JU-A, Set-N: 2022-23]

A. পরিচলন B. পরিবহন C. বিকরণ D. কোনটিই নয়

SAWhy **পরিচলন:** যে পদ্ধতিতে তাপ কোনো পদার্থের অণুগুলোর চলাচলের দ্বারা উষ্ণতর অংশ থেকে শীতলতর অংশে সঞ্চালিত হয়, তাকে পরিচলন বলে।

- **পরিবহন:** যে পদ্ধতিতে পদার্থের অণুগুলো তাদের নিজস্ব স্থান পরিবর্তন না করে শুধু স্পন্দনের মাধ্যমে এক অণু তার পার্শ্ববর্তী অণুকে তাপ প্রদান করে পদার্থের উষ্ণতর অংশ থেকে শীতলতর অংশে তাপ সঞ্চালিত করে সেই পদ্ধতিকে পরিবহন বলে।
- **বিকিরণ:** যে পদ্ধতিতে তাপ জড় মাধ্যমের সাহায্য ছাড়াই তাড়িতচৌম্বক তরঙ্গের আকারে উষ্ণ বস্তু থেকে শীতল বস্তুতে সঞ্চালিত হয়, তাকে বিকিরণ বলে।

8. পানি এবং বালির মধ্যে কোনটি সূর্যের আলোতে গরম হতে এবং রাতে ঠান্ডা হতে বেশি সময় নেয় এবং কেন? [JU-A, Set-R: 2022-23]

A. পানি, পানির তুলনায় বালির আপেক্ষিক তাপ কম
B. বালি, পানির তুলনায় বালির আপেক্ষিক তাপ কম
C. পানি, পানির তুলনায় বালির আপেক্ষিক তাপ বেশি
D. কোনটিই সঠিক নয়

SAWhy বালির আপেক্ষিক তাপ হচ্ছে 830 $Jkg^{-1}K^{-1}$ এবং পানির আপেক্ষিক তাপ হচ্ছে 4200$Jkg^{-1}K^{-1}$

∴ পানির তুলনায় বালির আপেক্ষিক তাপ কম হওয়ায় পানি দিনে সূর্যের আলোতে গরম হতে এবং রাতে ঠান্ডা হতে বেশি সময় নেয়।

9. একটি কাস্ট আয়রন ফ্রাইং প্যানে ডিম রান্না করেছেন এবং আপনি লক্ষ্য করেছেন যে হাতলটি বরং উষ্ণ হয়ে উঠেছে। এই উদাহরণে প্যানের মধ্যে কি ধরনের তাপ স্থানান্তর প্রদর্শিত হয়? [JU-A, Set-R: 2022-23]

A. বিকিরণ B. সঞ্চালন C. পরিচলন D. সংক্রমণ

SBWhy তাপ সঞ্চালন হলো তাপের স্থান পরিবর্তন, যা সর্বদা উচ্চ তাপমাত্রা বিশিষ্ট স্থান থেকে নিম্ন তাপমাত্রা বিশিষ্ট স্থানে প্রবাহিত হয়।
তাপ তিনটি পদ্ধতিতে এক স্থান হতে অন্য স্থানে সঞ্চালিত হয়ে থাকে:–

- পরিবহন
- পরিচালন
- বিকিরণ

∴ ফ্রাইং প্যান হতে হাতলটিতে তাপ সঞ্চালন হচ্ছে পরিবহন।

10. ঢাকনাযুক্ত পাত্রে খাবার রান্না করা হলে কিছুক্ষণ পর বাষ্প ঢাকনাকে বাইরের দিকে ঠেলে দেয়। বাষ্পকে থার্মোডাইনামিক সিস্টেম হিসাবে বিবেচনা করা হলে, রান্নার প্রক্রিয়ায় নিচের কোনটি সঠিক (Q তাপ শক্তি ও W কাজ)? [JU-A, Set-S: 2022-23]

A. $Q > 0, W > 0$ B. $Q < 0, W > 0$
C. $Q > 0, W < 0$ D. $Q < 0, W < 0$

SAWhy পানি ফুটানো হলো সমোষ্ণ প্রক্রিয়া (Isothermal Process)।

- অনবরত একই তাপমাত্রায় পানি ফুটাতে থাকলে বাষ্পচাপে ঢাকনা পড়ে যায়।
- খোলা পাত্রে রান্না করা হলো সমচাপীয় প্রক্রিয়া (Isobaric Process)।
- প্রেশার কুকারে রান্না করা হলো সমআয়তনিক প্রক্রিয়া (Isochoric Process)।

প্রক্রিয়ার নাম	Q	U	W
সমোষ্ণ	+	0	+
সমআয়তনিক	+	+	0
সমচাপীয়	+	+	+
রুদ্ধতাপীয়	0	+	−

11. এক কাপ গরম চায়ে, কাপটি অন্তরক হিসাবে কাজ করে। চিনি নাড়তে একটি ধাতব চামচ ব্যবহার করলে, চামচটা কি হিসাবে কাজ করবে? [JU-A, Set-S: 2022-23]

A. পরিবাহী B. অপরিবাহী
C. কুপরিবাহী D. অন্তরক

SAWhy ধাতব পদার্থ সবসময় বিদ্যুৎ ও তাপ পরিবাহী পদার্থ দ্বারা গঠিত হয়। তাই ধাতব চামচটি পরিবাহী হবে।

12. অক্সিজেনের ত্রৈধবিন্দু 54.3584 K অর্থ– [JU.A. Set-Q. 2021-22]

A. অক্সিজেন তরলে পরিণত হবে B. অক্সিজেন 3-ডাইমেনশনে পাওয়া যাবে
C. এটি তাপমাত্রার পরম স্কেল D. কোনটিই নয়

SBWhy **ত্রৈধবিন্দু:** নির্দিষ্ট চাপে যে তাপমাত্রায় কোনো পদার্থ কঠিন, তরল ও বায়বীয় রূপে সাম্যাবস্থায় থাকে, তাকে ঐ পদার্থের ত্রৈধবিন্দু বলে।

- অক্সিজেনের: 54.3584 K
- পানি: 273.16 K বা, 0°C বা 459.4°F
- পারদ: 234.3156 K

13. পানির ত্রৈধবিন্দুর উপর ভিত্তি করে স্টিম বিন্দুর তাপমাত্রা কত? [JU.A. Set-M. 2021-22]

A. 373 K B. 373.15 K
C. 273.15 K D. 273 K

SBWhy পানির ত্রৈধবিন্দুর উপর ভিত্তি করে বরফ বিন্দু 273.15 K এবং স্টিম বিন্দু 373.15 K।

14. রুদ্ধতাপ পরিবর্তনে আয়তন ও তাপমাত্রার মধ্যে কোন সম্পর্কটি সবচাইতে বেশী সঠিক? [JU.A. Set-F. 2021-22]

A. $PV = RT$ B. $PV^{\gamma} =$ ধ্রুবক
C. $TV^{\gamma-1} =$ ধ্রুবক D. সবকয়টি

SCWhy রুদ্ধতাপীয় পরিবর্তনে আয়তন ও তাপমাত্রার মধ্য সম্পর্ক: $TV^{\gamma-1} = K =$ ধ্রুবক

15. কোন পদার্থের m মোলের তাপমাত্রা T কেলভিন বৃদ্ধি করলে যদি Q তাপশক্তির প্রয়োজন হয় তাহলে ঐ পদার্থের মোলার আপেক্ষিক তাপ C হবে- [JU.A. Set-O. 2021-22]

A. $\frac{mT}{Q}$ B. $\frac{Q}{mT}$ C. $\frac{mQ}{T}$ D. mQT

SBWhy মোলার আপেক্ষিক তাপ, $C = \frac{\Delta Q}{m\Delta T}$

16. 10°C তাপমাত্রার 5kg ঠান্ডা পানিকে 32°C তাপমাত্রায় উন্নীত করলে এন্ট্রপির পরিবর্তন কেমন হবে? [JU.A. Set-M. 2021-22]

A. ধনাত্মক B. ঋণাত্মক
C. সমান থাকবে D. প্রদত্ত তথ্যে উত্তর সম্ভব নয়

SAWhy $ds = \frac{dQ}{dT} = ms \ln\frac{T_2}{T_1} = 5 \times 4200 \times \ln\frac{305}{283} = +2327.63\ JK^{-1}$

এনট্রপি বিশৃঙ্খলার পরিমাপ। তাপমাত্রা বাড়লে অনুসমূহের ছোটাছুটি বাড়বে, ফলে এনট্রপি বাড়বে। সুতরাং, এনট্রপির পরিবর্তন ধনাত্মক।

17. একটি কার্নোর ইঞ্জিন 600K তাপমাত্রার তাপ উৎস থেকে 1200J তাপ গ্রহণ করে এবং তাপ গ্রাহক 300J তাপ বর্জন করে। তাপ গ্রাহকের সঠিক তাপমাত্রা কত? [JU.A. Set-O. 2021-22]

A. 150K B. 300K
C. 600K D. 2400K

SAWhy $\frac{T_1}{T_2} = \frac{Q_1}{Q_2}$

$\Rightarrow T_2 = \frac{T_1 \times Q_2}{Q_1} = \frac{600 \times 300}{1200} = 150K$

18. একটি মটর টিউবের অভ্যন্তরে বায়ুর আয়তন 200L, তাপমাত্রা 27°C ও চাপ 2atm (বায়ুমন্ডলীয় চাপ)। টিউবটি হঠাৎ ফেটে গেলে এর চূড়ান্ত তাপমাত্রা কোন সমীকরণ ব্যবহার করে পাওয়া যায়? [JU.A. Set-Q. 2021-22]

A. $TP^{\frac{1-\gamma}{\gamma}} =$ ধ্রুবক B. $PV^{\gamma} =$ ধ্রুবক
C. উভয়ই D. কোনটিই নয়

SAWhy টিউবটি হঠাৎ ফেটে যাওয়ায় রুদ্ধতাপীয় প্রক্রিয়া। এক্ষেত্রে–

- চাপ-আয়তন সম্পর্ক: $PV^{\gamma} =$ ধ্রুবক
- তাপমাত্রা-আয়তন সম্পর্ক: $TV^{\gamma-1} =$ ধ্রুবক
- তাপমাত্রা-চাপ সম্পর্ক: $TP^{\frac{1-\gamma}{\gamma}} =$ ধ্রুবক

19. একটি রেফ্রিজারেটরের কর্মসম্পাদন সহগ 2.5। এটি শীতল তাপাধার হতে প্রতি চক্রে 300 J তাপ গ্রহণ করে। রেফ্রিজারেটর চালানোর জন্য প্রতি চক্রে বাইরে থেকে কী পরিমাণ কাজ সম্পাদন করতে হবে? [JU.A. Set-F. 2021-22]

A. 120 J B. 240 J
C. $\frac{2.5}{300}$ J D. কোনোটিই নয়

S A Why রেফ্রিজারেটর কর্মসম্পাদন সহগ,

$K = \frac{Q_1}{Q_2 - Q_1} = \frac{Q_1}{W}$ [Q_1 = অপসারিত তাপ = গৃহীত তাপ, Q_2 = বর্জিত তাপ]

$\Rightarrow 2.5 = \frac{300}{W} \quad \Rightarrow W = \frac{300}{2.5}\text{ J} = 120\text{ J}$

20. একটি বিপরীতমুখী কার্নো উৎসের তাপমাত্রা 200 K। উৎস থেকে 2520 J তাপ গ্রহণ করে 3780 J তাপ ছেড়ে দেয়। গ্রাহকের তাপমাত্রা কত হতে পারে? [JU.A. Set-I. 2021-22]

A. 133.33 K B. 300 K
C. 0.0075 K D. 1 K

S B Why $\frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$

$\Rightarrow T_2 = \frac{Q_2}{Q_1} \times T_1 = \frac{3780}{2520} \times 200 = 300\text{ K}$

21. 0°C ও 100°C তাপমাত্রায় একটি রোধ থার্মোমিটারের রোধ যথাক্রমে 11 Ω ও 16 Ω। থার্মোমিটারটি একটি চুলায় তরলের স্ফুটনাঙ্কে রাখলে রোধ পাওয়া যায় 36 Ω। তরলের স্ফুটনাঙ্ক নির্ণয় কর। [JU-H, Set-A. 20-21]

A. 20°C B. 500°C
C. 250°C D. 10°C

S B Why $\theta = \frac{R_0 - R_0}{R_{100} - R_0} \times 100 = \frac{36-11}{16-11} \times 100 = 500°C$

22. তাপ গতিবিদ্যার দ্বিতীয় সূত্রের গাণিতিক রূপ হলো– [JU-A, Set-G. 20-21,19-20]

A. $dQ = \frac{ds}{T}$ B. $dS = \frac{dQ}{T}$
C. $dS = \frac{T}{dQ}$ D. কোনোটিই নয়

S B Why তাপ গতিবিদ্যার দ্বিতীয় সূত্রঃ $dS = \frac{dQ}{T} = \frac{ml_f}{T} = \frac{ml_v}{T}$

23. 27° C এবং 230° C তাপমাত্রাদ্বয়ের মধ্যে কার্যরত একটি কার্নো ইঞ্জিনের কর্মদক্ষতা হবে– [JU-A, Set-B. 20-21]

A. 20% B. 40%
C. 60% D. কোনোটিই নয়

S B Why $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{300}{503}\right) \times 100\% = 40.35\% \approx 40\%$

24. একটি কার্নো ইঞ্জিন বাষ্পবিন্দু ও বরফ বিন্দুদ্বয়ের মধ্যে কার্যরত হলে এটির দক্ষতা কত? [JU-A, Set-E. 20-21]

A. 26.81% B. 30.81%
C. 36.81% D. কোনটিই নয়

S A Why $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{273}{373}\right) \times 100\% = 26.81\%$

Aspect Special: $\frac{T_2}{T_1} < 1$ হবে সবসময়। ফলে, $T_1 > T_2$ হবে।

25. 100°C তাপমাত্রার 4 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করলে এন্ট্রপির পরিবর্তন কত হবে? [JU-A, Set-C. 20-21. রা. বো. ২০২১]

A. $2.42\times10^4\text{JK}^{-1}$ B. $3.42\text{X}10^4\text{ JK}^{-1}$
C. $4.42\text{x}10^4\text{JK}^{-1}$ D.কোনটিই নয়

S A Why $\Delta S = \frac{ml_v}{T} = \frac{4 \times 2.26 \times 10^6}{373} = 2.42 \times 10^4\text{JK}^{-1}$

26. একটি কার্নোচক্রে মোট এন্ট্রপির পরিবর্তন- [JU-A, Set-D]

A. TV^γ B. $\frac{T_1 - T_2}{T_1}$
C. $\left(1 - \frac{Q_1}{Q_2}\right) \times 100\%$ D. কোনটিই নয়

S D Why কার্নো চক্রে এন্ট্রপির পরিবর্তন শূন্য।

27. যদি কোন তাপ ইঞ্জিন থেকে তাপ বর্জিত না হয়, তবে ইঞ্জিনের ক্ষমতা কত? [JU-A, Set-A]

A. 0% B. 1%
C. 30% D. 100%

S D Why ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\%$

$T_2 = 0 \ \therefore \eta = 100\%$

28. দুটি বস্তুর ঘর্ষণের ফলে তাপ উৎপন্ন হয়, এটি একটি- [JU:

A. প্রত্যাবর্তী প্রক্রিয়া B. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া
C. রুদ্ধ তাপীয়প্রক্রিয়া D. সমোষ্ণপ্রক্রিয়া

29. উষ্ণতামিতিক ধর্ম সম্পন্ন বস্তুর উদাহরন- [JU:

A. কৈশিক নলে রক্ষিত পারদ
B. প্লাটিনাম তার
C. তাপযুগলের পরিবাহী তার
D. সকলেই

30. একটি জলন্ত চুলার পাশে দাঁড়ালে গরম অনুভূত হওয়ার কারণ? [JU:

A. পরিবহন B. পরিচালন
C. বিকিরণ D. সকলেই

31. একটি কার্নো ইঞ্জিনের জন্য যদি তাপ উৎসের তাপমাত্রা অপরিবর্তিত রে গ্রাহকের তাপমাত্রা ধীরে ধীরে কমানো হল তাহলে ইঞ্জিনের কর্মদক্ষত ভাবে পরিবর্তিত হবে? [JU.

A. বৃদ্ধি পায় B. অপরিবর্তিত থাকে
C. কমতে থাকবে D. বলা সম্ভব নয়

S A Why $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\%$

T_2 এর মান কমানো হলে, দক্ষতা $\frac{T_2}{T_1}$ বৃদ্ধি পেতে থাকে।

32. 100W ক্ষমতা ও 60% দক্ষতা বিশিষ্ট একটি মোটরের প্রতি সম্পাদিত কাজ নির্ণয় কর। [JU.

A. 70 J B. 60 J
C. 80 J D. 40 J

33. 4200 m উঁচু একটি জলপ্রপাতের তলদেশ ও শীর্ষদেশের মধ্যে ত ব্যবধান কত হবে যদি পতনশীল পানির সমস্ত শক্তিই তাপমাত্রা বৃদ্ধি হয়। [JU.

A. 20°C B. 9.8°C
C. 15.6°C D. কোনটিই নয়

S B Why স্থিতি শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হলে, $mgh = ms\Delta\theta$

$\therefore \Delta\theta = \frac{gh}{s} = \frac{9.8 \times 4200}{4200} = 9.8\text{K} = 9.8°\text{C}$

34. 33% কর্মদক্ষতা সম্পন্ন একটি তাপ ইঞ্জিন 9.0×10^4J তাপশক্তি সরব হলো। ইঞ্জিনটি কতটুকু তাপশক্তিকে কাজে রূপান্তরিত করতে পারবে? [JU

A. 3000J B. 8400J
C. 30000J D. 10000J

S C Why $\eta = \frac{\text{out put}}{\text{in put}} \times 100\%$

বা, $33\% = \frac{\text{output}}{9 \times 10^4} \times 100\%$

বা, output = 29700 ≅ 30000J

একটি ইঞ্জিন তাপ উৎস হতে 3000 J তাপ গ্রহণ করে। ইঞ্জিনটির দক্ষতা 40% হলে,ইঞ্জিনটি হতে কি পরিমাণ তাপ নির্গত হবে? [JU. 2014-15]

A. 1200 J B. 3000 J
C. 1800 J D. 1400 J

SCWhy ইঞ্জিনটির দক্ষতা, $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$

$\Rightarrow Q_2 = (1 - \eta) \times Q_1 = (1 - 0.4) \times 3000 = 1800J$

বরফ গলনের সুপ্ত তাপ হলো- [JU. 2014-15]

A. $180\times10^3 J\,kg^{-1}$ B. $336\times10^3 J\,kg^{-1}$
C. $310\times10^3 J\,kg^{-1}$ D. $370\times10^3 J\,kg^{-1}$

SBWhy গলন সুপ্ততাপ, $L_f = 3.36 \times 10^5\ Jkg^{-1} = 336 \times 10^3 Jkg^{-1}$

স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু বায়ুকে সমোষ্ণ প্রক্রিয়ায় দ্বিগুন আয়তনে প্রসারিত করা হলে, চূড়ান্ত চাপ- [JU. 2013-14]

A. $500\times10^5 Nm^{-2}$ B. $505\times10^2 Nm^{-2}$
C. $505\times10^3 Nm^{-2}$ D. $502\times10^4 Nm^{-2}$

SBWhy $P_2 = \frac{P_1}{2} \Rightarrow P_2 = \frac{1.01325 \times 10^5}{2} = 505 \times 10^2\ Nm^{-2}$

তাপমাত্রায় স্কেলের সম্পর্কটি হলো– [JU. 2013-14]

A. $\frac{C}{5} = \frac{F}{9} = \frac{K}{5}$ B. $\frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273}{5}$

C. $\frac{C}{9} = \frac{F-32}{9} = \frac{273-K}{5}$ D. $\frac{C}{5} = \frac{F}{32} = \frac{R}{9}$ **Ans B**

100 মিটার উঁচু একটি জলপ্রপাত হতে পানি নিচে পতিত হয়। উপরের ও নিচের পানির তাপমাত্রার পার্থক্য হবে- [JU. 2012-13]

A. 0.822°C B. 0.234°C
C. 1.220°C D. 0.880°C

SBWhy স্থিতি শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হলে,

$\Delta\theta = \frac{h}{428.6} = \frac{100}{428.6} = 0.234K = 0.234°C$

একটি কার্নোটি ইঞ্জিন 800K ও 400K তাপমাত্রায় যে দক্ষতার কাজ করে, ঠিক সম দক্ষতায় কাজ করে T ও 900K তাপ মাত্রায়। তাপমাত্রা T এর মান কত? [JU. 2011-12, JnU: 10-11]

A. 900K B. 450
C. 1800K D. 500K

SCWhy T = প্রাথমিক তাপমাত্রাদ্বয়ের অনুপাত × দ্বিতীয় ক্ষেত্রের তাপমাত্রা

$\Rightarrow T = \frac{800}{400} \times 900 = 1800K$

27°C তাপমাত্রায় কোন নির্দিষ্ট পরিমাণ গ্যাস হঠাৎ প্রসারিত হয়ে দ্বিগুণ আয়তন লাভ করে। চূড়ান্ত তাপমাত্রা কত? ($\gamma = 1.4$) [JU. 11-12, 09-10; KU: 06-07; RU: 06-07]

A. 45.65°C B. – 45.65°C
C. – 35.05°C D. –15.65°C

SBWhy $T_1V_1^{\gamma-1} = T_2V_2^{\gamma-1}$

$\therefore$ চূড়ান্ত তাপমাত্রা, $T_2 = \left(\frac{V_1}{V_2}\right)^{\gamma-1} \times T_1$

$= (0.5)^{0.4} \times 300 = 227.357K = -45.65°C$

একটি রোধ থার্মোমিটারের রোধ 0°C তাপমাত্রায় 8Ω এবং 100°C তাপমাত্রায় 20Ω। থার্মোমিটারটিকে একটি চুল্লীতে স্থাপন করলে রোধ 32Ω হয়। চুল্লীর তাপমাত্রা কত ? [JU. 2011-12, RU. 18-19]

A. 300°C B. 100°C
C. 200°C D. 400°C

SCWhy $\frac{C}{100} = \frac{R_0 - R_0}{R_{100} - R_0} = \frac{32-8}{20-8}$

$\therefore$ থার্মোমিটারে তাপমাত্রা সেন্ট্রিগ্রেড স্কেলে, C = 200°C

43. একটি তাপ ইঞ্জিন স্টীম বিন্দু ও 27^0 C তাপমাত্রার মধ্যে কার্যরত। ইঞ্জিনের দক্ষতা কত? [JU. 2010-11]

A. 29.5% B. 21.75%
C. 15.25% D. 19.57%

SDWhy $\eta = \left(\frac{T_1 - T_2}{T_1}\right) \times 100\% = \left(\frac{100-27}{373}\right) \times 100$

$= \frac{73}{373} \times 100\% = 19.57\%$

44. আদর্শ তাপমাত্রা ও চাপে কিছু পরিমাণ শুষ্ক বাতাসকে রুদ্ধতাপ প্রক্রিয়াতে উহার আদি আয়তনের এক পঞ্চমাংশে সংকুচিত করা হলো। তাপমাত্রা বৃদ্ধি নির্ণয় কর। ($\gamma = 1.4$) [JU. 2009-10]

A. 246.69°C B. 446.69°C
C. 146.89°C D. 246.89°C

SAWhy $T_1V_1^{\gamma-1} = T_2V_2^{\gamma-1}$

$\therefore$ চূড়ান্ত তাপমাত্রা, $T_2 = \left(\frac{V_1}{V_2}\right)^{1.41-1} \times T_1 = (5)^{0.4} \times 273 = 519.69K$

$\therefore$ তাপমাত্রা বৃদ্ধি, $\Delta T = T_2 - T_1 = 519.69 - 273 = 246.69K = 246.69°C$

45. এক পারমাণবিক আদর্শ গ্যাসের ক্ষেত্রে C_P = ? [JU: 2009-10]

A. $2.8 Jmol^{-1}k^{-1}$ B. $20.8 Jmol^{-1}k^{-1}$
C. $12.5 Jmol^{-1}k^{-1}$ D. $8315 Jmol^{-1}k^{-1}$

SBWhy $C_P = \frac{5R}{2} = \frac{5}{2} \times 8.314 = 20.8$

46. একটি কার্নো ইঞ্জিন 227^0C তাপমাত্রায় তাপ গ্রহণ করে এবং 77^0C তাপমাত্রায় তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা হলো- [JU. 2005-06, JUST: 2015-16]

A. 70% B. 35%
C. 30% D. 66%

SCWhy $\eta = \frac{T_1 - T_2}{T_1} = \frac{227-77}{500} = 0.3 = 30\%$

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. তাপ পরিবহন প্রক্রিয়ায় যেখানে কণার প্রকৃত স্থানান্তরের সাথে তাপ স্থানান্তরিত হয়, তা কী নামে পরিচিত?
Ⓐ সঞ্চালন Ⓑ পরিচলন
Ⓒ বিকিরণ Ⓓ প্রতিফলন

02. কোন তাপমাত্রায় সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে একই পাঠ দেয়?
Ⓐ –40°C Ⓑ –30°F
Ⓒ 40°C Ⓓ 40°F

03. $\gamma = \frac{5}{3}$ এর জন্য কোনটি সঠিক?
Ⓐ $C_p = \frac{5}{3}R$ Ⓑ $C_V = \frac{5}{3}R$
Ⓒ $C_V = \frac{3}{2}R$ Ⓓ $C_V = 2R$

04. এনট্রপি কমে এরকম উদাহরণ কোনটি?
Ⓐ কাঠ পুড়ালে
Ⓑ বরফকে পানিতে পরিণত করলে
Ⓒ রেফ্রিজারেটরের ভিতরের বাতাসে
Ⓓ পানিতে লবণ গুলালে

05. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় এনট্রপির পরিবর্তন কোনটি?
Ⓐ বৃদ্ধি পায় Ⓑ হ্রাস পায়
Ⓒ শুন্য Ⓓ দ্বিগুণ হয়

06. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার সাধারণ বায়ু চাপে গলিত বরফে 4°C এবং শুষ্ক বাষ্পে 98°C পাঠ দেয়। থার্মোমিটারটি 51°C পাঠ দিলে প্রকৃত পাঠ কত?
Ⓐ 51°C Ⓑ 50°C
Ⓒ 52°C Ⓓ 49°C

07. কোন্ তাপমাত্রায় ফারেনহাইটের মান সেলসিয়াসের মানের দ্বিগুণ?
Ⓐ –40°C Ⓑ 100°C
Ⓒ 160°C Ⓓ 320°C

08. কোনো বস্তুর তাপ ধারণ ক্ষমতা 150 J/°C হলে এর তাপমাত্রা 800°C হতে 200°C-এ নামিয়ে আনতে কি পরিমাণ তাপশক্তি বের করতে হবে?
Ⓐ 3000 J Ⓑ 90000J
Ⓒ 12000 J Ⓓ 15000 J

09. 1.01×10^5 N/m^2 স্থির চাপের কোন আদর্শ গ্যাসের আয়তন 0.04m^3 থেকে প্রসারিত হয়ে 0.05m^3 হলো। বহিঃস্থ কাজের পরিমাণ-
Ⓐ 1 J Ⓑ 30 J
Ⓒ 100 J Ⓓ 1000 J

10. কোন সিস্টেমের উপর বাহ্যিক বল দ্বারা 500 J কাজ সম্পাদন করায় সিস্টেম হতে 300 J তাপ শক্তি বেরিয়ে গেল। সিস্টেমের অন্তঃস্থ শক্তির পরিবর্তন কত?
Ⓐ – 800 J Ⓑ – 200 J
Ⓒ + 200 J Ⓓ + 800J

11. 0°C তাপমাত্রার 1kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে পরিণত করতে কত তাপের প্রয়োজন?
Ⓐ 33.6×10^4 J Ⓑ 9.17×10^6 J
Ⓒ 336 J Ⓓ কোনটিই নয়

12. 1kg পানির তাপমাত্রা 1K বৃদ্ধি করতে প্রয়োজনীয় তাপ-
Ⓐ 4.2J Ⓑ 4.5J
Ⓒ 3.36×10^5J Ⓓ 4200J

13. সূর্য প্রতি সেকেন্ডে কত শক্তি বিকিরণ করে?
Ⓐ 6×10^{26} J Ⓑ 8×10^{26} J
Ⓒ 3×10^{26} J Ⓓ 4×10^{26} J

14. 127°C এবং 27°C তাপমাত্রার মধ্যে কর্মরত একটি কার্নো ইঞ্জিনের কর্মদক্ষতা-
Ⓐ 15% Ⓑ 25%
Ⓒ 35% Ⓓ 50%

15. একটি তাপ ইঞ্জিনের কার্যকর বস্তু 400K তাপমাত্রার উৎস হতে 840J তাপ গ্রহণ করে শীতল আধারে 420J তাপ বর্জন করে। শীতল আধারের তাপমাত্রা-
Ⓐ 200 K Ⓑ 420 K
Ⓒ 300 K Ⓓ 100 K

16. একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা 60%। যদি তাপ উৎসের তাপমাত্রা 500K হয়, তবে তাপ গ্রাহকের তাপমাত্রা কত?
Ⓐ 833.33K Ⓑ 333.33K
Ⓒ 180K Ⓓ 200K

17. 35% কর্মদক্ষতাবিশিষ্ট একটি তাপীয় ইঞ্জিন প্রতি পূর্ণচক্র শেষে উৎস থেকে গৃহীত তাপের শতকরা কতভাগ বর্জন করে?
Ⓐ 35 Ⓑ 45
Ⓒ 50 Ⓓ 65

18. ইঞ্জিন A কাজ করছে 500K ও 450K তাপমাত্রায় এবং ইঞ্জিন B কাজ করছে 450K ও 400K তাপমাত্রায়। ইঞ্জিন B এর দক্ষতা ইঞ্জিন A থেকে কতটুকু বেশি?
Ⓐ 0% Ⓑ 1.0%
Ⓒ 1.5% Ⓓ 1.75%

19. একটি কার্নো ইঞ্জিন 500K তাপমাত্রার তাপ উৎস থেকে 300cal তাপ গ্রহণ করে এবং তাপ গ্রাহকে 225cal তাপ বর্জন করে। তাপ গ্রাহকের তাপমাত্রা কত?
Ⓐ 666.67K Ⓑ 135K
Ⓒ 300K Ⓓ 375K

20. একটি আদর্শ কার্নো ইঞ্জিনের কর্মদক্ষতা 40% এবং ইহা 500K তাপমাত্রায় তাপ গ্রহণ করে। যদি কর্মদক্ষতা 50% হয়, তাহলে একই বর্হিগামী তাপমাত্রার জন্য অন্তঃগামী তাপমাত্রা কত হবে।
Ⓐ 500 k Ⓑ 600 k
Ⓒ 700 k Ⓓ 167 K

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	B	**পরিচালন:** তাপ পরিবহন প্রক্রিয়ায় যেখানে কণার প্রকৃত স্থা তাপ স্থানান্তরিত হয়, তা পরিচালন নামে পরিচিত।
02	A	ফারেনহাইট ও কেলভিন স্কেলে একই পাঠ → 574.25°F Or 5 ◈ সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে একই পাঠ → –40°C or ◈ সেন্টিগ্রেড ও কেলভিন স্কেল → কখনই সমান হবে না।
03	C	$C_v=\frac{R}{\gamma-1}=\frac{R}{\left(\frac{5}{3}-1\right)}=\frac{3}{2}R$
04	C	কাঠ পুড়ালে → এনট্রপি বৃদ্ধি পায় বরফ পানিতে পরিণত হলে → এনট্রপি বৃদ্ধি পায়
05	C	রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় বস্তুর যে তাপীয় ধর্ম স্থির থাকে তাকে এ $ds=\frac{mL_f}{T}=\frac{mL_v}{T}$
06	B	$\frac{\text{পাঠ-নিম্ন স্থিরাংক}}{\text{ঊর্ধ্ব স্থিরাংক-নিম্নস্থিরাংক}}=\frac{C-0}{100-0}$ $\Rightarrow\frac{51-4}{98-4}=\frac{C}{100}$ $\Rightarrow\frac{47}{92}=\frac{C}{100}\ \therefore C=50$
07	D	Let, C = x $\therefore$ F = 2x; Now, $\frac{C}{5}=\frac{F-32}{9}$ $\Rightarrow\frac{x}{5}=\frac{2x-32}{9}$ $\therefore x=160^\circ C\ \ \therefore 2x=320^\circ C$
08	B	$Q=C\Delta\theta=150\times(800-200)=90000$ J
09	D	$W=P\Delta V=1\times10^5(0.05-0.04)=1\times10^5\times0.01=100$
10	C	dQ = – 300 J . dW = – 500 J dU = dQ – dW = + 200 J
11	A	মোট প্রয়োজনীয় তাপ, $Q=mL_f=1\times3.36\times10^5=33.6\times10^$
12	D	$H=ms\Delta\theta=1\times4200\times1=4200$ J
13	D	সূর্য প্রতি সেকেন্ডে 4×10^{26}J শক্তি বিকিরণ করে।
14	B	ইঞ্জিনের দক্ষতা, $\eta=\left(1-\frac{T_2}{T_1}\right)\times100\ \%=\left(1-\frac{27+273}{127+273}\right)\times100\ \%=$
15	A	$\frac{Q_1}{Q_2}=\frac{T_1}{T_2}$ বা, $\frac{840}{420}=\frac{400}{T_2}$ বা, $\frac{2}{1}=\frac{400}{T_2}$ বা, $T_2=200$k
16	D	গ্রাহকের তাপমাত্রা $T_2=(1-\eta).T_1$ বা, $T_2=(1-0.60)\times500=0.4\times500=200$ K
17	D	বর্জন করে = 100 – 35 = 65
18	B	$\frac{\eta_B}{\eta_A}=\frac{500}{450}=1.110=1\%$
19	D	$\frac{T_2}{T_1}=\frac{Q_2}{Q_1}$ বা, $T_2=\frac{Q_2.T_1}{Q_1}=\frac{225\times500}{300}=375$K
20	C	$\Delta T=\frac{\Delta\eta\times T}{(1-\eta_1)(1-\eta_2)}\Rightarrow\Delta T=\frac{0.1\times500}{0.6\times0.5}=166.66$

স্থির তড়িৎ

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	কুলম্বের সূত্র সংক্রান্ত	★★★
TOPIC-02	তড়িৎক্ষেত্রের প্রাবল্য সংক্রান্ত	★★
TOPIC-03	তড়িৎ বিভব নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-04	বল, প্রাবল্য এবং বিভবের সম্পর্ক সংক্রান্ত	★★★
TOPIC-05	চার্জের তলমাত্রিক ঘনত্ব ও কাজ নির্ণয় সংক্রান্ত	★★★
TOPIC-06	ধারক, ধারকত্ব ও সঞ্চিত শক্তি সংক্রান্ত	★★
TOPIC-07	তড়িৎ দ্বিমেরু সংক্রান্ত	★

সামান্যের সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

স্থির বা গতিশীল চার্জের প্রভাবকে তড়িৎ বলা হয়।

পরিবাহী: তামা, রুপা, সকল ধাতু, মানবদেহ, এসিড, মাটি, এসিড মিশ্রিত পানি, অম্ল, ক্ষার, পারদ ইত্যাদি।

অর্ধপরিবাহী: জার্মেনিয়াম, সিলিকন, কার্বন, ক্যাডমিয়াম সালফাইড, গ্যালিয়াম আর্সেনাইড ইত্যাদি।

অন্তরক: কাঁচ, প্লাস্টিক, সিরামিক, রেশম, রাবার, ইবোনাইট, অভ্র, পোর্সেলিন, মোম, গন্ধক, শুকনা কাঠ, পশম ইত্যাদি।

কুলম্বের সূত্র: "কোন একটি নির্দিষ্ট মাধ্যমে দুটি বিন্দু চার্জের মধ্যে ক্রিয়াশীল আকর্ষণ বা বিকর্ষণ বলের মান চার্জ দুটির গুণফলের সমানুপাতিক, চার্জ দুটির মধ্যবর্তী দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক এবং এ বল চার্জ দুটির সংযোজক রেখা বরাবর ক্রিয়া করে। এই সূত্রানুসারে, $F \propto \frac{q_1 q_2}{d^2}$

বিন্দুচার্জ: যে সকল তড়িতাহিত বস্তুর আকার তাদের অন্তবর্তী দূরত্বের তুলনায় নগন্য, তাদেরকে বিন্দুচার্জ বলে।

সমধর্মী আধান পরস্পরকে বিকর্ষণ করে এবং বিপরীত ধর্মী আধান পরস্পরকে আকর্ষণ করে।

দুটি চার্জের মধ্যকার আকর্ষণ ও বিকর্ষণ বলের মান ৩টি শর্তের উপর নির্ভর করে।

• চার্জদুটির পরিমাণ • চার্জদুটির মধ্যবর্তী দূরত্ব • চার্জদুটির মধ্যবর্তী মাধ্যম

চার্জের অবস্থান সর্বদাই বস্তুর বাইরের পৃষ্ঠে।

চার্জের একক: S.I. পদ্ধতিতে → কুলম্ব। $1\ C = 1\ A \times 1\ S$

দুটি সমমানের চার্জ শূন্য মাধ্যমে 1 m দূরে অবস্থান করে পরস্পরের উপর 9×10^9N বল প্রয়োগ করলে, ঐ চার্জ দুটির প্রত্যেককে এক কুলম্ব বলে।

কুলম্বের সূত্র কেবলমাত্র বিন্দু চার্জের জন্য প্রযোজ্য।

F এর মান ধনাত্মক রাশি হলে → বল বিকর্ষণ মূলক।

$$F_0 = F = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q_1 q_2}{r^2}$$

- $\epsilon_0 = 8.854\times10^{-12}$ কুলম্ব^2/নিউটন-মিটার^2 $\left(\frac{C^2}{N.m^2}\right)$ এবং $\frac{1}{4\pi\epsilon_0} = 9\times10^9$ নিউটন-মিটার^2/কুলম্ব^2 $[8.9874 \times 10^9 Nm^2C^{-2}]$
- যে তলের উপর প্রত্যেকটি বিন্দুর তড়িৎ বিভব সমান, তাকে সমবিভব তল বলে।
- সমবিভব তলের পৃষ্ঠে অবস্থিত এক বিন্দু থেকে অপর কোন বিন্দুতে একটি চার্জ সরিয়ে নিতে কোন কাজের প্রয়োজন হয় না।
- তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য সমবিভব তলের ক্ষেত্র ভেক্টরের সাথে 90° বা $\frac{\pi}{2}$ কোণে অবস্থান করে।

◈ **তড়িৎ ক্ষেত্র:** কোন একটি চার্জিত বস্তুর চারদিকে যে অঞ্চলব্যাপী তার প্রভাব বিস্তার করে, তাকে ঐ চার্জিত বস্তুর তড়িৎ ক্ষেত্র বলে।

- **একক:** নিউটন/কুলম্ব (NC^{-1}) অথবা ভোল্ট/মিটার (Vm^{-1})
- তড়িৎ ক্ষেত্র একটি ভেক্টর রাশি।

◈ **তড়িৎ ফ্লাক্স:**

- তল/পৃষ্ঠের মধ্য দিয়ে যতগুলো তড়িৎ বলরেখা অতিক্রম করে, তাই তড়িৎ ফ্লাক্স।
- **প্রকাশ:** $\varphi_E = \vec{E}.\vec{A} = EA\cos\theta$ [E = তড়িৎ প্রাবল্য, A = ক্ষেত্রফল]
- তড়িৎ ক্ষেত্র ও তলের অভিলম্ব সমান্তরালে → তড়িৎ ফ্লাক্স সর্বাধিক।
- তড়িৎ ক্ষেত্র ও তলের অভিলম্ব সমকোণে → তড়িৎ ফ্লাক্স শূন্য।
- **তড়িৎ প্রাবল্য:** তড়িৎ ক্ষেত্রের কোন বিন্দুতে একক ধনাত্মক স্থাপন করলে এটি যে বল অনুভব করে তাকে ঐ ক্ষেত্রের ঐ বিন্দুতে প্রাবল্য বলে।
- একক: Vm^{-1} অথবা NC^{-1}, $E = -\frac{dV}{dr}$
- প্রাবল্য $5.57\times10^{-11}NC^{-1}$ হলে, একটি ইলেকট্রন তার ওজনের সমান বল অনুভব করে।

◈ **তড়িৎ বিভব:**

- অসীম থেকে একটি ধনাত্মক আধানকে তড়িৎ ক্ষেত্রে আনতে যে কাজ করতে হয়।
- প্রকাশ: $V = \frac{W}{Q} = \frac{\text{কাজ}}{\text{চার্জ}}$। এটি স্কেলার রাশি।
- একক: ভোল্ট বা জুল/কুলম্ব।

◈ **সমবিভব তল:** যে তলের সকল বিন্দুতে বিভবের মান সমান, সেটাই সমবিভব তল।

◈ **তড়িৎ ধারকত্ব:** কোন পরিবাহীর তড়িৎ বিভব এক-একক বৃদ্ধি করতে এর মধ্যে যে পরিমাণ চার্জ প্রদান করতে হয়, তাকে ঐ পরিবাহীর ধারকত্ব বলে।

◈ **সমীকরণ:** $C=Q/V$; একক ধারকত্বের একক ফ্যারাড।

◈ **গোলকীয় পরিবাহীর ধারকত্ব:** $C = 4\pi\epsilon_0 Kr$ বা, $C = 4\pi\epsilon r$

◈ **সমান্তরাল পাত ধারকের ধারকত্ব:** $C = \frac{\epsilon_0 A}{d} \Rightarrow C = \frac{K\epsilon_0 A}{d}$

◈ **পরাবৈদ্যুতিক ধ্রুবক বা তড়িৎ মাধ্যমাংক বা আপেক্ষিক ভেদ্যতা:**

$$K \text{ বা } E_r = \frac{\epsilon}{\epsilon_0} = \frac{F_0}{F_r} = \frac{C}{C_0}$$

◈ **ডাই ইলেকট্রিক পদার্থ:** ইবোনাইট, অ্যাম্বার, রাবার, তৈল, মোম।

◈ **তড়িৎ দ্বিমেরুর ক্ষেত্রে প্রাবল্য ও বিভবের সমীকরণ:**

$$E = \frac{1}{4\pi\epsilon_0}\times\frac{P\sqrt{1+3\cos^2\theta}}{r^3};\quad V_p = \frac{1}{4\pi\epsilon_0}\cdot\frac{P\cos\theta}{r^2}$$

◈ **গাউসের সূত্র:**

- **সূত্র:** "একটি স্থির তড়িৎ ক্ষেত্রের কোন বদ্ধ তলের উপর, মোট অভিলম্ব আবেশ বা ফ্লাক্স, ঐ তল দ্বারা বেষ্টিত মোট চার্জের $\frac{1}{\epsilon_0}$ গুণ।
- **গাণিতিক প্রকাশ:** $\epsilon_0\oint\vec{E}.d\vec{S} = q$

যদি, $q = 0$ হয় তবে তড়িৎ ফ্লাক্স $\phi = \oint\vec{E}d.\vec{S} = 0$

◈ কোন পরিবাহীর দৈর্ঘ্য ও প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল একই থাকলে তাপমাত্রা বৃদ্ধির ফলে এর রোধ বৃদ্ধি পাবে।

◈ বৈদ্যুতিক হিটারে যে ধাতব তারের কুন্ডলী ব্যবহৃত হয় তার নাম কি? → নাইক্রোম।

◈ একটি পরিবাহীর ব্যাসার্ধ ২ গুন করা হলে তার আপেক্ষিক রোধ হবে → 4 গুন।

◈ পরিবাহীর চার্জ স্থির রেখে পাতের ক্ষেত্রফল বাড়লে ধারকত্ব বাড়বে।

◈ বৈদ্যুতিক বর্তনীতে স্পার্কিং করা হয়।


◈ স্থির বিদ্যুৎযন্ত্রে 'সঞ্চায়ক' হিসেবে ব্যবহার হয়।

◈ তড়িৎ ক্ষেত্রে যেখানে বলরেখার ঘনত্ব বেশি সেখানে তড়িৎ প্রাবল্য বেশি যেখানে বলরেখার ঘনত্ব কম সেখানে তড়িৎ প্রাবল্যও কম।

◈ তড়িৎ বল রেখা চার্জিত পরিবাহীর পৃষ্ঠের সাথে 90° কোনে অবস্থান করে।

❖ এক নজরে কিছু সূত্রাবলী:

- $F = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q_1q_2}{r^2} = 9\times10^9\frac{q_1q_2}{r^2}$
- $E = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r^2} = \frac{F}{q} = \frac{mg}{q} = \frac{V}{d}$
- $V = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r} = Ed = \frac{W}{q} = V_1 + V_2 + \ldots = C\left(\frac{q_1}{r_1} + \frac{q_2}{r_2} + \ldots\ldots\ldots\right)$
- $\sigma = \frac{Q}{A} = \frac{Q}{4\pi r^2}$
- $C = \frac{Q}{V} = \frac{It}{V}$; $C = 4\pi\epsilon Kr$(গোলক); $C = \frac{K\epsilon_0 A}{d}$ (সমান্তরাল পাতের জন্য)



বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. 0.3 কুলম্ব চার্জ সহ একটি 0.3 ফ্যারাড ক্যাপসিটরের বৈদ্যুতিক বিভব পার্থক্য কী? [JU-A, Set-G: 2022-23]

A. 0.3 V B. 0 V C. 1 V D. 3 V

SCWhy $Q = CV \Rightarrow V = \frac{Q}{C}$

$= \frac{0.3}{0.3} = 1$ V (ভোল্ট)

Q = 0.3 কুলম্ব
C = 0.3 ফ্যারাডে
V = ?

02. নিচের কোনটি স্থির বিদ্যুতের ব্যবহারিক প্রয়োগ? [JU-A, Set-H: 2022-23]

A. এয়ার ফিল্টার B. কপিয়ার
C. পেইন্ট স্প্রেয়ার D. উপরের সবগুলো

SDWhy স্থির বিদ্যুতের ব্যবহার:

- ক্যাপাসিটর।
- ফটোকপি মেশিন/লেজার প্রিন্টার।
- গাড়ির পেইন্টিং সামগ্রী/পেইন্ট স্প্রেয়ার।
- বায়ু পরিশোধন/এয়ার ফিল্টার।

03. 300V দ্বারা বিভক্ত দুটি কণার বৈদ্যুতিক ক্ষেত্র নির্ধারণ করতে আপনার কোন পরিবর্তনশীল মানের প্রয়োজন হবে? [JU-A, Set-H: 2022-23]

A. একটি কণার চার্জ B. উভয় কণার চার্জ
C. দুটি কণার মধ্যে দূরত্ব D. উপরের সবগুলো

SCWhy তড়িৎ ক্ষেত্র, $E = \frac{V}{d}$; অর্থাৎ V = 300V তাই d = দুটি কণার মধ্যবর্তী দূরত্ব জানা থাকলে, তড়িৎ ক্ষেত্র নির্ধারণ করা সম্ভব।

04. একটি পলিথিন রডকে কাপড় দিয়ে ঘষলে এটি ঋণাত্মক চার্জ লাভ করে। নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি সর্বোত্তম? [JU-A, Set-N: 2022-23]

A. কাপড় থেকে ইলেকট্রন পলিথিন রডে স্থানান্তরিত হয়
B. পলিথিন রড থেকে ইলেকট্রন কাপড়ে স্থানান্তরিত হয়
C. পলিথিন রড থেকে প্রোটন কাপড়ে স্থানান্তরিত হয়
D. প্রোটন কাপড় থেকে পলিথিনের রডে স্থানান্তরিত হয়

SAWhy নিম্নোক্ত ক্রমের যেকোনো ২টি পদার্থকে পরস্পরের সংস্পর্শে এনে ঘষলে আগে থাকা বস্তুটি ধনাত্মক এবং পরবর্তী বস্তুটি ঋণাত্মক চার্জে চার্জিত হয়।

পশম → ফ্লানেল → গালা → কাঁচ → কাগজ → রেশম → তুলা → কাঠ → ধাতব পদার্থ → রাবার → গন্ধক (s) → ইবোনাইট → গাটা পার্চা।

ফলশ্রুতিতে ফ্লানেলের কাপড়ের সাথে ইবোনাইট বা পলিথিন দন্ড ঘষলে, পলিথিন দন্ড ঋণাত্মক আধানে আহিত এবং ফ্লানেলের কাপড় ধনাত্মক আধানে আহিত হয়। উপরের ছক অনুযায়ী পলিথিনের ইলেকট্রন আসক্তি ফ্লানেলের চেয়ে বেশি হওয়ায়, পরস্পরের সাথে ঘর্ষণের ফলে ফ্লানেলের কাপড় থেকে ইলেকট্রন পলিথিন দন্ডে চলে আসে।

05. দুটি চার্জ q_1 এবং q_2 একটি ভ্যাকুয়ামে d দূরত্বে স্থাপন করা হয়েছে মধ্যে ক্রিয়াশীল বল হলো F। যদি তাদের চারপাশে ডাইইলেক্ট্রিক 4 বিশিষ্ট একটি মাধ্যম প্রবর্তন করা হয়, তবে নতুন বলের মান হবে [JU-A, Set-

A. F B. F/2 C. F/4 D. 4F

SCWhy প্রথম অবস্থায়, $F = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q_1q_2}{d^2}$

চারপাশে k = 4 ডাই-ইলেক্ট্রিক বিশিষ্ট মাধ্যম থাকলে,

$F_k = \frac{1}{4\pi\epsilon}\frac{q_1q_2}{d^2} = \frac{1}{4\pi\epsilon_0 k}\frac{q_1q_2}{d^2} = \frac{F}{k} = \frac{F}{4}$

06. একটি ধনাত্মক চার্জযুক্ত বস্তু- [JU-A, Set-

A. ইলেকট্রন ধারণ করে B. ইলেকট্রন হারিয়েছে
C. ইলেকট্রন লাভ করেছে D. প্রোটন লাভ করেছে

SBWhy ইলেকট্রন আদান-প্রদানের ফলে বস্তু চার্জিত হয়।

- e^- গ্রহণে – ঋণাত্মক চার্জযুক্ত হয়।
- e^- বর্জনে – ধনাত্মক চার্জযুক্ত হয়।

07. একটি সমান্তরাল প্লেট ক্যাপাসিটরে সঞ্চিত বৈদ্যুতিক বিভব পার্থক্য পাবে যদি- [JU-A, Set-

A. দুই প্লেটের মধ্যে দূরত্ব বেড়ে যায় B. দুটি প্লেটের মধ্যে দূরত্ব
C. দুটি প্লেটের ক্ষেত্রফল কমে যায় D. ভোল্টেজ কমে যায়।

SAWhy $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{Q}{V}$

$\therefore d \propto V$ অর্থাৎ প্লেটদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব বেড়ে গেলে বিভব পার্থক্য

08. একটি ক্যাপাসিটর দ্বারা অর্জিত চার্জের পরিমাণ সরাসরি কোনটির স [JU-A, Set-

A. অভিকর্ষজ বিভব শক্তি B. ইলেক্ট্রোস্ট্যাটিক বল
C. বৈদ্যুতিক ক্ষেত্র D. বৈদ্যুতিক বিভব

SDWhy Capacitor বা ধারক কর্তৃক সঞ্চিত চার্জ, Q = CV

ধারকের ধারকত্ব C ধ্রুবক হলে, $Q \propto V$

অর্থাৎ, চার্জের পরিমাণ বৈদ্যুতিক বিভবের সমানুপাতিক।

অন্যান্য সমীকরণঃ $W = \frac{1}{2}QV = \frac{1}{2}CV^2 = \frac{Q^2}{2C}$

Q ধ্রুব হলে, $W \propto V$

C ধ্রুব হলে, $W \propto V^2$, $W \propto Q^2$

09. কুলম্বের নীতি অনুসারে, দুটি চার্জের গুণফল যত বাড়বে, দুটি চার্জে তত- [JU-A, Set-

A. বাড়ে B. কমে যায়
C. একই রকম থাকে D. কোনটি নয়

SAWhy কুলম্ব বল, $F = \frac{1}{4\pi\epsilon_0}\frac{q_1q_2}{r^2}$

অর্থাৎ, $F \propto q_1q_2$ [যদি দূরত্ব r ধ্রুব থাকে]

ফলে চার্জদ্বয়ের গুণফলের মান যত বাড়বে, দুটি চার্জের মধ্যে বল

10. ধারকের মধ্যে কোন পরাবৈদ্যুতিক পদার্থ প্রবেশ করালে এর ধারকত্ব [JU-A, Set-

A. বৃদ্ধি পায় B. হ্রাস পায়
C. অপরিবর্তিত থাকে D. কোনোটিই নয়

SAWhy $C = 4\pi\varepsilon_0 kr \Rightarrow C \propto k$

11. ধারকের ক্ষেত্রে কোনটি সঠিক? [JU-A, Set-

A. $W = \frac{1}{2}VC^2$ B. $W = \frac{1}{2}CI^2$

C. $W = \frac{1}{2}\frac{Q}{C}$ D. $W = \frac{1}{2}V^2C$

SDWhy $W = \frac{1}{2}CV^2 = \frac{1}{2}QV = \frac{1}{2}\frac{Q^2}{C}$

একটি পরিবাহকের ধারকত্ব 40 F হলে এতে কত চার্জ প্রদান করলে এর বিভব 8V হবে? [JU-A, Set-C. 20-21, NSTU. 14-15]

A. 280 C B. 300 C
C. 320 C D. কোনটিই নয়

SCWhy আমরা জানি, $Q = V \times C = 8 \times 40 = 320C$

10cm ব্যাসার্ধের একটি গোলকের পৃষ্ঠে 10C মানের একটি চার্জ স্থাপন করলে এর পৃষ্ঠে তড়িৎ বিভবের মান কত হবে? [JU-A, Set-E. 20-21, JU. 18-19, 15-16]

A. 7×10^{11}V B. 8×10^{11}V
C. 9×10^{11}V D. কোনটিই নয়

SCWhy $V = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{q}{r} = 9 \times 10^9 \frac{10}{0.1} = 9 \times 10^{11}$V

$+1\mu C$ এবং $-1\mu C$ আধান দুটিকে 5cm ব্যবধানে রেখে একটি তড়িৎ দ্বিমেরু গঠন করা হলো। এই দ্বিমেরুর অক্ষ বরাবর 15 cm দূরের কোনো একটি বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। [JU-H, Set-A. 20-21]

A. 6×10^4 volt B. 4×10^4 volt
C. 2×10^4 volt D. 8×10^4 volt

SCWhy $V = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{p}{r^2 - l^2}$ $[p = q \times 2l]$

$\therefore V = 9 \times 10^9 \times \frac{1 \times 10^{-6} \times 5 \times 10^{-2}}{(15 \times 10^{-2})^2 - (2.5 \times 10^{-2})^2}$ $[2l = 5\text{cm}]$

$= 9 \times 10^9 \frac{5 \times 10^{-8}}{(225 - 6.25) \times 10^{-4}} = 2 \times 10^4$ volt

ধনাত্মক চার্জে চার্জিত একটি বেলুন একটি মাটিতে গাঁথা ধাতব দন্ডের সাথে স্পর্শ করলে, বেলুনের চার্জ- [JU-A, Set-A. 19-20]

A. কমে যাবে B. একই থাকবে
C. শূন্য হবে D. কোনটিই নয়

SCWhy ভূমি চার্জের সাগর হলেও এতে তড়িৎ বিভব শূন্য। তাই যে কোনো চার্জিত বস্তু ভূমিতে সংযুক্ত হলে সকল চার্জ ভূমিতে চলে যায় এবং চার্জিত বস্তুর চার্জ শূন্য হয়ে যায়।

একটি বিচ্ছিন্ন সমান্তরাল পাত ধারকের পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের কী পরিমাণ পরিবর্তন করলে ধারকে সঞ্চিত শক্তি পূর্বের শক্তির দ্বিগুণ হয়? [JU-H, Set-1. 19-20]

A. দ্বিগুণ B. চারগুণ
C. অর্ধেক D. এক চতুর্থাংশ

SCWhy $U = \frac{1}{2}CV^2$; $U \propto C$; $C = \frac{\epsilon_0 A}{d}$; $C \propto \frac{1}{d}$ $\therefore U \propto \frac{1}{d}$

দূরত্বের পরিমাণ অর্ধেক করলে সঞ্চিত শক্তি পূর্বের 2 গুণ হবে।

নিচের কোন সমীকরণটি ভুল? [JU-H, Set-1. 19-20]

A. $\sigma = QA^{-1}$ B. $E = \frac{1}{4\pi\epsilon_0} \times \frac{q}{r}$

C. $F = \frac{1}{4\pi\epsilon} \times \frac{q_1 q_2}{r^2}$ D. $Q = CV$

SBWhy প্রবাহ ঘনত্ব, $\sigma = \frac{Q}{A}$, তড়িৎ প্রাবল্য, $E = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q}{r^2}$

কুলম্ব বল, $F = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 q_2}{r^2}$

ধারকে সঞ্চিত চার্জ, $Q = CV$

একটি ঋণাত্মক চার্জ পৃষ্ঠের বাম থেকে ডান দিকে স্থাপিত একটি তড়িৎ ক্ষেত্রে স্থাপন করলে, চার্জের উপর প্রদত্ত বলের দিক- [JU-A, Set-D. 19-20]

A. বাম থেকে ডান B. ডান থেকে বাম
C. পৃষ্ঠার ভেতর থেকে বাইরে D. কোনটিই নয়

SBWhy যদি চার্জ ধনাত্মক হয় তাহলে তড়িৎ বল, তড়িৎক্ষেত্রের সাথে একই দিকে ক্রিয়ারত হয়। যদি চার্জ ঋণাত্মক হয় তাহলে তড়িৎ বল, তড়িৎক্ষেত্রের সাথে বিপরীত দিকে ক্রিয়ারত হয়।

19. তড়িৎ বিভবের মাত্রা সমীকরণ কোনটি? [JU-H, Set-1. 19-20]

A. $[ML^2T^{-3}I^{-1}]$ B. $[ML^2T^{-2}I^{-2}]$
C. $[MLT^{-3}I^{-2}]$ D. $[ML^{-2}T^2I^{-2}]$

SAWhy $V = \frac{W}{q} = \frac{W}{It}$ $\therefore$ মাত্রা $= [ML^2T^{-3}I^{-1}]$

20. $1.34 \times 10^5 NC^{-1}$ প্রাবল্যের একটি তড়িৎক্ষেত্রে 15.8cm ব্যবধানে অবস্থিত দুটি বিন্দুর বিভব পার্থক্য কত? [JU. 2018-19]

A. 2.12×10^4V B. 2.12×10^{-4}V
C. 1.12×10^4V D. 1.12×10^{-4}V

SAWhy $V = Ed = 1.34 \times 10^5 \times 15.8 \times 10^{-2} = 2.12 \times 10^4$V

21. আধানের কোয়ান্টায়ন অনুসারে কোন বস্তুতে নিচের কোন চার্জটি থাকা সম্ভব? [JU. 2018-19]

A. 9.4×10^{19}C B. 4.6×10^{-19}C
C. 6.2×10^{-19}C D. 3.2×10^{-19}C

SDWhy $Q = ne$ অর্থাৎ, n = পূর্ণসংখ্যা। $1.6 \times 10^{-19} \times 2 = 3.2 \times 10^{-19}$C

22. একটি তড়িৎ দ্বিমেরুর চার্জদ্বয়ের মধ্যবর্তি দূরত্ব 3×10^{-19} m এবং চার্জের পরিমান 3.2×10^{-9}C। এই দ্বিমেরু হতে 3cm দূরে এর অক্ষের লম্ব দ্বিখন্ডকের উপর তড়িৎ প্রাবল্য $3.2\times10^{-15}NC^{-1}$ হলে দ্বিমেরুর ভ্রামকের মান- [JU. 17-18]

A. $3\times10^{-19}\times3.2\times10^{-9}$ B. $3\times10^{19}\times3.2\times10^{-9}$
C. $\frac{1}{4\pi\epsilon} \frac{3.2\times10^{-9}}{3\times10^{-2}}$ D. $3.2\times10^{-5}\times3.2\times10^{-9}$

SAWhy দ্বিমেরুর ভ্রামকের মান, P = চার্জের পরিমান (q) × চার্জদ্বয়ের মধ্যবর্তি দূরত্ব $(2l) = 3.2 \times 10^{-9} \times 3 \times 10^{-19}$ কুলম্ব মিটার।

23. 0.002kg ভরের একটি শোলার বল 10^{-4} কুলম্ব চার্জে চার্জিত। বলটিকে স্থির রাখতে হলে কত তড়িৎ ক্ষেত্রের প্রয়োজন হবে? [JU. 2017-18; BRUR. 2015-16]


A. $\frac{0.002 \times 9.8}{10^{-4}}$ B. $\frac{0.002 \times 10^{-4}}{9.8}$
C. $\frac{10^{-4}}{0.002}$ D. 0.002×10^{-4}

SAWhy বৈদ্যুতিক প্রাবল্যের মান, $E = \frac{F}{q} = \frac{mg}{q} = \frac{0.002 \times 9.8}{10^{-4}}$

24. 0.50m ব্যাসার্ধের একটি গোলকে 20C চার্জ দেয়া আছে। গোলকের কেন্দ্রে বৈদ্যুতিক প্রাবল্যের মান- [JU. 2017-18]

A. 0 B. 3.6×10^{11}
C. 2.81×10^{11} D. কোনটিই নয়

SAWhy কেন্দ্র হতে পৃষ্ঠ পর্যন্ত যেকোন বিন্দুর প্রাবল্যের মান শূন্য। চার্জ থাকলে তড়িৎ ক্ষেত্র প্রাবল্য সৃষ্টি হয়। চার্জ গোলকের পৃষ্ঠে অবস্থান করে। ভিতরে চার্জ নাই তাই গোলকের ভিতরে তড়িৎপ্রাবল্য শূন্য।



25. E প্রাবল্য বিশিষ্ট সুষম তড়িৎ ক্ষেত্রে A বিন্দু হতে B বিন্দুতে আনতে নীচের কোনটি প্রযোজ্য- [JU: 2016-17]

A. প্রাবল্য এবং সরণ সমমুখী B. প্রাবল্য এবং সরণ বিপরীতমুখী
C. প্রাবল্য সরণের ব্যস্তানুপাতিক D. কোনটিই নয় **Ans B**

26. পরস্পর থেকে 10cm দূরে অবস্থিত 2×10^{-9}C ও -2×10^{-9}C এর দুটি চার্জের সংযোগ রেখার ঠিক মধ্যবিন্দুতে প্রাবল্য হবে- [JU. 2015–16]

A. $200NC^{-1}$ B. $180NC^{-1}$
C. $0\ NC^{-1}$ D. $400NC^{-1}$

SXWhy $E = E_1 + E_2 = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1 + q_2}{r^2}$

$= 9 \times 10^9 \times \frac{(2+2) \times 10^{-9}}{(0.1)^2} = 360NC^{-1}$

27. 1×10^{-9}C চার্জে চার্জিত 100cm ব্যাসার্ধের একটি গোলককে বায়ুতে স্থাপন করা হলো। গোলকের কেন্দ্র থেকে 0.1 cm দূরে কোন বিন্দুতে তড়িৎ প্রাবল্য ও বিভব যথাক্রমে- [JU. 2015–16]

A. $9NC^{-1}$ ও 9V B. 0 NC^{-1} ও 9V
C. 10 NC^{-1} ও 9V D. কোনটিই নয়

SBWhy গোলকের ব্যাসার্ধ, $r=100cm$; দূরত্ব $d=0.1cm\ [r>d]$

$\therefore$ প্রাবল্য $E=0$; বিভব $V=\frac{1}{4\pi\epsilon_0}\frac{Q}{r}=9\times10^9\frac{1\times10^{-9}}{1}=9V$

28. ধারকের ধারকত্বের একক কোনটি- [JU: 2015-16, RU. 07-08]

A. ফ্যারাড B. ভোল্ট
C. হেনরি D. জুল

Ans A

29. তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে 1, 2 ও 3μF শ্রেণীবদ্ধ বিন্যাসে এর তুল্য ধারকত্ব কত? [JU. 2014-15]

A. 6 μF B. $\frac{6}{11}$ μF
C. $\frac{11}{6}$ μF D. $\frac{1}{6}$ μF

SBWhy $C_{min}=C_s=(C_1^{-1}+C_2^{-1}+C_3^{-1})^{-1}$

$=(1^{-1}+2^{-1}+3^{-1})^{-1}=\frac{6}{11}$ μF

30. একটি অন্তরীত পরিবাহীতে 10 কুলম্ব চার্জ প্রদান করায় এর বিভব 2V হলো। পরিবাহীর ধারকত্ব কত হবে? [JU. 2014–15]

A. 5F B. $\frac{1}{5}$ F
C. 20F D. $\frac{1}{20}$ F

SAWhy $Q=CV$ বা, $C=\frac{Q}{V}=\frac{10}{2}=5F$

31. দুইটি গোলকের ব্যাসার্ধ যথাক্রমে 2cm এবং 4cm। এদেরকে যথাক্রমে 1000 কুলম্ব এবং 2000 কুলম্ব চার্জের চার্জিত করা হলো। ক্ষুদ্র ও বৃহৎ গোলকের চার্জের তল ঘনত্বের অনুপাত কত? [JU. 2014-15]

A. 2:1 B. 1:2
C. 4:1 D. 1:4

SCWhy $\frac{\sigma_1}{\sigma_2}=\left(\frac{r_2}{r_1}\right)^2=\left(\frac{4}{2}\right)^2=4:1$

32. পৃথিবীর তড়িৎ বিভব নিচের কোনটি? [JU: 2014-15]

A. ধনাত্মক B. ঋণাত্মক
C. অঋণাত্মক D. কোনটিই নয়

SDWhy পৃথিবীর বিভব শূন্য ধরা হয়।

33. দুটি ধারককে শ্রেনী ও সমান্তরাল সমবায়ে যুক্ত করলে ধারকত্ব যথাক্রমে 2μF ও 9μF হয়। ধারক দুটির ধারকত্ব হবে? [JU. 2013-14]

A. 2μF এবং 3μF B. 3μF এবং 8μF
C. 2μF এবং 9μF D. 3μF এবং 6μF

SDWhy $C_p=C_1+C_2=3+6=9\mu F$ আবার, $C_S=\frac{3\times6}{3+6}=2\mu F$

34. দুটি বিন্দু চার্জ পরস্পরকে যে বলে আকর্ষণ বা বিকর্ষণ করে তা চার্জদ্বয়ের- [JU: 2013-14]

A. যোগফলের ব্যস্তানুপাতিক B. বর্গের সমানুপাতিক
C. যোগফলের সমানুপাতিক D. কোনটিই নয়

SDWhy $F=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q_1q_2}{r^2}\Rightarrow F\propto q_1q_2$

35. তড়িৎ অন্তরক কোনটি? [JU: 13-14]

A. ফসফরাস B. মাটি
C. মোম D.মানবদেহ

Ans C

36. একটি গোলাকার ধাতব পরিবাহীর ব্যাসার্ধ 12cm হলে 1.2 তড়িৎ বিশিষ্ট মাধ্যমে এর ধারকত্ব কত? [JU. 2012]

A. $C=16\times10^{-12}F$ B. $C=6\times10^{-12}F$
C. $C=16\times10^{-6}F$ D. 0.3

SAWhy $C=4\pi\varepsilon_0rk=\frac{rk}{9\times10^9}=\frac{0.12\times1.2}{9\times10^9}=16\times10$

37. একটি 0.30 m ব্যাস বিশিষ্ট ধাতব গোলকে 1C চার্জ সঞ্চিত বৈদ্যুতিক ক্ষেত্রের মান কত?

A. 0 NC^{-1} B. 25 NC^{-1}
C. 100 NC^{-1} D. 250 NC^{-1}

SAWhy কেন্দ্রে কোন বৈদ্যুতিক ক্ষেত্র থাকে না।

38. 4×10^{-9}C মানের দুটি বিন্দু চার্জ পরস্পর হতে 12m দূরে অবস্থিত সংযোগ রেখার মধ্যবিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান হবে-

A. 1N/C B. 2N/C
C.0N/C D. 4N/C

SCWhy $E=\frac{9\times10^9}{r_1^2}(Q_1-Q_2)$

$=\frac{9\times10^9}{6^2}(4\times10^{-9}-4\times10^{-9})\left(r_1=\frac{d}{2}=6\right)=0$

39. 2 m ব্যাসের একটি গোলাকৃতি পরিবাহীর পৃষ্ঠে 3×10^{-9}C চার্জ গোলকের কেন্দ্র থেকে 0.80 m দূরে কোন্ বিন্দুর বিভব ও প্রাবল্য হবে-

A. 20V ও 20 N/C B. 27V ও 27 N/C
C. 27V ও 0 N/C D. 0V ও 0N/C

SCWhy দূরত্ব d=0.8 m, $V=9\times10^9\frac{3\times10^{-9}}{1}=27V$,

40. 1.2 μF ধারকত্ব বিশিষ্ট একটি ইলেকট্রিক যন্ত্রের প্রান্তের মধ্যে 2000V বিভব দেয়া হল, ধারকের সঞ্চিত শক্তির পরিমাণ কত ? [JU. 2011-12, SU]

A.2.4 J B. 1.4 J
C. 3.4 J D. 4.2 J

SAWhy $E=\frac{1}{2}CV^2=\frac{1}{2}1.2\times10^{-6}\times(2000)^2=2.4J$

41. 16μF ও 22μF ধারকত্ব বিশিষ্ট দুটি ধারককের শ্রেনী সমবায়ে সমা ধারকত্ব কত?

A. 92.6μF B. 9.26μF
C. 8.62μF D. 12.98μF

SBWhy $C_s=\{(16)^{-1}+(22)^{-1}\}^{-1}=9.26\mu F$

42. দুটি ধারককে শ্রেনী সমবায়ে যুক্ত করলে তুল্য ধারকত্ব 2.4μF এবং ধারকত্ব 4μF হলে অন্যটির ধারকত্ব কত?

A. 3μF B. 4μF
C. 2μF D. 6μF

SDWhy $\frac{1}{c_s}=\frac{1}{4}+\frac{1}{q}\Rightarrow\frac{1}{2.4}=\frac{1}{4}+\frac{1}{q}$ বা, $q=6\mu F$

43. একটি মোটর গাড়ির ব্যাটারীর দুই প্রান্তের বিভব পার্থক্য 12 V আধানকে ব্যাটারীর ঋণাত্মক প্রান্ত থেকে ধনাত্মক প্রান্তে স্থানান্তরের কাজের পরিমাণ-

A. 25 J B. 28 J
C. 30 J D. 32 J

SCWhy চার্জ স্থানান্তরের কৃতকাজ, $W=q\times V=12\times2.5=3$

44. কোন বিন্দুর বিভব 20V। অসীম দূরত্ব হতে 5 C চার্জকে উক্ত বিন্দু কাজের পরিমাণ কত হবে? [JU. 2011-12,

A. 4 J B. 100 J
C. 15 J D. 25 J

SBWhy চার্জ স্থানান্তরের কৃতকাজ, $W=q\times V=20\times5=10$

3.25×10^{-29}C চার্জের একটি প্লাস্টিকের বল কোন স্থানে 2.6×10^{4} volt/m প্রাবল্যের একটি সুষম বৈদ্যুতিক ক্ষেত্রে ঝুলন্ত অবস্থায় রাখা হল। উক্ত স্থানে অভিকর্ষ ত্বরণের মান $10ms^{-2}$ হলে বলটির ভর- [JU. 2011-12]

A. 8.398×10^{-16}kg B. 1.205×10^{-15}kg
C. 10205×10^{-15}kg D. কোনটিই নয়

SOWhy F=EQ বা, mg=EQ

$$m=\frac{EQ}{g}=\frac{2.6\times10^{4}\times3.25\times10^{-29}}{10}=8.45\times10^{-26}\text{kg}$$

সুষম তড়িৎ ক্ষেত্রের মান ও দিক- [JU: 2011-12]

A. সর্বত্র অসমান B. সর্বত্র সমান
C. মান সমান কিন্তু দিক ভিন্ন D. কোনটিই নয় **Ans B**

+q চার্জ হতে r দূরের কোন বিন্দুতে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য কত? [JU: 2011-12]

A. $E=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r^2}$ B. $E=\frac{1}{4\pi\epsilon_0}\frac{r^2}{q}$
C. $E=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{}$ D. $E=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q^2}{r}$ **Ans A**

গোলকের পৃষ্ঠে বিভব, V = ? [JU: 2011-12]

A. $\frac{Q}{2\pi\epsilon_0\epsilon_r r}$ B. $\frac{Q}{4\pi\epsilon_0\epsilon_r r}$
C. $\frac{2\pi\epsilon_0\epsilon_r r}{Q}$ D. $\frac{2\pi\epsilon_0\epsilon_r r}{Q}$ **Ans B**

+q চার্জ হতে r দূরের কোন বিন্দুতে তড়িৎ বিভবের রাশিমালা কোনটি? [JU: 2011-12]

A. $V=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q^2}{r}$ B. $V=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r}$
C. $V=\frac{1}{4\pi\epsilon_0}\frac{q}{r^2}$ D. $V=\frac{1}{4\pi\epsilon_0}\frac{r}{q}$ **Ans B**

কোন গোলকীয় পরিবাহীর ব্যাসার্ধ r এবং এর উপর সুষমভাবে অবস্থিত চার্জের পরিমাণ Q হলে, চার্জের তল-ঘনত্ব হবে- [JU: 2011-12]

A. $\sigma=\frac{1}{4Q}\pi r^2$ B. $\sigma=\frac{Q}{4\pi r^2}$
C. $\sigma=\frac{4\pi r^2}{Q}$ D. $\sigma=\frac{1}{4\pi}Qr^2$ **Ans B**

গোলাকার ধারকের ধারকত্ব তার ব্যাসার্ধের- [JU. 2010 -11]

A. ব্যস্তানুপাতিক B. বর্গের ব্যাস্তানুপাতিক
C. সমানুপাতিক D. বর্গমূলের সমানুপাতিক

SCWhy আমরা জানি, $C=4\pi\epsilon_0 r$, $C\propto r$,ধারকত্ব ব্যাসার্ধের সমানুপাতিক।

ধ্রুব সংখ্যা ϵ_0 এর মান- [JU: 2010-11]

A. $8.854\times10^{-12}\,C^2N^{-1}m^{-2}$ B. $5.854\times10^{-12}C^2Nm$
C. $8.854\times10^{-12}C^2Nm$ D. $5.85\times10^{-12}\,C^2N^{-1}m^{-1}$ **Ans A**

চার্জ পরিবাহীর কোথায় অবস্থান করে? [JU: 2010-11, MAT: 2002-03]

A. ভিতরের পৃষ্ঠে B. কেন্দ্রে
C. উভয় পৃষ্ঠে D. বাইরের পৃষ্ঠে **Ans D**

কোনটি ভুল? [JU: 2009-10]

A. $C=\frac{V}{Q}$ B. $\Delta V=\frac{W}{q_0}$
C. $E=\frac{F}{Q}$ D. $\sigma=\frac{Q}{A}$ **Ans A**

নিচের কোনটি ধারকের স্থিতি শক্তির সমীকরণ নয়? [JU: 2009-10, PSTU. 19-20]

A. $\frac{1}{2}\frac{Q^2}{C}$ B. $\frac{1}{2}Q/C^2$
C. $\frac{1}{2}CV^2$ D. $\frac{1}{2}QV$ **Ans B**

তড়িৎ প্রাবল্যের- [JU: 2009-10]

A. মান আছে দিক নেই B. দিক আছে মান নেই
C. মান ও দিক উভয়ই আছে D. অস্তিত্ব নেই **Ans C**

57. m ভরের একটি পানির ফোঁটা একটি মাত্র ইলেকট্রন দ্বারা চার্জিত হয়। ইহাকে ঝুলন্ত অবস্থায় ধরে রাখতে প্রয়োজনীয় তড়িৎ ক্ষেত্রের পরিমাণ কত? [JU: 2009-10]

A. mg B. $\frac{mg}{e}$
C. mge D. $\frac{em}{g}$

SBWhy তড়িৎ বল ও বস্তুর ওজন পরস্পর বিপরীতমুখী। $F = W \Rightarrow qE = mg$

$\Rightarrow E=\frac{mg}{q}=\frac{mg}{e}$

58. পরিবাহকের পৃষ্ঠের কোন বিন্দুর চারদিকে প্রতি একক ক্ষেত্রফলের উপর আধানের পরিমাণকে ঐ বিন্দুর- [JU: 2009-10]

A. তড়িৎ প্রাবল্য B. আধান ঘনত্ব
C. তড়িৎ বলরেখা D. কোনটিই নয় **Ans B**

59. পৃথিবীর বিভবের মান- [JU: 2009-10; RU: 2017-18]

A. 100 V B. 220 V
C. 1.5 V D. 0 V **Ans D**

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. এক কুলম্ব চার্জে কতগুলো ইলেকট্রনের চার্জ থাকবে?
Ⓐ একটি ইলেকট্রনের Ⓑ 6.25×10^{18} ইলেকট্রনের
Ⓒ 1.6×10^{19} ইলেকট্রনের Ⓓ 6.25×10^{-19} ইলেকট্রনের

02. শূন্যস্থানের ভেদন যোগ্যতার (ϵ_0) একক কোনটি?
Ⓐ $C^{-2}Nm^{-2}$ Ⓑ $C^2N^{-1}m^{-2}$
Ⓒ $C^2N^{-2}m^{-1}$ Ⓓ $CN^{-1}m^{-2}$

03. দুইটি চার্জ q_1 এবং q_2 পরস্পর থেকে r দূরত্বে থাকলে ক্রিয়াশীল বল যদি F হয় তাহলে উভয় চার্জকে দ্বিগুণ এবং দূরত্ব অর্ধেক করলে ক্রিয়াশীল বলের মান হবে-
Ⓐ F Ⓑ 4F
Ⓒ 8F Ⓓ 16F

04. তড়িৎ বিভবের মাত্রা সমীকরণ কোনটি?
Ⓐ $[ML^2T^{-3}I^{-1}]$ Ⓑ $[ML^2T^{-2}I^{-2}]$
Ⓒ $[MLT^{-3}I^{-2}]$ Ⓓ $[ML^{-2}T^2I^{-2}]$

05. দুটি সমান্তরাল পাতের মধ্যে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য সুষম। একটি পাত হতে অন্যটির দূরত্ব বাড়ার সাথে বিভব পাশের কোন লেখচিত্র অনুযায়ী পরিবর্তিত হবে?
Ⓐ 

Ⓑ 

Ⓒ 

Ⓓ 

06. একটি সমান্তরাল পাত ধারকের পাতদ্বয়ের মধ্যকার দূরত্ব দ্বিগুণ করার ফলে ধারকের সঞ্চিত শক্তির কী পরিবর্তন হয়?
Ⓐ দ্বিগুণ Ⓑ অপরিবর্তিত
Ⓒ অর্ধেক Ⓓ 4 গুণ বৃদ্ধি

07. যদি 5A তড়িৎ 3 ঘন্টা ধরে একটি বাতির মধ্য দিয়ে প্রবাহিত হয় তাহলে ঐ বাতির মধ্য দিয়ে প্রবাহিত চার্জের মান-
Ⓐ 3.6×10^4C Ⓑ 5.4×10^4C
Ⓒ 1.4×10^3C Ⓓ 3.6×10^6C

08. দুটি আধানের মধ্যবর্তী দূরত্ব অর্ধেক হলে, আধানদ্বয়ের মধ্যে ক্রিয়াশীল বল কি হবে?
Ⓐ দ্বিগুণ হ্রাস পায় Ⓑ চারগুণ হ্রাস পায়
Ⓒ দ্বিগুণ বৃদ্ধি পায় Ⓓ চারগুণ বৃদ্ধি পায় E. কোনোটিই নয়

09. দুটি + 2C এবং + 6C বিন্দু চার্জ 12N বলে বিকর্ষণ করে। যদি প্রতিটি চার্জকে – 4C চার্জ প্রদান করা হয়, তখন বল হবে-
Ⓐ 4N বিকর্ষণ Ⓑ 4N আকর্ষণ
Ⓒ 8N বিকর্ষণ Ⓓ 8N আকর্ষণ

10. দুইটি ধনাত্মক বিন্দু চার্জ q_1 ও q_2, d দূরত্বে অবস্থান করছে। $\frac{q_1}{q_2} = 16$ হলে q_1 হতে কত দূরত্বে তড়িৎ ক্ষেত্র প্রাবল্যের মান সমান হবে।

Ⓐ $\frac{d}{2}$ Ⓑ $\frac{4}{5}d$

Ⓒ $\frac{1}{16}d$ Ⓓ $2d$

11. একটি বিদ্যুৎ তড়িৎ বিভব, $v = -5x + 3y + \sqrt{15}z$ হলে ঐ বিন্দুতে তড়িৎ প্রাবল্য কত?

Ⓐ 4 একক Ⓑ 5 একক

Ⓒ 6 একক Ⓓ 7 একক

12. সুষম তড়িৎ ক্ষেত্রের একটি বিন্দুতে প্রোটনের উপর প্রযুক্ত বলের মান 4.8×10^{-19}N। ঐ বিন্দুতে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য–

Ⓐ $7.7 \times 10^{-38}NC^{-1}$ বলের বিপরীত

Ⓑ $7.7 \times 10^{-38}NC^{-1}$ বলের দিকে

Ⓒ $3.0\ NC^{-1}$ বলের বিপরীতে

Ⓓ $3.0\ NC^{-1}$ বলের দিকে

13. একটি বর্গক্ষেত্রের তিনটি কৌণিক বিন্দুতে যথাক্রমে 5C, 10C, –20C আধান স্থাপিত। চতুর্থ কৌণিক বিন্দুতে কত আধান স্থাপন করলে বর্গক্ষেত্রটির কেন্দ্র তড়িৎ বিভব শূন্য হবে?

Ⓐ –5C Ⓑ –10C

Ⓒ +5C Ⓓ +10C

14. একটি গোলাকার পরিবাহীর ব্যাসার্ধ 0.5 m এবং তাতে 10 C চার্জ দেওয়া আছে। গোলকের কেন্দ্র হতে 0.1m দূরত্বে বৈদ্যুতিক বিভবের মান কত হবে?

Ⓐ 9×10^{9}V Ⓑ 1.8×10^{11}V

Ⓒ 9×10^{11} V Ⓓ 3.6×10^{11}V

15. দুটি সমান ধারকত্বের ধারককে প্রথমে শ্রেণীতে ও পরে সমান্তরালে সংযুক্ত করা হল। শ্রেণী ও সমান্তরাল সংযোগে তুল্য ধারকত্বের অনুপাত।


Ⓐ 1 : 1 Ⓑ 4 : 1

Ⓒ 1 : 2 Ⓓ 1 : 4

14	D	$T_{\frac{1}{2}}$ অর্ধায়ু বিশিষ্ট কোনো পদার্থের t সময় পর $\frac{1}{2^n}$ অংশ অবশিষ্ট $= T_{\frac{1}{2}}\times n \therefore n = \frac{t}{T_{\frac{1}{2}}}$ $\therefore$ অবশিষ্ট অংশ $= \frac{1}{2^{\frac{t}{T_{\frac{1}{2}}}}} = \frac{1}{2^{\frac{6400}{1600}}} = \frac{1}{2^4} = \frac{1}{16}$
15	B	$^{214}_{84}Po - {}^{4}_{2}He \rightarrow \boxed{^{210}_{82}Pb}$
16	C	নিউট্রন = $(31 - 15)\times4\times15 = 960$
17	C	পারমাণবিক সংখ্যা 12, $\therefore$ প্রোটন সংখ্যা = 12 ভর সংখ্যা = 25 $\therefore$ নিউটন সংখ্যা = 25 – 12 = 13
18	C	$^{238}_{92}U$ এ প্রোটন সংখ্যা = 92; $\therefore$ নিউট্রন সংখ্যা = 238-92 = 146
19	D	$E = \frac{E_1}{n^2} = \frac{-13.6}{2^2} = -3.4$eV
20	C	

দ্বিতীয় পত্র অধ্যায়: ১০

সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	ট্রান্সজিস্টর সংক্রান্ত	★★★
TOPIC-02	p-n জাংশনের গতীয় রোধ সংক্রান্ত	★★
TOPIC-03	নম্বর পদ্ধতি	★★
TOPIC-04	লজিক গেট এবং এর প্রকারভেদ	★★★

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

অন্তরক পদার্থ: যে সমস্ত পদার্থের ভিতর দিয়ে তড়িৎ সহজে চলাচল করে না সেগুলোকে অন্তরক বলে। **উদাহরণ:** সিরামিক, কাঁচ, কাঠ, রাবার ইত্যাদি।

- আপেক্ষিক রোধ 10^{12} Ωm ক্রমের
- যোজন ব্যান্ড সম্পূর্ণ পূর্ণ
- পরিবহন ব্যান্ড ও যোজন ব্যান্ডের মাঝে পার্থক্য 6eV থেকে 15eV

পরিবাহী পদার্থ: যে সমস্ত পদার্থের ভিতর দিয়ে তড়িৎ সহজে চলাচল করতে পারে সেগুলোকে পরিবাহী বলে। **উদাহরণ:** তামা, রূপা, অ্যালুমিনিয়াম।

(i) আপেক্ষিক রোধ 10^{-8} Ωm ক্রমের, নিষিদ্ধ ব্যান্ড 0eV

যে সমস্ত পদার্থের তড়িৎ পরিবাহীতা পরিবাহী ও অন্তরকের মাঝামাঝি, সেগুলোকে অর্ধপরিবাহী পদার্থ বলে। যেমন- জার্মেনিয়াম, সিলিকন, গ্যালিয়াম আর্সেনাইড, ইন্ডিয়াম, ক্যাডমিয়াম সালফাইড ইত্যাদি।

অর্ধপরিবাহী: কেবল আপেক্ষিকরোধ দ্বারা অর্ধপরিবাহীকে চিহ্নিত করা যায় না।

- আপেক্ষিকরোধ 10^{-4} Ωm/10^{-5} → 10^{8} Ωm ক্রমের।
- অর্ধ পরিবাহীর যোজন ব্যান্ড পূর্ণ থাকে। অর্ধ পরিবাহীতে পরিবহন ব্যান্ড খালি থাকে। দুই ব্যান্ডের মাঝে শক্তি পার্থক্য 1.1eV/1eV
- জার্মেনিয়ামের শক্তি ব্যবধান 0.7eV; সিলিকনের ক্ষেত্রে 1.1eV।
- পরমশূন্য তাপমাত্রায় এরা অন্তরক।
- এতে কোন অপদ্রব্য মিশালে এর তড়িৎ পরিবাহকত্ব বৃদ্ধি পায়।
- অপদ্রব্য মিশানোর প্রক্রিয়াকে ডোপিং বলে।
- তাপমাত্রা বৃদ্ধির সাথে এর তড়িৎ পরিবাহকত্ব বৃদ্ধি পায়। কারণ, $R_\theta = R_0 (1 + \alpha\Delta\theta)$ সূত্রে অর্ধপরিবাহকের জন্য α এর মান ঋনাত্মক হওয়ার তাপমাত্রা হওয়ার তাপমাত্রা বাড়ালে রোধ হ্রাস পায় এবং পরিবাহকত্ব বৃদ্ধি পায়। উদাহরণ: সিলিকন, জার্মেনিয়াম।

অর্ধপরিবাহীর প্রকারভেদ: দুই প্রকার।

- **বিশুদ্ধ বা অন্তর্জাত (Intrinsic):** পর্যায় সারণীর ৪র্থ সারির পরমাণু কেলাস যেমন: C, Si, Ge, Pb, Sn, ক্যাডমিয়াম সালফাইড ইত্যাদি।
- **দূষিত বা বহির্জাত (Extrinsic):** যথা- (ক) p-টাইপ অর্ধপরিবাহক; (খ) n-টাইপ অর্ধপরিবাহক

p-টাইপ অর্ধপরিবাহক: কোন বিশুদ্ধ অর্ধপরিবাহকে সামান্য পরিমাণ ত্রিযোজী অপদ্রব্য হিসেবে মেশানো হলে তাকে p-টাইপ অর্ধপরিবাহক বলে।

n-টাইপ অর্ধপরিবাহক: কোন বিশুদ্ধ অর্ধপরিবাহকে সামান্য পরিমাণ পঞ্চযোজী অপদ্রব্য হিসেবে মেশানো হলে, তাকে n-টাইপ অর্ধপরিবাহক বলে।

এক্সট্রিনসিক/অবিশুদ্ধ অর্ধপরিবাহী: ২ প্রকার।

p-টাইপ অর্ধপরিবাহী	**(B, Al, Ga, In):** • বিশুদ্ধ Ge বা Si (4 যোজী) এর সাথে গ্যালিয়াম বা (3 যোজী) অপদ্রব্য মেশানো হয়। • Al কে গ্রহিতা পরমাণু বলা হয়। • p-type এ ধনাত্মক তড়িৎ আধানই মুখ্য ভূমিকা পালন করে। • হোলই 'সংখ্যাগুরু বাহক' (Majority carrier) এবং ইলেকট্রন সংখ্যালঘু বাহক (Minority carrier)।
n-টাইপ অর্ধপরিবাহী	**(P, As, Sb, Bi):** • Ge/Si (As) (যোজনী 4) এর সাথে পঞ্চযোজী (As) এর মত অপদ্রব্য মেশানো হয়। • Ge/Si এখানে গ্রহীতা পরমাণু, অপদ্রব্য দাতা (Donor) পরমাণু। • n-type এ ঋণাত্মক ইলেক্ট্রনই মুখ্য ভূমিকা পালন করে। • ইলেকট্রনই 'সংখ্যাগুরু বাহক' (Majority carrier) এবং হোল সংখ্যালঘু বাহক (Minority carrier)।

◈ **জেনার বিভব/ ভোল্টেজ/ বিনাসী ভোল্টেজ (Breakdown Voltage):** বিমুখী ঝোঁকে ভোল্টেজ পার্থক্য বাড়ানো হলেও তড়িৎ প্রবাহের পরিবর্তন খুবই কম বা স্থির থাকে। এ অবস্থায় ভোল্টেজ আরও বাড়ানো হলে হঠাৎ করে বিপুল তড়িৎ প্রবাহ পাওয়া যায়। যে ভোল্টেজের জন্য এরূপ ঘটে তাকে জেনার বিভব বা ভোল্টেজ বলে।

◈ **কতিপয় সংজ্ঞা:**

- **যোজন ইলেকট্রন:** পরমাণুর সবচেয়ে বাইরের কক্ষে অবস্থিত ইলেকট্রনগুলোকে যোজন ইলেকট্রন বলে।
- **যোজন ব্যান্ড:** যোজন ইলেকট্রনগুলো যে শক্তি পাল্লার মধ্যে অবস্থান করে তাকে যোজন ব্যান্ড বলে।
- **পরিবহন ব্যান্ড:** যোজন ব্যান্ডের উপরের অনুমোদিত শক্তি ব্যান্ডকে পরিবহন ব্যান্ড বলে।
- **পরিবহন ইলেকট্রন:** পরিবহন ব্যান্ডের ইলেকট্রনগুলোকে পরিবহন ইলেকট্রন বলে। ইলেকট্রনগুলো প্রায় মুক্ত এবং তড়িৎ প্রবাহে অংশ গ্রহন করে।
- **নিষিদ্ধ অঞ্চল ব্যান্ড:** যোজন ব্যান্ড ও পরিবহন ব্যান্ডের মধ্যে কোন ইলেকট্রনের শক্তিস্তর থাকেনা।
- **শক্তি ব্যবধান:** যোজন ব্যান্ডের উপর হতে পরিবহন ব্যান্ডের নিচ পর্যন্ত নিষিদ্ধ শক্তি ব্যবধান (Energy gap) বলা হয়। এ ব্যবধানকে Eg দ্বারা প্রকাশ করা হয়।

◈ সেলেনিয়াম সেমিকন্ডাক্টর নয়।

◈ সৌরকোষ একটি- ইলেকট্রনিক যন্ত্র।

◈ তাপমাত্রা বৃদ্ধি করলে অর্ধপরিবাহীর তড়িৎ পরিবাহিতা বৃদ্ধি পায়।

◈ জার্মেনিয়ামের শক্তি ব্যবধান 0.7eV; সিলিকনের ক্ষেত্রে 1.1eV।

◈ পরমশূন্য তাপমাত্রায় এরা অন্তরক।

◈ **লজিক গেট (Logic Gate):** লজিক গেট হচ্ছে এমন একটি ইলেকট্রনিক বর্তনী যার এক বা একাধিক ইনপুট ও একটি মাত্র আউটপুট থাকে।

লজিক গেটকে মূলত দুটি ভাগে ভাগ করা যায়। যথা: ০১. মৌলিক গেট ০২. যৌগিক গেট।

◈ **মৌলিক গেট:** এ গেইটগুলো এককভাবে গাণিতিক অপারেশন সম্পাদন করতে পারে। **তিন প্রকার মৌলিক গেট:**

i. অর গেট (OR Gate) যৌক্তিক যোগের জন্য। ii. অ্যান্ড গেট (AND Gate) যৌক্তিক গুনের জন্য। iii. নট গেট (NOT Gate) যৌক্তিক পূরকের জন্য।

◈ **যৌগিক গেট:** এ গেটগুলো এক বা একাধিক গেটের সমন্বয়ে তৈরী হয়। তিনটি মৌলিক গেটের সমন্বয়ে চারটি যৌগিক গেট ব্যবহার করা হয়। এগুলো হলো-

- ন্যান্ড গেট (NAND Gate). AND ও NOT গেটের সন্বয়ে তৈরী
- নর গেট (NOR Gate). OR গেটের ও NOT গেটের সন্বয়ে তৈরী

} সার্বজনীন গেট

- এক্স-নর গেট (X-NOR Gate)
- এক্স-অর গেট (X-OR Gate)

} বিশেষ গেট

◈ **লজিক গেটের ডি-মরগ্যানের তত্ত্ব:** ফরাসি বিজ্ঞানী ডি মরগান (De Morgan) দুটি বিশেষ গাণিতিক উপপাদ্য আবিষ্কার করেন। সেগুলি তাঁর নাম অনুসারে ডি মরগ্যান উপপাদ্য নামে পরিচিত।

- **উপপাদ্য-১:** A ও B ইনপুট সিগনালের জন্য একটি NOR গেটের আউটপুট সিগনাল, $\overline{A}$ ও $\overline{B}$ ইনপুট সিগনালের জন্য একটি AND গেটের আউটপুট সিগনালের সমান হয়। অর্থাৎ $\overline{A+B} = \overline{A}.\overline{B}$
- **উপপাদ্য-২:** A ও B ইনপুট সিগনালের জন্য একটি NAND গেটের আউটপুট সিগনাল, $\overline{A}$ ও $\overline{B}$ ইনপুট সিগনালের জন্য একটি OR গেটের আউটপুট সিগনালের সমান। অর্থাৎ $\overline{A.B} = \overline{A} + \overline{B}$

◈ NOT গেটের ক্ষেত্রে ইনপুট হাই হলে আউটপুট লো হয়।

◈ কার্বন হলো অন্তরক পদার্থ।

◈ AND গেটের সকল ইনপুট 1 হলেই আউটপুট কেবলমাত্র 1 হয়।

- বাইনারি পদ্ধতিতে চার ডিজিটের সর্বোচ্চ 15 টি নাম্বার দেওয়া যাবে।
- অর্ধপরিবাহীর আপেক্ষিক রোধ 10^{-4} Ω-m ক্রমের।
- রাবার, জার্মেনিয়াম, সিলিকন, তামা এর মধ্যে রাবারের আপেক্ষিক রোধ বেশি।
- পরিবাহী,অর্ধপরিবাহী, অন্তরকের মধ্যে অর্ধপরিবাহীর আপেক্ষিক রোধ মাঝামাঝি।
- ট্রানজিস্টর আবিষ্কারের জন্য 1956 সালের নভেম্বরে ব্রাইটেন নোবেল পুরস্কার পান।
- ট্রানজিস্টর বায়াসিং এ বেস এমিটার সম্মুখ ঝোঁক এবং কালেক্টর এমিটার বিপরীতে ঝোঁকে সংযোগ দেওয়া হয়।

Mode	Emitter-Base জাংশন	Collector-Base জাংশন	ব্যবহার		
Active	Forward	Reverse	Amplifier (বিবর্ধক)		
Cut off	Reverse	Reverse	Open Circuit ($\propto \Omega$)	Off	logical Switch
Saturation	Forward	Forward	Short Circuit (0 Ω)	On	
Reverse Active	Reverse	Forward	Degraded-Performance বা সিগন্যালের হ্রাস করা।		

- এক নজরে কিছু সূত্রাবলীঃ

$I_E = I_B + I_C$ $\quad \alpha = \frac{I_C}{I_E} = \frac{I_E - I_B}{I_E} = 1 - \frac{I_B}{I_E}$ $\quad \alpha = \frac{\beta}{1+\beta}$

$\beta = \frac{I_C}{I_B} = \frac{I_E - I_E}{I_B} = \frac{I_E}{I_B} - 1$ $\quad \beta = \frac{\alpha}{1-\alpha}$

$\alpha < 1$	0.99	0.98	0.97	0.96	0.95
$\beta > 1$	99	49	32	24	19

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. একটি সেমিকন্ডাক্টরের তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে- [JU-A, Set-G: 2022-23]

A. পরিবাহিতা বৃদ্ধি পায় B. প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়
C. পারমাণবিক সংখ্যা হ্রাস পায় D. তাপমাত্রার গুণাঙ্ক শূন্য হয়ে যায়

SAWhy একটি সেমিকন্ডাক্টরের তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে পরিবাহিতা বৃদ্ধি পায়। কারণ, $R = R_0(1 + \alpha\Delta\theta)$ সূত্রে উষ্ণতা সহগ, α এর মান ঋণাত্মক। ফলে তাপমাত্রা বৃদ্ধি পেলে অর্ধপরিবাহীর রোধ কমতে থাকে এবং তড়িৎপ্রবাহ বৃদ্ধি পেতে থাকে। এছাড়াও অর্ধ পরিবাহী পদার্থে তাপীয় উত্তেজনা, আলোকসম্পাত, তড়িৎ ক্ষেত্র প্রভৃতি প্রয়োগ করে তড়িৎ প্রবাহ বৃদ্ধি করা যায়।

02. বিশুদ্ধতম আকারে একটি অর্ধপরিবাহীকে বলা হয়- [JU-A, Set-H: 2022-23]

A. অন্তরক B. সুপারকন্ডাক্টর
C. সহজাত অর্ধপরিবাহী D. বহির্জাত অর্ধপরিবাহী

SCWhy বিশুদ্ধতম অর্ধপরিবাহী পর্যায় সারণীর ৪র্থ সারির পরমাণু কেলাসসমূহ। এদের বলা হয় Intrinsic/অন্তর্জাত/সহজাত অর্ধপরিবাহী। উদাহরণ, S, Si, Ge, Pb, Sn।

03. কক্ষ তাপমাত্রায় সহজাত বা ইন্ট্রিনজিক অর্ধপরিবাহীতে বিদ্যুৎ পরিবহনের জন্য থাকবে- [JU-A, Set-N: 2022-23]

A. ইলেকট্রন B. হোল
C. ইলেকট্রন এবং হোল উভয়ই D. কোনটিই নয়

SAWhy কক্ষ তাপমাত্রায় সহজাত (Intrinsic) বা বিশুদ্ধ অর্ধপরিবাহীতে শুধুমাত্র ইলেকট্রন ও প্রোটন থাকে। অবিশুদ্ধ অর্ধপরিবাহীতে ডোপিং এর দরুন কেলাসে ফাঁকা স্পেস তৈরি হয় যা হোল মূলত। ফলশ্রুতিতে Extrinsic ও Intrinsic Semiconductor এ electron ও hole উভয়ে উপস্থিত থাকলেও তড়িৎপরিবাহক হিসেবে শুধু electron-ই থাকবে।

04. পশ্চাৎ বায়াস বৃদ্ধির সাথে, পি-এন ডায়োডে বিপরীত তড়িৎ প্রবাহ- [JU-A, Set-

A. বাড়ে B. ধ্রুবক
C. কমে D. দ্বিঘাতের বিপরীত হিসাবে

SAWhy পশ্চাৎ বায়াস বা রিভার্স বায়াস বৃদ্ধির সাথে সাথে ছিড়ে বা ভেঙ্গে যায়। যার ফলে পি-এন ডায়োডটি পরিবাহীর মত অর্থাৎ তড়িৎ প্রবাহ বৃদ্ধি পায়।

05. নিম্নলিখিত উপাদানগুলির মধ্যে কোনটি সিলিকন এবং জার্মেনিয়ামের সারণির একই গ্রুপের সাথে যুক্ত- [JU-A, Set-

A. ফসফরাস B. কার্বন
C. সোডিয়াম D. বোরন

SBWhy পর্যায় সারণীর ৪র্থ সারির পরমাণু কেলাস অর্ধপরিবাহী হিসেবে কাজ করে। উদাহরণঃ C, Si, Ge, Pb, Sn, সালফাইড।

06. নিচের কোনটি সেমিকন্ডাক্টরের বাইরে থাকতে পারে না? [JU-A, Set-

A. হোল B. ইলেক্ট্রন
C. A এবং B উভয় D. উপরের কেউই না

SCWhy **P-type semiconductor:** হোলের পরিমাণ বেশি, পরিমাণ কম।

n-type semiconductor: হোলের পরিমাণ বেশি। ইলেকট্রনের অর্থাৎ ইলেকট্রন এবং হোল উভয়ই সেমিকন্ডাক্টরের বাইরে থাকতে পারে

07. অর্ধপরিবাহীতে গরিষ্ঠ আধান বাহক কোনটি? [JU.A. Set-

A. n-টাইপে হোল ও p-টাইপে ইলেকট্রন B. n-টাইপে ইলেকট্রন ও p-টা
C. n-টাইপ ও p-টাইপে উভয়েই ইলেকট্রন D. n-টাইপে ও p-টাইপে উ

SBWhy বিশুদ্ধ অর্ধপরিবাহীতে সমান সংখ্যক হোল এবং ইলে কিন্তু p-type এ গরিষ্ঠ বাহক : হোল
n-type " " " : ইলেকট্রন

08. অ্যামপ্লিফায়ারের ভোল্টেজ গেইন পেতে হলে- [JU.A. Set-

A. নিঃসারক-ভূমি জাংশন সম্মুখী ঝোঁক এবং সংগ্রাহক-ভূমি জাংশন
B. নিঃসারক-ভূমি জাংশন বিমুখী ঝোঁক এবং সংগ্রাহক-ভূমি জাংশন
C. নিঃসারক-ভূমি জাংশন সম্মুখী ঝোঁক এবং সংগ্রাহক-ভূমি জাংশন
D. কোনটিই নয়

SAWhy অ্যামপ্লিফায়ারের ভোল্টেজ গেইন পেতে হলে ইমিটার কে ফরোয়ার্ড এ রাখতে হয়।

Emitter Base	Collector Base	কাজের
ফরোয়ার্ড	রিভার্স	Activ
রিভার্স	ফরোয়ার্ড	Inverse
রিভার্স	রিভার্স	Cut
ফরোয়ার্ড	ফরোয়ার্ড	সম্পৃ

09. রেক্টিফায়ার হিসাবে ডায়োড কোন ধরনের রূপান্তর করে- [JU.A. Set-

A. এসি থেকে ডিসি B. অস্থির ডিসি থেকে স্থির ডি
C. ডিসি থেকে এসি D. উচ্চ বিভব থেকে নিম্ন বিভ

SAWhy ডায়োডঃ ২টি তড়িৎ দ্বার থাকে। যথা- ১. ক্যাথোড ২.

ডায়োডের বর্তনী প্রতীক	এবং ব্লক চিত্র
p → n	p | n

ব্যবহারঃ (১) রেকটিফায়ার বা একমুখীকরণ যেমন, AC কে DC ডিটেকশন- বেতার ও টিভির সিগন্যাল ডিটেক্টর।

10. অর্ধপরিবাহী ডায়োডকে কি হিসেবে ব্যবহার করা হয়? [JU.A. Set-


A. অ্যামপ্লিফায়ার B. ট্রানজিস্টর
C. রেকটিফায়ার D. কোনটিই নয়

SCWhy (i) অর্ধ-পরিবাহী ডায়োডঃ রেকটিফায়ার বা একমুখী কারক
(ii) ট্রানজিস্টরঃ অ্যামপ্লিফায়ার বা বিবর্ধক হিসেবে।

. p-n জাংশনের সংযোগ স্থলে ডিপ্লেশন স্তরের সৃষ্টির কারণ- [JU.A. Set-Q. 2021-22]

A. হোলের তাড়ণ B. ইলেক্ট্রনের তাড়ণ
C. আধান বাহকের ব্যাপন D. অপদ্রব আয়ন


S C Why আধান বাহকের ব্যাপনের ফলে:
• সম্মুখী বায়াসে: ডিপ্লেশন স্তর হ্রাস পায়।
• বিপরীত বায়াসে: ডিপ্লেশন স্তর বৃদ্ধি পায়।



. একটি ট্রানজিস্টরের মাঝের অর্ধপরিবাহী P-টাইপের হলে, নিচের কোন ট্রানজিস্টরটি সঠিক? [JU.A. Set-F, O. 2021-22]

A. FET B. PNP
C. BJT D. কোনোটিই নয়


S C Why



. সাধারণ নিঃসারক বিবর্ধক বর্তনী জন্য ইনপুট ও আউটপুট যথাক্রমে- [JU.A. Set-M. 2021-22]

A. V_{be} ও V_{ce} B. V_{ce} ও V_{bc}
C. V_{cc} ও V_{ce} D. কোনটিই নয়

S A Why সাধারণ নিঃসারক (common emitter, CE):
Input voltage: V_{be}
Output voltage: V_{ce}



. একটি ট্রানজিস্টরে কয়টি p-n জাংশন রয়েছে? [JU.A. Set-O. 2021-22]

A. দুইটি B. তিনটি
C. চারটি D. একটি

S A Why একটি ট্রানজিস্টরে দুইটি জাংশন এবং তিনটি টার্মিনাল থাকে।

. নিচের কোনটি ট্রানজিস্টর বর্তনীর মৌলিক বিন্যাস নয়? [JU.A. Set-M. 2021-22]

A. সাধারণ পীঠ বিন্যাস B. সাধারণ নিঃসারক বিন্যাস
C. সাধারণ সংগ্রাহক বিন্যাস D. সাধারণ ক্যাথোড বিন্যাস

S D Why ট্রান্সজিস্টরের মৌলিক বিন্যাস ৩টি:
i. সাধারণ পীঠ বিন্যাস (Common Base)
ii. সাধারণ নিঃসারক বিন্যাস (Common Emitter)
iii. সাধারণ সংগ্রাহক বিন্যাস (Common Collector)

. 3B9 হেক্সাডেসিমাল সংখ্যার বাইনারী সংখ্যাটি কী? [JU.A. Set-F. 2021-22]

A. 001110111001 B. 100110110011
C. 100110111100 D. 110011011001

S A Why $(3B9)_{16} = (953)_{10} = (001110111001)_2$

. নিচের কোনটি ডেসিমাল 874-এর বাইনারী কোডেড ডেসিমাল- [JU.A. Set-I. 2021-22]

A. 1000011110100 B. 1000111100
C. 111101010 D. সবকটিই ঠিক

S Why

Decimal		BCD
8	⟶	1000
7	⟶	0111
4	⟶	0100
874	=	1000 0111 0100

18. 11001.011 বাইনারী সংখ্যাটি দশমিকে কত হবে? [JU.A. Set-M. 2021-22]

A. 13.375 B. 13.875
C. 25.375 D. 25.875

S C Why

1	1	0	0	1	0.011
(16)	(8)	4	2	(1)	$= 0\times2^{-1}+1\times2^{-2}+1\times2^{-3}$
25					$= 0 + 0.25 + 0.125 = 0.375$

$(11001.011)_2 = (25.375)_{10}$

19. 137_{10} কে BCD এবং বাইনারীতে নির্দেশ করতে যথাক্রমে কত বিট প্রয়োজন? [JU.A. Set-Q. 2021-22]

A. 12 ও 8 বিট B. 8 ও 12 বিট
C. 12 ও 12 বাইট D. সবকটিই ঠিক

S A Why BCD এর পূর্ণরূপ হলো 'Binary Coded Decimal' ডেসিমেল সংখ্যার প্রতিটি অঙ্ককে (0 থেকে ৯ পর্যন্ত) সমতুল্য চার-বিট বাইনারি দ্বারা প্রতিস্থাপন করার পর প্রাপ্ত কোডকে BCD কোড বলে। BCD কোড কোন সংখ্যা পদ্ধতি নয়। এটি সাধারণ ডেসিমেল সংখ্যার প্রতিটি অঙ্ককে বাইনারিতে এনকোড করার পদ্ধতি।137_{10} কে বাইনারিতে রূপান্তর করলে 8 বিট হয়। এবং BCD তে রূপান্তর করলে 12 বিট হয়। $(137)_{10} = (10001001)_2$

20. AND গেইট কোন কাজটির জন্য ব্যবহার করা হয়? [JU.A. Set-O. 2021-22]

A. লজিক্যাল যোগ B. লজিক্যাল গুণ
C. লজিক্যাল ভাগ D. কোনোটিই নয়

S B Why AND গেইট: লজিক্যাল গুণের কাজ করে।
• OR গেইট: লজিক্যাল যোগের কাজ করে।
• NOT গেইট: লজিক্যাল বিপরীত কাজ করে।

21. একটি সিলিকন ট্রানজিস্টরের ইনপুট রোধ 200 Ω। ভূমি প্রবাহ $I_B = 30\ \mu A$ পরিবর্তন করলে, সংগ্রাহক প্রবাহে পরিবর্তন 3.0 mA হয়। ওই ট্রানজিস্টরের লোড রোধ, $R_L = 5\ K\Omega$ হলে, অ্যামপ্লিফায়ারটির ভোল্টেজ বিবর্ধন কত হবে? [JU-H, Set-A. 20-21]

A. 1250 B. 2500
C. 4000 D. 5000

S B Why $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{3\times10^{-3}}{30\times10^{-6}} = 100$

$\therefore$ অ্যামপ্লিফায়ারটির ভোল্টেজ বিবর্ধন, $A_v = \beta\times\frac{R_L}{R_{in}} = 100\times\frac{5000}{200} = 2500$

22. কোনো p – n জাংশনে 0.2V বিভব পার্থক্য পরিবর্তনের জন্য 5mA 05. সম্মুখী ঝোঁকের ক্ষেত্রে সংযোগ দেয়ার পর p-n জাংশন ডায়োডে একটি নির্দিষ্ট মান অতিক্রম করার পর তড়িৎপ্রবাহ বাড়তে থাকে। এই মানটির নাম- [JU-A, Set-D. 19-20]

A. সুচক বিভব B. লিকেজ প্রবাহ
C. জেনার বিভব D. কোনটিই নয়

S A Why সূচক বা অপারেটিং ভোল্টেজ: সেমিকন্ডাক্টরের অভ্যন্তরীণ বিভব প্রাচীর ভোল্টেজকে অপারেটিং ভোল্টেজ বলে। এ সময় পর্যন্ত কারেন্ট ও ভোল্টেজের বৃদ্ধি সমানুপাতিক হয়।
জেনার বিভব: যে ভোল্টেজের জন্য বিমুখী ঝোঁকে হঠাৎ করে তড়িৎ প্রবাহ পাওয়া যায় তাকে জেনার বিভব বলে। এ ক্রিয়াকে জেনার ক্রিয়া বলে।

23. বুলিয়ান ফাংশন F = (A + B) (A + C) হলে, F এর সরলীকৃত মান কোনটি? [JU. 2018-19]

A. AB + C B. A + BC
C. AC + B D. B + AC

S B Why F = (A + B) (A + C) = A + AB + AC + BC
= A (1 + B + C) + BC = A.1 + BC = A + BC

24. নিচের কোন গেইটটি AND এবং NOT গেইটের সমন্বয়ে তৈরি? [JU. 2018-19]

A. NOR B. NAND
C. X-OR D. OR

Ans B

25. 4C এর সমকক্ষ বাইনারী সংখ্যা কোনটি? [JU. 2018-19]
A. $(11001100)_2$ B. $(01001100)_2$
C. $(01001010)_2$ D. $(01001101)_2$ **Ans B**

26. ডেসিমেল $(0.046875)_{10}$ কে অক্টালে রূপান্তর করলে এর মান কত হবে? [JU. 2018-19]
A. $(0.03)_8$ B. $(0.06)_8$
C. $(0.09)_8$ D. $(0.05)_5$

S A Why

0.046875

	× 8
0	.375
	× 8
3	.00

$(0.03)_8$

27. অর্ধপরিবাহক ডায়োডকে সমমুখী বায়াস করলে নিম্নোক্ত স্তর- [JU: 2017-18]
A. হ্রাস পায় B. একই থাকে
C. বৃদ্ধি পায় D. বিলুপ্ত হয় **Ans D**

28. কোন গেইটটি OR এবং NOT গেইট দিয়ে তৈরী? [JU: 2017-18]
A. NAND B. X-OR
C. NOR D. OR **Ans C**

29. ক্রিকেট খেলায় ব্যবহার হয় ইলেক্ট্রনিক স্কোর বোর্ড ডিসপ্লে সাধারণতঃ কি ধরনের অর্ধপরিবাহী দিয়ে তৈরী? [JU: 2017-18]
A. ট্রানজিস্টর B. আলো নিঃসরক ডায়োড
C. সৌরকোষ D. ফিল্ডফেক্ট ট্রানজিস্টর **Ans B**

30. ট্রুথ টেবিলের মাধ্যমে কোন গণিতের শাখার যথার্থতা প্রমাণ করে- [JU: 2016-17]
A. পিথাগোরাসিয় জ্যামিতি B. বুলিয়ান জ্যামিতি
C. বুলিয়ান বীজগণিত D. বীজগণিত **Ans C**

31. $(1011)_2$এর ডেসিমাল কত? [JU. 2016-17]
A. 1010 B. 11
C. 100 D. 10

S B Why $(1011)_2 = (1\times2^3+0\times2^2+1\times2^1+1\times2^0)_{10} = (11)_{10}$

32. $(110101101100)_2$ বাইনারি সংখ্যাটির সমতুল্য হেক্সাডেসিমাল সংখ্যা হবে- [JU: 2015-16]
A. $6CD_{16}$ B. $D6C_{16}$
C. $C6D_{16}$ D. কোনটিই নয়

S B Why $(110101101100)_2$

$\frac{1101}{D} \quad \frac{0110}{6} \quad \frac{1100}{C} = (D6C)_{16}$

33. একটি ট্রানজিস্টরের কারেন্ট গেইন $\alpha = 0.5$ এবং ইমিটার কারেন্ট $I_E = 2mA$ হলে বেস কারেন্ট I_B কত? [JU. 2014-15]
A. 4 mA B. 2 mA
C. 0.5 mA D. 1 mA

S D Why $\alpha = \frac{I_C}{I_E} = \frac{I_E - I_B}{I_E} \Rightarrow I_B = I_E - \alpha I_E = 2 - 0.5 \times 2 = 2 - 1 = 1mA$

34. কোন ট্রানজিস্টারের $\Delta I_B = 0.03mA$ এবং $\Delta I_C = 1mA$ হলে এর প্রবাহ লাভ β কত? [JU. 2013-14; 2007-08]
A. 0.5 B. 5
C. 500 D. 33.33

S D Why প্রবাহ লাভ, $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{1\times10^{-3}}{0.03\times10^{-3}} = 33.33$

35. কোন ট্রানজিস্টারে $\Delta I_B = 0.02mA$ এবং $\Delta I_C = 2mA$ হলে এ প্রবাহ লাভ β কত? [JU. 2013-14]
A. 0.5 B. 500
C. 5 D. 100

S D Why $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{2\times10^{-3}}{0.02\times10^{-3}} = \frac{2}{0.02} = 100$

36. তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে অর্ধপরিবাহী পদার্থের রোধহ্রাস পায় এই [illegible] ভিত্তি করে যে থার্মোমিটার তৈরী করা হয় তাকে বলে [JU: 2]
A. Resistance thermometer B. Thermocouple
C. Thermistor D. Thermoresistor

37. ট্রানজিস্টর এর সাধারণ পীঠ সংযোগ রয়েছে। এর নিঃসরক প্রবাহ [illegible] এবং পীঠ প্রবাহ 0.05 mA। প্রবাহ বিবর্ধন গুণক α বের কর। [JU. 2]
A. 1 B. 2
C. 17 D. 0.94

S D Why $\alpha = \frac{I_E - I_B}{I_E} = \frac{0.86 - 0.05}{0.86} = 0.94$

38. কোন একটি ট্রানজিস্টরের নিঃসরক ও পীঠ প্রবাহ যথাক্রমে $5 \times$ [illegible] 1×10^{-4}A হলে এর বিবর্ধন গুনক কত? [JU: 2]
A. 1 B. 10
C. 0.1 D. কোনটিই নয়

S D Why $I_E = 5\times10^{-4}, I_B = 1\times10^{-4}$

$I_C = I_E - I_B = 4\times10^{-4}; \ \alpha = \frac{I_C}{I_E} = \frac{4\times10^{-4}}{5\times10^{-4}} = 0.8$

39. Ge জাংশন ডায়োডের প্রারম্ভের বিভব হলো v- [JU: 2]
A. 0.7 B. 0.4
C. 0.5 D. 0.3

40. ট্রানজিস্টরের সার্কিট সংযোগের বেলায় কোনটি বহুল ব্যবহৃত? [JU: 2]
A. কালেক্টর-বেজ B. কালেক্টর-কালেক্টর
C. কালেক্টর-ইমিটার D. A ও C

41. অ্যামপ্লিফায়ার হিসাবে ব্যবহার করা হয়? [JU: 2010-11, KU: 2012-13, KUET: 2]
A. ডায়োড B. LED
C. ট্রানজিস্টর D. সবকটি সঠিক

42. তড়িৎ পরিবাহীর উদাহরণ হিসেবে নীচের কোন্‌টি সঠিক? [JU: 2]
A. লোহা, তামা ও মোম B. লোহা, সোনা ও গন্ধক
C. মাটি ক্ষার ও মানবদেহ D. তামা, সোনা ও কাঠ

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রতিটি যাচাই করে নাও)

01. P-টাইপ অর্ধপরিবাহী তৈরীতে বিশুদ্ধ জার্মেনিয়াম বা সিলিকনের [illegible] মেশানো হয়?
Ⓐ 3 যোজী মৌল Ⓑ 5 যোজী মৌল
Ⓒ বিশুদ্ধ অর্ধপরিবাহী Ⓓ কিছুই মেশানোর প্রয়োজন [illegible]

02. একমুখী বিদ্যুৎ প্রবাহের (DC) কম্পাঙ্ক কত?
Ⓐ 100 Hz Ⓑ 20 Hz
Ⓒ 0 Hz Ⓓ 10^4 Hz

03. যেসব মৌলের পারমাণবিক সংখ্যা অভিন্ন কিন্তু ভরসংখ্যা ভিন্ন তাদেরকে কি ক[illegible]
Ⓐ আইসোটোপ Ⓑ আইসোটোন
Ⓒ আইসোবার Ⓓ আইসোমার

04. নিম্নের কোনটি অর্ধপরিবাহী?
Ⓐ Al Ⓑ C
Ⓒ Cu Ⓓ Ag

05. তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে কোনটির বিদ্যুৎ পরিবাহীতা বাড়ে?
Ⓐ Al Ⓑ Fe
Ⓒ Ag Ⓓ Si


06. তড়িৎ প্রবাহকে একমুখীকরণে ব্যবহৃত ব্যবহৃত হয়–
Ⓐ ডায়োড Ⓑ ট্রানজিস্টর
Ⓒ রোধ Ⓓ অ্যামপ্লিফায়ার

07. সাধারণ ইমিটার বর্তনীতে অন্তর্গামী ও বহির্গামী সংকেতের দশা পার্থক্য কত?
Ⓐ 0° Ⓑ 180°
Ⓒ 90° Ⓓ 45°

08. নিম্নের কোনটি ট্রানজিস্টরের সুবিধা নয়?
Ⓐ এটি আকারে খুব ছোট Ⓑ এর ক্রিয়া তাৎক্ষণিক
Ⓒ এটি উষ্ণতার খুব সুগ্রাহী Ⓓ এটি খুব সামান্য বিভবে কাজ করে

09. ডেসিমেল $(25)_{10}$ এর বাইনারি মান হলো–
Ⓐ $(10011)_2$ Ⓑ $(1000110)_2$
Ⓒ $(11001)_2$ Ⓓ $(11011)_2$

10. 8 বিট (4 bits) নাম্বারে সর্বোচ্চ সংখ্যা কত?
Ⓐ 16 Ⓑ 8
Ⓒ 4 Ⓓ 64

11.  লজিক বর্তনীতে আউটপুট =?
Ⓐ AB Ⓑ $\bar{A}\,\bar{B}$
Ⓒ A + B Ⓓ $\overline{A + B}$

12. একটি NAND গেইট এর বুলিয়ান বীজগণিত কোনটি?
Ⓐ A + B = y Ⓑ $\overline{A+B} = Y$
Ⓒ $\overline{A.B} = Y$ Ⓓ A.B = Y

13. কোনটি সার্বজনীন লজিক গেইট?
Ⓐ NOT Ⓑ NAND
Ⓒ OR Ⓓ AND

14. De-Morgan's Law অনুসারে $\left(\overline{A.B}\right)$ এর জন্য কোনটি সঠিক?
Ⓐ $\bar{A} \cap \bar{B}$ Ⓑ $\bar{A} + \bar{B}$
Ⓒ $\left(\overline{A - B}\right)$ Ⓓ $\bar{A} \cup \bar{B}$

15. একটি কমন এমিটার ট্রানজিস্টারের $\beta = 100$ এবং $I_B = 50\mu A$ হলে α কত?
Ⓐ 1.01 Ⓑ 0.99
Ⓒ 1.00 Ⓓ 1.10

16. একটি ট্রানজিস্টারের বিবর্ধন গুণাংক 0.875 এবং নিঃসারক প্রবাহ 8mA হলে সংগ্রাহক প্রবাহ কত?
Ⓐ 5mA Ⓑ 7mA
Ⓒ 9mA Ⓓ 0.7mA

17. একটি ট্রানজিস্টরের $\Delta I_B = 0.02mA$ এবং $\Delta I_C = 1mA$ হলে তড়িৎ প্রবাহের গেইন β-এর মান কত?
Ⓐ 50 Ⓑ 0.5
Ⓒ 0.02 Ⓓ 0.2

18. একটি ট্রানজিস্টরের কমন বেস সার্কিট এমিটার কারেন্ট 10 μA থেকে 150 μA এ উন্নীত করার কালেক্টরের কারেন্টট 98 μA থেকে 147 μA উন্নীত করা হল। কারেন্ট গেইন নির্ণয় কর।
Ⓐ 50 Ⓑ 45
Ⓒ 49 Ⓓ 48

19. একটি p-n জাংশনের রোধ 40 Ω 0.2v বিভব পার্থক্য পরিবর্তনের জন্য বিদ্যুৎ প্রবাহের পরিবর্তন কত হবে?
Ⓐ 7mA Ⓑ 5mA
Ⓒ 8mA Ⓓ 9mA

20. একটি p-n জংশনে 0.9V বিভব পার্থক্যের জন্য 10mA বিদ্যুৎ প্রবাহ এবং 1.1V বিভব পার্থক্যের জন্য 15mA বিদ্যুৎ প্রবাহ পাওয়া গেল। জাংশনের রোধ কত?
Ⓐ 30Ω Ⓑ 25Ω
Ⓒ 40Ω Ⓓ 15Ω

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	A	p-type অর্ধপরিবাহী মনে রাখার কৌশল: বাবা এল গেল ইন্ডিয়া থাইলেন্ড / B Al Ga In Th. ত্রিযোজী মৌল: B, Al, Ga, In, Th (p-type)
02	C	একমুখী বিদ্যুৎ প্রবাহের কম্পাঙ্ক = 0 Hz এবং পর্যায়কাল অসীম।
03	A	ভর সংখ্যা অভিন্ন → আইসোবার নিউট্রন সংখ্যা অভিন্ন → আইসোটোন।
04	B	জার্মেনিয়াম, সিলিকন, কার্বন, ক্যাডমিয়াম সালফাইড, গ্যালিয়াম আর্সেনাইড ইত্যাদি অর্ধপরিবাহী পদার্থ।
05	D	Si ও Ge এর তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে তড়িৎ পরিবাহীতা বাড়ে।
06	A	ডায়োডের চিহ্ন হচ্ছে ⟶| যা তড়িৎ প্রবাহকে একমুখী করে।
07	B	সাধারণ ইমিটার বর্তনীতে অন্তর্গামী ও বহির্গামী সংকেতের দশা পার্থক্য 180°।
08	C	ট্রানজিস্টরের অসুবিধা: (1) এটি উষ্ণতার খুব সুগ্রাহী (2) এটি খুব কম শক্তি দেয়।
09	C	⑯ ⑧ 4 2 ① / 1 1 0 0 1. $(25)_{10} = (11001)_2$
10	A	n বিট নম্বরে সর্বোচ্চ সংখ্যা 2^n ∴ 4 বিট নম্বরে সর্বোচ্চ সংখ্যা $2^4 = 16$ টি।
11	C	$\overline{(\overline{A+B})} + \overline{(\overline{A+B})} = \overline{\overline{A+B}}\,.\,\overline{\overline{A+B}} = (A+B)$
12	C	$A + B = y$ → OR gate $\overline{A+B} = Y$ → NOR gate $\overline{A.B} = Y$ → NAND gate $A.B = Y$ → AND gate
13	B	সার্বজনীন লজিক গেইট দুইটি। যথা- (১) NOR গেট, (২) NAND গেট। কারণ NAND, NOR দিয়ে AND, OR, NOT তৈরি করা যায়।
14	B	De-Morgan's Law: • $\overline{A.B} = \bar{A} + \bar{B}$ • $\overline{A+B} = \bar{A}.\bar{B}$
15	B	$\beta = \frac{\alpha}{1-\alpha}$ বা, $100 = \frac{\alpha}{1-\alpha}$ বা, $\alpha = \frac{100}{101} = 0.99$
16	B	$\alpha = \frac{I_C}{I_E} \Rightarrow I_C = \alpha \times I_E = 0.875 \times 8 = 7mA$
17	A	তড়িৎ প্রবাহের গেইন, $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{1}{0.02} = 50$
18	C	$\Delta I_E = \Delta I_B + \Delta I_C$ $\Rightarrow (150 - 100) = \Delta I_B + (147 - 98)$ $\Rightarrow \Delta I_B = (50 - 49) = 1\mu A$ ∴ Current gain, $\beta = \frac{\Delta I_C}{\Delta I_B} = \frac{49}{1} = 49$
19	B	$R = \frac{\Delta v}{\Delta I}$ $\Rightarrow \Delta I = \frac{\Delta v}{R} = \frac{0.2}{40} = 5mA$
20	C	জংশনের গতীর রোধ, $R = \frac{\Delta V}{\Delta I}$ $\Rightarrow R = \frac{1.1 - 0.9}{(15-10)\times 10^{-3}} = \frac{0.2 \times 10^3}{5} = 0.2 \times 200 = 40\,\Omega$

প্রথম পত্র অধ্যায়: ০২

গুণগত রসায়ন

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	পরমাণুর মৌলিক কণিকা	★
TOPIC-02	পারমাণবিক মতবাদ ও পরমাণুর মডেলসমূহ	★
TOPIC-03	ISO (আইসো) সম্পর্কিত	★★
TOPIC-04	কোয়ান্টাম সংখ্যা	★★★
TOPIC-05	অরবিট ও অরবিটাল সম্পর্কিত	★★
TOPIC-06	ইলেকট্রন বিন্যাস ও কয়েকটি নীতি	★★★
TOPIC-07	বর্ণালীমিতি	★★★
TOPIC-08	দ্রাব্যতা ও দ্রাব্যতার গুণফল	★★★
TOPIC-09	আয়ন শনাক্তকরণ ও গ্রুপ বিকারক	★★

সাজানো সব তথ্য | কুইক রিভিশন | AT A GLANCE

- বোরের পরমাণু মডেলের ভিত্তি – প্লাংকের কোয়ান্টাম তত্ত্ব।
- জাল টাকা শনাক্ত করার জন্য তরঙ্গ দৈর্ঘ্যের UV রশ্মি ব্যবহৃত হয় 230-375nm
- অজৈব লবণ গ্রুপ বিশ্লেষণে গ্রুপ II এর বিকারক হচ্ছে – $HCl + H_2S$
- পটাশিয়াম এর শিখা পরীক্ষায় প্রাপ্ত বর্ণ হল –বেগুণী
- ক্লোরোফরমের বিশুদ্ধতা যাচাইয়ে $AgNO_3$ যৌগটি যোগ করে সাদা অধ:ক্ষেপ পাওয়া যায়
- পাসপোর্ট শনাক্তকরণ মেশিনে ব্যবহৃত হয় – UV-রশ্মি
- মস্তিষ্কের টিউমার নির্ণয়ে সর্বাধিক ব্যবহৃত হয়- MRI
- ফসফিন (PH_3) হলো মূলত – ক্ষার
- আলফা কণা ও ডিউটেরন কনা হলো - কম্পোজিট কণা
- নিউক্লিও চুল্লিতে পারমাণবিক বিক্রিয়া নিয়ন্ত্রণে ব্যবহার করা হয় – বোরন
- প্রোটিন বিশ্লেষণে 270-360 nm তরঙ্গদৈর্ঘ্যের অতিবেগুনী রশ্মি ব্যবহৃত হয়।
- পরমাণুতে অরবিটালের ধারণা কোয়ান্টাম বলবিদ্যা থেকে পাওয়া যায়।
- হাইড্রোজেন পরমাণুতে কোনো নিউট্রন নেই।
- Far-IR রশ্মি বা FIR এর রয়েছে রোগ আরোগ্য করার অধিক ক্ষমতা।
- আয়নিক যৌগের শক্তি ও স্থায়িত্ব $\propto \frac{1}{\text{অ্যানায়নের আকার}}$।

❐ ISO সম্পর্কিত তথ্য:

বিষয়	আইসোটোপ	আইসোবার	আইসোটোন	আইসোইলেকট্রনিক/সমরূপতা
তর সংখ্যা	বিভিন্ন	একই	বিভিন্ন	ইলেকট্রন সংখ্যা সমান
পারমাণবিক সংখ্যা	একই	বিভিন্ন	বিভিন্ন	
নিউট্রন সংখ্যা	বিভিন্ন	বিভিন্ন	একই	
পরমাণু	একইমৌলের পরমাণু	ভিন্ন মৌলের পরমাণু	ভিন্ন মৌলের পরমাণু	
মনে রাখার ট্রিক্স	শেষ বর্ণ 'প'	শেষ বর্ণ 'বার'	শেষ বর্ণ 'ন'	

❐ চিকিৎসা বিজ্ঞানে আইসোটোপের ব্যবহার:

- $^{131}_{53}$I-টিউমার এর অবস্থান ও আয়তন এবং থাইরয়েড গ্রন্থির বৃদ্ধি জনিত চিকিৎসা।
- $^{60}_{27}$Co- ক্যান্সার আক্রান্ত কোষ ধ্বংস করা।
- C-14 dating- জীবাশ্মের বয়স তথা পৃথিবীর আনুমানিক বয়স নির্ণয় করা যায়।
- U- 238: পাথরের বয়স নির্ণয়।

❐ অরবিটালের প্রাথমিক তথ্য:

l এর মান	উপস্তরের নাম	আকার/আকৃতি
0	s	গোলক আকার (ফুটবল)
1	p	ডাম্বেলাকৃতির
2	d	ডাবল ডাম্বেল
3	f.	অত্যন্ত জটিল

❐ d-অরবিটালের আকৃতি: *d*- অরবিটালের ৫ প্রকার ত্রি-মাত্রিক বিন্যাস $d_{xy}, d_{yz}, d_{zx}, d_{x^2-y^2}, d_{z^2}$; dxy – (x ও y অক্ষের মাঝ বরাবর)

❐ ইলেকট্রনবিন্যাসের নীতিসমূহ:

তিনটি নীতি খুবই জরুরি	পলির বর্জন নীতি
১. আউফবাউ ২. পলির বর্জন নীতি ৩. হুন্ডের নীতি	*124# বাংলালিংকে ব্যালেন্স চে * 1 → একটি পরমাণুর 2 → দুটি ইলেকট্রনের 4 → চারটি কোয়ান্টাম মান সমান

আউফবাউ নীতি অমান্যকারী ইলেক্ট্রন বিন্যাস
Cr(24)–[Ar]$3d^5 4s^1$, Cu(29) –[Ar]$3d^{10} 4s^1$, Ag(47) –[Kr]$4d^{10} 5s^1$, Pt(78)–[Xe]$4f^{14} 5d^9 6s^1$, Au(79) –[Xe]$4f^{14} 5d^{10} 6s^1$, Pd(46) –[Kr]$4d^{10}$ Nb(41) = [Kr]$4d^4 5S^1$ Mo (42) = [Kr]

❐ বিভিন্ন রশ্মির তরঙ্গদৈর্ঘ্যের ক্রম: মহাজগতের গামা রঞ্জনকে মহাজগত অবহেলিত করেছে মাইক্রো, রেডিও টেলিভিশন-তরঙ্গ দৈর্ঘ্যের ক্রম (ছোট থেকে বড়)

মহাজগতের	গামা	রঞ্জনকে	অতি বেগুনী	দৃশ্যে	অবহেলিত করেছে	মাইক্রো
মহাজাগতিক রশ্মি (CR)	গামা রশ্মি (γ)	রঞ্জন রশ্মি (X-ray)	অতি বেগুনী রশ্মি (UV)	দৃশ্যমান রশ্মি (Visible)	অবলোহিত রশ্মি Infra-red (IR)	মাইক্রো ওয়েভ (Micro waves)

10^{-10} (nm) 10^{-4} 10^{-2} 2 380 700 10^{7}

(i) বাম পাশে অবস্থিত মহাজাগতিক রশ্মির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম্পন ও শক্তি সবচেয়ে বেশি।

(ii) ডান পাশে অবস্থিত রেডিও ও টেলিভিশনের তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম্পন ও শক্তি সবচেয়ে কম।

❐ শিখা পরীক্ষা (FLAME TEST)- শিখা পরীক্ষায় প্লাটিনাম (Ni + Cr) তার এবং গাঢ় HCl এসিড ব্যবহার করা হয়।

○ মৌলের বর্ণ: খালি চোখে বা শিখা পরীক্ষায়:

ধাতু/ধাতব আয়ন	বর্ণ
Li/Li^+	উজ্জ্বল লাল (Crimson)
Na/Na^+	সোনালী হলুদ (Golden Yellow)
K/K^+	বেগুনী (Pale Violet)
Rb/Rb^+	লালচে বেগুনী
Cs/Cs^+	নীল (Blue)
Ba/Ba^{2+}	কাঁচা আপেলের মত
Ca/Ca^{2+}	ইটের ন্যায় লাল (Brick Red)
Sr/Sr^{2+}	টকটকে লাল (Crimson Red)
Ra/Ra^{2+}	লাল (Red)
Cu/Cu^{2+}	সবুজাভ নীল (Bluish Green)
শিখা পরীক্ষায় বর্ণ দেয় না	Be^{2+}, Mg^{2+}, Al^{3+}, Fe^{3+}

দ্রাব্যতা নীতি: কোন তড়িৎবিশ্লেষ্য পদার্থের দ্রবণে যদি-

সম্পর্ক	প্রকৃতি	দ্রাব্যতা নীতি: বিস্তারিত তথ্য
$K_{ip} > K_{sp}$	অতিপৃক্ত বা অধঃক্ষিপ্ত	আয়নিক গুণফল দ্রাব্যতা গুণফলের (K_{SP}) বেশি হলে পদার্থটি অধঃক্ষিপ্ত হবে।
$K_{ip} < K_{sp}$	অসম্পৃক্ত	আয়নিক গুণফল দ্রাব্যতা গুণফলের (K_{SP}) কম হলে, দ্রবণটি অসম্পৃক্ত হবে।
$K_{ip} = K_{sp}$	সম্পৃক্ত দ্রবণ	আয়নিক গুণফল দ্রাব্যতার গুণফলের (K_{SP}) সমান হলে, দ্রবণটি সম্পৃক্ত হবে।

তরঙ্গ দৈর্ঘ্য, তরঙ্গ সংখ্যা, কম্পাঙ্ক বা ফ্রিকুয়েন্সি নির্ণয়:

এখান থেকে যে সমস্যা গুলো পরীক্ষায় আসতে পারে-

01. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর উচ্চ শক্তিস্তর থেকে নিম্ন শক্তিস্তরে আগত রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য অথবা তরঙ্গ সংখ্যা কত হবে?
02. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর যে কোন সিরিজের n তম লাইনের তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা কত?
03. হাইড্রোজেন পারমাণবিক বর্ণালীর যে কোন সিরিজের সর্বোচ্চ অথবা সর্বনিম্ন রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা কত?

Tricks: ক্যালকুলেটর বিহীন অংক করতে R_H এর মান না বসিয়ে সরাসরি R_H রেখে দিতে বলা হবে।

- সরাসরি শক্তিস্তর দেওয়া থাকলে, n_1= ছোট মান, n_2= বড় মান
- অংকের মধ্যে যদি লাইন কথাটা উল্লেখ থাকে তাহলে n_1=যে সিরিজ বলবে সে অনুযায়ী ; $n_2 = n_1$+ লাইন সংখ্যা
- সর্বনিম্ন ও সর্বোচ্চ শব্দের ক্ষেত্রে-

শর্টকাট: সর্বনিম্ন শব্দের ক্ষেত্রে, n_1 = সিরিজ নং এবং $n_2 = n_1 + 1$;

সর্বোচ্চ শব্দের ক্ষেত্রে তরঙ্গ দৈর্ঘ্য বা তরঙ্গ সংখ্যা, $\overline{\nu} = \frac{1}{\lambda} = \frac{R_H}{(\text{সিরিজ নং})^2}$

দ্রাব্যতা ও দ্রাব্যতা গুণফল (S) সম্পর্কিত সমস্যা

দ্রাব্যতা (S) সম্পর্কিত সমস্যা-

- দ্রাব্যতা, $S = \frac{m}{M-m} \times 100$

দ্রাব্যতা গুণফল (K_{sp}) সম্পর্কিত সমস্যা-

সাধারণ নিয়মঃ দ্রাব্যতা গুণফল (Solubility product) বলতে, যে কোন তাপমাত্রায় সম্পৃক্ত দ্রবণে বিদ্যমান আয়নগুলোর ঘনমাত্রার গুণফলকে বোঝায়। নিচের সমীকরণটি বিবেচনা কর-

$MX_{(s)} \rightleftharpoons M^+_{(aq)} + X^-_{(aq)}$ এই অবস্থায় MX দ্রবণের দ্রাব্যতা গুণফল, $K_{sp} = [M^+] \times [X^-]$

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

1. চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যা দ্বারা কি প্রকাশ করা হয়? [JU-A, Set-G: 2022-23]
A. আকার B. আকৃতি C. অরিয়েনটেশন D. ঘূর্ণন

SCWhy কোয়ান্টাম সংখ্যাঃ

প্রধান কোয়ান্টাম সংখ্যা (n)	কক্ষপথের আকার
সহকারী কোয়ান্টাম সংখ্যা (l)	কক্ষপথের আকৃতি
চৌম্বকীয় কোয়ান্টাম সংখ্যা (m)	অরিয়েনটেশন বা ত্রিমাত্রিক দিক বিন্যাস
স্পিন কোয়ান্টাম সংখ্যা (s)	e^- এর ঘূর্ণনের দিক

2. $[Ar]3d^{10}4s^0$ ইলেকট্রন বিন্যাস হলো: [JU-A, Set-G: 2022-23;Set-F: 21-22]
i. Cu^+ আয়নের ii. Zn^{2+} আয়নের iii. Fe^{2+} আয়নের
কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

SAWhy Cu^+ ও Zn^{2+} এর জন্য $[Ar]3d^{10}4s^0$
- Fe^{2+} এর জন্য $[Ar]3d^6$

03. কোন অরবিটালটি গোলাকার নয়? [JU-A, Set-H: 2022-23]
A. $n = 2, l = 0, m = 0$ B. $n = 3, l = 0, m = 0$
C. $n = 3, l = 1, m = 0$ D. $n = 1, l = 0, m = 0$

SCWhy $l = 0$ হলে উপস্তরটি হবে s আর s অরবিটাল হলো গোলাকার। $l = 1$ হলে উপস্তরটি হবে p এবং আকৃতি হলো ডাম্বেল আকৃতির।

04. $[Ar]3d^{10}4s^0$ ইলেকট্রন বিন্যাস হলো: i. Cu^+ আয়নের ii. Zn^{2+} আয়নের iii. Ni^{2+} আয়নের; কোনটি সঠিক? [JU-A, Set-H: 2022-23]
A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii

SAWhy $Cu^+_{(29)} \longrightarrow [Ar]\ 3d^{10}4s^0$
$Zn^{2+}_{(30)} \longrightarrow [Ar]\ 3d^{10}\ 4s^0$
$Ni^{2+}_{(28)} \longrightarrow [Ar]\ 3d^8$

05. অরবিটালের আকার কোন কোয়ান্টাম সংখ্যার সাথে সম্পর্কিত? [JU-A, Set-N: 2022-23]
A. প্রধান B. সহকারী
C. চুম্বকীয় D. স্পিন **Ans A**

06. পানিতে গ্যাসীয় দুষকসমূহের দ্রাব্যতা নিয়ন্ত্রিত হয় দ্বারা- [JU-A, Set-N: 2022-23]
A. ডালটনের চাপ সূত্র B. অসওয়াল্ডের লঘুকরণ সূত্র
C. হেনরীর সূত্র D. রাউল্টের সূত্র

SCWhy তরল দ্রাবকে গ্যাসীয় দ্রব দ্রবীভূত হওয়ার ক্ষেত্রে বিজ্ঞানী হেনরী প্রমাণ করেন যে চাপ বৃদ্ধির কারণে গ্যাস অণুর আয়তনের সংকোচন ঘটে।

07. কোনটি সর্বোচ্চ শক্তি স্তরের? [JU-A, Set-R: 2022-23]
A. 5p B. 6s C. 3d D. 4s

SBWhy $n + l$ এর মান যার বেশি হবে সেটি বেশি শক্তিশালী। আবার $n + l$ এর মান সমান হলে যার n এর মান বেশি সেটি বেশি শক্তিশালী।
5p এর ক্ষেত্রে $= n + l = 6$
6s এর ক্ষেত্রে $= n + l = 6$
3d এর ক্ষেত্রে $= n + l = 5$
4s এর ক্ষেত্রে $= n + l = 4$
$\therefore$ শক্তির ক্রমটি হবে $6s > 5p > 3d > 4s$

08. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ ইলেকট্রন বিন্যাসটি: [JU-A, Set-R: 2022-23]
i. ৩য় পর্যায়ের সর্বশেষ মৌলের
ii. একটি সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাস
iii. এর পরবর্তী ইলেকট্রনটি 3d অরবিটালে প্রবেশ করবে
কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

SAWhy
- বহিঃস্তরের প্রধান কোয়ান্টাম সংখ্যা পর্যায় নির্দেশ করে তাই এটি ৩য় পর্যায়ের।
- গ্রুপ সংখ্যা: 10 + (s ও p অরবিটালের ইলেকট্রন সংখ্যা) = 10 + 8 = 18 গ্রুপ 18 এর মৌলসমূহের ইলেকট্রন বিন্যাস সুস্থিত হয়।
- $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ এর জন্য পরবর্তী ইলেকট্রন s-অরবিটাল প্রবেশ করবে।

09. সালফেট আয়ন সনাক্তকরণে ব্যবহৃত হয়- [JU-A, Set-R: 2022-23]
A. সিলভার নাইট্রেট B. বেরিয়াম নাইট্রেট
C. অ্যামোনিয়াম অক্সালেট D. লঘু HCl

SBWhy $Na_2SO_4 + Ba(NO_3)_2 \rightarrow 2NaNO_3 + BaSO_4\downarrow$ (সাদা অধঃক্ষেপ)

10. কোয়ান্টাম সংখ্যা $n = 2, l = 1$ হলে অরবিটালটি? [JU-A, Set-S: 2022-23; 17-18]
A. 1s B. 2s C. 2p D. 1p

SCWhy $n = 2$ হলে ২য় শক্তিস্তর বুঝায় এবং $l = 1$ হলে p অরবিটালকে বুঝায়। $\therefore n = 2, l = 1$ হলে অরবিটালটি হবে 2p।

11. Fe^{2+} আয়নের ইলেকট্রন বিন্যাস? [JU-A, Set-S: 2022-23; Set-C: 20-21]
A. $[Ar]\ 3d^6 4s^0$ B. $[Ar]3d^5 4s^1$
C. $[Ar]3d^4 s^2$ D. $[Ar]3d^6 4s^2$

SAWhy Fe^{2+} এর ইলেকট্রন বিন্যাস হলো: $[Ar]3d^6 4s^0$

12. NH_4^+ আয়ন সনাক্ত করণে ব্যবহৃত হয়– [JU-A, Set-S: 2022-23]
A. নেসলার দ্রবণ B. নিনহাইড্রিন দ্রবণ
C. NaOH দ্রবণ D. $KMnO_4$ দ্রবণ
S(A)Why NH_4^+ শনাক্তকরণে নেসলার দ্রবণ (KOH বা NaOH + K_2HgI_4) ব্যবহার করা হয় এবং দ্রবণের বর্ণ হয় বাদামি।

13. সকল মৌলের পরমাণুতেই সাধারণ মূল কণিকা হিসাবে কোনটি উপস্থিত থাকে? [JU-A, Set-F. 2021-22]
A. পজিট্রন B. নিউট্রন C. ইলেকট্রন D. সবগুলো
S(C)Why পরমাণুর মূল কণিকাগুলো হলো: ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন। আবার, H এ নিউট্রন থাকে না তাই সকল মৌলের পরমাণুতে ইলেকট্রন থাকবেই।

14. পরমাণুর কেন্দ্রে তার সবটুকু ভর ও পজিটিভ চার্জ পুঞ্জীভূত থাকে। এটাকে কি বলে? [JU-A, Set-I. 2021-22]
A. নিউক্লিয়াস B. প্রোটন C. পজিট্রন D. কোনটি নয়
S(A)Why পরমাণুর কেন্দ্রে তার সবটুকু ভর ও পজিটিভ চার্জ পুঞ্জীভূত থাকলে তাকে নিউক্লিয়াস বলে।

15. পারমাণবিক ভর বলতে আমরা কি বুঝি? [JU-A, Set-Q. 2021-22]
A. নিউক্লিয়াসের ভর B. নিউক্লিয়নের ভর
C. প্রোটন ও নিউট্রনের ভর D. সবগুলোই সঠিক
S(D)Why পারমাণবিক ভর বলতে নিউক্লিয়াসের ভর, নিউক্লিয়নের ভর এবং প্রোটন ও নিউট্রনের ভরকে বুঝায়।

16. যে সব পরমাণুর ভর সংখ্যা বা নিউক্লিয়ন সংখ্যা একই কিন্তু পারমাণবিক সংখ্যা ভিন্ন তাদেরকে পরস্পরের কি বলে? [JU-A, Set-M. 2021-22]
A. আইসোটোপ B. আইসোবার
C. আইসোটোন D. কোনটিই নয়
S(B)Why যে সব পরমাণুর ভর সংখ্যা বা নিউক্লিয়ন সংখ্যা একই কিন্তু পারমাণবিক সংখ্যা ভিন্ন তাদেরকে পরস্পরের আইসোবার বলে।

17. যে সব পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা ভিন্ন তাদেরকে পরস্পরের কি বলে? [JU-A, Set-O. 2021-22]
A. আইসোটোপ B. আইসোবার
C. আইসোটোন D. সবগুলোই
S(C)Why নিউট্রন সংখ্যা সমান হলে তা আইসোটোন, এদের প্রোটন ও ভর সংখ্যা ভিন্ন।

18. 30°C তাপমাত্রায় কোন লবণের দ্রাব্যতা 5.0 g/L হলে 400 mL সম্পৃক্ত দ্রবণে কত গ্রাম লবণ আছে? [JU-A, Set-F. 2021-22]
A. 4 g B. 3 g C. 2 g D. 5 g
S(C)Why দ্রাব্যতা = $\frac{\text{দ্রবের ভর (গ্রাম এককে)}}{\text{লিটারে সম্পৃক্ত দ্রবণের আয়তন}}$
$\Rightarrow S = \frac{W}{0.4} \Rightarrow W = 5 \times 0.4 = 2g$

19. 25°C তাপমাত্রায় কোন লবণের দ্রাব্যতা 10 g/L হলে 600 mL সম্পৃক্ত দ্রবণে কত গ্রাম লবণ আছে? [JU-A, Set-I. 2021-22]
A. 4 g B. 6 g C. 8 g D. 5 g
S(B)Why দ্রাব্যতা = $\frac{\text{দ্রবের ভর (গ্রাম এককে)}}{\text{লিটারে সম্পৃক্ত দ্রবণের আয়তন}}$
$\Rightarrow 10 = \frac{W}{0.6} \Rightarrow W = 6g$

20. নির্দিষ্ট তাপমাত্রায় 750 mL সম্পৃক্ত দ্রবণে 200g NaCl দ্রবীভূত আছে। প্রতি লিটার সম্পৃক্ত দ্রবণে NaCl এর দ্রাব্যতা কত? [JU-A, Set-M. 2021-22]
A. 4.66 mol/L B. 4.56 mol/L
C. 5.56 mol/L D. 5.56 mol/L
S(B)Why দ্রাব্যতা (s) = $\frac{\text{(গ্রাম এককে) দ্রবের ভর}}{\text{লিটারে সম্পৃক্ত দ্রবণের আয়তন}} = \frac{200}{0.75}$ g/L
= 266.67 g/L = 4.56 mol/L

21. নির্দিষ্ট তাপমাত্রায় 50mL সম্পৃক্ত দ্রবণে 5g $CaCl_2$ আছে। $CaCl_2$ এ দ্রাব্যতা কত? [JU-A, Set-O]
A. 10g/L B. 100g/L C. 101 g/L D. 50 g/L
S(B)Why দ্রব্যের দ্রাব্যতা, $S = \frac{5}{50 \times 10^{-3}}$ g/L = 100 g/L

22. নির্দিষ্ট তাপমাত্রায় 200mL সম্পৃক্ত দ্রবণে 15.5g $CaCl_2$ দ্রবীভূত। লিটার প্রতি $CaCl_2$ এর দ্রাব্যতা কত? [JU-A, Set-O]
A. 67.5g/L B. 75.5g/L C. 77.5g/L D. 62.5g/L
S(C)Why দ্রাব্যতা, S = $\frac{\text{(গ্রাম এককে) দ্রবের ভর}}{\text{লিটারে সম্পৃক্ত দ্রবণের আয়তন}}$
$\Rightarrow$ দ্রাব্যতা, $S = \frac{15.5}{0.2} = 77.5$ g/L

23. Cu^{2+} আয়ন শনাক্তকরণে কোনটি ব্যবহৃত হয়? [JU-A, Set-I]
A. K_2CrO_4 B. $PbCrO_4$
C. নেসলার দ্রবণ D. NH_4OH
S(D)Why Cu^{2+} আয়ন শনাক্তকরণ:

আয়ন	পরীক্ষার ধরণ	বিকারক	উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ	পর্যবে
Cu^{2+}	শনাক্তকরণ পরীক্ষা	NH_4OH	$[Cu(NH_3)_4]SO_4$	হালকা নী গাঢ় নীল
	নিশ্চিতকরণ পরীক্ষা	$K_4[Fe(CN)_6]$	$Cu_2[Fe(CN)_6]$	বাদামী অ

24. Cu^{2+} আয়নের দ্রবণে অধিক NH_4OH দ্রবণ যোগ করলে কী বর্ণ সৃ [JU-A, Set-I]
A. হালকা নীল B. গাঢ় নীল
C. বাদামী D. সবুজ
S(B)Why $CuSO_4 + NH_4OH \rightarrow CuSO_4.Cu(OH)_2 + (NH_4)_2S$
$CuSO_4.Cu(OH)_2 + (NH_4)_2SO_4 + NH_4OH \rightarrow [Cu(NH_3)_4]S$
[টেট্রা অ্যামিন কপার (II) সালফেট

25. Na^+ আয়ন শনাক্তকরণে কোনটি ব্যবহৃত হয়? [JU-A, Set-M]
A. K_2CrO_4 B. $K_2H_2Sb_2O_7$
C. $K_2Sb_2O_7$ D. $PbCrO_4$
S(B)Why $NaCl + K_2H_2Sb_2O_7 \longrightarrow Na_2H_2Sb_2O_7\downarrow + KC$
পটাসিয়াম পাইরোঅ্যান্টিমোনেট — সাদা অধঃক্ষেপ

26. কোন প্রক্রিয়াটি কঠিন যৌগের বিশোধনের জন্য ব্যবহার করা হয় না? [JU-A, Set-I]
A. পরিশ্রাবণ B. কেলাসন
C. পাতন D. ক্রোমাটোগ্রাফি
S(C)Why কঠিন যৌগের বিশুদ্ধকরণে কেলাসন, আংশিক কেলাসন, বাষ্পপাতন, দ্রাবক নিষ্কাশন, পরিস্রাবন, ক্রোমোটোগ্রাফি পদ্ধতি ইত্যা করা হয়। পাতন তরল পদার্থের বিশোধনে ব্যবহৃত হয়।

27. কোন প্রক্রিয়াটি তরল যৌগের বিশোধনের জন্য ব্যবহার করা হয়? [JU-A, Set-I]
A. কেলাসন B. পাতন
C. উর্ধ্বপাতন D. পরিস্রাবণ
S(B)Why তরল যৌগের বিশোধনে পাতন, আংশিক পাতন, বাষ্পপাত পাতন, সমস্ফুটন পাতন, দ্রাবক নিষ্কাশন ইত্যাদি ব্যবহৃত হয়।

28. কোন প্রক্রিয়াটি কঠিন যৌগের বিশোধনের জন্য ব্যবহার করা হয়? [JU-A,Set-M]
A. পাতন B. আংশিক পাতন
C. উর্ধ্বপাতন D. বাষ্পপাতন

29. কোন প্রক্রিয়াটি কঠিন যৌগের বিশোধনের জন্য ব্যবহার করা হয় না? [JU-A, Set-O]
A. সমস্ফুটন পাতন B. পরিস্রাবণ
C. উর্ধ্বপাতন D. কেলাসন

30. Cl^- আয়নের উপস্থিতি নিশ্চিত করার জন্য কোনটি ব্যবহৃত হয়? [JU-A, Set-Q. 2021-22]

A. $BaNO_3$ B. $Al(OH)_3$
C. $AgNO_3$ D. $CaCO_3$

S C Why $Cl^-(aq) + AgNO_3 \rightarrow \underset{\text{সাদা অধঃক্ষেপ}}{AgCl(s)} + NO_3^-$

$AgCl + NH_4OH \rightarrow \underset{\text{ডাই অ্যামমিন সিলভার ক্লোরাইড}}{[Ag(NH_3)_2]Cl} + H_2O$

31. কোন প্রক্রিয়াটি তরল যৌগের বিশোধনের জন্য ব্যবহার করা হয় না? [JU-A, Set-Q. 2021-22]

A. পাতন B. আংশিক পাতন
C. সমস্ফুটন পাতন D. আংশিক কেলাসন Ans D

32. d-উপশক্তি স্তরে অরবিটাল কয়টি? [JU-A, Set-C. 2020-21]

A. 1 B. 3 C. 5 D. 7

S C Why d উপশক্তিস্তরের ক্ষেত্রে $l = 2$ সেক্ষেত্রে m এর মান হবে $-2, -1, 0, 1, 2$। সুতরাং, d উপশক্তিস্তরে অরবিটাল 5টি। সেগুলো হলো d_{xy}, d_{yz}, d_{zx}, $d_{x^2-y^2}$, d_{z^2}।

33. 4d উপশক্তিস্তরে অরবিটাল কয়টি– [JU-A, Set-E. 2020-21]

A. 1 B. 3 C. 5 D. 7

S C Why 4d উপশক্তিস্তরে অরবিটাল 5টি। যেহেতু d এর ক্ষেত্রে $l = 2$, m $= -2, -1, 0, 1, 2$ অর্থাৎ অরবিটাল 5টি।

34. নিচের কোনটি Fe^{3+} এর ইলেকট্রন বিন্যাস? [JU-A, Set-B, 2020-21]

A. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5$ B. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^3 4s^2$
C. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^2$ D. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^8$ Ans A

35. কোন ইলেকট্রন বিন্যাসটি সঠিক? [JU-A, Set-E. 2020-21]

A. $Fe^{2+} = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^4 4s^2$ B. $Fe^{3+} = 1s^2 2s^2 2p^6 2s^2 3p^6 3d^4 4s^1$
C. $Cu^{2+} = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^9$ D. $Zn^{2+} = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^8 4s^2$

S C Why Cu^{2+} এর সঠিক ইলেকট্রন বিন্যাস

$Cu^{2+}_{(27)} = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^9\ 4s^0$

36. নিচের কোন নিউক্লিয়াসটি NMR সক্রিয়? [JU-A, Set-E. 2020-21]

A. $^{16}_{8}O$ B. $^{12}_{6}C$ C. $^{32}_{16}S$ D. $^{1}_{1}H$

S D Why NMR সক্রিয় নিউক্লিয়াসে সক্রিয় ডাইপোল বিদ্যমান। ফলে নিউক্লিয়াস সুষমভাবে স্পিন করে।

NMR সক্রিয় নিউক্লিয়াসগুলো হলো: $^{1}_{1}H$, $^{2}_{1}H$, $^{13}_{6}C$, $^{15}_{7}N$, $^{19}_{9}F$, $^{23}_{11}Na$, $^{31}_{15}P$

37. কোন পরমাণুগুলোর সর্ববহিঃস্থ শক্তিস্তরে একই সংখ্যক ইলেকট্রন বিদ্যমান? [JU-A, Set-A. 2019-20]

A. H, Li B. He, C
C. C, Mg D. O. N Ans A

38. নিচের কোনটি আইসোটোনের উদাহরণ? [JU-A, Set-A. 2019-20]

A. $^{32}_{15}P$ B. $^{14}_{6}C$ C. $^{40}_{20}Ca$ D. $^{39}_{19}K$

S C D Why প্রশ্নটিতে ভুল আছে। সঠিক উত্তর একত্রে (C + D)।

39. কোন পরমাণুগুলোর সর্ববহিঃস্থ শক্তিস্তরে একই সংখ্যক ইলেকট্রন বিদ্যমান? [JU-A, Set-D. 2019-20]

A. He, C B. K, Na
C. C, Mg D. O, N Ans B

40. কোন পরমাণুগুলোর সর্ববহিঃস্থ শক্তিস্তরে একই সংখ্যক ইলেকট্রন বিদ্যমান? [JU-A.2019-20]

A. C, Mg B. H, Si
C. He, Be D. O, N

S C Why He এবং Be এর পরমাণুর সর্ববহিস্থ স্তরে ২টি ইলেকট্রন বিদ্যমান। He (2) $1s^2$, Be(4) $\rightarrow 1s^2\ 2s^2$

41. রক্তের শ্বেত কণিকা বৃদ্ধি ও রোগ প্রতিরোধক শক্তি বৃদ্ধিতে সহায়তা করে- [JU-A, Set-A. 2019-20]

A. near IR B. middle IR
C. far IR D. UV

S C Why IR রশ্মির ব্যবহার:

রশ্মি	ব্যবহার
Far IR	দেহে আরামদায়ক উষ্ণতা দেয়, শ্বেত-কণিকা ও রোগ প্রতিরোধ শক্তি বৃদ্ধি, দেহকোষ ও টিস্যুর বৃদ্ধি করে।
Near IR	রক্তে হিমোগ্লোবিনে শোষিত O_2 এর পরিমাণ নির্ণয়, Cortex এর কার্য পদ্ধতি নির্ণয় CT Scanning এ।
Midde IR	জৈব যৌগের কার্যকরীমূলক শনাক্তকরণ করা হয়।

42. মেডিকেল ইমেজিং এ কোন রশ্মি ব্যবহৃত হয়? [JU-A, Set-D. 2019-20]

A. IR রশ্মি B. UV রশ্মি C. রেডিও রশ্মি D. X-রশ্মি

S A Why মেডিকেল ইমেজিং, DOT পদ্ধতি, ফিজিওথেরাপী এবং রক্ত সঞ্চালন বৃদ্ধির জন্য IR রশ্মি ব্যবহার করা হয়।

43. শিখা পরীক্ষায় হলদেটে সবুজ রং দিলে লবণটিতে উপস্থিত- [JU. 2019-20]

A. Calcium B. Potassium
C. Barium D. Sodium Ans C

44. শিখা পরীক্ষায় ইটের মত লাল শিখা প্রদর্শন করে কোন মৌলটি? [JU 2019-20]

A. Na B. K
C. Ca D. Cu Ans C

45. ——— nm তরঙ্গ দৈর্ঘ্যের রশ্মি পাসপোর্ট শনাক্তকরণ মেশিনের ব্যবহৃত হয়। [JU-A.2019-20]

A. 110 - 225 B. 80 - 228
C. 380 - 365 D. 230 - 375

S D Why 230–375 nm তরঙ্গ দৈর্ঘ্যের UV রশ্মি টাকা/পাসপোর্ট শনাক্তকরণে ব্যবহৃত হয়।

46. নিচের কোনটি পানিতে দ্রবণীয়? [JU-A, Set-A. 2019-20]

A. AgF B. AgCl
C. AgBr D. AgI Ans A

47. জলীয় দ্রবণের ক্ষেত্রে কোনটি সত্য নয়? [JU-A, Set-A. 2019-20]

A. KNO_3 দ্রবীভূত করলে দ্রবণ উত্তপ্ত হয়
B. চুন দ্রবীভূত করলে দ্রবণ উত্তপ্ত হয়
C. গ্লুকোজ দ্রবীভূত করলে দ্রবণ ঠাণ্ডা হয়
D. অনার্দ্র $CuSO_4$ দ্রবীভূত করলে দ্রবণ উত্তপ্ত হয় Ans A

48. NH_4OH দ্রবণ দ্বারা কোন ক্যাটায়ন শনাক্ত করা যায়? [JU-A, Set-D. 2019-20]

A. Cu^{2+}, Al^{3+} B. Al^{3+}, Na^+
C. Na^+, NH_4^+ D. Zn^{2+}, Na^+

S A Why Cu^{2+} ও Al^{3+} আয়ন শনাক্তকরণঃ

আয়ন	বিকারক	উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ	পর্যবেক্ষণ
Cu^{2+}	NH_4OH	$[Cu(NH_3)_4]SO_4$	হালকা নীল ও পরে গাঢ় নীল অধঃক্ষেপ
	$K_4[Fe(CN)_6]$	$Cu_2[Fe(CN)_6]$	বাদামী অধঃক্ষেপ
Al^{3+}	NH_4OH /NaOH	$Al(OH)_3$	সাদা অধঃক্ষেপ

49. নিচের কোনটি দ্বারা Fe^{2+} শনাক্ত করা যায়? [JU-A.2019-20]

A. $K_4[Fe(CN)_6]$ B. নেসলার দ্রবণ
C. $Ba(NO_3)_2$ দ্রবণ D. $AgNO_3$ দ্রবণ

S A Why Fe^{2+} আয়ন শনাক্তকরণ:

আয়ন	বিকারক	উৎপন্ন দ্রবণ/অধঃক্ষেপ	পর্যবেক্ষণ
Fe^{2+}	$K_3[Fe(CN)_6]$	$KFe[Fe(CN)_6]$	প্রুশিয়ান ব্লু
	$K_4[Fe(CN)_6]$	$K_2Fe[Fe(CN)_6]$	হালকা নীল অধঃক্ষেপ

50. $^{2}_{1}H^-$ এ ইলেকট্রন সংখ্যা- [JU-A_4.2017-18, A_2.2017-18]

A. 1টি B. 2টি
C. 3টি D. কোনটিই নয়

S B Why $e = 1 - (-1) = 1 + 1 = 2$

51. H_3O^+ আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান? [JU-A_1.2017-18]
A. 11 B. 10
C. 9 D. 8
S(B)Why $(1 \times 3) + (8 \times 1) - 1 = 3 + 8 - 1 = 10$

52. NH_4^+ আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান? [JU-A_2.2017-18]
A. 12 B. 11
C. 5 D. 10
S(D)Why $(7 \times 1) + (1 \times 4) - 1 = 7 + 4 - 1 = 10$

53. NO_3^- আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান? [JU-A_3.2017-18]
A. 16 B. 15
C. 31 D. 32
S(D)Why $e^- = (1\times7) + (8\times3) - (-1) = 7+24+1 = 32$

54. ^{13}C এ নিউট্রন সংখ্যা কত? [JU-A.2017-18]
A. 6 B. 7
C. 13 D. 4
S(B)Why $n = A - P = 13 - 6 = 7$

55. কোন পরীক্ষার মাধ্যমে প্রোটনের অস্তিত্বের প্রমাণ পাওয়া যায়? [JU-A. 2017-18]
A. ক্যাথোড রশ্মি B. অ্যানোড রশ্মি
C. ক্যানাল রশ্মি D. α-রশ্মি
S(A)Why বিজ্ঞানী গোল্ডস্টাইন ক্যাথোড রশ্মি নলে ধনাত্মক আধান আবিষ্কার করেন যাকে ক্যানাল রশ্মি বা অ্যানোড রশ্মি বলে। প্রকৃত পক্ষে এরাই প্রোটন।

56. উপশক্তি স্তর s এর জন্য l ও m এর মান যথাক্রমে- [JU.2017-18]
A. 0, 1 B. 1, 0
C. 0, 0 D. 1, 1
S(C)Why উপশক্তিস্তর s এর জন্য সহকারী কোয়ান্টাম সংখ্যা l এর মান হয় 0। l এর মান 0 হলে m এর মান ও 0 হবে।

57. উপশক্তি স্তর p এর জন্য l ও m এর মান যথাক্রমে- [JU-A_2.2017-18]
A. 1 ও 1,0,–1 B. 0 ও 1,0,–1
C. 0,1 ও 1,0 D. 1,0,–1 ও 1
S(A)Why p উপ শক্তি স্তরের জন্য $l = 1$ এবং m = (–1,0,1)

58. চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যার মান নির্ভর করে- [JU-A_4.2017-18]
A. প্রধান কোয়ান্টাম সংখ্যার উপর B. সহকারী কোয়ান্টাম সংখ্যার উপর
C. স্পিন কোয়ান্টাম সংখ্যার উপর D. সবগুলোর উপর
S(B)Why সহকারী কোয়ান্টাম সংখ্যা l হলে চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যার মান হয় $-l$ থেকে 0 সহ $+l$ পর্যন্ত।

59. 4d অরবিটালটির জন্য কোয়ান্টাম সংখ্যার কোন সেটটি সঠিক? [JU-A9.2017-18]
A. $n=4, \ell=0, m=0, s=+\frac{1}{2}$ B. $n=4, \ell=1, m=1, s=+\frac{1}{2}$
C. $n=4, \ell=2, m=+2, s=+\frac{1}{2}$ D. $n=4, \ell=3, m=+2, s=+\frac{1}{2}$
S(C)Why 4d এর জন্য $n=4, l=2, m=-2,-1,0,1,2, s=\pm\frac{1}{2}$

60. চুম্বকীয় কোয়ান্টাম সংখ্যা m এর 7টি মান পাওয়া যায় সহকারী কোয়ান্টাম সংখ্যা l-এর কোন মানের জন্য? [JU-A_{13}.2017-18]
A. 2 B. 3 C. 4 D. 5
S(B)Why $m = 2l + 1 \Rightarrow 2l = m - 1$
$\Rightarrow l = \frac{m-1}{2} = \frac{7-1}{2} = 3$

61. উপশক্তি স্তর d এর জন্য m এর মান কয়টি? [JU-6.2017-18]
A. 2টি B. 3টি
C. 4টি D. 5টি
S(D)Why d-উপস্তরের জন্য $l=2$, $\therefore m = 2l+1 = 2\times2+1 = 5$

62. উপশক্তি স্তর f এর জন্য l এর মান কত? [JU-A_9.2017-18]
A. 2 B. 3
C. 4 D. 5 Ans B

63. $_6C$ পরমাণুতে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা- [JU-A_{10}.2017-18]
A. 2টি B. 4টি
C. 6টি D. কোনটিই নয়
S(A)Why $_6C = 1s^2\ 2s^2\ 2P_x^1\ 2P_y^1\ 2P_z^0$ (সাধারণ অবস্থায়)
$_6C^* = 1s^2\ 2s^1\ 2P_x^1\ 2P_y^1\ 2P_z^1$ (উত্তেজিত অবস্থায়)

64. $_7N^{3-}$ আয়নে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা- [JU-A_{10}.2017-18]
A. 2টি B. 3টি
C. 5টি D. কোনটিই নয়
S(D)Why $N^{3-} = 1s^2 2s^2 2p^6 = 1s^2 2s^2 2p_x^2\ 2p_y^2 2p_z^2$
[$_7N^{3-} = 7+3 = 10e^-$]

65. $_{24}Cr^{3+}$ আয়নে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা- [JU-A_{12}.2017-18]
A. 5টি B. 3টি
C. 6টি D. কোনটিই নয়
S(B)Why $Cr^{3+} = [Ar]3d^3\ 4s^0$
$[Ar]3d^1_{xy}\ 3d^1_{yz}\ 3d^1_{zx}\ 3d^0_{x^2-y^2}\ 3d^0_{z^2}$

66. $_{26}Fe^{3+}$ আয়নে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা- [JU-A_{13}.2017-18]
A. 5টি B. 6টি
C. 8টি D. কোনটিই নয়
S(A)Why $Fe^{3+} = [Ar]3d^5 = [Ar]\ 3d^1_{xy}\ 3d^1_{yz}\ 3d^1_{zx}\ 3d^1_{x^2-y^2}\ 3d^1_{z^2}$

67. উপ-স্তরগুলোর মধ্যে কোনটি উচ্চ শক্তি স্তরের? [JU-6.2017-18]
A. 3d B. 4d C. 5s D. 4s
S(B)Why যে অরবিটালের $(n + l)$ এর মান বড় সেই অরবিটালের শক্তি বেশি। $n + l$ এর মান সমান হলে যার n এর মান বড় তার শক্তি বেশি।
4s<3d<5s<4d

68. অজৈব নমুনা + $K_4[Fe(CN)_6]$ → সাদা অধঃক্ষেপ; অজৈব নমুনায় আয়ন- [JU-A9.2017-18]
A. Cu^{2+} B. Fe^{3+}
C. Zn^{2+} D. Ni^{2+}

69. α-রশ্মি মূলত? [JU-A.2017-18]
A. ইলেকট্রন প্রবাহ B. হিলিয়াম নিউক্লিয়াসের প্রবাহ
C. ইলেকট্রোমেগনেটিক রশ্মি D. প্রোটন প্রবাহ
S(B)Why দ্বি-ধনাত্মক হিলিয়াম ($_2^4He^{2+}$) নিউক্লিয়াসকে α-কণা বলা হয়।

70. 25°C তাপমাত্রায় AgCl এর $K_{sp} = 1 \times 10^{-10}$; AgCl এর দ্রাব্যতা [JU-6.2017-18]
A. $2.0 \times 10^{-10} molL^{-1}$ B. $2.0 \times 10^{-5} molL^{-1}$
C. $1.0 \times 10^{-5} molL^{-1}$ D. $1.0 \times 10^{-10} molL^{-1}$
S(C)Why $K_{sp} = S^2 \Rightarrow S = \sqrt{K_{sp}} = \sqrt{1\times10^{-10}} = 1\times10^{-5}\ mol/L$

71. $^{18}_9F^-$ আয়নে প্রোটন সংখ্যা- [JU-A.2017-18]
A. 9 টি B. 8 টি
C. 10 টি D. 18 টি
S(A)Why চার্জযুক্ত আয়নের ক্ষেত্রে প্রোটন সংখ্যার কোন পরিবর্তন হয় না শুধুমাত্র ইলেকট্রন সংখ্যার পরিবর্তন ঘটে।

72. পরমাণুস্থ কোন ইলেকট্রনের জন্য কোয়ান্টাম সংখ্যার কোন সেটটি সম্ভব না [JU-A.2017-18]
A. $n=3, l=2, s=\frac{1}{2}$ B. $n=3, l=2, m=1, s=-$
C. $n=3, l=2, m=0, s=\frac{1}{2}$ D. $n=3, l=1, m=-1, s=$
S(A)Why যেহেতু একটি ইলেকট্রন total cycle এর অর্ধেকটা ঘুরে এই ঘূর্ণন ঘড়ির কাটার দিকে বা বিপরীত দিক হতে পারে তাই স্পিন কো সংখ্যার মান $\pm\frac{1}{2}$ ছাড়া অন্য কিছু হতে পারবে না। উক্ত অপশনে m অনু

73. জিংকের বহিস্তরের প্রকৃত ইলেকট্রন বিন্যাস- [JU 2014-15]
A. $3d^5 4s^2$ B. $3d^{10} 4s^2$
C. $3d^5 4s^3$ D. $3d^5 4s^4$
S(B) Why জিংকের বহিস্তরের প্রকৃত ইলেকট্রন বিন্যাস হলো- $3d^{10} 4s^2$।

74. কোয়ান্টাম সংখ্যা দ্বারা নির্দেশিত হয় না কোনটি? [JU:2013-2014]
A. পরমাণুর আকার B. পরমাণুর আকৃতি
C. ত্রিমাত্রিক দিক বিন্যাস D. পরমাণুর প্রকৃতি
S(D) Why মূলত কোয়ান্টাম সংখ্যা দ্বারা কোন পরমাণুতে প্রতিটি ইলেকট্রনের শক্তিস্তরের আকার, আকৃতি, ত্রিমাত্রিক দিক বিন্যাস এবং অক্ষ বরাবর ইলেকট্রন গুলোর ঘূর্ণন দিক প্রকাশ করা হয়। কিন্তু পরমাণুর প্রকৃতি জানা যায় না।

75. প্রধান কোয়ান্টাম সংখ্যা n এর মান 3 হলে সহকারী কোয়ান্টাম সংখ্যা l এর মান হবে? [JU. 2013-2014]
A. 1, 2, 3 B. 0, 1, 2
C. 0, +1, –1 D. 0, +1, +2
S(B) Why n = প্রধান কোয়ান্টাম সংখ্যা হলে, $l = 0$ থেকে n-1, $m = \pm l$, $s = \pm\frac{1}{2}$ ∴ $n = 3, l = 0, 1, 2$

76. হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন, শক্তি হারিয়ে যদি তৃতীয় শক্তি স্তরে ফিরে আসে তবে বর্ণালীর রেখাগুলোকে বলে- [JU.2013-2014]
A. লাইম্যান বর্ণালী B. বামার বর্ণালী
C. প্যাশ্চেন বর্ণালী D. ফুন্ড বর্ণালী
S(C) Why ইলেকট্রন যেহেতু তৃতীয় শক্তিস্তরে ফিরে এসেছে তাই তৃতীয় শক্তিস্তরের বর্ণালী সিরিজের নাম প্যাশ্চেন বর্ণালী সিরিজ।

77. দীপ শিখায় স্ট্রনসিয়াম নিম্নোক্ত কোন বর্ণ উৎপন্ন করে? [JU. 2012-2013]
A. ইটের মত লাল
B. টকটকে লাল
C. কাঁচা আপেলের মত সবুজ
D. কোনটিই নয় Ans B

78. হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন, শক্তি হারিয়ে যদি চতুর্থ শক্তি স্তরে ফিরে আসে তবে বর্ণালীর রেখাগুলোকে বলে- [JU. 2011-2012]
A. ব্র্যাকেট বর্ণালী B. প্যাশ্চেন বর্ণালী
C. ফুন্ড বর্ণালী D. বামার বর্ণালী
S(A) Why ইলেকট্রন যেহেতু চতুর্থ শক্তিস্তরে ফিরে এসেছে তাই চতুর্থ শক্তিস্তরের বর্ণালী সিরিজের নাম ব্র্যাকেট বর্ণালী সিরিজ।

79. পরমাণুর ধনাত্মক নিউক্লিয়াসের অস্তিত্ব প্রমাণিত হয়- [JU. 2010-11]
A. নিউক্লিয়াসের প্রকৃত ভর থেকে
B. আলফাকণা পরীক্ষাথেকে
C. গ্যাসের তড়িৎক্ষরণ দ্বারা
D. ক্যাথোড রশ্মি পরীক্ষা দ্বারা Ans B

80. কোন পদার্থের দুই আণবিক ভর পরিমাণে মোল সংখ্যা কত হবে? [JU 2010-11]
A. 2 B. 2/ আণবিক ভর
C. 1 D. আণবিক ভর/ 2
S(A) Why 1 আণবিক ভর = 1 মোল, 2 আণবিক ভর = 2 মোল।

81. পরমাণু ব্যাসের মোটামুটি মান কত? [JU. 2009-2010]
A. 10^{-12} সে.মি B. 10^{-10} সে.মি
C. 10^{-8} সে.মি D. 10^{-15} সে.মি Ans C

82. কোন অরবিটালটি সম্ভব নয়? [JU.2009-2010]
A. 3f B. 4f
C. 5f D. 6f Ans A

83. কোন প্রক্রিয়াটি তরল জৈব যৌগের বিশোধনে ব্যবহৃত হয়? [JU.2009-2010]
A. উর্ধ্বপাতন B. আংশিক কেলাসন
C. বাষ্পপাতন D. পরিস্রাবণ Ans C

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. নিম্নের কোন নিউক্লিয়াস যুগলটিকে আইসোটোন বলা হবে?
Ⓐ $^{32}_{16}S$, $^{34}_{16}S$ Ⓑ $^{12}_{9}C$, $^{14}_{6}C$
Ⓒ $^{12}_{6}C$, $^{13}_{7}N$ Ⓓ $^{14}_{7}N$, $^{14}_{6}C$.

02. নিচের কোয়ান্টাম সংখ্যাগুলোর কোন সেটটি নিষিদ্ধ?
Ⓐ $n = 1; l=0; m = 0; s = \pm 1/2$
Ⓑ $n = 3; l=2; m = -2; s = \pm 1/2$
Ⓒ $n = 2; l=2; m = +2; s = \pm 1/2$
Ⓓ $n = 4; l=2; m = 0; s = \pm 1/2$

03. থায়োসালফেট, $S_2O_3^{2-}$ আয়নে সর্বমোট যোজন ইলেকট্রনের সংখ্যা কত?
Ⓐ 28 Ⓑ 30
Ⓒ 32 Ⓓ 34

04. 26 আণবিক সংখ্যাবিশিষ্ট একটি মৌলের M-শেলে ইলেকট্রনের সংখ্যা-
Ⓐ 12 Ⓑ 18
Ⓒ 14 Ⓓ 16

05. নিচের কোন অরবিটালে ইলেকট্রন আগে প্রবেশ করে?
Ⓐ 4f Ⓑ 5d
Ⓒ 6p Ⓓ 7s

06. নিচের দেওয়া কোন ইলেকট্রন বিন্যাসটি সঠিক নয়?
Ⓐ Ar (18) = $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ Ⓑ Fe (26) = $[Ar]4s^2 4p^6$
Ⓒ K (19) = (Ar) $4s^1$ Ⓓ Cu (29) = (Ar) $3d^{10} 4s^1$

07. MRI যন্ত্রের সাহায্যে মানবদেহের রোগ নির্ণয়ে কোন মৌলটির ভূমিকা রয়েছে?
Ⓐ Neon Ⓑ Oxygen
Ⓒ Hydrogen Ⓓ Silicon

08. 'f' অরবিটাল সর্বমোট কয়টি ইলেক্ট্রন ধারণ করতে পারে-
Ⓐ 10 Ⓑ 8 Ⓒ 18 Ⓓ 14

09. শিখা পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ধাতব মৌল শনাক্ত করতে যে এসিডে প্লাটিনাম তার ভিজিয়ে নেয়া হয়-
Ⓐ HNO_3 Ⓑ H_2SO_4
Ⓒ HCl Ⓓ CH_3COOH

10. Li^{2+} আয়নের বর্ণালী কোনটির বর্ণালীর মত?
Ⓐ Ne Ⓑ Be Ⓒ He Ⓓ H

11. কখন অধঃক্ষেপ পড়ে?
Ⓐ আয়নিক গুণফল < দ্রাব্যতা গুণফল Ⓑ আয়নিক গুণফল > দ্রাব্যতা গুণফল
Ⓒ আয়নিক গুণফল ≤ দ্রাব্যতা গুণফল Ⓓ আয়নিক গুণফল = দ্রাব্যতা গুণফল

12. $FeCl_3$ এর জলীয় দ্রবণে ফোঁটায় ফোঁটায় অ্যামোনিয়াম থায়োসায়ানাইড এর জলীয় দ্রবণ যোগ করলে কি ঘটবে?
Ⓐ কোন পরিবর্তন হবেনা Ⓑ লাল বর্ণের অধঃক্ষেপ তৈরি হবে
Ⓒ গাঢ় নীল দ্রবণ তৈরি হবে Ⓓ রক্তের মত লাল দ্রবণ তৈরি হবে

13. জলীয় দ্রবণে Al^{3+} আয়ন শনাক্তকরণে নিম্নের কোন বিকারক ব্যবহৃত হয়?
Ⓐ HCl Ⓑ NH_4OH
Ⓒ $FeSO_4$ Ⓓ $AgNO_3$

14. অ্যালুমিনিয়াম ক্লোরাইডের আর্দ্র বিশ্লেষণ বিক্রিয়ার সঠিক উপস্থাপন হচ্ছে-
Ⓐ $AlCl_3+3H_2O \rightarrow Al(OH)_3+3H_2O$
Ⓑ $AlCl_3+3H_2O = Al(OH)_3+3HCl$
Ⓒ $AlCl_3+3H_2O \rightarrow Al(OH)_3+3HCl$
Ⓓ $AlCl_3+3H_2O = Al(OH)_3+3HCl$

15. নিচের কোনটির প্রোটন সংখ্যা আলফা কণার প্রোটন সংখ্যার সমান?
Ⓐ He Ⓑ H^+ Ⓒ H Ⓓ H_2

16. NaCl-এর সাথে H_2O যোগ করলে কোনটি ঘটে?
Ⓐ $Na^+(aq) + Cl^-(aq)$ Ⓑ NaOH (aq) + HCl (aq)
Ⓒ $OH^-(aq) + Cl^-(aq)$ Ⓓ $Na^+ + Cl^-$

17. রিডবার্গ ধ্রুবক, R_H দ্বারা প্রকাশ করা হলে, হাইড্রোজেন পরমাণুর বর্ণালিতে বামার সিরিজের জন্য সর্বনিম্ন কত তরঙ্গ সংখ্যার রশ্মি বিকিরিত হয়?
Ⓐ $3/4R_H$ Ⓑ $5/36R_H$
Ⓒ $8/9R_H$ Ⓓ $9/144R_H$

18. 25° C তাপমাত্রায় $BaSO_4$ এর সম্পৃক্ত দ্রবণে Ba^{2+} এর ঘনমাত্রা 4.0×10^{-5} mol L^{-1} এই তাপমাত্রায় $BaSO_4$ -এর দ্রাব্যতা গুণফল K_{sp} এর মান mol^2L^{-2} এককে কত?
Ⓐ 1.6×10^{-9} Ⓑ 1.7×10^{-10}
Ⓒ 1.6×10^{10} Ⓓ 1.6×10^{9}

19. বোরের তত্ত্ব অনুসারে হাইড্রোজেনের দ্বিতীয় শক্তি স্তরের ব্যাসার্ধ ও শক্তি হল যথাক্রমে-
Ⓐ -5.44×10^{-12} আর্গ/ পরমাণু
Ⓑ 2.1204 Å ও - 0.5492 আর্গ/ পরমাণু
Ⓒ 2×0.5301 Å ও -8.692×10^{-11} আর্গ/ পরমাণু
Ⓓ 4×0.5301 Å ও $-2\times2.173\times10^{-11}$ আর্গ/ পরমাণু

20. নির্দিষ্ট তাপমাত্রায় একটি বস্তুর 60 g সম্পৃক্ত দ্রবণ শুকিয়ে ফেলার পর 10 g তলানি পাওয়া যায়। উক্ত তাপমাত্রায় দ্রবীভূত বস্তুটির দ্রাব্যতা কত? (g প্রতি 100 g দ্রাবক)
Ⓐ 25 Ⓑ 15
Ⓒ 20 Ⓓ 22

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	C	A. $n = 32 - 16 = 16$, $34 - 16 = 18$ B. $n = 12 - 9 = 3$, $14 - 6 = 8$ C. $n = 12 - 6 = 6$, $13 - 7 = 6$ D. $n = 14 - 7 = 7$, $14 - 6 = 8$ আইসোটোন অর্থাৎ নিউট্রন সংখ্যা সমান।
02	C	$n = 2$ হলে, $l = 1$ এবং $m = -1, 0, +1$, $s = \pm 1/2$; প্রধান কোয়ান্টাম সংখ্যা ও সহকারী কোয়ান্টাম সংখ্যা কখনও সমান হতে পারে না।
03	C	$S_2O_3^{2-}$ আয়নে যোজন ইলেকট্রন সংখ্যা = (সালফারের যোজন ইলেকট্রন সংখ্যা × 2) + (অক্সিজেনের যোজন ইলেকট্রন সংখ্যা ×3) + 2 (2টি ঋণাত্মক আধানের জন্য) = 6×2 + (6×3) + 2 = 32
04	C	$Fe(26) \rightarrow \underset{K(2)}{1s^2}\ \underset{L(8)}{2s^2 2p^6}\ \underset{M(14)}{3s^2 3p^6 3d^6}\ \underset{N(2)}{4s^2}$ 26 আণবিক সংখ্যা বিশিষ্ট মৌলের M-শেলে অর্থাৎ তৃতীয় শক্তিস্তরে মোট 14টি ইলেকট্রন থাকে। যেমন- 2(K), 8(L), 14(M),N(2)
05	A	এক্ষেত্রে যে অরবিটালের (n+l) এর মান কম সেটিতে ইলেক্ট্রন আগে প্রবেশ করবে। আর যদি (n+l) এর মান সবগুলো সমান হয় সেক্ষেত্রে যার n এর মান কম সেটিতেই ইলেক্ট্রন আগে প্রবেশ করবে। ইলেক্ট্রন গুলো নিম্ন থেকে পর্যায় ক্রমে উচ্চ শক্তিস্তরে প্রবেশ করে। 1s<2s<2p<3s<3p<4s<3d<4p<5s<4d<5p< 6s<4f<5d<6p<7s
06	B	আমরা জানি, আয়রন একটি অবস্থান্তর মৌল। অবস্থান্তর মৌলের সাধারণ ইলেকট্রন বিন্যাস হচ্ছে $(n-1)\ d^{1-9}\ ns^{1-2}$ ফলে স্পষ্টই বুঝা যাচ্ছে যে আয়রনে d অরবিটাল থাকবে। Fe(26) এর সঠিক ইলেকট্রন বিন্যাস = $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6\ 3d^6 4s^2$
07	C	পরমাণুর চৌম্বক ধর্ম কাজে লাগিয়ে চিকিৎসা NMR পদ্ধতি প্রয়োগ করা হয়। H পরমাণু NMR সক্রিয় পরমাণু কারণ এর নিউক্লিয়াসে একটি অযুগল প্রোটন আছে ফলে এর একমুখী স্পিনংকে প্রশমিত করার মত আর একটি প্রোটন নেই। তাই H পরমাণু চুম্বক হিসেবে কাজ করে এজন্য NMR বা MRI পদ্ধতিতে H_2 পরমাণু ব্যবহার করা হয়।
08	D	সূত্র-$2(2l + 1)$ যা উপশক্তি স্তরে সর্বোচ্চ ইলেক্ট্রন সংখ্যা করে।এবার উদাহরণ লক্ষ্য কর- f অরবিটালের জন্য, $l = 3$ $\therefore 2(2\times3+1) = 14$ টি ইলেক্ট্রন যা f অরবিটালের ইলেক্ট্রন নির্দেশ করে।
09	C	s-ব্লক ধাতুর ক্লোরাইড লবণ সমূহ বুনসেন দীপ শিখায় উদ্বায়ী এবং বর্ণহীন শিখায় বিভিন্ন বৈশিষ্ট্যমুলক বর্ণ সৃষ্টি করে। তাই পরীক্ষাগারে মৃৎক্ষার ধাতুর যৌগকে গাঢ় HCl –এ সিক্ত করে বুনসেন দীপ শিখায় করলে যৌগটি উদ্বায়ী ধাতব ক্লোরাইডে পরিণত হয়।
10	D	বোর পরমাণু মডেল শুধুমাত্র এক ইলেক্ট্রন বিশিষ্ট্য H পরমাণু যেমন- Li^{2+}, Be^{3+} আয়নের রেখা বর্ণালীর শুদ্ধ ব্যাখ্যা করতে
11	B	সম্পৃক্ত দ্রবণের শর্ত : আয়নিক গুণফল = দ্রাব্যতা গুণফল। অসম্পৃক্ত দ্রবণের শর্ত : আয়নিক গুণফল < দ্রাব্যতা গুণফল। অতিপৃক্ত দ্রবণের শর্ত : আয়নিক গুণফল > দ্রাব্যতা গুণফল। অতিপৃক্ত দ্রবণে অধঃক্ষেপ সৃষ্টি হয়।
12	D	$FeCl_3$ এর জলীয় দ্রবণে ফোঁটায় ফোঁটায় অ্যামোনিয়াম থায়োসায়ে জলীয় দ্রবণ যোগ করলে রক্তের মত লাল দ্রবণ তৈরি হবে।
13	B	দ্রবণে আয়ন শনাক্তকরণঃ Al^{3+}, Zn^{2+}, Ca^{2+}, Cu^{2+} — NH_4OH এর দ্রবণ
14	B	$AlCl_3$ এর আর্দ্র বিশ্লেষণ- গ্রুপ IIIA এর ২য় মৌল অ্যালুমিনিয়াম ধাতু হওয়ায় তার ক্লোরাইডের আর্দ্র বিশ্লেষণের প্রবণতা অনেক কম দ্রবণে $AlCl_3$ আর্দ্র বিশ্লেষিত হয়ে $Al(OH)_3$ ও HCl এসিড উৎপন্ন ফলে $AlCl_3$ এর জলীয় দ্রবণ অম্লীয় হয়। তবে এ বিক্রিয়া উভমুখী $AlCl_3 + 3H_2O \rightleftharpoons Al(OH)_3 + 3HCl$ $AlCl_3$ এর দ্রবণে কিছু এসিড যোগ করা হলে বিক্রিয়াটি বাম দিকে থাকে অর্থাৎ আর্দ্র বিশ্লেষণ বন্ধ থাকে। এ কারণে $AlCl_3$ এর জলীয় তৈরির সময় তাতে কিছু HCl এসিড যোগ করতে হয়। গ্রুপ- II অন্যান্য মৌল অধিকতর ধাতব হওয়ায় তাদের ক্লোরাইডের আর্দ্র প্রবণতা আরো কম।
15	A	হিলিয়াম পরমাণু থেকে দুইটি ইলেকট্রন সরিয়ে নিলে যা থাকে আলফা কণা $\left({}_2^4He^{2+}\right)$। তাই হিলিয়ামের প্রোটন সংখ্যা আল্ফা প্রোটন সংখ্যার সমান।
16	A	NaCl পানিতে দ্রবণীয় কারণ এর হাইড্রেশন এনথালপি, এনথালপি অপেক্ষা বেশি। সেজন্য, এটি পানিতে আয়নিত হয়ে Cl^- আয়ন গঠন করে। কিন্তু পানির সাথে বিক্রিয়া করে না। অর্থাৎ $NaCl_{(s)} + H_2O_{(aq)} \longrightarrow Na^+_{(aq)} + Cl^-_{(aq)}$
17	B	হাইড্রোজেন পরমাণু বর্ণালিতে বামার সিরিজের জন্য সর্বনিম্ন সংখ্যার ক্ষেত্রে নিম্নশক্তিস্তর, $n_1 = 2$ এবং উচ্চ শক্তিস্তর, $n_2 = 3$ $\bar{\upsilon} = \frac{1}{\lambda} = R_H\left[\frac{1}{2^2} - \frac{1}{3^2}\right] = \frac{5}{36}R_H$
18	A	$BaSO_4 \rightleftharpoons Ba^{2+} + SO_4^{2-}$ $K_{sp} = [Ba^{2+}]\times[SO_4^{2-}] = 4.0\times10^{-5}\times4.0\times10^{-5} = 1.6\times10^{-9}$
19	A	$r_2 = r_1 n^2$ $\Rightarrow r_2 = 0.5301\times2^2 = 0.5301\times4 = 2.12104$ Å $E_2 = \frac{E_1}{n^2} \Rightarrow E_2 = \frac{-13.6\times1.6\times10^{-19}\times10^7}{2^2}$ $= -5.44\times10^{-12}$ erg/atom
20	C	$S = \frac{m}{M-m}\times100 = \frac{10}{60-10}\times100 = 20$

প্রথম পত্র অধ্যায়: ০৩

মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	বিভিন্ন ব্লকের মৌল ও তার সাধারণ ধর্মাবলী	★
TOPIC-02	পারমাণবিক সংখ্যা, গ্রুপ ও পর্যায়	★★
TOPIC-03	মৌলসমূহের পর্যায়বৃত্ততা	★★★
TOPIC-04	ইলেকট্রন আসক্তি	★★
TOPIC-05	তড়িৎ ঋণাত্মকতা ও তড়িৎ ধনাত্মকতা	★★
TOPIC-06	পরমাণুর আকার/ ব্যাসার্ধ ও গলনাঙ্ক-স্ফুটনাঙ্ক	★★★
TOPIC-07	বিভিন্ন প্রকার রাসায়নিক বন্ধন	★★
TOPIC-08	পোলারায়ন ও ফাযানের নীতি	★★★
TOPIC-09	σ (সিগমা) ও π (পাই) বন্ধন	★
TOPIC-10	সংকরণ, আকৃতি ও বন্ধন কোণ	★★★
TOPIC-11	অষ্টকতত্ত্ব ও মুক্তজোড় ইলেকট্রন	★★
TOPIC-12	অজৈব ও জটিলযৌগের নামকরণ এবং সংকেতসমূহ	★★

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- ডুবুরীরা অক্সিজেন সিলিন্ডারে মিশ্রন গ্যাস হিসাবে ব্যবহার করেন – He
- sp^2 সংকরিত অরবিটালের বন্ধন কোণ – 120°
- ইথিলিনে হাইব্রিডাইজেশন বিদ্যমান – sp^2
- যে বন্ধনের কারনে পানির পৃষ্ঠতল টান ও সান্দ্রতা বৃদ্ধি পায় – হাইড্রোজেন বন্ধন
- অ্যামোনিয়া অণুর আকৃতি হচ্ছে – ত্রিকোনীয় পিরামিডিয়
- কার্বনিল মূলকে C পরমাণুতে সংকরন ঘটে–sp^2
- ক্যাটায়ন যত ক্ষুদ্র হয় তার পোলার ক্ষমতা তত – বৃদ্ধি পায়
- NH_4^+ আয়নটিতে যে ধরণের সংকরায়ন ঘটে – sp^3
- নিষ্ক্রিয় গ্যাসের নিষ্ক্রিয়তার অন্যতম কারণ হলো – উচ্চ আয়নীকরণ বিভব
- $AlCl_3$ এর জলীয় দ্রবণ – অম্লধর্মী প্রকৃতির।
- আর্সেনিকের পারমাণবিক সংখ্যা হলো – 33
- চ্যালকোজেন মৌল হলো – টেলুরিয়াম
- 100% বিশুদ্ধ H_2SO_4 কে বলা হয় – সালফান
- সমুদ্রের পানিতে NaCl এর পরিমাণ – 2.54%
- হালোজেনের স্ফুটনাঙ্কের ক্ষেত্রে – $I_2 > Br_2 > Cl_2 > F_2$
- পানি যে ধরনের অক্সাইড – প্রশমধর্মী
- নিম্নের H_2SO_4 এর গঠনে যে ধরনের বন্ধন বিদ্যমান – সন্নিবেশ সমযোজী বন্ধন
- PCl_5 এ যে ধরনের হাইব্রিডাইজেশন বিদ্যমান – sp^3d
- $[Ni(CO)_4]$ জটিল যৌগে যে ধরণের সংকরণ ঘটে – sp^3
- 'হ্যালোজেন' হল– সামুদ্রিক লবণের উপাদান
- কোন মৌলের সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রনিক বিন্যাস $3d^5 4s^1$ হলে ঐ মৌলের পর্যায় ও গ্রুপ সংখ্যা – পর্যায়-4, গ্রুপ-VIB
- H_2O অণুর অক্সিজেনের অরবিটাল সংকরণটি ঘটে – sp^3
- পর্যায় সারনীর গ্রুপ IIA মৌলকে বলা হয় – মৃৎক্ষার ধাতু
- সংজ্ঞানুসারে Sc অবস্থান্তর মৌল নয়।
- IA মৌল সমূহ রৌপ্য বর্ণের ও উজ্জ্বল।
- ধাতু হবার কারণে IA মৌল সমূহ তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।
- Al এর গলনাংক Na অপেক্ষা বেশী।
- পৃথিবীতে সবচেয়ে বেশি পাওয়া যায় অক্সিজেন (O)
- সবচেয়ে কম স্ফুটনাংক হিলিয়াম (–268.9°C)
- Si ও Ge কে অর্ধধাতু বলে।
- ইলেকট্রন বিন্যাসের ম্যাজিক নম্বর: 2,8,8,18,18,32
- Pd হচ্ছে প্লাটিনাম গ্রুপের ধাতু।
- Mo এর সঠিক ইলেক্ট্রন বিন্যাস $[Kr]4d^5 5s^1$
- হ্যাসিয়ামের প্রতীক হচ্ছে Hs
- আন্তঃঅবস্থান্তর মৌলের উদাহরণ হল- সেরিয়াম Ce(58)
- তরল ধাতু: $\frac{Hg}{\text{হাজী}}$ $\frac{Cs}{\text{সাহেব}}$ $\frac{Fr}{\text{ফ্রান্সে}}$ $\frac{Ga}{\text{গিয়েছেন}}$
- পর্যায় সারণির IIIB গ্রুপে সবচেয়ে বেশী তেজস্ক্রিয় মৌল অবস্থিত।
- কক্ষ তাপমাত্রায় পারদ (Hg) তরল।
- Na ও Au এর কোন আইসোটোপ নাই।
- B উপগ্রুপের প্রথম মৌল Sc(21) এবং শেষ মৌল হচ্ছে Cn(112)
- সর্বাপেক্ষা সক্রিয় অধাতব মৌল – ফ্লোরিন (F_2)
- সর্বাপেক্ষা তড়িৎ ধনাত্নক মৌল– সিজিয়াম (Cs)
- সর্বাপেক্ষা ঋণাত্নক মৌল– ফ্লোরিন (F_2)
- সর্বাপেক্ষা ভারী ধাতু– অসমিয়াম (Os)
- সর্বাপেক্ষা হালকা ধাতু– লিথিয়াম (Li)
- সর্বাপেক্ষা ভারী তরল– পারদ (Hg)
- সর্বাপেক্ষা বেশী ঘনত্ব বিশিষ্ট পদার্থ– অসমিয়াম (Os)
- সর্বাপেক্ষা বেশী আপেক্ষিক তাপ বিশিষ্ট পদার্থ– পানি (H_2O)
- সর্বাপেক্ষা বেশী স্ফুটনাংক বিশিষ্ট পদার্থ– অসমিয়াম (Os)
- সর্বাপেক্ষা ঘাতসহ ধাতু– স্বর্ণ (Au)
- সর্বাপেক্ষা নমনীয় ধাতু– প্লাটিনাম (Pt)
- সর্বাপেক্ষা বিদ্যুৎ সুপরিবাহী পদার্থ– সিলভার বা রূপা (Ag)
- সর্বাপেক্ষা উচ্চ গলনাংক বিশিষ্ট ধাতু– টাংস্টেন (W)
- সর্বাপেক্ষা বৃহৎ অণু– ফুলারিন(C_{60})
- সর্বাপেক্ষা নিষ্ক্রিয় মৌল– হিলিয়াম (He)
- সর্বাপেক্ষা বিষাক্ত– প্লুটোনিয়াম (Pu)
- সর্বাপেক্ষা শক্ত ধাতু– Os
- সর্বাপেক্ষা পরিবর্তনশীল জারণমান– ম্যাঙ্গানিজ (Mn)

❐ **বর্ণযুক্ত আয়ন সৃষ্টিঃ এক নজরে অবস্থান্তর ধাতুসমূহের আয়নের বর্ণঃ**

ধাতব আয়ন	বর্ণ
Sc^{3+}	বর্ণহীন
Ti^{3+}	রক্তবর্ণ (লালচে বেগুনী)
V^{3+}	সবুজ
V^{4+}	নীল
Cr^{3+}	হালকা সবুজ (বেগুনী)
Mn^{3+}	বেগুনী (গোলাপী)
Mn^{2+}	হালকা গোলাপী/বর্ণহীন
Fe^{2+}	হালকা সবুজ/সবুজ
Fe^{3+}	হলুদ/হালকা বাদামী
Co^{2+}	গোলাপী
Ni^{2+}	সবুজ
Cu^{2+}	নীল
Zn^{2+}	বর্ণহীন

❑ এক নজরে মৌলের বিশেষ নামের সারণী:

বিশেষ নাম	মৌল সমূহ	বিশেষ নাম	মৌল সমূহ
ক্ষারধাতু	Li, Na, K, Rb, Cs, Fr	অভিজাত ধাতু	Ag, Au, Pt
মৃৎ ক্ষারধাতু	Be, Mg, Ca, Sr, Ba, Ra	প্রতিনিধি মৌল	S ব্লক এবং P ব্লক মৌল
হ্যালোজেন	F, Cl, Br, I, At	ট্রান্সইউরেনিয়াম মৌল	93 – 103 পর্যন্ত
অপধাতু	Ge, At, Si, As, Sb, Te, B	অবস্থান্তর মৌল	IIB ব্যতীত d ব্লকের অন্যান্য মৌল
চালকোজেন	O, S, Se, Te, Po	বিরল মৃত্তিকা ধাতু	ল্যান্থানাইড মৌল
মুদ্রাধাতু	Cu, Ag, Au	প্রতিরূপী মৌল	38 টি মৌল
নিষ্ক্রীয় গ্যাস	He,Ne, Ar, Kr, Xe, Rn	নরম ধাতু	Pb, Na, K, Ca
চুম্বক ধাতু	Fe, Co, Ni, Ru, Rh, Pd, Pt	উদ্বায়ী ধাতু	Zn, Cd, Hg, Cn
নিকৃষ্ট ধাতু	Fe, Cu	তেজস্ক্রিয় ধাতু	U, Ra, Po, Th, Pu, Fr

❑ আয়নিকরণ শক্তি নির্ণয়:

➢ **একই পর্যায়ের মৌলের ক্ষেত্রে-** বাম থেকে ডানে গেলে আয়নিকরণ শক্তি বাড়ে। অর্থাৎ সর্বাধিক ডানের মৌলটির আয়নিকরণ শক্তি সর্বাধিক।

ব্যতিক্রম: i. Be > B ii. N > O iii. Mg > Al iv .P > S

তাই • Li , Be , N , B , O, C, F এর আয়নিকরণ শক্তির পর্যায়ক্রম Li < B < Be < C <O< N < F

তাই • Na , Mg , Si , P , S , Al এর আয়নিকরণ শক্তির পর্যায়ক্রম Na < Al < Mg < Si < S < P

➢ একই গ্রুপের ক্ষেত্রে যত উপর থেকে নিচে যাওয়া যায় আয়নিকরণ শক্তি তত হ্রাস পায়। অর্থাৎ যার অবস্থান উপরে তার আয়নিকরণ শক্তি সর্বাধিক হবে।
যেমন- F, Cl, Br, I এর আয়নিকরণ শক্তির ক্রম যথাক্রমে: I<Br<Cl<F,
Gr-1A এর আয়নিকরণ শক্তির ক্রম যথাক্রমে:
Li >Na > K > Rb > Cs > Fr

➢ **প্রথম, দ্বিতীয় বা তৃতীয় আয়নিকরণ শক্তির ক্ষেত্রে:** যত তম গ্রুপ তত তম মৌলের আয়নিকরণ শক্তির ক্ষেত্রে মানটি সর্বনিম্ন হবে এবং তার আগের গ্রুপের আয়নিকরণ শক্তি সর্বাধিক হবে। এবার বিশ্লেষণী দৃষ্টিকোণ থেকে উদাহরণ লক্ষ্য কর।

➢ **সমইলেকট্রন বিশিষ্ট আয়নের ক্ষেত্রে:** সম ইলেক্ট্রন বিশিষ্ট আয়নের ক্ষেত্রে যার প্রোটন সংখ্যা বেশি তার আয়নিকরণ শক্তির মান বেশি।
$Ne(10) < Na^+(11) < Mg^{2+}(12)$

❑ পরমাণুর আকার/ব্যাসার্ধ:

A. **মৌলের ক্ষেত্রে:** বাম থেকে ডানে গেলে পরমাণুর আকার কমে এবং উপর থেকে নিচে গেলে বাড়ে।
পর্যায়ক্রম – Na > Mg > Al > Si > P > S ,
গ্রুপক্রম – Li < Na < K < Rb < Cs

B. **আয়নের ক্ষেত্রে:** সম ইলেক্ট্রনিক পদার্থের ক্ষেত্রে যার প্রোটন সংখ্যা বেশি তার আকার ছোট। যেমন: Na^+, Mg^{2+}, Al^{3+} এতে ইলেকট্রন সংখ্যা 10 কিন্তু Al এর প্রোটন সংখ্যা সর্বাধিক বলে এর আকার সবচেয়ে ছোট।

❑ একাধিক বন্ধন বিশিষ্ট যৌগঃ বাঁচতে হলে জানতে হবে:

যৌগ	বন্ধন প্রকৃতি	সংখ্যা
H_3PO_4	সমযোজী, সন্নিবেশ	08
Na_2SO_4	আয়নিক,সমযোজী, সন্নিবেশ	08
$CuSO_4.5H_2O$	আয়নিক,সমযোজী,সন্নিবেশ, হাইড্রোজেন বন্ধন	
$[Co(NH_3)_6]Cl_3$	আয়নিক,সমযোজী,সন্নিবেশ	
NH_4Cl	আয়নিক,সমযোজী,সন্নিবেশ	
$(H_2O)n$	হাইড্রোজেন, সমযোজী	
$[Cu(NH_3)_4]SO_4$	আয়নিক,সমযোজী,সন্নিবেশ	
$K_4[Fe(CN)_6]$	আয়নিক, সমযোজী, সন্নিবেশ	
KBF_4	আয়নিক, সমযোজী, সন্নিবেশ	
H_2SO_4	সমযোজী, সন্নিবেশ	
$[Ag(NH_3)_2]1^+$	সমযোজী, সন্নিবেশ	
NH_4^+	সমযোজী, সন্নিবেশ	
$[Fe(CN)_6]^{4-}$	সমযোজী, সন্নিবেশ	
$[Cu(NH_3)_4]^{2+}$	সমযোজী, সন্নিবেশ	

❑ **ফায়ানের নীতি:** একাধিক যৌগের মধ্যে কোন যৌগটি বেশী সমযোজী প্রদর্শন করবে তা এই ফায়ানের নীতির সাহায্যে বের করা যায়।

ছন্দে ছন্দে ফায়ানের নীতি	বাক্যে বাক্যে ফায়ানের নীতি
ক্যাটা মিয়া ছোট হলে অ্যানা মিয়া বড়, অ্যানা ও ক্যাটার বাড়লে চার্জ d ও f- কে ধরো।	A. ক্যাটায়নের আকার যত ক্ষুদ্র হবে। B. অ্যানায়ন যত বৃহদাকার হবে। C. ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জ যত বেশী হবে D. d ও f অরবিটালে ইলেকট্রন থাকলে পোলারায়নের মাত্রা তত বেশী হবে এবং বন্ধন সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে।

❑ সংকরণ (Hybridisation):

➢ **Hybridisation of Orbital Theory এর সার সংক্ষেপ-**

- শুধুমাত্র একক বিচ্ছিন্ন পরমাণুর অরবিটালের সংকরণ ঘটতে পারে
- একই শক্তিস্তরের প্রায় সমশক্তি সমসম্পন্ন orbital সমূহ সংকরণ গ্রহণ করে।
- H-পরমাণুতে সর্বদাই 1s সংকরণ ঘটে।

➢ **অজৈব যৌগের ক্ষেত্রে- সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়:**

সূত্র: $x = \frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর সংখ্যা – ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ]

$x = \frac{1}{2}[V + M - C + A]$; x = হাইব্রিড অরবিটালের সংখ্যা

উদাহরণ: • $PCl_5 \rightarrow x = \frac{1}{2}(5+5+0+0) = 5 \rightarrow sp^3d$

• $CCl_4 \rightarrow x = \frac{1}{2}(4+4+0) = 4 \rightarrow sp^3$

❑ এক নজরে সংকরণ সমূহ:

সংকরণ	সংকর অরবিটাল সংখ্যা	বন্ধন কোণ	আকৃতি
sp	2	180°	সরলরৈখিক
sp^2	3	120°	সমতলীয় ত্রিভুজাকৃতি
sp^3	4	109° 28′	চতুস্তলকীয়
sp^3d	5	90°,120°	ত্রিকোণীয় দ্বি-পিরামিড
sp^3d^2	6	90°	অষ্টতলকীয়
sp^3d^3	7	72°,90°	পঞ্চকোণীয় দ্বি-পিরামিড

জটিল যৌগের সংকরায়ণ, সন্নিবেশ সংখ্যা ও আকৃতি:

সংকেত	সন্নিবেশ সংখ্যা	সংকরায়ণ	আকৃতি
$[Cu(NH_3)_4]SO_4$	4	sp^2d	সমতলীয় বর্গাকার
$K_4[Fe(CN)_6]$	6	sp^3d^2	অষ্টতলকীয়
$[Fe(H_2O)_6]Br_2$	6	sp^3d^2	অষ্টতলকীয়
$[Ni(H_2O)_6]Cl_2$	6	sp^3d^2	অষ্টতলকীয়
$K_2[Ni(CN)_4]$	4	sp^2d	সমতলীয় বর্গাকার
$Na_2[Cu(Cl)_5]$	5	sp^3d	ত্রিকোণীয় দ্বি-পিরামিডীয়

মৌলের অক্সাইডসমূহ:

অম্লীয় অক্সাইড (Acidic Oxide):

$CO_2, SO_2, SO_3, NO_2, N_2O_5, P_2O_5, B_2O_3, SiO_2, Cl_2O_7$ ইত্যাদি।

ক্ষারকীয় অক্সাইড (Basic Oxide):

$Na_2O, K_2O, V_2O_3, CuO, FeO, CaO, MgO$ ইত্যাদি।

উভয়ধর্মী অক্সাইড (Amphoteric Oxide)							
কাল্লু	মামা	জানে	তুমি	গেলে	সোনা	পাব	আমি
Cr_2O_3	MnO_2	ZnO	TeO_2	Ga_2O_3	SnO_2	PbO_2	Al_2O_3, As_2O_3

নিরপেক্ষ বা প্রশম অক্সাইড (Natural Oxide)			
হাই	কানা	নাই	নানা
H_2O	CO	NO	N_2O

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

CCl_4 একটি সমযোজী যৌগ, এটি: [JU-A, Set-G: 2022-23]

i. পানিতে অদ্রবণীয় ii. বিদ্যুৎ পরিবাহী নয়

iii. সাধারণ তাপমাত্রায় তরল

কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও iii

SDWhy CCl_4 একটি সমযোজী যৌগ। তাই এটি পোলার দ্রাবক পানিতে অদ্রবণীয়, বিদ্যুৎ অপরিবাহী এবং সাধারণ তাপমাত্রায় তরল।

পারমাণবিক অরবিটাল তখনই π বন্ধনে আবদ্ধ হবে যখন- [JU-A, Set-G: 2022-23]

i. দুটি মৌল দ্বি বন্ধন বা ত্রি বন্ধন দ্বারা যুক্ত হয়

ii. দুটি অসংকরিত অরবিটাল পাশপাশি অধিক্রমন করে

iii. দুটি সংকরিত অরবিটাল পাশপাশি অধিক্রমন করে

কোনটি সঠিক?

A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

SAWhy দুটি মৌল দ্বি বন্ধন বা ত্রি বন্ধন দ্বারা যুক্ত হলে এবং দুটি অসংকরিত অরবিটাল পাশপাশি অধিক্রমণ করলে পারমাণবিক অরবিটাল π বন্ধনে আবদ্ধ হবে।

- π বন্ধনের যুক্ত ঘূর্ণন সম্ভব নয় এবং অণুর আকৃতিতে এর কোন প্রভাব নেই।
- π বন্ধন γ বন্ধনের থেকে দূর্বল হয়।
- দুটি সংকরিত অরবিটাল মুখোমুখি অধিক্রমণ করে।

$Ca(OH)_2(aq) + CO_2 \longrightarrow A + H_2O$; উৎপন্ন A যৌগটি? [JU-A, Set-G: 2022-23, 17-18]

A. চুনাপাথর B. কলিচুন C. চুনের পানি D. চুন

SAWhy $Ca(OH)_{2(aq)} + CO_2 \rightarrow CaCO_3 + H_2O$

চুনাপাথর

BF_3 অণুর কেন্দ্রীয় পরমাণুর সংকরণ অবস্থা কোনটি? [JU-A, Set-G: 2022-23]

A. sp B. sp^2 C. sp^3 D. sp^3d

SBWhy $y = \frac{1}{2}(V + X - C + A) \Rightarrow y = \frac{1}{2} \times (3 + 3)$

$\Rightarrow y = 3 = sp^2 \therefore BF_3$ এ B এর sp^2 সংকরায়ন হয়।

05. আয়নিক বন্ধন গঠনের প্রয়োজনীয় শর্ত- [JU-A, Set-H: 2022-23]

i. ধাতুর নিম্ন আয়নীকরণ শক্তি ii. তড়িৎ ঋণাত্মকতার বেশি পার্থক্য

iii. যৌগের উচ্চ ল্যাটিস শক্তি

কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও iii

SDWhy আয়নিক বন্ধনের শর্ত-

- প্রথম পরমাণুর আয়নিকরণ শক্তি কম হতে হবে
- অপর পরমাণুর ইলেকট্রন আসক্তি বেশী হতে হবে
- যৌগের Lattice Energy বেশী হতে হবে।

বি.দ্রঃ আয়নিক বন্ধন সর্বোচ্চ হওয়ার উপায়ঃ তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য যত বেশী হবে (1.7 এর বেশী) আয়নিক বৈশিষ্ট্য তত বেশী হবে।

06. $CaCl_2$ ও $AlCl_3$ এর মধ্যে- [JU-A, Set-H: 2022-23]


A. $CaCl_2$ অধিক সমযোজী B. $AlCl_3$ অধিক সমযোজী

C. উভয়ই আয়নিক D. উভয়ই সমযোজী

SBWhy ফাজানের নীতি অনুসারে, চার্জ যত বেশি সমযোজী ধর্ম ও তত বেশি। Al^{3+} ও Ca^{2+} এর মাঝে Al^{3+} এর পোলারায়ন সবচেয়ে বেশি। তাই $CaCl_2$ এর তুলনায় $AlCl_3$ বেশি সমযোজী।

07. বেনজিনে কয়টি সিগমা বন্ধন আছে? [JU-A, Set-H: 2022-23; Set-B: 20-21]

A. 6 B. 9 C. 12 D. 15

SCWhy  (12টি σ বন্ধন ও 3টি π বন্ধন আছে)

08. $PbCl_2$ গরম পানিতে দ্রবণীয় কিন্তু শীতল পানিতে অদ্রবণীয়, কারণ : [JU-A, Set-N: 2022-23]

i. এটি অপোলার ii. পোলারায়ন

iii. ল্যাটিস শক্তি > হাইড্রেশান শক্তি

A. i B. ii C. iii D. i ও ii

SCWhy $PbCl_2$ আয়নিক যৌগ হলেও এর ল্যাটিস শক্তি হাইড্রেশান শক্তির চেয়ে সামান্য বেশি। তাই তাপ প্রয়োগ করলে ঐ তাপশক্তি হাইড্রেশান শক্তিকে বৃদ্ধি করে। তাই $PbCl_2$ গরম পানিতে দ্রবণীয়। কিন্তু শীতল পানিতে অদ্রবণীয়।

09. সঞ্চরণশীল π ইলেকট্রন রয়েছে- [JU-A, Set-N: 2022-23]

i. গ্রাফাইট ii. সব ধাতুতে iii. বেনজিন চক্রে

কোনটি সঠিক?

A. i ও ii B. i ও iii

C. ii ও iii D. i, ii ও iii

SBWhy গ্রাফাইটের কার্বনে সব কার্বন পরমাণু sp^2 সংকরিত এবং C-পরমাণুতে ১টি করে সঞ্চারণশীল π ইলেকট্রন থাকে। বেনজিন অনুতেও C-পরমাণু sp^2 সংকরিত এবং এতে ৬টি সঞ্চারণশীল π ইলেকট্রন থাকে।

10. $(d^1 - d^9)$ মৌলসমূহ- [JU-A, Set-N: 2022-23]

i. রঙ্গিন যৌগ গঠন করে ii. জটিল যৌগ গঠন করে

iii. প্রভাবক রূপে ক্রিয়া করে

কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও iii

SDWhy যে সকল মৌল এবং তার সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাসে d^1–d^9 ইলেকট্রন থাকে তাদেরকে অবস্থান্তর মৌল বলে। এদের বৈশিষ্ট্য হলো: (i) রঙিন যৌগ গঠন করে (ii) জটিল যৌগ গঠন করে (iii) প্রভাবকরূপে ক্রিয়া করে (iv) প্যারাচৌম্বক ধর্ম প্রদর্শন করে (v) পরিবর্তনশীল যোজ্যতা দেখায়

11. আয়নিক বন্ধন গঠিত হয়- [JU-A, Set-N: 2022-23; Set-E. 20-21]

i. ধাতু ও অধাতুর মধ্যে ii. ইলেকট্রন আসক্তির পার্থক্য বেশি হলে

iii. ইলেকট্রন আদান প্রদানের মাধ্যমে

কোনটি সঠিক?

A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

SBWhy ধাতু ও অধাতুর মধ্যে ইলেকট্রন আদান প্রদানের মাধ্যমে আয়নিক বন্ধন গঠিত হয়।

12. অবস্থান্তর মৌলের বৈশিষ্ট্য হলো- [JU-A, Set-N: 2022-23; 09-10]

i. সরল যৌগ গঠন করে ii. রঙিন যৌগ গঠন করে

iii. পরিবর্তনশীল যোজ্যতা থাকে

নিচের কোনটি সঠিক?

A. i, ii B. i, iii

C. ii, iii D. i, ii, iii **Ans C**

13. $[Co(NH_3)_6]^{3+}$ আয়নটিতে কেন্দ্রীয় পরমাণুর জারণমান কত? [JU-A, Set-N: 2022-23]

A. + 15 B. +3 C. +5 D. +9

S B Why $[Co(NH_3)_6]^{3+}$ এ Co এর জারণ মান: $x + 0 = +3 \Rightarrow x = +3$

14. নিম্নলিখিত উপাদানগুলির মধ্যে কোনটি সিলিকন এবং জার্মেনিয়ামের মতো পর্যায় সারণির একই গ্রুপের সাথে যুক্ত- [JU-A, Set-R: 2022-23]

A. ফসফরাস B. কার্বন

C. সোডিয়াম D. বোরন

S B Why পর্যায় সারণীর ৪র্থ সারির পরমাণু কেলাসগুলো বিতর্ক অর্ধপরিবাহী হিসেবে কাজ করে। উদাহরণ: C, Si, Ge, Pb, Sn, ক্যালসিয়াম সালফাইড।

15. কোন যৌগতে সঞ্চরণ অক্ষম π ইলেকট্রন আছে? [JU-A, Set-R: 2022-23]

A. C_2H_4 B. C_2H_6

C. C_6H_6 D. $CH_3C_6H_5$

S A Why C_6H_6 ও $CH_3C_6H_5$ হলো অ্যারোমেটিক যৌগ। অ্যারোমেটিক যৌগের বৈশিষ্ট্য হচ্ছে সঞ্চারনক্ষম ইলেকট্রন থাকে। C_2H_6 হলো অ্যালকেন জাতক তাই এদের π ইলেকট্রন থাকে না। C_2H_4 একটি অ্যালকিন ফলে এতে সঞ্চারন অক্ষম π ইলেকট্রন আছে।

16. কোনটি অ্যানায়নকে অধিক পোলারিত করবে? [JU-A, Set-R: 2022-23]

A. Na^+ B. Mg^{2+} C. Al^{3+} D. Fe^{3+}

S D Why ফাজানের নীতি অনুযায়ী ক্যাটায়নের চার্জ বেশি হলে অ্যানায়নকে অধিক পোলারিত করতে পারে এবং d ব্লক মৌল s ও p ব্লক মৌল অপেক্ষা বেশি পোলারিত করবে। তাই আয়ন গুলোর পোলারিত হবার ক্রম:

$Fe^{3+} > Al^{3+} > Mg^{2+} > Na^+$

17. অষ্টক অপূর্ন যৌগ- [JU-A, Set-R: 2022-23]

i. NH_3 ii. $BeCl_2$ iii. BF_3

কোনটি সঠিক?

A. i B. i ও ii C. ii ও iii D. i, ii ও iii

S C Why সর্বশেষ শক্তিস্তরে 8টি থাকলে তাকে অষ্টক বলে।

- NH_3 তে N এ সর্বশেষে 8টি e^- আছে তাই অষ্টক হয়েছে।
- $BeCl_2$ তে Be সর্বশেষে 4টি e^- আছে তাই অষ্টক অপূর্ণ
- BF_3 তে Be সর্বশেষে 6টি e^- আছে তাই অষ্টক অপূর্ণ

18. পরমাণু সমূহের রাসায়নিক বন্ধন তৈরীর কারণ হলো- [JU-A, Set-S: 2022-23]

A. আকর্ষণ বিকর্ষণ বলের সমতা প্রতিষ্ঠা

B. নিম্নতম স্থৈতিক শক্তি অর্জন করা

C. যোজনী স্তরের ইলেকট্রনের উচ্চতা শক্তি স্তরে উন্নীতকরণ

D. অণুর সক্রিয়ন শক্তি হ্রাস

S B Why কোনো অণুতে এক বা একাধিক মৌলের 2টি পরমাণু যে আকর্ষণ বলের মাধ্যমে পরস্পর আবদ্ধ থাকে তা হচ্ছে রাসায়নিক বন্ধন। এ বন্ধন গঠন করার মূল কারণ হলো স্থিতিশক্তি হ্রাস করে অধিক সুস্থিতি অর্জন।

19. কোন যৌগটি সমযোজী কিন্তু পানিতে দ্রবণীয়? [JU-A, Set-S: 2022-23]

A. ইথেন B. ইথানল C. NaOH D. বেনজিন

S B Why পানি, মিথানল, ইথানল, প্রোপানোন, ইথাইল অ্যাসিটেট, ডাই ইথাইল ইথার ইত্যাদি পোলার সমযোজী হওয়ায় এরা পানিতে দ্রবীভূত হয়।

20. পর্যায় সারণির গ্রুপ IA এর মৌল সমূহের বেলায় যতই নিচের দিকে যাওয়া যায় ততই- [JU-A, Set-L 2021-22]

i. ইলেকট্রনের একটি নতুন স্তর যুক্ত হয়

ii. পারমাণবিক ব্যাসার্ধ হ্রাস পায়

iii. ধাতুর সক্রিয়তা বৃদ্ধি পায়।

নিচের কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii

C. i ও iii D. i, ii ও iii

S C Why পর্যায় সারণির গ্রুপ IA এর মৌল সমূহের বেলায় যতই নিচের দিকে যাওয়া যায় ততই-

- ইলেকট্রনের একটি নতুন স্তর যুক্ত হয়
- সক্রিয়তা বৃদ্ধি পায়।

21. NH_3BF_3 যৌগে বিভিন্ন পরমাণুর মধ্যে বন্ধন আছে- [JU-A, Set-M. 2021-22, A2.2]

(i) আয়নিক (ii) সমযোজী


(iii) সন্নিবেশ বন্ধন।

নিচের কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii

C. i ও iii D. i, ii ও iii

S B Why NH_3BF_3 হলো অ্যামোনিয়া ট্রাইফ্লোরো বোরেন:



(লুইস এসিড) (লুইস ক্ষার)

NH_3BF_3 যৌগে বিভিন্ন পরমাণুর মধ্যে সমযোজী ও সন্নিবেশ বন্ধন হ

22. নিচের কোনটি অপোলার যৌগ? [JU-A, Set-Q.2]

A. CCl_4 B. $CHCl_3$

C. CH_3OH D. HF


S A Why CCl_4 এর ডাইপোল মোমেন্ট শূন্য। তাই এটি অপোলার যৌগ।

23. কোন যৌগে পাই বন্ধন নেই? [JU-A, Set-Q.2]

A. C_2H_6 B. HCHO

C. C_2H_2 D. HCN

S A Why



σ-বন্ধন → 5টি


π-বন্ধন → 0টি


24. $[Fe(CN)_6]^{4-}$ আয়নের কেন্দ্রীয় পরমাণুর কি ধরনের সংকরণ ঘটে? [JU-A, Set-F.2]

A. sp^3 B. sp^3d

C. sp^3d^3 D. d^2sp^3

S D Why $Fe^{2+} \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^6\ 4s^0\ 4p^0$





25. NH_4^+ ও PH_4^+ আয়নের সংকরায়ন কোনটি? [JU-A, Set-L.2]

A. sp B. sp^2

C. sp^3 D. sp^3d

S C Why জৈব যৌগের ক্ষেত্রে সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়:

সূত্র: $x = \frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর / ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ] $x = \frac{1}{2}$ [V + M–C + A]

যেখানে, x = হাইব্রিড অরবিটালের সংখ্যা

- $NH_4^+ \rightarrow$ সংকরায়ন: $\frac{1}{2}(5 + 4 - 1 + 0) = 4 = sp^3$
- PH_4^+ সংকরায়ন: $\frac{1}{2}(5 + 4 - 1 + 0) = 4 = sp^3$

নিচের কোন যৌগটির গঠন আকৃতি চতুস্তলকীয় নয়? [JU-A, Set-M. 2021-22]
A. CCl_4 B. NH_4^+
C. CH_4 D. SF_4
SOWhy • $CCl_4 \rightarrow sp^3 \rightarrow$ চতুস্তলকীয়
• $SF_4 \rightarrow sp^3d \rightarrow$ see saw $\rightarrow$ ত্রিকোনীয়-দ্বি পিরামিডীয়
• $NH_4^+ \rightarrow sp^3 \rightarrow$ চতুস্তলকীয়
• $CH_4 \rightarrow sp^3 \rightarrow$ চতুস্তলকীয়

PCl_5 এ কোন ধরনের সংকরণ বিদ্যমান? [JU-A, Set-O. 2021-22]
A. sp B. sp^2 C. sp^3 D. sp^3d
SOWhy অজৈব যৌগের ক্ষেত্রে সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয়:
সূত্র: $x = \frac{1}{2}$ [যোজ্যতা শেলে ইলেক্ট্রন সংখ্যা + একযোজী পরমাণুর সংখ্যা- ক্যাটায়নের চার্জ + অ্যানায়নের চার্জ] $x = \frac{1}{2}[V + M - C + A]$
যেখানে, x = হাইব্রিড অরবিটালের সংখ্যা
PCl_5 এর সংকরায়ন: $\frac{1}{2}(5 + 5 + 0 + 0) = 0 = sp^3d$ সংকরায়ন বিদ্যমান।

অ্যামোনিয়া অণুর ক্ষেত্রে- [JU-A, Set-O. 2021-22]
i. নাইট্রোজেনের সংকরণ sp^3 ii. চতুস্তলকীয়
iii. মুক্তজোড় ইলেকট্রন বিদ্যমান
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. i, ii ও iii

SOWhy $\ddot{N}H_3 \rightarrow$ 1 জোড়া মুক্তজোড় ইলেকট্রন আছে।
সংকরায়ন $= \frac{1}{2}(5 + 3 + 0 - 0) = 4 = sp^3$
• আকার $\rightarrow$ ত্রিকোণীয় পিরামিড আকৃতির

অষ্টক সম্পূর্ণ যৌগ হলো– [JU-A, Set-Q. 2021-22]
i. H_2O ii. BCl_3 iii. NCl_3
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. i, ii ও iii
SOWhy সূত্র: {কেন্দ্রীয় মৌলের শেষ কক্ষপথের e^- সংখ্যা + অপর মৌলের যোজনী × পরমাণু সংখ্যা – (± চার্জ)}
• $H_2O = [6 + (2 \times 1) - 0] = 8$ অষ্টকপূর্ণ
• $BCl_3 = [3 + (3 \times 1) - 0] = 6$ অষ্টকঅপূর্ণ
• $NCl_3 = [5 + (3 \times 1) - 0] = 8$ অষ্টকপূর্ণ

কোনটি স্ট্যানিক ক্লোরাইড এর সংকেত? [JU-A, Set-F. 2021-22]
A. CCl_4 B. $SnCl_2$ C. $SnCl_4$ D. $FeCl_2$
SOWhy
• $SnCl_4 \rightarrow$ স্ট্যানিক ক্লোরাইড • $SnCl_2 \rightarrow$ স্ট্যানাস ক্লোরাইড
• $CCl_4 \rightarrow$ কার্বন টেট্রাক্লোরাইড • $FeCl_2 \rightarrow$ ফেরাস ক্লোরাইড

কোনটি পারক্লোরিক এসিড এর সংকেত? [JU-A, Set-I. 2021-22]
A. $HClO_2$ B. $HClO_3$
C. $HClO_4$ D. HClO
SOWhy ক্লোরিন যৌগ:

	হাইপো	আস	ইক	পার
জারণমান	+1	+3	+5	+7
যৌগ	HClO HBrO HIO	$HClO_2$ $HBrO_2$ HIO_2	$HClO_3$ $HBrO_3$ HIO_3	$HClO_4$ $HBrO_4$ HIO_4

কোনটি পারসালফিউরিক এসিড এর সংকেত? [JU-A, Set-M. 2021-22]
A. H_2SO_4 B. $H_2S_2O_3$
C. $H_2S_2O_7$ D. $H_2S_2O_8$

SOWhy সালফার যৌগ:

জারণ সংখ্যা	এসিডের	
	সংকেত	নাম
–2	H_2S	হাইড্রোজেন সালফাইড
+3	$H_2S_2O_4$	হাইপোসালফিউরাস এসিড
+4	H_2SO_3	সালফিউরাস এসিড
+6	H_2SO_4	সালফিউরিক এসিড
+2	$H_2S_2O_3$	থায়োসালফিউরিক এসিড
+7	$H_2S_2O_8$	পারসালফিউরিক এসিড
+6	$H_2S_2O_7$	পাইরোসালফিউরিক এসিড


33. কোনটি হাইপোফসফরাস এসিড এর সংকেত? [JU-A, Set-O. 2021-22]
A. H_3PO_2 B. H_3PO_3
C. H_3PO_4 D. HPO_3
SAWhy ফসফরাস যৌগ:

জারণ সংখ্যা	এসিডের	
	সংকেত	নাম
+1	H_3PO_2	হাইপোফসফরাস এসিড
+3	H_3PO_3	ফসফরাস এসিড
+5	H_3PO_4	ফসফরিক এসিড
+5	HPO_3	মেটাফসফরিক এসিড

34. কোনটি মেটাফসফরিক এসিড এর সংকেত? [JU-A, Set-Q. 2021-22]
A. H_3PO_2 B. H_3PO_3
C. H_3PO_4 D. HPO_3 **Ans D**

35. কোন নিষ্ক্রিয় গ্যাসটি p-ব্লক মৌল নয়– [JU-A, Set-B, 2020-21]
A. He B. Ne
C. Ar D. Kr
SAWhy একমাত্র He বাদে সব নিষ্ক্রিয় গ্যাসের শেষ ইলেকট্রনই p-অরবিটালে যায়, সুতরাং এরা সবাই p-ব্লক মৌল। একমাত্র He এর শেষ ইলেকট্রন s-অরবিটালে যায় (s-ব্লক মৌল)।

36. বেনজিনের অণুতে সিগমা ও পাই বন্ধন সংখ্যা কত? [JU-A, Set-C. 2020-21]
A. 3, 6 B. 6, 6 C. 12, 3 D. 12, 6
SCWhy এখানে, বেনজিনে (C–C) 6টি σ-বন্ধন, (C–C) 6টি σ-বন্ধন সহ মোট 12টি σ-বন্ধন বিদ্যমান। C–C তি 3টি π-বন্ধন বিদ্যমান



37. কোন গ্রুপের মৌলসমূহের ইলেকট্রন আসক্তি ও আয়নীকরণ শক্তি সবচেয়ে বেশি? [JU-A, Set-A. 2019-20]
A. গ্রুপ 12.13 B. গ্রুপ 13, 14
C. গ্রুপ 15, 16 D. গ্রুপ 16, 17 **Ans D**

38. কোন ধরনের বন্ধন এর শক্তি মাত্রা কম? [JU-A.2019-20]
A. আয়নিক B. সমযোজী C. ধাতব D. হাইড্রোজেন
SDWhy বন্ধন এর শক্তি মাত্রা ক্রম : আয়নিক > ধাতব > সমযোজী > হাইড্রোজেন বন্ধন

39. ধাতব বন্ধনের শক্তিমাত্রা . . . . . kJ/mol. [JU-A, Set-D. 2019-20]
A. 400-4000 B. 150- 1100
C. 75-1000 D. 10-40 **Ans C**

40. নিষ্ক্রিয় গ্যাসের সাধারণ যোজনী কত? [JU. 2018-19]
A.0 B.2
C. 4 D. 6
SAWhy নিষ্ক্রিয় গ্যাস সমূহের যোজনী শূন্য। নিষ্ক্রিয় গ্যাসকে অভিজাত গ্যাস বলা হয়।
নিষ্ক্রিয় গ্যাস/18 গ্রুপ $\Rightarrow$ He, Ne, Ar, Kr, Xe, Rn, Og

41. কোন নিষ্ক্রিয় গ্যাসটি s-ব্লক মৌল? [JU-A$_2$.2017-18]
A. Ne B. Ar
C. Kr D. He
S(D) Why নিষ্ক্রিয় গ্যাসের মধ্যে একমাত্র He হল s-ব্লক মৌল। বাকি গুলো p-ব্লক মৌল।

42. ক্ষার ধাতুর অক্সাইড ও হাইড্রোক্সাইড সমূহ- [JU-A$_3$.2017-18]
A. তীব্র ক্ষারক B. তীব্র অম্ল
C. মৃদু ক্ষারক D. মৃদু অম্ল
S(A) Why ক্ষার ধাতুর অক্সাইড ও হাইড্রোক্সাইড তীব্র ক্ষার ধর্মী এবং অধাতুর অক্সাইড ও হাইড্রোক্সাইড অম্লধর্মী।

43. জিঙ্কের অভাবে উদ্ভিদের- [JU-A$_{13}$.2017-18]
i. কচি পাতা হলুদ হয় ii. পাতার আকার ছোট হয়
iii. পাতায় বাদামী দাগ পড়ে।
কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i,ii ও iii
S(C) Why জিঙ্কের অভাবে উদ্ভিদের:
ii. পাতার আকার ছোট হয় iii. পাতায় বাদামী দাগ পড়ে।

44. কোনটির উপর ভিত্তি করে মৌলের ধর্মাবলির পরিবর্তন ও পুনরাবৃত্তি ঘটে? [JU-A$_1$.2017-18]
A. ইলেকট্রন বিন্যাস B. ইলেকট্রন আসক্তি
C. পরমাণুর আকার D. আয়নিকরণ বিভব
S(A) Why পর্যায় সারণীর মূল ভিত্তি হল ইলেকট্রন বিন্যাস। তাই এটির উপর ভিত্তি করে মৌলের ধর্মাবলির পরিবর্তন ও পুনরাবৃত্তি ঘটে।

45. হোয়াইট ফসফরাসকে রাখা হয়- [JU-A$_4$.2017-18]
A. পানির নিচে B. কেরোসিনের নিচে
C. হাইড্রোর্কাবনের নিচে D. লবণ পানির নিচে
S(B) Why শ্বেত ফসফরাস (P_4) অত্যন্ত সক্রিয় বলে এটিকে কেরোসিনের নিচে রাখা হয়।

46. ক্ষার ধাতুর পরেই অবস্থিত কোনগুলো? [JU-A$_4$.2017-18]
A. Li,K B. O, S C. Be, Mg D. N,P
S(C) Why ক্ষার ধাতুর পরেই মৃৎক্ষার ধাতুর অবস্থান (গ্রুপ-2)।

47. হ্যালোজেন মৌল গুলোর ইলেকট্রনীয় কাঠামো হলো- [JU-A$_{13}$.2017-18]
A. ns^2np^5 B. ns^2np^6 C. ns^2np^2 D. ns^2np^3
S(A) Why হ্যালোজেনের (VIIA/17 গ্রুপ) সাধারণ ইলেকট্রন বিন্যাস ns^2np^5
নিষ্ক্রিয় গ্যাস (0/18 গ্রুপ) এর সাধারণ ইলেকট্রন বিন্যাস ns^2np^6
নিকটোজেন (VA/15 গ্রুপ) এর সাধারণ ইলেকট্রন বিন্যাস ns^2np^3
IVA/14 গ্রুপ এর সাধারণ ইলেকট্রন বিন্যাস ns^2np^2
চালকোজেন (VIA/ 16 গ্রুপ) এর সাধারণ ইলেক্ট্রন বিন্যাস ns^2np^4

48. হাইড্রোজেন অণুতে বিদ্যমান বন্ধনটি- [JU-6.2017-18]
A. আয়নিক বন্ধন B. সন্নিবেশ বন্ধন
C. সমযোজী বন্ধন D. হাইড্রোজেন বন্ধন
S(C) Why H_2 অণুতে (H–H) বিশুদ্ধ সমযোজী বন্ধন বিদ্যমান। সকল গ্যাসীয় অণুতে সমযোজী বন্ধন বিদ্যমান।

49. দুইটি s বা দুইটি p অরবিটালের মুখোমুখি অধিক্রমণে কোন ধরনের বন্ধন সৃষ্টি করে? [JU-A$_4$.2017-18]
A. সিগমা বন্ধন B. পাই বন্ধন
C. পোলার বন্ধন D. হাইড্রোজেন বন্ধন
S(A) Why মুখোমুখি অধিক্রমণে সিগমা (σ) ও পাশাপাশি অধিক্রমণে পাই (π) বন্ধন সৃষ্টি হয়।

50. কোন অণুতে s–p অধিক্রমণ ঘটে? [JU-6.2017-18]
A. H_2 B. HCl
C. SO_2 D. BCl_3
S(B) Why • $H_2 \rightarrow$ s–s অধিক্রমণ $BCl_3 \rightarrow sp^2$–p অধিক্রমণ।
• $HCl \rightarrow$ s–p অধিক্রমণ

51. হাইড্রোজেন অণুতে বিদ্যমান বন্ধনটি? [JU-A$_{4,5}$]
A. আয়নিক বন্ধন B. σ-বন্ধন
C. π-বন্ধন D. হাইড্রোজেন বন্ধন
S(B) Why H_2 অণুতে দুইটি H পরমাণু s-s অধিক্রমণের মাধ্যমে σ বন্ধ যুক্ত হয়।

52. কোন অণুতে p–p অধিক্রমণ ঘটে? [JU-A$_{4,5}$]
A. H_2 B. HCl C. Cl_2 D. H_2O
S(C) Why • $H_2 \rightarrow$ s–s • $HCl \rightarrow$ s–p
• $Cl_2 \rightarrow$ p–p • $H_2O \rightarrow sp^3$–s

53. সিগমা ও পাই বন্ধন মূলত কি ধরনের বন্ধন? [JU-A$_{5,6}$]
A. সমযোজী বন্ধন B. আয়নিক বন্ধন C. অধাতব বন্ধন D. হাইড্রোজে
S(A) Why সিগমা ও পাই বন্ধন সমযোজী বন্ধনের প্রকারভেদ।


54. সরলরৈখিক CO_2 অণুতে কার্বনের হাইব্রিডাইজেশন কোন ধরনের? [JU-4,5]
A. sp B. sp^2 C. sp^3 D. sp^3d
S(A) Why CO_2 এ C পরমাণুতে sp এবং O পরমাণুতে হাইব্রিডাইজেশন বিদ্যমান।

55. কোন যৌগের কার্বন sp^3 হাইব্রিডাইজড? [JU-A$_{4,5}$]
A. ইথেন B. ইথিলিন
C. অ্যাসিটিলিন D. বেনজিন
S(A) Why সম্পৃক্ত হাইড্রোকার্বনে sp^3 হাইব্রিডাইজড কার্বন বিদ্যমান থাকে।


56. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে? [JU-A$_{1,2}$]
A. H_2O B. H_2S C. BH_3 D. HCl
S(A) Why HF, H_2O, NH_3, CH_3COOH, C_6H_5OH ইত্যাদি হাইড্রোজেন বন্ধন পরিলক্ষিত হয়।

57. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে? [JU-A$_{1,2}$]
A. $CHCl_3$ B. NaH C. HF D. HBr
S(C) Why HF একটি পোলার যৌগ বলে এটি হাইড্রোজেন বন্ধনে যুক্ত হয়ে ডাইমার গঠন করে।

58. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে? [JU-A$_{1,2}$]
A. H_2S B. NH_3
C. PH_3 D. HBr

59. কোন যৌগটি আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন গঠন করে? [JU-A$_{1,2}$]
A. প্যারা নাইট্রো ফেনল B. অর্থো নাইট্রো ফেনল
C. অর্থো মিথক্সি বেনজয়িক অ্যাসিড D. বেনজালডিহাইড
S(A) Why 

☞ HOT NEWS: প্যারা নাইট্রোফেনল (আন্তঃআণবিক H বন্ধন)
2-Nitrophenol (Orthonitrophenol) এ অন্তঃআণবিক H বন্ধন

60. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে? [JU-A$_{1,2}$]
A. ফেনল B. বেনজালডিহাইড
C. নাইট্রোমিথেন D. বেনজিন
S(A) Why  ফেনল এ-OH মূলক থাকায় এটি হাইড্রোজেন বন্ধন তৈরী

61. কোন ক্ষারটি তীব্রতম? [JU-A$_{5,6}$]
A. NaOH B. LiOH C. CsOH D. KOH
S(C) Why গ্রুপ-IA এ উপর থেকে নিচে ধাতু সমূহের সক্রিয়তা বৃদ্ধি সাথে এদের ক্ষারধর্মীতাও বৃদ্ধি পায়।
LiOH< NaOH <KOH< RbOH< CsOH

62. sp^2 হাইব্রিডাইজেশনের মাধ্যমে গঠিত যৌগ? [JU-A$_{5,6}$]
A. সরলরৈখিক B. ত্রিকোণাকার
C. চতুস্তলকীয় D. ত্রিকোণাকার দ্বি-পিরামিড
S(B) Why যুক্তজোড় ইলেকট্রন থাকলে আকৃতি কিছুটা পরিবর্তন হতে পারে

কোন যৌগটি হাইড্রোজেন বন্ধন তৈরী করে? [JU-A. 2016-17]
A. $CHCl_3$ B. CH_3COONa
C. ইথানল D. ইথার
S C Why সাধারণত অ্যালকোহল এবং জৈব এসিড সমূহ নিজেদের মধ্যে হাইড্রোজেন বন্ধন তৈরি করে।

ক্রোমিয়াম হচ্ছে একটি– [JU 2013-2014]
A. অধাতু B. মৃৎক্ষার ধাতু
C. অপধাতু D. অবস্থান্তর ধাতু Ans D

নিচের কোন মৌলটির ১ম আয়নিকরণ শক্তি সবচেয়ে কম? [JU. 2013-14]
A. অক্সিজেন B. বেরেলিয়াম
C. সোডিয়াম D. সিজিয়াম Ans D

মৃৎক্ষার ধাতু সমূহ M^+ আয়ন সৃষ্টি করে না; কারণ এদের– [JU 2013-14]
(i) পারমাণবিক আয়তন বেশী
(ii) M^{2+} আয়ন এর ইলেকট্রন বিন্যাস নিষ্ক্রিয় গ্যাসের অনুরূপ
iii) দ্বিতীয় আয়নিকরণ শক্তি তুলনামূলকভাবে কম
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii Ans C

দ্বিতীয় পর্যায়ের মৌল F এর তড়িৎ ঋণাত্মকতা– [JU:2013-14]
A. 1.5 B. 3.0
C. 4.0 D. 5.5 Ans C

O_2 অণুতে যে ধরণের বন্ধন রয়েছে- [JU:2013-2014]
i. সিগমা ii. পাই iii. সমযোজী
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii
S D Why অক্সিজেনের যোজনী 2 তাই এতে সিগমা ও পাই বন্ধন আছে। আবার অধাতু + অধাতু বলে এরা সমযোজী যৌগ।

একজোড়া ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন সৃষ্টি হয়– [JU 2013-2014]
A. হাইড্রোজেন বন্ধন B. আয়নিক বন্ধন
C. সমযোজী বন্ধন D. কোনটি নয় Ans C

কোন পরমাণু যুগল অপোলার সমযোজী বন্ধন তৈরি করবে? [JU 2013-14]
A. Ca ও O B. N ও O
C. Cl ও CCl_4 D. Na ও Cl Ans B

মিথেন অণুর জ্যামিতিক আকৃতি কি? [JU 2013-2014]
A. সমতলীয় ট্রাইগোনাল B. সরলরৈখিক
C. চতুস্তলকীয় D. কোনটিই নয় Ans C

টাইটানিয়াম মৌল- [JU. 2012-13]
A. প্যারাম্যাগনেটিক B. ফেরোম্যাগনেটিক
C. ডায়াম্যাগনেটিক D. কোনটিই নয় Ans A

নিম্নোক্ত কোন মৌলটির আয়নিকরণ শক্তি সবচেয়ে বেশী? [JU. 2012-13]
A. He B. Ne
C. Ar D. Kr Ans A

sp^3 হাইব্রিডাইজেশনের ফলে উৎপন্ন সংকর অরবিটাল- [JU. 2012-2013]
A. 4 টি B. 3 টি
C. 2 টি D. 1 টি Ans A

sp^2 হাইব্রিডাইজেশনের ফলে উৎপন্ন সংকর অরবিটাল- [JU. 2012-2013]
A. 4 টি B. 3 টি
C. 2 টি D. 1 টি Ans B

9, 10, 11, 17 এবং 18 পারমাণবিক সংখ্যাযুক্ত মৌলসমূহের মধ্যে কোনটি সর্বাধিক তড়িৎ-ধনাত্মক? [JU. 2011-2012]
A. 9 B. 10
C. 11 D. 17 Ans C

পর্যায় সারণীর কোন পর্যায়ে বাম থেকে ডান দিকে যত অগ্রসর হওয়া যায় মৌলের পারমাণবিক ব্যাসার্ধ ক্রমান্বয়ে ততই- [JU. 2011-2012]
A. বৃদ্ধি পায় B. হ্রাস পায়
C. একই থাকে D. কোনটিই নয়
S B Why পর্যায় সারণীর বাম থেকে ডানে গেলে আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি বাড়ে এবং পারমাণবিক ব্যাসার্ধ ও পরমাণুর আকার হ্রাস পায়।

কোন যৌগটি সর্বাধিক সমযোজী প্রকৃতির? [JU.2011-2012]
A. $AlCl_3$ B. BCl_3
C. CH_4 D. NaCl
S C Why CH_4 জৈব যৌগ তাই যৌগটি সর্বাধিক সমযোজী প্রকৃতির।

অ্যামোনিয়াম ক্লোরাইডে কোন বন্ধনটি অনুপস্থিত? [JU.2011-2012]
A. আয়নিক B. সিগমা
C. পাই D. সন্নিবেশ সমযোজী
S C Why এখানে NH_4Cl-এ দ্বি বা ত্রি বন্ধন নেই তাই পাই বন্ধন অনুপস্থিত

NH_3 যৌগে H–N–H বন্ধন কোণ- [JU.2011-12, 2009-10]
A. 109.5° B. 108°
C. 107° D. 104.5° Ans C

হীরকের গলনাঙ্ক কত °C? [JU.2011-2012]
A. 1063 B.1540
C. 3600 D. 3900 Ans C

হ্যালোজেনের সবচেয়ে স্থিতিশীল জারণ অবস্থা হলো- [JU:2011-2012]
A. +1 B. –1 C. +2 D. –2
S B Why হ্যালোজেনের সবচেয়ে স্থিতিশীল জারণ অবস্থা হলো-1

অবস্থান্তর ধাতু নয় কোনটি? [JU.2010-2011]
A. Fe B. Mg
C. Mn D. Pd
S B Why ম্যাগনেসিয়াম হচ্ছে মৃৎক্ষার ধাতু। আর অপশনে বাকী মৌলগুলো (Fe, Mn, Pd) অবস্থান্তর ধাতু।

কোনটি ক্লোরাস এসিডের সংকেত? [JU:2010-2011]
A. HClO B. $HClO_2$
C. $HClO_3$ D. $HClO_4$
S B Why বিশেষভাবে স্মরণীয়: অক্সিএসিডে ক্লোরিনের জারণ সংখ্যা বৃদ্ধির সাথে সাথে-
i. তাপীয় স্থায়িত্ব বাড়ে ii. এসিডিক শক্তি বাড়ে এবং
iii. জারণ ক্ষমতা বাড়ে। একারণেই $HClO_4$ সর্বাধিক অম্লধর্মী।

মিউরেট অব পটাশ কোনটি? [JU:2010-2011]
A. KCl B. CCl_3–NO_2
C. $CaCl_2$ D. D_2O
S A Why কতিপয় যৌগ ও তাদের সংকেত:

সংকেত	প্রচলিত নাম
KCl	মিউরেট অব পটাশ
$CaCl_2$	মিউরেট অব লাইম
CCl_3–NO_2	ক্লোরোপিকরিন বা কাঁদুনে গ্যাস
D_2O	ভারী পানি

তড়িৎযোজী যৌগের অপর নাম- [JU.2009-2010]
A. পোলার যৌগ B. ননপোলার যৌগ
C. অর্ধ পোলার যৌগ D. সমযোজী যৌগ
S A Why পোলার বা আয়নিক যৌগের বৈশিষ্ট্য:
- ধাতু ও অধাতুর মধ্যে হবে (ধাতু-ধাতু, অধাতু-অধাতু এর ক্ষেত্রে নয়)।
- ইলেকট্রনের স্থানান্তর ঘটে।
- তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য খুব বেশী হলে এ বন্ধন গঠিত হয়।
- বন্ধন খুব শক্তিশালী হবে।

তড়িৎ যোজী বন্ধন এর উদাহরণ: NaCl, $CaCl_2$, K_2O, Al_2O_3, Na_2O, RnO

87. H_2O কোন ধরনের যৌগ? [JU.2009-2010]
A. পোলার সমযোজী B. ননপোলার
C. সমযোজী D. আয়নিক
S A Why ডাইপোল, পোলারিটি ও পোলার যৌগ- সমযোজী যৌগের সংশ্লিষ্ট দুই পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার অধিক পার্থক্যের কারণে (সাধারণত 0.5 - 1.7 এর মধ্যে হলে) অণুর দুই প্রান্তে দুটি ভিন্ন চার্জের বা মেরুর সৃষ্টি হয়, উভয় মেরুকে একত্রে ডাইপোল বলা হয়। সমযোজী যৌগের অণুতে ডাইপোল সৃষ্টির ধর্মকে ঐ যৌগের পোলারিটি বলা হয়। অণুর দুই প্রান্তে দুটি ভিন্ন মেরু সৃষ্টি হওয়ায় ঐ অণুকে পোলার অণু বা পোলার যৌগ বলা হয়। HF, H_2O হল পোলার যৌগ।

88. BF_3–NH_3 অণুতে কয়টি সমযোজী বন্ধন আছে? [JU.2009-2010]
A. 4 B. 5 C. 6 D. 7
S C Why কারণ NH_3 অণুতে রয়েছে ৩টি N-H সমযোজী বন্ধন। তেমনি BF_3 অণুতে রয়েছে ৩টি B-F সমযোজী বন্ধন। আর, NH_3 ও BF_3 অণুর N ও B এর মধ্যে একটি N→B সন্নিবেশ সমযোজী বন্ধন তৈরী হয়েছে।

89. $CaCl_2$ একটি- [JU.2009-2010]
A. সমযোজী B. তড়িৎযোজী
C. সন্নিবেশ সমযোজী D. ধাতব বন্ধনযুক্ত যৌগ
S B Why ধাতু + অধাতু = আয়নিক বা তড়িৎযোজী ; অধাতু + অধাতু = সমযোজী

90. H_2O, H_2S, H_2Se এবং H_2Te এদের মধ্যে সবচেয়ে বেশি স্ফুটনাংক কোন যৌগটির? [JU.2009-2010]
A. H_2O B. H_2S C. H_2Se D. H_2Te
S A Why গ্রুপে মৌলের পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে গঠিত হাইড্রাইডের স্থিতিশীলতা ক্রমান্বয়ে হ্রাস পায়। এদের মধ্যে একমাত্র পানিই অত্যন্ত স্থিতিশীল।পানির অণুসমূহ হাইড্রোজেন বন্ধন দ্বারা যুক্ত হয়ে বিরাট আণবিক গুচ্ছ সৃষ্টি করে বলে সাধারণ তাপমাত্রায় এটি তরল। কিন্তু অন্যান্য হাইড্রাইডের ক্ষেত্রে হাইড্রোজেন বন্ধন গঠিত হয় না, তাই এরা গ্যাসীয়।

91. পানিতে দ্রবণীয় নয়? [JU.2009-2010]
A. সুক্রোজ B. ন্যাপথালিন
C. সোডিয়াম নাইট্রেট D. পটাশিয়াম ক্লোরাইড
S B Why • সুক্রোজ পানিতে দ্রবণীয় চিনি
• নিজেই দ্রাবক • সব নাইট্রেট পানিতে দ্রবণীয়
• আয়নিক যৌগ। যা পানিতে অতি দ্রবণীয়

92. নিম্নের কোনটিতে হাইড্রোজেন বন্ধন বিদ্যমান? [JU.2009-2010]
A. CH_3COOH B. H_2S C. CS_2 D. H_2Te
S A Why হাইড্রোজেন বন্ধন বিদ্যমান এমন যৌগ হচ্ছে- HF, H_2O, CH_3COOH প্রভৃতি।

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. 4 সন্নিবেশ সংখ্যাবিশিষ্ট জটিল যৌগটি হলো-
Ⓐ $K_4[Fe(CN)_6]$ Ⓑ $[Co(NH_3)_6]Cl_3$
Ⓒ $[Fe(H_2O)_6]Cl_3$ Ⓓ $[Cu(NH_3)_4]Cl_2$

02. $[Co(NH_3)_6]^{3+}$ আয়নটি sp^3d^2-সংকরায়ণ দ্বারা উৎপন্ন হয়। সুতরাং আয়নটির আকৃতি হবে-
Ⓐ অষ্টতলকীয় Ⓑ চতুস্তলকীয়
Ⓒ সমতলীয় বর্গাকার Ⓓ বিকৃত সমকোণী চতুর্ভূজ

03. নিচের কোন আয়নটির জলীয় দ্রবণ বর্ণহীন?
Ⓐ Ni^{2+} Ⓑ Fe^{2+}
Ⓒ Cu^{2+} Ⓓ Zn^{2+}

04. কোন যৌগটির আয়নিক বৈশিষ্ট্য সর্বোচ্চ?
Ⓐ AlF_3 Ⓑ $AlCl_3$
Ⓒ $SiCl_4$ Ⓓ SiF_4

05. একটি CH_3CN অণুতে σ এবং π বন্ধনের সংখ্যা যথাক্রমে-
Ⓐ 5 and 2 Ⓑ 4 and 3
Ⓒ 5 and 3 Ⓓ 4 and 2

06. কোন যৌগটি সরলরৈখিক নয়?
Ⓐ CO_2 Ⓑ H_2S
Ⓒ C_2H_2 Ⓓ O_2

07. নিম্নের ইলেকট্রন বিন্যাসের কোনটির পারমাণবিক ব্যাসার্ধ সবচেয়ে বেশি?
Ⓐ $1s^22s^1$ Ⓑ $1s^22s^2$
Ⓒ $1s^22s^22p^1$ Ⓓ $1s^22s^22p^2$

08. Na^+, F^-, Cl^- ও Br^- আয়নগুলোর ব্যাসার্ধের ক্রমঃ
Ⓐ $F>Na^+>Cl^->Br^-$ Ⓑ $Br^->Cl^->F^->Na^+$
Ⓒ $Na^+>F^->Cl^->Br^-$ Ⓓ $Br^->Cl^->Na^+>F^-$

09. $NaCl$, $MgCl_2$, $AlCl_3$ ও $SiCl_4$ এর স্ফুটনাংকের ক্রম?
Ⓐ $NaCl > MgCl_2 > AlCl_3 > SiCl_4$
Ⓑ $SiCl_4 > AlCl_3 > MgCl_2 > NaCl$
Ⓒ $NaCl > SiCl_4 > AlCl_3 > MgCl_2$
Ⓓ $SiCl_4 > MgCl_2 > AlCl_3 > NaCl$

10. Al_2Cl_6 অণুটিতে সমযোজী ও সন্নিবেশ সমযোজী বন্ধনের সংখ্যা যথাক্রমে
Ⓐ 6, 2 Ⓑ 6, 1
Ⓒ 8, 0 Ⓓ 7, 0

11. নিচের যৌগগুলোর মধ্যে কোনটিতে সমযোজী বন্ধন নেই?
Ⓐ HCl Ⓑ CCl_4
Ⓒ H_2O Ⓓ CsF

12. ধাতুসমূহের সাধারণ ধর্ম হলো-
Ⓐ উজ্জ্বল ও রঙ্গীন
Ⓑ নমনীয়তা ও বিদ্যুৎ অপরিবাহিতা
Ⓒ নমনীয়তা এবং তড়িৎ ও তাপ পরিবাহিতা
Ⓓ অনমনীয়তা ও বিদ্যুৎ অপরিবাহিতা

13. নিচের কোনটি সঠিক তাপীয় বিয়োজন ক্রম?
Ⓐ $BaCO_3< CaCO_3<SrCO_3<MgCO_3<BeCO_3$
Ⓑ $BeCO_3> MgCO_3>CaCO_3>SrCO_3>BaCO_3$
Ⓒ $BaCO_3>SrCO_3>CaCO_3>MgCO_3>BeCO_3$
Ⓓ $MgCO_3>CaCO_3>SrCO_3>BeCO_3>BaCO_3$

14. সাইক্লোহেক্সানোন এ কয়টি σ (সিগমা) বন্ধন রয়েছে?
Ⓐ 7 Ⓑ 5
Ⓒ 10 Ⓓ 17

15. কোন লবণ গাঢ় সালফিউরিক এসিডের সাথে বিক্রিয়া করে সালফার দেয়?
Ⓐ NaF Ⓑ NaCl Ⓒ NaBr Ⓓ NaI

16. নিচের কোন যৌগটির বন্ধন কোণ ক্ষুদ্রতম?
Ⓐ CH_4 Ⓑ NH_3
Ⓒ H_2O Ⓓ BCl_3


17. নিচের কোন যৌগটিতে কেন্দ্রীয় পরমাণুর যোজনীশেল ইলেকট্রন চতুস্তলকীয়ভাবে বিন্যস্ত নয়?
Ⓐ H_2O Ⓑ $SnCl_2$
Ⓒ NH_3 Ⓓ PF_3

18. Li এবং Ne এর মধ্যবর্তী একটি মৌলের ১ম সাতটি আয়নিকরণ শক্তি হলোঃ 1310, 3390, 5320, 7450, 11000, 13300 ও 71000 kJ/mol। মৌলটি পরমাণুর যোজ্যতা শেলের ইলেক্ট্রন বিন্যাস কি?
Ⓐ $2s^2$ Ⓑ $2s^22p^1$
Ⓒ $2s^22p^4$ Ⓓ $2s^22p^6$

19. কোন যৌগটিতে হাইড্রোজেন বন্ধন নেই?
Ⓐ $CH_3 - CH_2 - OH$ Ⓑ $CH_3 - CHO$
Ⓒ $H - COOH$ Ⓓ $CH_3 - NH_2$

20. হাইপোফসফরাস এসিডের রাসায়নিক সংকেত হলো-
Ⓐ H_3PO_2 Ⓑ H_3PO_4
Ⓒ H_3PO_3 Ⓓ H_2PO_3

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	D	কোন জটিল যৌগে লিগ্যান্ডের সংখ্যাই উক্ত যৌগের সন্নিবেশ সংখ্যা নির্দেশ করে। যেহেতু $[Cu(NH_3)_4]Cl_2$ যৌগে 4টি লিগ্যান্ড (NH_3) আছে তাই অপশন D-ই সঠিক উত্তর। **জটিল যৌগ** | **লিগ্যান্ড সংখ্যা** | **সন্নিবেশ সংখ্যা** $K_4[Fe(CN)_6]$ | 6 | 6 $[Co(NH_3)_6]Cl_3$ | 6 | 6 $[Fe(H_2O)_6]Cl_3$ | 6 | 6 $[Cu(NH_3)_4]Cl_2$ | 4 | 4
02	A	$[Co(NH_3)_6]^{3+}$ জটিল আয়ন গঠনঃ Co^{3+} আয়নের পারমাণবিক অরবিটালের ক্ষেত্রে দুটি 3d একটি 4s ও তিনটি 4p অরবিটাল সংকরায়ণে অংশগ্রহণ করে। কেন্দ্রীয় Co^{3+} আয়নের 6টি d^2sp^3 বা sp^3d^2 সংকরিত অরবিটালের সাথে 6টি NH_3 লিগ্যান্ডের নিঃসঙ্গ ইলেক্ট্রন জোড়ের অধিক্রমণ ঘটে। তাই $[Co(NH_3)_6]^{3+}$ জটিল আয়নের গঠন অষ্টতলকীয়।
03	D	Zn^{2+}এর ইলেকট্রন বিন্যাস → $1s^22s^22p^63s^23p^63d^{10}4s^0$ থেকে দেখা যায় যে, Zn^{2+} এর কোন অযুগ্ম ইলেকট্রন বা ফাঁকা d অরবিটাল নেই। তাই Zn^{2+} এর জলীয় দ্রবণ বর্ণহীন। কিন্তু Cu^{2+}, Ni^{2+} ও Fe^{2+} তে d অরবিটালে যথাক্রমে 1, 2 ও 4টি অযুগ্ম ইলেকট্রন থাকায় এদের জলীয় দ্রবণ বর্ণযুক্ত। **কৌশলঃ** d অরবিটাল পূর্ণ বা d^0 হলে, অবস্থান্তর হয়না। তাই বর্ণ দেয় না।
04	A	তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য যত বেশি হবে আয়নিক বৈশিষ্ট্যও তত অধিক হবে। Al ও Si এর মধ্যে Al এর তড়িৎ ঋণাত্মকতার মান কম এবং F সর্বাধিক তড়িৎ ঋণাত্মক বলে AlF_3 তড়িৎ ঋণাত্মকার পার্থক্য বেশি। তাই আয়নিক বৈশিষ্ট্যও সর্বোচ্চ।
05	A	CH_3CN অণুতে মোট 1+3+1+1 = 6টি পরমাণু আছে। তাই σ বন্ধন সংখ্যা = 6–1 = 5 এবং 1টি ত্রিবন্ধন $CH_3C\equiv N$ থাকায় পাই বন্ধন সংখ্যা 2টি।
06	B	H_2S এর ক্ষেত্রে, এখানে দুইজোড়া বন্ধনজোড় এবং দুইজোড়া মুক্তজোড় ইলেকট্রন আছে। এই মুক্তজোড় ইলেকট্রন গুলো VSEPR থিওরি অনুযায়ী তার জ্যামিতিক আকৃতির বিকৃতি ঘটায়। তাই H_2S সরল রৈখিক না হয়ে bent আকৃতির হয়। এদের বন্ধনকোণ 92.1°
07	A	কারণ $1s^2\ 2s^1$ (Li) পারমাণবিক ব্যাসার্ধ (1.23Å), $1s^2\ 2s^2$ (Be) পারমাণবিক ব্যাসার্ধ (0.9Å), $1s^2\ 2s^2\ 2p^1$ (B) পারমাণবিক ব্যাসার্ধ (0.82Å), $1s^2\ 2s^2\ 2p^4$ (C) পারমাণবিক ব্যাসার্ধ (0.77Å), পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে মৌলের ইলেকট্রন ও প্রোটন সংখ্যা বাড়ে কিন্তু স্তর সংখ্যা বাড়ে না যার ফলে ঐ মৌলের কেন্দ্রের সাথে বহিঃস্তরের আকর্ষণ বাড়ে বিধায় পারমাণবিক ব্যাসার্ধ কমে।
08	B	**আয়ন** | Na^+ | Al^{3+} | F^- | Cl^- | Br^- | I^- **ক্যাটায়নের ব্যাসার্ধ** | 0.95 | 0.5 | 1.19 | 1.81 | 1.95 | 2.16
09	A	NaCl (আয়নিক) > $MgCl_2$ (আয়নিক) > $AlCl_3$ (পোলার) > $SiCl_4$ (সমযোজী)। তোমরা নিশ্চয় জানো যে, আয়নিক যৌগের গলনাংক ও স্ফুটনাংক সমযোজী যৌগ অপেক্ষা অধিক।
10	A	Al_2Cl_6 যৌগটি $AlCl_3$এর ডাইমার। অর্থাৎ Al_2Cl_6 এ 2টি সন্নিবেশ সমযোজী ও 6 টি সমযোজী বন্ধন বিদ্যামান। 
11	D	ধাতু+অধাতু=আয়নিক, অধাতু + অধাতু = সমযোজী। উপরোক্ত A, B, C. প্রত্যেকটিতে অধাতু-অধাতু মিলে যৌগ গঠন করেছে। কাজেই এতে সমযোজী বন্ধন বিদ্যমান। আবার CsF = ধাতু + অধাতু = আয়নিক তাছাড়া CsF এ তড়িৎ ঋণাত্মকতার অধিক মান ও আয়নিক বৈশিষ্ট্যকে সমর্থন করে।
12	C	ধাতব বন্ধনের বৈশিষ্ট্য- ১. ধাতব বন্ধনে ইলেকট্রন বিচরণশীল অবস্থায় শেয়ারে অংশ নেয়। এটি আয়নিক নয় আবার সমযোজীও নয়। ২. ধাতব বন্ধনের কারণে ধাতু বিশেষ কিছু ধর্ম প্রদর্শন করে। A. ধাতু উচ্চ বিদ্যুৎ ও তাপ পরিবাহী। B. ধাতব ঔজ্জ্বল্য থাকে। C. ধাতু ঘাতসহ ও নমনীয়।
13	B	২নং গ্রুপের মৃৎক্ষার ধাতুর কার্বনেটের ক্ষেত্রে ক্যাটায়নের আকার বাড়ার সাথে সাথে তাপীয় বিয়োজনের পরিমাণ কমে। $BeCO_3(100°C) > MgCO_3(350°C) > CaCO_3(547°C) > SrCO_3(778°C) > BaCO_3(998°C)$ বিকল্প ব্যাখ্যা : ফায়ানের নীতি অনুসারে ক্যাটায়নের আকার যত ছোট হবে পোলারায়ন তত বেশী হবে এবং সমযোজী বৈশিষ্ট্য বাড়বে। আমরা জানি, সমযোজী যৌগের তাপীয় বিয়োজন দ্রুত হয়। তাই সঠিক ক্রম $BeCO_3 > MgCO_3 > CaCO_3 > SrCO_3 > BaCO_3$
14	D	সাইক্লোহেক্সানোন এর সংকেত $C_6H_{10}O$ **শর্ট কাট:** No. of σ bond (অণুতে মোট পরমাণুর সংখ্যা) = 17σ
15	D	$NaF + H_2SO_4 \rightarrow NaHSO_4 + HF$ $NaCl + H_2SO_4 \rightarrow NaHSO_4 + HCl$ $NaBr + H_2SO_4 \rightarrow Br_2 + SO_2 + 2H_2O + Na_2SO_4$ বর্ণহীন ও গন্ধহীন গ্যাস বলে খালি চোখে দেখা যায় না। $8NaI + 5H_2SO_4 \rightarrow 4I_2 + H_2S + 4H_2O + 4Na_2SO_4$ পঁচা ডিমের গন্ধ তৈরী করে যা H_2S অর্থাৎ S এর উপস্থিতি প্রমাণ করে।
16	C	**যৌগ** | **সংকরণ** | **বন্ধন কোণ** | **বিন্যাস** H_2O | sp^3 | 104.5° | কৌণিক (V-Shape) NH_4^+ | sp^3 | 109°28′ | চতুস্তলকীয় PH_3 | sp^3 | 94° | ত্রিকোণীয় পিরামিড NH_3 | sp^3 | 107° | ত্রিকোণীয় পিরামিড CH_4 | sp^3 | 109°28′ | চতুস্তলকীয় BCl_3 | sp^2 | 120° | ত্রিভুজাকৃতি
17	B	**যৌগের অণুর ও আয়ন** | **সংকরণ** | **যোজ্যতা স্তরে ইলেকট্রন জোড়** | **অণুর আকৃতি** | **বন্ধন কোণ** $BeCl_2$ | sp | 2 জোড়া | সরলরৈখিক | 180^0 BCl_3 | sp^2 | 3 জোড়া | সমতলীয় ত্রিভুজাকার | 120^0 CH_4 | sp^3 | 4 জোড়া | চতুস্তলকীয় | 109.5^0 $\ddot{N}H_3$ | sp^3 | 4 জোড়া এবং ১টি নিঃসঙ্গ ইলেকট্রন যুগল | ত্রিকোণাকার পিরামিডের ন্যায় | 107^0 $H_2\ddot{O}:$ | sp^3 | 4 জোড়া এবং ২টি নিঃসঙ্গ ইলেকট্রন যুগল | V-আকৃতির | 104.5^0
18	C	A ও B উত্তর হতে পারে না কারণ এতে ইলেকট্রন সংখ্যা কম। D নিষ্ক্রিয় গ্যাস তাই C উত্তর হতে বাধ্য কারণ অক্সিজেনের প্রথম আয়নীকরণ শক্তি থেকে দ্বিতীয় আয়নীকরণ শক্তির মান বেশি।
19	B	অ্যালডিহাইড ও কিটোনে H-পরমাণু শুধুমাত্র C-পরমাণুতে যুক্ত থাকায় এরা নিজেদের মধ্যে আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে না।
20	A	ফসফিনিক বা হাইপোফসফরাস এসিড → H_3PO_2 ফসফোনিক বা অর্থো ফসফরাস এসিড → H_3PO_3 অর্থো ফসফরিক এসিড → H_3PO_3

প্রথম পত্র অধ্যায়: ০৪

রাসায়নিক পরিবর্তন

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	রাসায়নিক বিক্রিয়া ও গ্রিন কেমিস্ট্রি	★
TOPIC-02	রাসায়নিক বিক্রিয়ার নিয়ামকসমূহ	★★
TOPIC-03	একমুখী ও উভমুখী বিক্রিয়া	★
TOPIC-04	রাসায়নিক সাম্যাবস্থা	★★★
TOPIC-05	সাম্যাঙ্ক বা সাম্যধ্রুবক সম্পর্কিত আলোচনা	★★★
TOPIC-06	লা-শাতেলীয়ের নীতি	★★★
TOPIC-07	পানির আয়নিক গুণফল, বিয়োজন মাত্রা ও লঘুকরণ সূত্র	★★★
TOPIC-08	লবণের আর্দ্র বিশ্লেষণ, বাফার দ্রবণ ও pH	★★★

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- হেবার পদ্ধতিতে NH_3 উৎপাদনে প্রভাব সৃষ্টিকারী নিয়ামক – তাপমাত্রা, চাপ ও বিক্রিয়কের পৃষ্ঠতল
- $N_2+3H_2 = 2NH_3$ এই বিক্রিয়ায় প্রভাবক হিসাবে ব্যবহৃত হয়- Fe
- কৃষিক্ষেত্রের মাটির pH এর মান কমানোর জন্য ব্যবহৃত হয় – অ্যামোনিয়াম নাইট্রেট
- প্রমান অবস্থায় সকল মৌল এবং মৌলিক অণুসমূহের সংগঠন তাপ – শূন্য হয়।
- এক মোল পরিমাণ কোন দ্রবকে নির্দিষ্ট পরিমান দ্রাবকে দ্রবীভূত করলে যে পরিমাণ তাপের পরিবর্তন ঘটে, তাকে বলে দ্রবণের– ইন্টিগ্রাল তাপ
- উভমুখী বিক্রিয়াকে একমুখী করার শর্ত- একটি উৎপাদ অধঃক্ষিপ্ত হলে এবং গ্যাসীয় উৎপাদ বিক্রিয়াস্থল ত্যাগ করলে
- সুস্থ মানুষের রক্তের pH = 7.4 হলে ঐ রক্তে H^+ আয়নের মোলার ঘনমাত্রা– 3.98×10^{-8} হবে।
- মানুষের রক্তের pH নিয়ন্ত্রণ করে না যে বাফারটি – প্রোটিন বাফার।
- বিশুদ্ধ পানিতে কিছু অম্ল যোগ করলে- দ্রবণে H^+ এর ঘনমাত্রা বৃদ্ধি পায়।
- চাষাবাদের জন্য মাটির pH হওয়া প্রয়োজন 7 থেকে 8।
- সক্রিয়ন শক্তি বেশি হলে রাসায়নিক বিক্রিয়ার হার- কম হবে
- pH 6 বিশিষ্ট কোন এসিড দ্রবণকে 1000 গুণ লঘু করা হলে নতুন pH হবে– 6.95
- কোন একটি বিক্রিয়ায় ΔH এর মান শূন্য হলে- সাম্যাবস্থা
- এনজাইম – প্রোটিন জাতীয় যৌগ।
- সবচেয়ে দুর্বল এসিড CH_3COOH
- N–H এর বন্ধন শক্তি হলো $388kJmol^{-1}$
- ইউরিয়ার আদ্র বিশ্লেষনের এনজাইমের নাম ইউরিয়েজ
- $-dc/dt = K$ বিক্রিয়ায় ক্রম শূন্য।
- অসম্পৃক্ত তৈল থেকে কৃত্রিম ঘি বা ডালডা প্রস্তুতিতে প্রভাবক হিসেবে Ni ব্যবহৃত হয়।
- pH এর পূর্ণরূপ হলো Puissance of hydrogen.
- 25°C তাপমাত্রায় পানির আয়নিক গুণফল 1×10^{-14}
- হাইড্রোজেন পার অক্সাইডের বিয়োজনে V_2O_5 ধনাত্মক প্রভাবক হিসেবে কাজ করে।
- স্পর্শ প্রণালিতে প্রভাবক বিষ As_2O_3
- কোনো এসিডের ঘনমাত্রা 10 গুণ হ্রাস করলে pH এর মান 1গুণ বৃদ্ধি পাবে।
- ডেসিমোলার দ্রবণের ঘনমাত্রা 0.1M
- নাইট্রোজেন নিষ্ক্রিয়তা প্রদর্শন করে কারন এর উচ্চ বন্ধন শক্তি। এ বন্ধন শক্তির মান 944kJ
- নির্দিষ্ট তাপমাত্রায় কোনো বিক্রিয়ায় সাম্যধ্রুবকের মান ধ্রুবক।
- হেবার বস পদ্ধতিতে NH_3 তৈরীর সর্বোচ্চ তাপমাত্রা 450–550°C
- ক্লোরোফরমের জারণে বিষাক্ত ফসজিন গ্যাস উৎপন্ন হয়।
- চুলের শ্যাম্পুতে pH হলো 5.0–5.5
- SO_3 এর উৎপাদন বৃদ্ধি পাবে নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে।
- $H_2 + Cl_2 \rightarrow 2HCl$ একটি তাপহারী বিক্রিয়া।
- NH_3 উৎপাদনে অসমসত্ব প্রভাবক কাজ করে।
- Na_2CO_3 লবণটি জলীয় দ্রবণে ক্ষারীয় ধর্ম প্রদর্শন করে।
- স্বাভাবিক অবস্থায় মানব দেহের রক্তের pH এর মান হলো 7.40।
- SO_2 এর জারণে প্রভাবক বিষ হিসাবে কাজ করে As_2O_3
- উর্ধ্বপাতন এনথালপির মান ধনাত্মক হয়।
- কৃত্রিম ঘি তৈরীতে প্রভাবক হিসাবে Ni ব্যবহৃত হয়।
- রক্তের P^H নিয়ন্ত্রন হয় বাফার দ্রবণ দ্বারা।
- সাম্যাবস্থার সামাঙ্ক নির্ভরশীল হলো তাপমাত্রা।
- NH_3 উৎপাদনে Fe প্রভাবক হিসাবে কাজ করে।
- তীব্র এসিড ও তীব্র ক্ষারের প্রশমন এনথালপি –57.34kJ
- এন্টাসিডে $Mg(OH)_2$ বিদ্যমান।
- রক্তের pH নিয়ন্ত্রণে 3টি বাফার সিস্টেম কাজ করে।
- পরীক্ষাগারে O_2 প্রস্তুতিতে প্রভাবক হিসাবে ব্যবহৃত হয় MnO_2
- তাপমাত্রা বৃদ্ধিতে কোনো বিক্রিয়ার সক্রিয়ন শক্তি হ্রাস পায়।
- স্পর্শ পদ্ধতিতে H_2SO_4 প্রস্তুতিতে প্রভাবক হলো V_2O_5/Pt
- মাটির অম্লত্ব বৃদ্ধি পেলে চুন যোগ করে pH নিয়ন্ত্রণ করা যায়।
- HF ও NaOH এর প্রশমন বিক্রিয়ায় উৎপন্ন চাপ $-68.6KJmol^{-1}$
- $\Delta n = 0$ এর জন্য $K_P = K_C$ হয়।
- কোনো দ্রবনের pH = 7 হলে তার H^+ এর ঘনমাত্রা 10^{-7} গ্রাম আয়ন/
- মানবদেহের রক্তে $H_2CO_3/NaHCO_3$ বাফারটি pH নিয়ন্ত্রণ করে।

❐ **এক নজরে প্রভাবক বা অনুঘটকের নানা তথ্য:**

শ্রেণীবিভাগ	উদাহরণ
ধনাত্মক অনুঘটক	Pt (NH_3), V_2O_5 (MnO_2), Cu, Fe, Al_2O_3
ঋণাত্মক অনুঘটক	H_3PO_4 (H_2O_2), ROH ($CHCl_3 + O_2$), C_2H_5OH
স্বয়ংক্রিয় অনুঘটক	Mn^{2+}
আবিষ্ট প্রভাবক	Na_2SO_3
প্রভাবক বিষ	As_2O_3
প্রভাবক উদ্দীপক	Fe ($Al_2O_3+K_2O$) Fe($K_2O+Cr_2O_3$)

❐ **বিক্রিয়ার ক্রম নির্ণয়:**

বিক্রিয়ার বেগ ধ্রুবকের একক ও ক্রম বিক্রিয়ার অর্ধজীবন থেকে:

ক্রম	বেগ ধ্রুবকের মান (সমীকরণ সাপেক্ষে)	বেগ ধ্রুবক
0	বেগ /$[A]^\circ [B]^\circ$	mol L
1	বেগ /$[A]^1 [B]^\circ$ অথবা বেগ/$[A]^\circ [B]^1$	(time
2	বেগ /$[A]^1 [B]^1$	L mol

❐ **কিছু গুরুত্বপূর্ণ উভমুখী বিক্রিয়া:**

i) $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$

ii) $NH_4Cl(s) \rightleftharpoons NH_3(g) + HCl(g)$

iii) $CuSO_4.5H_2O(s) \rightleftharpoons CuSO_4(s) + 5H_2O(g)$

iv) $CH_3COOH(l) + C_2H_5OH(l) \rightleftharpoons CH_3COOC_2H_5(l) +$

v) $CaCO_3(s) \rightleftharpoons CaO(s) + CO_2(g)$

vi) $3Fe(s) + 4H_2O(g) \rightleftharpoons Fe_3O_4(s) + 4H_2(g)$

vii) $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$

viii) $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$

ix) $2NO(g) + O_2(g) \rightleftharpoons 2NO_2(g)$

x) $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$

xi) $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g)$

xii) $COCl_2(g) \rightleftharpoons CO(g) + Cl_2(g)$

ক্রিয়া সূত্র (Law of Mass Action): ১৮৬৪ সালে সি.এম. গুলবার্গ (C.M. Gulberg) এবং পি. ভাগে (P. Waage) এ সূত্রটি উদ্ভাবন করেন।

এ সূত্রের সাহায্যে রাসায়নিক বিক্রিয়ার হার নিরুপণ করা হয়।

প্রতিটি নির্দিষ্ট তাপমাত্রায় নির্দিষ্ট সময়ে যে কোন বিক্রিয়ার হার ঐ সময়ে উপস্থিত বিক্রিয়ক গুলোর সক্রিয় ভরের গুণফলের সমানুপাতিক।

Kp ও K_C এর তুলনা:

টেকনিক	উদাহরণ	Δn
Δ n = 0 হলে $K_p=K_C$	$H_2+I_2 \rightleftharpoons 2HI$	Δn = 2-2=0
Δn = +ve হলে $K_P>K_C$	$2SO_3 \rightleftharpoons 2SO_2+O_2$	Δn = (2+1)-2=1
Δn = -ve হলে $K_p<K_C$	$N_2+3H_2 \rightleftharpoons NH_3$	Δn = 2-(1+3)=-2

সরাসরি মুখস্থ রাখা ভাল:

K_p ও K_c সংক্রান্ত সমস্যা (% থাকলে)		
সমীকরণ	K_p	K_c
$PCl_5 \rightleftharpoons PCl_3+Cl_2$	$K_p = \frac{\alpha^2}{1-\alpha^2}.P$	$\frac{\alpha^2}{(1-\alpha)V}$
$N_2O_4 \rightleftharpoons 2NO_2$	$K_p = \frac{4\alpha^2}{1-\alpha^2}.P$	$\frac{4\alpha^2}{(1-\alpha)V}$
$2HI \rightleftharpoons H_2+I_2$	$K_c = K_p = \frac{\alpha^2}{4(1-\alpha)^2}$	
$H_2+I_2 \rightleftharpoons 2HI$	$K_p = K_c = \frac{4\alpha^2}{(a-\alpha)(b-\alpha)}$	

ব্রনস্টেড-লাউরি	প্রোটনীয় মতবাদ	HCl, H_2SO_4, HSO_4	Cl^-, H_2O, NO_3^-, F
লুইস	ইলেক্ট্রনীয় মতবাদ	CO_2, SO_2, BF_3, $AlCl_3$, Cu^{2+}	NH_3, H_2O Cl^-
উসানোভিক	ক্যাটায়নিক-অ্যানায়নিক	SO_3, Cl_2, HCl, NH_4^+	Na_2O, KO NH_3, OH
লাক্স ফ্লাড	অক্সাইড মতবাদ	SO_3, SiO_2	CaO, CaS

❐ ব্রনস্টেড লাউরীর মতবাদ অনুসারে NH_3 এবং H_2O হচ্ছে ক্ষ আরহেনিয়াস মতবাদ অনুসারে এরা ক্ষারক নয়।

জেনে রাখা ভাল: এসিড ও ক্ষারকের মূল স্ট্রাংগঠনিক পার্থক্য একটি প্র

❐ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) অনুমোদিত পানির গ্রহণযোগ্য মানদণ্ড:

মানদণ্ড	(WHO) অনুমোদিত সর্বোচ্চ ম
pH	6.5 – 8.5
DO	5.0 – 6.0
BOD	6.0 ppm
COD	10.0 ppm

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. কোনটি উভধর্মীতা প্রদর্শন করে? [JU-A, Set-G

A. HCl B. NaOH
C. NH_3 D. CH_3COOH

SDWhy CH_3COOH এসিড রূপে:

$$CH_3COOH + H_2O = CH_3COO^- + H_3O^+$$
(এসিড) (ক্ষারক) (ক্ষারক) (এসিড)

• CH_3COOH ক্ষারক রূপে:

$$CH_3COOH + H_2SO_4 = H_2SO_4^- + CH_3COOH_2^+$$
(ক্ষারক) (এসিড) (ক্ষারক) (এসিড)

02. বাস্তব গ্যাস বয়েলের সূত্র মেনে চলে- [JU-A, Set-G

A. নিম্ন তাপমাত্রায় B. 0°C তাপমাত্রায়
C. কক্ষ তাপমাত্রায় D. খুব উচ্চ তাপমাত্রায়

SDWhy বাস্তব গ্যাসসমূহ খুব উচ্চ তাপমাত্রায় ও নিম্নচাপে মেনে চলে।

3. পানিতে Ca^{2+} আয়নের পরিমানের উপর নির্ভর করবে পানির- [JU-A, Set-G: 2022-23]

A. TDS B. DO C. COD D. Hardness (খরতা)

S D Why পানিতে Ca^{2+}, Mg^{2+}, Fe^{2+} আয়নের ক্লোরাইড ও সালফেট লবণ থাকলে স্থায়ী খরতা এবং এদের বাইকার্বনেট লবণ দ্রবীভূত থাকলে অস্থায়ী খরতা হয়।

4. $HNO_3 + 2H_2SO_4 \rightleftharpoons H_3O^+ + NO_2^+ + 2HSO_4^-$ এই বিক্রিয়ায় HNO_3 কি? [JU-A, Set-H: 2022-23]

A. ক্ষারক B. অম্ল C. উভধর্মী D. কোনোটিই নয়

S A Why ক্ষারক হলো যারা প্রোটন গ্রহণ করে এবং অম্ল হলো যারা প্রোটন ত্যাগ করে। HNO_3, H_2SO_4 থেকে ১টি প্রোটন গ্রহণ করে অনুবন্ধী এসিডে $(O_2N-\overset{+}{O}H)$ পরিণত হয়। পরে এটি বিয়োজিত হয়ে, NO_2^+ এ পরিণত হয়। তাই এখানে HNO_3 ক্ষারক।

5. গে-লুস্যাকের চাপ সূত্র কোনটি? [JU-A, Set-H: 2022-23; 17-18, 15-16]

A. $V \propto n$ (P, T স্থির) B. $P \propto T$ (V, n স্থির)

C. $V \propto T$ (n, P স্থির) D. $V \propto \frac{1}{P}$ (n, T স্থির)

S B Why চাপের সূত্র: স্থির আয়তনে কোনো গ্যাসের চাপ তার পরম তাপমাত্রার সমানুপাতিক।

6. নিচের কোনটি ওজোন স্তর ধ্বংসের জন্য দায়ী নয়? [JU-A, Set-H: 2022-23]

A. UV রশ্মি B. CFC-12 C. Cl D. CO

S D Why ওজন ক্ষয়কারী পদার্থের মধ্যে CFC হলো প্রধান। এছাড়াও N_2O, NO, CH_4, হ্যালোজেন সমূহ, BCF , CH_3Br ও CCl_4, UV রশ্মিও ওজন ক্ষয় করে।

7. 27°C তাপমাত্রায় 300mL পরিমাণ একটি গ্যাসের একই চাপে রেখে 7°C তাপমাত্রায় নিয়ে আসা হলে গ্যাসটির আয়তন হবে- [JU-A, Set-H: 2022-23]

A. 280mL B. 540mL C. 350mL D. 135mL

S A Why $\frac{V_2}{V_1} = \frac{T_2}{T_1} \Rightarrow V_2 = \frac{T_2}{T_1} \times V_1 = \frac{280}{300} \times 300 = 280\ mL$

8. গ্যাসীয় দূষক ও বায়ুর প্রাকৃতিক উপাদানের আন্তঃক্রিয়ায় গঠিত হতে পারে কোনটি? [JU-A, Set-N: 2022-23]

A. সেকেন্ডারী দূষক B. প্রাইমারি দূষক

C. টারসিয়ারী দূষক D. দূষকবিহীন যৌগ

S A Why গ্যাসীয় দূষক ও বায়ুর প্রাকৃতিক উপাদানের আন্তঃক্রিয়ায় গঠিত হয় সেকেন্ডারী দূষক। যেমন: SO_3, H_2SO_4 বাষ্প, NO_2, N_2O_5, PANs।

9. একটি নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ অর্ধেক ও তাপমাত্রা দ্বিগুণ বৃদ্ধি করা হলে আয়তন হবে- [JU-A, Set-N: 2022-23]

A. পূর্বের সমান B. পূর্বের দ্বিগুণ

C. পূর্বের এক চতুরাংশ D. কোনটিই নয়

S D Why $\frac{P_2V_2}{T_2} = \frac{P_1V_1}{T_1}$

$\Rightarrow V_2 = \frac{P_1V_1T_2}{P_2T_1} = \frac{P_1V_1\,2T_1}{\frac{P_1}{2} \times T_1} = P_1V_1 2T_1 \times \frac{2}{P_1T_1} = 4V_1$

10. $H_2CO_3 + H_2O \rightleftharpoons HCO_3^- + H_3O^+$ এই বিক্রিয়ায় কার্বনিক এসিডের অনুবন্ধী ক্ষারক কোনটি? [JU-A, Set-R: 2022-23]

A. H_2O B. HCO_3^- C. H_3O^+ D. CO_3^{2-}

S B Why কোন অম্ল থেকে একটি প্রোটন অপসারণের ফলে যে ক্ষারক সৃষ্টি হয় তাকে ঐ অম্লের অনুবন্ধী ক্ষারক বলে। তাই কার্বনিক এসিডের অনুবন্ধী ক্ষারক HCO_3^-

11. কোন সমীকরণটি গ্যাসের গতি তত্ত্বের সমীকরণ থেকে উদ্ভূত? [JU-A, Set-R: 2022-23]

A. $C = \sqrt{\frac{3R}{M}}$ B. $PV = \frac{2}{3}k$

C. $V = \sqrt{\frac{d8R}{M}}$ D. $PV = \frac{1}{3}mnc^2$

S D Why গ্যাসের গতিতত্ত্ব থেকে $PV = \frac{1}{3}mnc^2$ এই সূত্র পাওয়া যায়।

12. বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে কোন গ্যাসের অবদান বেশি? [JU-A, Set-R: 2022-23]

A. CO_2 B. CH_4

C. CFC D. O_3

S A Why CO_2 এর বৃদ্ধি অনুসারে 2050 সালের মধ্য পৃথিবীর তাপমাত্রা 3°C বাড়বে।

13. কক্ষ তাপমাত্রার সমআয়তন বিশিষ্ট তিনটি ফ্লাস্কে যথাক্রমে He, Ne ও Ar গ্যাস আছে। প্রতি ফ্লাস্কে গ্যাসের চাপ সমান। কোন ফ্লাস্কে গ্যাসের চাপ বেশী? [JU-A, Set-S: 2022-23]

A. ১ম B. ২য় C. ৩য় D. সব ফ্লাস্কে সমান

S D Why প্রশ্নেই বলে দেয়া আছে সব ফ্লাস্কে চাপ সমান। কিন্তু যদি গ্যাসের আয়তন সমান হত তবে, $P \propto d$

$\Rightarrow P \propto \frac{M}{V}$ $\therefore P \propto M$ [যেহেতু V সমান]

যেহেতু $M_{Ar} > M_{Ne} > M_{He}$ সুতরাং $P_{Ar} > P_{Ne} > P_{He}$

14. কোন গ্যাসের অণুর rms বেগ (C) হলো- [JU-A, Set-S: 2022-23]

A. $\sqrt{\frac{3RT}{M}}$ B. $\sqrt{\frac{2RT}{M}}$ C. $\sqrt{\frac{8RT}{M}}$ D. $\sqrt{\frac{RT}{M}}$

S A Why কোনো গ্যাসের অণুর rms বেগ হলো, $C = \sqrt{\frac{3RT}{M}}$

15. কোনটি এসিড বৃষ্টির জন্য কারণ নয়? [JU-A, Set-O. 2021-22]

A. H_2CO_3 B. HNO_3 C. H_2SO_4 D. H_2SO_3

S A Why
- বায়ুমন্ডলে অধঃক্ষেপন বৃষ্টিতে pH এর মান 5.6 এর কম হলেই ঐ অধঃক্ষেপনকে এসিড বৃষ্টি বলে। সাধারণত এর pH মান (5.6-3.5) মধ্যে থাকে। এর মূলে তিনটি এসিড থাকে (H_2SO_3, H_2SO_4,HNO_3) যা প্রাইমারি বায়ু দূষক SO_2 ও NO_x হতে উৎপন্ন হয়।
- স্বাভাবিক বৃষ্টির জলে CO_2 দ্রবীভূত অবস্থায় H_2CO_3 রূপে থাকে। এটি দূর্বল এসিড হওয়ায় এটি কম পরিমানে আয়নিত হয়।

16. কোনটি এসিড বৃষ্টির জন্য দায়ী? [JU-A, Set-Q. 2021-22]

A. CO B. CO_2

C. SO_2 D. N_2O **Ans C**

17. বায়ুমন্ডলে CO_2 এর পরিমাণ কত? [JU-A, Set-F. 2021-22]

A. 0.3% B. 0.03%

C. 0.003% D. 3.0%

S B Why বায়ুমণ্ডলের উপাদান:

বায়ুমণ্ডলের গৌণ উপাদানসমূহ (%)		
আর্গন	0.80, 0.93 (হাজারী)	He (0.15-1.5%)
কার্বন ডাই-অক্সাইড	0.033	
নিষ্ক্রিয় গ্যাসের মধ্যে: বাতাসে আর্গনের (0.80%) পরিমাণ সবচেয়ে বেশি		

18. বায়ুমন্ডলে আরগন এর পরিমাণ কত? [JU-A, Set-I. 2021-22]

A. 8.0% B. 0.80%

C. 0.08% D. 0.008% **Ans B**

19. হাইড্রোজেন স্তরের অবস্থান পৃথিবী পৃষ্ঠ থেকে- [JU-A, Set-M. 2021-22]

A. 85-200 km B. 200-1100 km

C. 1100-3500 km D. 3500-10000 km

S D Why বায়ুমণ্ডলের যে অঞ্চলে বায়ুর বিভিন্ন উপাদানগুলোর অনুপাত সমানভাবে ছড়িয়ে থাকে না তাকে বিষমমণ্ডল বলে। বায়ুর উপাদানের ভৌত ও রাসায়নিক ধর্মের উপর ভিত্তি করে এ অঞ্চলকে পুনরায় চারটি স্তরে ভাগ করা যায়।

i. **পারমাণবিক নাইট্রোজেন স্তর:** 100 km-200 km পর্যন্ত।

ii. **পারমাণবিক অক্সিজেন স্তর:** 200 km-1100 km পর্যন্ত স্তর।

iii. **হিলিয়াম স্তর:** 1100 km-3500 km পর্যন্ত।

iv. **হাইড্রোজেন স্তর:** 3500 km-65000 km পর্যন্ত।

20. O_3 এর অবস্থান কোন স্তরে? [JU-A, Set-O. 2021-22]
A. ট্রপোমন্ডল B. স্ট্রাটোমন্ডল C. মেসোমন্ডল D. তাপমন্ডল
S(B) Why স্ট্রাটোমন্ডল:

বায়ুমন্ডলের অঞ্চল	পরিসর (km)	উপস্থিত উপাদান	বৈশিষ্ট্য
স্ট্রাটোস্ফিয়ার	15-50	O_3	• বেশিরভাগ ওজোনস্তর থাকে • জেট বিমান চলাচল • শান্ত মণ্ডল

21. CO_2 পাওয়া যায় কোন স্তরে? [JU-A, Set-Q. 2021-22]
A. ট্রপোমন্ডল B. স্ট্রাটোমন্ডল C. মেসোমন্ডল D. তাপমন্ডল
S(A) Why ট্রপোস্ফিয়ার:

বায়ুমন্ডলের অঞ্চল	পরিসর (km)	উপস্থিত উপাদান	বৈশিষ্ট্য
ট্রপোস্ফিয়ার	0 - 15	N_2, O_2, CO_2, Ar, H_2O	• আবহাওয়া ও জলবায়ু নিয়ন্ত্রণ • বিমান চলাচল • ক্ষুব্ধ মণ্ডল

22. SATP তে গ্যাসের মোলার আয়তন কত লিটার? [JU-A, Set-F. 2021-22]
A. 22.4 L B. 24.4 L C. 24.789 L D. 2.414 L
S(C) Why • STP তে মোলার আয়তন = 22.4 L
• SATP তে মোলার আয়তন = 24.789 L
• NTP তে মোলার আয়তন = 24.04 L

23. কোন শর্তে একটি বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের মতো আচরণ করে? [JU-A, Set-Q. 2021-22]
A. উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে B. উচ্চ তাপমাত্রা ও উচ্চ চাপে
C. নিম্ন তাপমাত্রা ও নিম্ন চাপে D. নিম্ন তাপমাত্রা ও উচ্চ চাপে
S(A) Why উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপে বাস্তব গ্যাসের আয়তন অনেক বেশি হয় বলে বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।

24. ব্যাপন হারের সাথে কোনটি সম্পর্কযুক্ত? [JU-A, Set-I. 2021-22]
A. তুল্য ভর B. পারমাণবিক ভর
C. গ্রাম পারমাণবিক ভর D. গ্রাম আণবিক ভর
S(D) Why গ্রাহামের ব্যাপনের সূত্র: $r \propto \frac{1}{\sqrt{M}}$। ব্যাপনের হার তার আনবিক ভরের বর্গমূলের ব্যাস্তানুপাতিক।

25. একই শর্তাধীনে নিচের কোন গ্যাসটি ব্যাপিত হতে অধিক সময় লাগবে? [JU-A, Set-M. 2021-22, 16-17]
A. SO_2 B. CO_2 C. HCl D. NH_3
S(A) Why $r \propto \frac{1}{\sqrt{M}}$; আনবিক ভর বেশি হলে ব্যাপনের হার কম। আবার আনবিক ভর কম হলে ব্যাপনের হার বেশি। SO_2 (64) এর ভর বেশি হওয়ায় ব্যাপনের হার কম অর্থাৎ ব্যাপিত হতে অধিক সময় লাগবে।

26. কোন গ্যাসটি দ্রুত ব্যাপিত হবে? [JU-A, Set-O. 2021-22]
A. ফ্লোরিন B. অক্সিজেন C. নিয়ন D. ক্লোরিন
S(C) Why ব্যাপন হার আণবিক ভরের ব্যাস্তানুপাতিক; যেহেতু $r \propto \frac{1}{M}$। গ্যাসের আণবিক ভর যত কম তার ব্যাপন হার তত বেশী। এখানে, $M_{F_2} = 38$, $M_{Ne} = 20$, $M_{O_2} = 32$, $M_{Cl_2} = 71$
$\because M_{N_e} < M_{O_2} < M_{F_2} < M_{Cl_2} \therefore r_{N_e} > r_{O_2} > r_{F_2} > r_{Cl_2}$

27. কোনটি প্রাইমারি বায়ু দূষক? [JU-A, Set-I. 2021-22]
A. SO_2 B. SO_3 C. NO_2 D. HNO_3
S(A) Why প্রাইমারী ও সেকেন্ডারী বায়ু দূষক এর পার্থক্য:

প্রাইমারী দূষক	সেকেন্ডারী দূষক
সরাসরি পরিবেশে মিশে যায়	প্রাইমারী দূষকে যুক্ত হয়ে দূষণ ঘটায়
ধূলিকণা, ছাই, ধোঁয়া, SO_2, CO_2, CO, NH_3, H_2S, হাইড্রোকার্বন	SO_3, NO_2, H_2SO_4, N_2O_5, HNO_3 বাষ্প, PANs

28. কোনটি প্রাইমারি বায়ু দূষক নয়? [JU-A, Set-I]
A. CO_2 B. CO
C. SO_3 D. SO_2

29. কোনটি সেকেন্ডারী বায়ু দূষক নয়? [JU-A, Set-M]
A. HNO_3 B. H_2S
C. H_2SO_4 D. NO_2

30. কোনটি কণাজাতীয় দূষক নয়? [JU-A, Set-G]
A. বালু B. ধূলিকণা
C. ধোঁয়া D. কার্বন-মনো-অক্সাইড
S(D) Why CO একটি নীরব ঘাতক গ্যাস।

31. কোন ধরনের দূষক পানির DO এর পরিমাণ কমায়? [JU-A, Set-F]
(i) অজৈব দূষক (ii) জৈব দূষক (iii) তেজস্ক্রিয় দূষক।
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও
S(A) Why পানির মধ্যে জৈব ও অজৈব পদার্থ উপস্থিত থাকলে ও বিভিন্ন অনুজীব দ্রবীভূত অক্সিজেন ব্যবহার করে জৈব ও অজৈব ফেলে। ফলে DO এর পরিমাণ কমে যায়। DO এর মাত্রা 4.6 mgL গেলে পানি দূষিত হয়।

32. একটি পুকুরের পানির DO এর মান 4.0 হলে পানিটি হবে– [JU-A, Set-L]
A. বিশুদ্ধ পানি B. দূষিত পানি
C. মৃদু পানি D. খর পানি
S(A) Why আদর্শ পানির DO এর পরিসীমা 4-8 mgL^{-1}

33. পানির বিশুদ্ধতার মান এর সাথে সংশ্লিষ্ট- [JU-A, Set-M]
(i) DO (ii) BOD (iii) pH
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও
S(D) Why পানির বিশুদ্ধতার মান এর সাথে সংশ্লিষ্ট:
• DO • BOD • pH

34. 0.95 atm চাপে 25°C তাপমাত্রায় একটি গ্যাসের আয়তন 4L তাপমাত্রায় 1.0 atm চাপে গ্যাসটির আয়তন কত হবে? [JU-A, Set-F]
A. 0.38 L B. 0.39 L C. 0.308 L D. 3.8 L
S(D) Why $P_1V_1 = P_2V_2 \Rightarrow V_2 = \frac{0.95 \times 4.0}{1} = 3.8$

35. 1.0 atm চাপে 30°C তাপমাত্রায় একটি গ্যাসের আয়তন 0.5L তাপমাত্রায় 2.0 atm চাপে গ্যাসটির আয়তন কত হবে? [JU-A, Set-L]
A. 0.5 L B. 0.25 L C. 2.5 L D. 25.0 L
S(B) Why $P_1V_1 = P_2V_2 \Rightarrow 1 \times 0.5 = 2 \times V_2 \Rightarrow V_2 =$

36. 30°C তাপমাত্রায় 120 cm^3 আয়তন পাত্রে একটি নির্দিষ্ট গ্যাস 120 প্রদান করে। একই তাপমাত্রায় উল্লেখিত গ্যাসকে 100 cm^3 আয়তন পাত্রে স্থানান্তরিত করা হলে গ্যাসটির চাপ কত হবে? [JU-A, Set-M]
A. 140 KPa B. 14.4 KPa
C. 144 KPa D. 1.44 KPa
S(C) Why $P_1V_1 = P_2V_2$
$\Rightarrow P_2 = \frac{P_1V_1}{V_2} = \frac{120 \times 0.120}{0.1} = 144$ KPa
$V_1 = 120\ cm^3 =$
$P_1 = 120$ KPa
$V_2 = 100\ cm^3 =$
$P_2 = ?$

37. নির্দিষ্ট চাপে 17°C তাপমাত্রায় একটি নির্দিষ্ট পরিমাণ গ্যাসের আয়তন চাপের পরিবর্তন না হলে কত ডিগ্রি তাপমাত্রায় উক্ত গ্যাসের আয়তন হবে? [JU-A, Set-G]
A. 337.67K B. 328.67K C. 318.67K D. 327.67
S(B) Why $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$
$\Rightarrow T_2 = \frac{V_2T_1}{V_1} = \frac{0.85 \times 290}{0.75} = 328.67$ K
$T_1 = 17°C =$
$V_1 = 0.75$ L
$T_2 = ?$
$V_2 = 0.85$ L

37. একটি গ্যাসের 12°C তাপমাত্রায় একটি নির্দিষ্ট পরিমাণ গ্যাসের আয়তন 0.65L। চাপের পরিবর্তন না হলে কত কিছি তাপমাত্রায় উক্ত গ্যাসের আয়তন 0.75L হবে? [JU-A, Set-Q. 2021-22]

A. 32.85 K
B. 3288.46 K
C. 328.85 K
D. 318.85 K

Ans C Why $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$

$\Rightarrow T_2 = \frac{V_2 \times T_1}{V_1} = 328.85\ K$

$T_1 = 12°C = 273 + 12 = 285K$
$V_1 = 0.65\ L$
$T_2 = ?$
$V_2 = 0.75\ L$

38. HSO_4^- অম্লের অনুবর্তী এসিড কি? [JU-A, Set-E. 2020-21]

A. H_2SO_4 B. SO_4^{2-} C. H_3O^+ D. H_2O

Ans A Why $HSO_4^- + H^+ \longrightarrow H_2SO_4$
অনুবর্তী এসিড

39. নিচের কোন গ্যাসটির স্ফাপন হার বেশি? [JU-A,2019-20]

A. HCl B. NH_3 C. CH_4 D. Cl_2

Ans A Why স্ফাপন হারের ক্রম: $CH_4 > NH_3 > HCl > Cl_2$
হয় আণবিক ভর কম তার স্ফাপন হার বেশি।

40. CNG স্টেশনে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমান কত? [JU-A, Set-D. 2019-20]

A. 79% B. 88% C. 90% D. 96%

Ans A Why CNG তে 95-99% CH_4 থাকে।

42. পানিতে অণুজীব বেঁচে থাকার জন্য DO এর পরিমাণ থাকে– [JU-A,2019-20]

A. 2-3 ppm B. 4-8 ppm
C. 6-15 ppm D. 20-30 ppm

Ans B

43. শৌচের মাধ্যমে কোন ধাতু ভারী খাদ্যশৃঙ্খলে প্রবেশ করে? [JU-A,2019-20]

A. Cd B. As
C. Pb D. Cr

Ans C

44. সাইক্লোন সৃষ্টি হয় কোথায়? [JU-A, 2017-18]

A. অগভীর সমুদ্র B. গভীর সমুদ্র
C. শুষ্ক ভূমিতে D. পাহাড়ে

Ans B Why গভীর সমুদ্র এলাকায় তাপমাত্রা অপেক্ষাকৃত বেশি থাকে বলে গভীর সমুদ্রে ঘূর্ণিঝড় বা সাইক্লোন সৃষ্টি হয়।

45. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে একই সরলরেখায় চন্দ্র অবস্থান করে, তখন কী হয়? [JU-A, 2017-18]

A. সূর্যগ্রহণ B. চন্দ্রগ্রহণ
C. পূর্ণিমা D. অমাবস্যা

Ans A Why সূর্য গ্রহণ অমাবস্যা তিথিতে হয়। সূর্য গ্রহণে পৃথিবী চন্দ্র ও সূর্য প্রায় একই সরল রেখায় অবস্থান করে। এ সময় সূর্য ও পৃথিবীর মাঝে চাঁদ অবস্থান করে ফলে চাঁদের ছায়া পৃথিবীতে পড়ে।

46. মার্কারি সৃষ্ট প্রধান স্বাস্থ্য ঝুঁকি কি? [JU-A9,2017-18]

A. কিডনিতে সমস্যা B. লিভারে সমস্যা
C. অন্ত্রে সমস্যা D. স্নায়ুতন্ত্রে সমস্যা

Ans D Why মার্কারি সৃষ্ট প্রধান স্বাস্থ্যঝুঁকি হল স্নায়ুতন্ত্রে সমস্যা এছাড়াও মাথা ধরা, পেটে ব্যথা, উদরাময় ও কিডনি সমস্যা দেখা যায়।

47. জীবাশ্ম জ্বালানী দহনের ফলে কোন গ্রীন হাউজ গ্যাস সবচেয়ে বেশি বেড়ে যাচ্ছে? [JU-A,2017-18]

A. জলীয় বাষ্প B. ক্লোরো ফ্লোরো কার্বন
C. কার্বন ডাইঅক্সাইড D. মিথেন

Ans C Why জীবাশ্ম জ্বালানী মূলত হাইড্রোকার্বন। আর এই হাইড্রোকার্বনকে দহন করালে পাওয়া যায় CO_2 ও H_2O।

48. কোনটি এসিড হিসাবে কাজ করে? [JU-A,2017-18]

A. $FeCl_3$ B. SF_6
C. XeF_2 D. CaF_2

Ans A Why লুইস মতবাদ অনুযায়ী সে সকল যৌগ একজোড়া ইলেকট্রন গ্রহণে সক্ষম তারা এসিড। যেমন: $AlCl_3$, BF_3, $FeCl_3$ ইত্যাদি।

49. পৃথিবীর মোট পানির কতভাগ মানুষের ব্যবহার উপযোগী? [JU,2017-18]

A. 10% B. 8%
C. 3% D. 1%

Ans D

50. কোনটির প্রভাবে উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়া ব্যাহত হয়? [JU-A,2017-18]

A. CO_2 B. SO_2 C. NO_2 D. SiO_2

Ans B Why বায়ুতে SO_2 বেশি হলে উদ্ভিদের পাতা হয়ে পাতা শুকিয়ে যায়। সমৃদ্ধ ক্লোরোফিল নষ্ট হয়ে যায় একে ক্লোরোসিস বলা হয়। ক্লোরোসিসের ফলে উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়া ব্যাহত হয়।

51. ভারী ধাতু হলো- [JU-A6,2017-18]

A. মাটিতে খনিজরূপে পাওয়া যায় না
B. অত্যন্ত সক্রিয়
C. উদ্ভিদের মৌলিক কার্যকাতে বাধা সৃষ্টি করে
D. দুর্বল জারক

Ans C Why প্রকৃতিতে ভারী ধাতুসমূহ যুক্তকে পাওয়া যায়। এরা মাটির বিভিন্ন ধাতুর আকরিকের সাথে যুক্ত থাকে।

52. ঘূর্ণিঝড় সৃষ্টির জন্য পানির তাপমাত্রা কত °C এর উপর থাকতে হয়? [JU-A, 2016-17]

A. 25°C B. 27°C C. 40°C D. 30°C

Ans B Why ঘূর্ণিঝড় সৃষ্টি করতে সাগরের পানির তাপমাত্রা 27°C এর উপরে থাকতে হয়।

53. কোন গ্রীনহাউস গ্যাস তাপমাত্রা বৃদ্ধিতে বেশি অবদান রাখে? [JU, 2016-17]

A. কার্বন ডাই অক্সাইড B. সি এফ সি
C. ওজোন D. নাইট্রোজেন

Ans A Why তাপমাত্রা বৃদ্ধি: CO_2 এর বৃদ্ধি অনুপাতে 2050 সালের মধ্যে পৃথিবীর তাপমাত্রা 3°C বাড়বে (IPCC)।

54. CFC-13 এর সংকেত কোনটি? [JU-A, 2016-17]

A. $CHClF_2$ B. CF_2Cl_2
C. CF_3Cl D. $CFCl_3$

Ans C Why CFC-13 এর সংকেত = CF_3Cl

55. সারফেস ওয়াটারের বিশুদ্ধতার মানদণ্ড হলো: [JU-A, 2016-17]

i. TDS ii. pH iii. DO

নিচের কোনটি সঠিক?

A. ii ও iii B. ii
C. i ও iii D. i,ii ও iii

Ans D

56. আদর্শ গ্যাসের সমীকরণ থেকে মোলার ভর নির্ণয়ের কোন সম্পর্কটি সঠিক? [JU-A, 2016-17]

A. $M = \frac{dRT}{P}$ B. $M = \frac{RT}{Pd}$ C. $M = \frac{dRT}{PV}$ D. $M = \frac{Pd}{RT}$

Ans A Why $PV = nRT$, $PV = \frac{W}{M}RT$, $PM = \frac{W}{V}RT$

$\Rightarrow \frac{W}{V} = \frac{PM}{RT} \Rightarrow d = \frac{PM}{RT} \Rightarrow M = \frac{dRT}{P}$

57. HNO_3 উৎপাদনে নিচের কোনটি প্রভাবক হিসাবে কাজ করে? [JU,2014-15; RU, 2007-08]

A. Ni B. Pt
C. Mo D. Fe

Ans B

58. $N_2 + O_2 \xrightarrow{\text{বিদ্যুৎস্ফরণ}} 2NO$; বিক্রিয়ায় কত তাপমাত্রা ব্যবহৃত হয়? [JU,2014-15]

A. 300°C B. 3000°C
C. 3500°C D. 3800°C

Ans B

59. 20°C তাপমাত্রা ও $50\times10^3\ Nm^{-2}$ চাপে H_2 গ্যাসের ঘনত্ব কত g/cc? [JU, 2013-14]

A. 8.15×10^{-2} B. 4.15×10^{-2}
C. 8.15×10^{-3} D. 4.15×10^{-3}

Ans B Why $d = \frac{PM}{RT} = \frac{0.49\times2}{0.0821\times293} = 4.12\times10^{-2}$ g/cc $\left[\because P = \frac{50\times10^3}{101325}\right]$

60. প্রমাণ তাপমাত্রা ও চাপে 1.0 mol একটি গ্যাসের সংকোচনশীলতা গুণাঙ্ক 5.8×10^{-2}। 10°C তাপমাত্রা এবং 100 kPa চাপে গ্যাসটির আয়তন কত? [JU. 2013-14]

A. 1.37 dm^3 B. 1.44 dm^3 C. 1.56 dm^3 D. 1.60 dm^3

S A Why আমরা জানি, $PV = ZnRT;\ Z = \frac{PV}{nRT}$

$$\Rightarrow 5.8\times10^{-2} = \frac{100\times V}{1\times0.0821\times283\times101.325}$$

$$\Rightarrow V = \frac{5.8\times10^{-2}\times0.0821\times283\times101.325}{100} = 1.37\ dm^3$$

61. কোন তাপমাত্রায় গ্যাসের আয়তন মাপা যাবে না? [JU. 2011-2012]

A. 0K B. 273 K C. 273°F D. 273°C

S A Why 0K বা –273°C বা –459.4° F বা –218R তাপমাত্রায় গ্যাসের আয়তন মাপা যাবে না বা গ্যাসের আয়তন থাকবে না।

62. স্থির চাপে নির্দিষ্ট পরিমাণ কোন গ্যাসের আয়তন পরম তাপমাত্রার সমানুপাতিক। এ সূত্রটি- [JU. 2011-2012]

A. বয়েলের B. চার্লসের

C. গে-লুসাকের D. গ্যাসের সূত্র **Ans B**

63. গ্যাস মিশ্রণের মোট চাপ মিশ্রণটির উপাদান গ্যাস সমূহের আংশিক চাপের- [JU. 2010-11]

A. গুণফলের সমান B. যোগফলের সমান

C. বর্গমূলের সমান D. সবগুলিই সত্য **Ans B**

64. কোনটি মনোপ্রোটিক এসিড? [JU.2010-11]

A. H_2SO_4 B. HCl C. H_3PO_4 D. None

S B Why মনো মানে-1 কাজেই যে একটি মাত্র প্রোটন দান করতে পারে সেটি মনোপ্রোটিক এসিড।

65. একজন লোক এক নিঃশ্বাসে 200ml বায়ু গ্রহণ করে। বায়ুর তাপমাত্রা 27°C এবং সে সময়ে বাতাসের চাপ 750mm (Hg) হলে লোকটি একবারে কতগুলো গ্যাস অণু গ্রহণ করে? [JU. 2010-11]

A. 4.83×10^{21} B. 6.023×10^{23}

C. 12.023×10^{23} D. 8.83×10^{21}

S A Why $\frac{X}{N_A} = \frac{PV}{RT}$

$$\therefore X = \frac{0.98\times0.200\times6.023\times10^{23}}{0.0821\times300} = 4.83\times10^{21}$$

66. 25°C তাপমাত্রায় 650 mm চাপে 15.0 gm O_2 গ্যাসের আয়তন গণনা কর- [JU.2010-11]

A. 17.42 dm^3 B. 21.23 dm^3

C. 19.41 dm^3 D. 13.41 dm^3

S D Why $PV = nRT$

$$\therefore V = \frac{mRT}{MP} = \frac{15\times0.0821\times(273+25)}{32\times0.855} = 13.41$$

67. স্থির চাপে একটি আদর্শ গ্যাসের নির্দিষ্ট ভরের আয়তন? [JU.2009-10]

A. ক্যালভিন তাপমাত্রার সমানুপাতিক B. সেলসিয়াস তাপমাত্রার সমানুপাতিক

C. ক্যালভিন তাপমাত্রার ব্যস্তানুপাতিক D. সেলসিয়াস তাপমাত্রার ব্যস্তানুপাতিক

S A Why ক্যালভিন তাপমাত্রা ও পরম তাপমাত্রার মধ্যে কোন পার্থক্য নেই।

68. বয়েলের সূত্র অনুসারে যখন একটি গ্যাসের চাপ কমে যায় তখন: [JU. 2009-10]

A. আয়তন বৃদ্ধি পায় B. আয়তন কমে যায়

C. তাপমাত্রা বৃদ্ধি পায় D. তাপমাত্রা কমে যায়

S A Why বয়েলের সূত্র: স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন গ্যাসটির উপর প্রযুক্ত চাপের ব্যস্তানুপাতিক।

69. নিম্নলিখিত কোন শর্তে গ্যাস পানিতে সবচেয়ে বেশি দ্রবীভূত হয়? [JU. 2009-10]

A. উচ্চ তাপ এবং উচ্চ চাপ B. উচ্চ চাপ এবং নিম্ন তাপ

C. নিম্ন চাপ এবং উচ্চ তাপ D. নিম্ন তাপ এবং নিম্ন চাপ

S B Why গ্যাসের তাপমাত্রা যত কম হয়, চাপ যত বেশী হয় গ্যাস তত তরলে পরিণত হয়।

70. নিম্নলিখিত কোন শর্তে গ্যাস পানিতে সবচেয়ে কম দ্রবীভূত হয়। [JU.]

A. উচ্চ তাপ এবং উচ্চ চাপ B. উচ্চ চাপ এবং নিম্ন তাপ

C. নিম্ন চাপ এবং উচ্চ তাপ D. নিম্ন তাপ এবং নিম্ন চাপ

S C Why উপরের প্রশ্নের উল্টো চিন্তা করে দেখ তো সমাধান পাও কি

71. ব্রনস্টেড সংজ্ঞা অনুসারে এসিড হচ্ছে এমন একটি বস্তু যা- [JU.]

A. প্রোটন গ্রহণ করে B. প্রোটন প্রদান করে

C. ইলেকট্রন গ্রহণ করে D. ইলেকট্রন প্রদান করে

72. যখন একটি এসিড ক্ষারক দ্বারা প্রশমিত হয় তখন- [JU.]

A. অ্যালকোহল তৈরী হয় B. পানি তৈরী হয়

C. H^+ এর পরিমাণ OH^- এর চেয়ে বেশি হয় D. উপরের সবগুলোই

S B Why এসিড ও ক্ষারের প্রশমন বিক্রিয়ায় সর্বদা লবন ও পানি উ

73. 30° সে. তাপমাত্রা ও 0.987 atm চাপে 1 মোল আদর্শ গ্যাসের আয়ত [JU.]

A. 50.4L B. 2.52L C. 25.2L D. 5.04L

S C Why $PV = nRT$

$$\therefore V = \frac{nRT}{P} = \frac{1\times0.0821\times(273+30)}{0.987} = 25.20L$$

74. একটি পাত্রের আয়তন 500 ml এ 100 cm Hg চাপে Cl_2 গ্যাস নলের সাহায্যে স্টপ কর্কের দ্বারা অন্য একটি 80 cm Hg চাপে N_2 ml আয়তন বিশিষ্ট পাত্রের সাথে যুক্ত আছে। স্টপ কর্ক খুলে দিলে cm Hg-তে নিম্নের কোনটি? [JU.]

A. 68.67 B. 86.67

C. 67.86 D. 76.86

S B Why $P = \frac{P_1V_1 + P_2V_2}{V_1 + V_2} = \frac{100\times500 + 80\times1000}{500+1000} = 86.67\ cm\ Hg$

75. 0°C তাপমাত্রায় একটি গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ 493.3m আণবিক ভর কত? [JU.]

A. 50 g B. 14 g C. 42 g D. 28 g

S D Why $C^2 = \frac{3RT}{M}$

$$\therefore M = \frac{3RT}{C^2} = \frac{3\times8.31\times273}{(493.3)^2} = 28\ (\text{গ্রামে রূপান্তর করে})$$

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. কী অবস্থায় বাস্তব গ্যাস আদর্শ গ্যাস সমীকরণ অনুসরণ করে?
Ⓐ Low temperature and high pressure
Ⓑ High temperature and low pressure
Ⓒ Absolute zero temperature
Ⓓ High pressure

02. ভ্যাভার ওয়ালস্ সমীকরণের শুদ্ধ রূপ কোনটি?
Ⓐ $\left(P-\frac{n^2a}{V^2}\right)(V+nb) = nRT$ Ⓑ $\left(P+\frac{na^2}{V^2}\right)(V-nb) =$
Ⓒ $\left(P+\frac{n^2a}{V^2}\right)(V-nb) = nRT$ Ⓓ $\left(P+\frac{a}{V^2}\right)(V-nb) =$

03. নিচের কোনটি সত্য?
Ⓐ পর্যায় সারণীর সকল মৌল প্রকৃতিতে পাওয়া যায়
Ⓑ লৌহকে গ্যাসীয় অবস্থায় রূপান্তরিত করা যায় না
Ⓒ 120° তাপমাত্রায় পানির তরল অবস্থা অসম্ভব
Ⓓ আন্তঃআণবিক আকর্ষণ বল আছে বলেই গ্যাসের তরলীকরণ সম্ভ

04. উদ্ভিদ মূলের সাহায্যে ইউরিয়া সার কী অবস্থায় শোষণ করে?
Ⓐ H_2NCONH_2 Ⓑ NH_4OH
Ⓒ NO_3^- salt Ⓓ NO_2 salt

05. নিম্নের কোন গ্যাসটি আদর্শ গ্যাসের ধর্ম থেকে সবচেয়ে বেশি বিচ্যু
A. HCl B. He C. CH_4 D. N_2

6. কার্বন, নাইট্রোজেন ও অক্সিজেনের পারমাণবিক ওজন যথাক্রমে 12, 14 ও 16। নিচের গ্যাস জোড়াগুলোর মধ্যে কোনটির ব্যাপন হার সমান?
A. CO_2 and NO_2 B. CO_2 and N_2O
C. CO_2 and CO D. N_2O and NO_2

7. $HCl+H_2O \rightleftharpoons H_3O^+ + Cl^-$ বিক্রিয়াটিতে অনুবন্ধী অম্ল-ক্ষারক জোড় হচ্ছে-
Ⓐ HCl ও H_2O Ⓑ HCl ও Cl^-
Ⓒ HCl ও H_3O^+ Ⓓ H_3O^+ ও Cl^-

8. একটি নদীর পানির দ্রবীভূত অক্সিজেন (DO) এর মান 2.0 mgL^{-1}। গুণগতভাবে উক্ত নদীর পানি মাছ ও অন্যান্য জলজ প্রাণীর বেঁচে থাকার জন্য-
Ⓐ ভালো Ⓑ খারাপ
Ⓒ অত্যন্ত ভালো Ⓓ অত্যন্ত খারাপ

9. পানির স্থায়ী খরতার কারণ কোনটি?
Ⓐ দ্রবীভূত Ca, Mg, Fe প্রভৃতির বাই কার্বোনেট এর উপস্থিতি
Ⓑ দ্রবীভূত Ca, Mg সালফেট, ক্লোরাইড এর উপস্থিতি
Ⓒ Na ও K এর বাইকার্বনেট দ্রবীভূত থাকে
Ⓓ Na_2CO_3 দ্রবীভূত থাকে

10. নিচের কোনটি লুইস এসিড?
A. HNO_3 B. H_2SO_4
C. $AlCl_3$ D. NH_3

11. কোন নির্দিষ্ট আয়তনের গ্যাসের তাপমাত্রা 0°C আয়তন স্থির রেখে গ্যাসটিকে উত্তপ্ত করায় তার চাপ চারগুণ বৃদ্ধি পেল। ঐ গ্যাসটির তাপমাত্রা কত বৃদ্ধি পেল?
Ⓐ 850 Ⓑ 800
Ⓒ 810 Ⓓ 819

12. একই তাপমাত্রায় H_2 ও O_2 গ্যাসের r.m.s বেগের অনুপাত হচ্ছে-
A. $\frac{1}{8}$ B. $\frac{1}{4}$
C. 4 D. 8

13. নির্দিষ্ট আয়তনে He গ্যাসকে 0°C তাপমাত্রার ততক্ষণ পর্যন্ত শীতল করা হল যতক্ষণ না এর চাপ অর্ধেক হয়। গ্যাসটির পরিবর্তিত তাপমাত্রা হবে-
Ⓐ -63.5°C Ⓑ -136.5°C
Ⓒ -163.5°C Ⓓ -273.0°C

14. 25°C তাপমাত্রায় 5 বায়ুমণ্ডলীয় চাপে একটি 100 লিটার সিলিন্ডারে কত মোল হাইড্রোজেন আছে?
Ⓐ 20.45 Ⓑ 22.45
Ⓒ 23.45 Ⓓ 24.45

15. 1 atm চাপে ও নির্দিষ্ট তাপমাত্রায় একটি নির্দিষ্ট আয়তনের পাত্রে 4gHe, 14gN_2 এবং 16gO_2 আছে। কোনটির আংশিক চাপ সর্বোচ্চ?
Ⓐ He
Ⓑ সকল আংশিক চাপ সমান
Ⓒ N_2
Ⓓ O_2

16. 0°C তাপমাত্রায় একটি 10L পাত্রে 2g H_2 এবং 8g N_2 রাখলে গ্যাস মিশ্রণের মোট চাপ হবে?
Ⓐ 2.24 mm Ⓑ 2.88 mm
Ⓒ 3.21 mm Ⓓ 0.64 mm

17. 5.0L আয়তনের একটি পাত্রে 90.0 kPa চাপে 1.0L নাইট্রোজেন গ্যাস এবং 50.0 kPa চাপে 3.5L অক্সিজেন গ্যাস রাখা হল। উক্ত পাত্রে মিশ্রিত গ্যাসের মোট চাপ-
Ⓐ 23.0 kPa Ⓑ 41.2 kPa
Ⓒ 53.0 kPa Ⓓ 61.0 kPa

18. 300 K তাপমাত্রায় R.M.S বেগ সর্বোচ্চ হবে কোনটির?
Ⓐ O_2 Ⓑ N_2
Ⓒ CO_2 Ⓓ CH_4

19. একটি নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে O_2 গ্যাসের ব্যাপন হার 30 m^3/s হলে উক্ত তাপমাত্রায় CO_2-এর ব্যাপন হার কত?
Ⓐ 26 m^3/s Ⓑ 25.58 m^3/s
Ⓒ 25.85 m^3/s Ⓓ 25.67 m^3/s

20. গ্যাস X-এর ব্যাপন হার গ্যাস Y ব্যাপন হারের দ্বিগুণ। X এর বাষ্পীয় ঘনত্ব 2 হলে Y গ্যাসটির আণবিক ভর কত হবে?
Ⓐ 2 Ⓑ 4
Ⓒ 8 Ⓓ 16

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	B	**বাস্তব গ্যাস:** (i) নিম্নতাপমাত্রা ও উচ্চ চাপ (ii) $(P+\frac{n^2a}{V^2})(V-nb)=nRT$ (iii) অণুসমূহের মধ্যে আকর্ষণ বা বিকর্ষণ বল থাকে। (iv) এসব গ্যাসের অভ্যন্তরীণ শক্তি গ্যাসের আয়তনের উপর নির্ভর করে। **আদর্শ গ্যাস:** (i) উচ্চ তাপমাত্রা ও নিম্ন চাপ (ii) $PV=nRT$ (iii) অণুসমূহে আকর্ষণ বা বিকর্ষণ বল থাকে না (iv) এসব গ্যাসের অভ্যন্তরীণ শক্তি গ্যাসের আয়তনের উপর নির্ভরশীল নয়। অর্থাৎ $\left(\frac{\delta u}{\delta v}\right)_T = O$
02	C	
03	D	আন্তঃআণবিক আকর্ষণ আছে বলেই ঘনীভবন শক্তি বৃদ্ধি পেয়ে একটি ন্যূনতম মান লাভ করে এবং বিক্ষিপ্ত এলোমেলো স্থানান্তর জনিত গতির ফলে কণা গুলোর যে তাপশক্তি হয় তার মান কমে একটি নির্দিষ্ট মানে পৌছায়। তখন কণাগুলো একীভূত হয়ে তরল অবস্থার সৃষ্টি করে অর্থাৎ আন্তঃআণবিক আকর্ষণ আছে বলেই গ্যাসের তরলীকরণ সম্ভব।
04	C	**বজ্রপাতের মাধ্যমে নাইট্রোজেন ফিক্সেশন বিক্রিয়াঃ** $N_2+O_2 \xrightarrow[3000°C]{\text{বিদ্যুৎস্ফরণ}} 2NO \xrightarrow[50°\text{-}100°C]{O_2} 2NO_2 \xrightarrow{2H_2O+O_2} 4HNO_3$ উৎপন্ন HNO_3 মাটির ক্ষারকীয় CaO, $CaCO_3$ এর সাথে দ্রবণীয় NO_3^- লবণ হিসেবে মাটিতে মিশে যায়।উদ্ভিদ মূলের সাহায্যে ইউরিয়া সারকে নাইট্রেট লবণ ও নাইট্রোজেন সার হিসেবে গ্রহণ করে। **সরাসরি ব্যাকটেরিয়ার মাধ্যমে-** বিভিন্ন সিমবায়োটিক ব্যাকটেরিয়ার (মটর, সিম, ছোলা উদ্ভিদে) মাধ্যমে নাইট্রোজেন ফিক্সেশন ঘটে।
05	A	আদর্শ গ্যাসের বিচ্যুতির কতিপয় কারণের একটি হচ্ছে আণবিক ভর। নিষ্ক্রিয় গ্যাস ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আণবিক ভর যত বেশি হবে আদর্শ গ্যাস থেকে বিচ্যুতি তত বেশি হবে। HCl এর আণবিক ভর = 1+ 35.5=36.5 CH_4 এর আণবিক ভর = 12+4=16 N_2 এর আণবিক ভর = 28 সুতরাং HCl এর বিচ্যুতি বেশি হবে।
06	B	আণবিক ভর সমান হলে ব্যাপন হার সমান। এখানে, $M_{CO_2}=12+32=44$, $M_{CO}=12+16=28$ $M_{NO_2}=14+32=46$, $M_{N_2O}=28+16=44$ এখানে কার্বনডাই অক্সাইড ও নাইট্রাস অক্সাইডের আণবিক ভর সমান। কাজেই ব্যাপন হার সমান।
07	B	$HCl+H_2O \rightleftharpoons H_3O^+ + Cl^-$ বিক্রিয়াটিতে HCl ও Cl^- অনুবন্ধী অম্ল ও ক্ষার যুগল।
08	D	নদীর পানির দ্রবীভূত অক্সিজেন (DO) এর মান 2.0 mg/L হলে উক্ত নদীর পানি মাছ ও অন্যান্য জলজ প্রাণীর বেঁচে থাকার জন্য অত্যন্ত খারাপ।

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
09	B	পানীর স্থায়ী খরতার কারণ– ১. পানিতে Ca, Mg এর ক্লোরাইড বা সালফেট দ্রবীভূত থাকলে পানি স্থায়ী খর হয়। ২. পানিতে Ca, Mg, Fe এর বাই কার্বনেট দ্রবীভূত থাকলে পানি অস্থায়ী খর হয়।
10	C	**লুইস এসিড:** লুইস প্রদত্ত মতবাদ অনুসারে, এক জোড়া ইলেকট্রন গ্রহণে সক্ষম পদার্থ মাত্রই এসিড। SO_3, BF_3, $AlCl_3$, $FeCl_3$, $ZnCl_2$ এবং সকল ধনাত্মক আয়ন ইত্যাদি। **লুইস ক্ষার:** এক জোড়া ইলেকট্রন প্রদানে সক্ষম পদার্থ মাত্রই লুইস ক্ষার। NH_3, H_2O, $CH_3–NH_2$, Pyridine ইত্যাদি।
11	D	$\frac{P_1}{T_1}=\frac{P_2}{T_2}$ $P_1=P, T_1=273$ $\Rightarrow T_2=4T_1=1092\ K; P_2=4P=, T_2=?$ তাপমাত্রা বৃদ্ধি $T_2-T_1=819°C$. **টেকনিক:** $T=4T_0=4\times273=1092K=819°C$
12	C	$r.m.s.=\left(\frac{M_2}{M_1}\right)^{\frac{1}{2}}=\left(\frac{M_{32}}{M_2}\right)^{\frac{1}{2}}=\left(\frac{32}{2}\right)^{\frac{1}{2}}=4$
13	B	$P\propto T, T=\frac{1}{2}T_0={}^1/_2\times273$ $=136.5K=(136.5-273)°C=-136.5°C$
14	A	$n=\frac{PV}{RT}=\frac{5\times100}{298\times0.0821}=20.45$
15	A	যার মোল সংখ্যা বেশি তার আংশিক চাপ সর্বোচ্চ। আংশিক চাপ = মোল ভগ্নাংশ×মোট চাপ $P_{He}=\frac{1\times1}{1.0+0.5+0.5}=0.50;\ P_{N_2}=\frac{0.5\times1}{1.0+0.5+0.5}=0.25$ $P_{O_2}=\frac{0.5\times1}{1.0+0.5+0.5}=0.25$
16	B	$P_{H_2}=\frac{mRT}{MV}=\frac{2\times0.0821\times273}{2\times10}=2.24$ $P_{N_2}=\frac{mRT}{MV}=\frac{8\times0.0821\times273}{28\times10}=0.64$ $\therefore P_{H_2}+P_{N_2}=2.88atm$
17	C	$PV=P_1V_1+P_2V_2\ \ \therefore P=\frac{90\times1.0+50.0\times3.5}{5}=53.2kPa$
18	D	$R.M.S\propto\frac{1}{\sqrt{M}}$ O_2 এর আণবিক ভর 32g, N_2 এর আণবিক ভর 28g, CO_2 এর আণবিক ভর 44g এবং CH_4 এর আণবিক ভর 16g। CH_4 এর আণবিক ভর সবচেয়ে কম বলে CH_4 এর R.M.S বেগ সর্বোচ্চ হবে।
19	B	$\frac{r_{O_2}}{r_{CO_2}}=\sqrt{\frac{M_{CO_2}}{M_{O_2}}}$ বা, $\frac{30}{r_{CO_2}}=\sqrt{\frac{44}{32}}$ বা, 25.58
20	D	$\frac{r_x}{r_y}=\sqrt{\frac{d_y}{d_x}}$ বা, $\frac{2r}{r}=\sqrt{\frac{d_y}{2}}\ \therefore d_y=8$ আণবিক ভর = বাষ্প ঘনত্ব × 2 = 8 × 2 = 16

দ্বিতীয় পত্র
অধ্যায়: ০২

জৈব রসায়ন

কি পড়বে ? কেন পড়বে ? কতটুকু পড়বে ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]
TOPIC-01	জৈব যৌগের প্রাথমিক কথা
TOPIC-02	কার্যকরীমূলক ও নামকরণ
TOPIC-03	সমাণুতা ও বহুরূপতা
TOPIC-04	বিক্রিয়ার কৌশল ও বিকারকসমূহ
TOPIC-05	কিছু গুরুত্বপূর্ণ প্রস্তুতি ও বিক্রিয়া
TOPIC-06	নামীয় বিক্রিয়া ও বিভিন্ন নীতি
TOPIC-07	সনাক্তকরণ
TOPIC-08	পার্থক্যমূলক রাসায়নিক বিক্রিয়া

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- কার্যকরী মূলকের উভয় পার্শ্বে কার্বন পরমাণুর ভিন্নতার কারণে সৃষ্ট স বলে- ং সংঙ্গে বিক্রিয়া করে উৎপন্ন করে– বেনজয়িক এসিড।
- R – Mg – X এর সাথে CO_2 বিক্রিয়ায় উৎপন্ন হয় – কার্বক্সিলিক এসি
- কোব বিক্রিয়ায় উৎপন্ন হয় – স্যালিসাইলিক এসিড।
- ডায়াবেটিক রোগীদের প্রসাবে গ্লুকোজের উপস্থিতি প্রমানের জন্য যে করা হয়- বেনিডিকট পরীক্ষা।
- ল্যাকটিক এসিডে অপ্রতিসম কার্বন থাকে – 1টি।
- ইথিলিন থেকে পলিথিন তৈরির বিক্রিয়া- পলিমারাইজেশন।
- প্রান্তীয় অ্যালকাইনসমূহ অম্লধর্মী।
- শুধু মাত্র অ্যালডিহাইড মৃদুজারক অর্থাৎ ফেহলিং দ্রবন ও টলেন বিকারক বিক্রিয়া করে। কিন্তু কিটোন করে না।
- ফেহলিং দ্রবনে সকল অ্যালডিহাইডমূলক (–CHO) মূলক Cu_2O অধঃক্ষেপ দেয়।
- ডেটলের রাসায়নিক নাম– 4-ক্লোরো-3, 5, ডাই মিথাইল ফেনল।
- সূর্যালোকের অনুপস্থিতিতে বেনজিন ও শুষ্ক $AlCl_3$ এর মিশ্রণ উৎপ ক্লোরোবেনজিন ও HCl গ্যাস।
- প্রোটিনের মধ্যে- অ্যামাইনো এসিডসমূহ পরস্পর যে বন্ধন দ্বারা যুক্ত Peptide bond।
- ফেনলের সাথে গাঢ় HNO_3 এর বিক্রিয়ায় উৎপন্ন হয়- পিকরিক এসিড।
- মেলামাইন তৈরীতে কাঁচামালটি ব্যবহার করা হয় – ইউরিয়া।
- গ্রীগনার্ড বিকারকের সাথে CH_3OH এর বিক্রিয়ায় উৎপন্ন হয়– অ্যালকে
- জ্বর ও ব্যাথা নিবারক ঔষধের মধ্যে ফেনলিক যৌগ হল– অ্যাসপিরিন।
- ক্লোরোফর্মের ঘনীভবন বিক্রিয়ায় উৎপন্ন হবে– ক্লোরিটোন।
- প্রাইমারি অ্যালকোহলকে জারিত করলে পাওয়া যায় না– অ্যালকেন।
- চিটাগুড় থেকে ইথানল উৎপাদনের প্রক্রিয়া- জারণ।
- টলুইনকে মৃদু জারণ করলে উৎপন্ন হয় – বেনজালডিহাইড।
- অ্যালডল কনডেনশন বিক্রিয়ায় সঠিক তাপমাত্রা– 10-20°C
- ডেটলের মূল উপাদান – ক্লোরোজাইলিনল।
- অ্যামোনিয়া + ফরমালডিহাইড = হেক্সামিন।
- এস্টারের প্রধান বৈশিষ্ট হলো এর সুমিষ্ট গন্ধ।
- গাঢ় HNO_3 এর সাথে ক্লোরোফরমকে উত্তপ্ত করলে পাওয়া যায়- ক্লো

সমাণুতার সংখ্যা নির্ণয়:

সমগোত্রীয় শ্রেণি	সাধারণ সংকেত	n	সংকেত	সমাণুর সংখ্যা
অ্যালকেন	(C_nH_{2n+2})	4	C_4H_{10}	2
		5	C_5H_{12}	3
		6	C_6H_{14}	5
		7	C_7H_{16}	9
অ্যালকিন	(C_nH_{2n})	3	C_3H_6	2
		4	C_4H_8	3
		5	C_5H_{10}	6
অ্যালকাইন	(C_nH_{2n-2})	4	C_4H_6	2
		5	C_5H_8	3
অ্যালকোহল ও ইথার	$(C_nH_{2n+2}O)$	2	C_2H_6O	2
		3	C_3H_8O	3
		4	$C_4H_{10}O$	7 (4Alc.+3Ether)
অ্যালডিহাইড, কিটোন ও অ্যালকিনের অ্যালকোহল	$(C_nH_{2n}O)$	2	C_2H_4O	2
		3	C_3H_6O	4
		4	C_4H_8O	8(3)
		5	$C_5H_{10}O$	11(7)
		6	$C_6H_{12}O$	12
		4	$C_4H_8O_2$	4

❒ **সমাণুতার শর্ত :**

জ্যামিতিক সমাণুতা

বাক্যে বাক্যে জ্যামিতিক সমাণুতা


(i) দ্বি-বন্ধন যুক্ত বা চাক্রিক যৌগ

(ii) মুক্ত আবর্তন হবে না

(iii) তিনটি সমীকরণ- Cab=Cab, Cab = Cad বা Cab = Cde

আলোক সমাণুতাঃ

আলোক সমাণুতা চিনিবার উপায়ঃ– অপ্রতিসম কার্বন পরমাণু বা কাইরাল কার্বন থাকতে হবে। যে কার্বনের চারটি কার্যকরী মূলক ভিন্ন থাকে তাকে কাইরাল কার্বন বলে। কাইরাল কার্বন থাকলেই তা আলোক সমাণুতা হয়।




কাইরাল কার্বন


☑ **রেসিমিক মিশ্রণ**–d ও l সমাণুর এই সমআণবিক মিশ্রণ আলোক নিষ্ক্রিয় হয়, দুটি এনানসিওমারের এরূপ সমআণবিক মিশ্রণকে রেসিমিক মিশ্রণ বা dl মিশ্রণ বা (±) মিশ্রণ বলে এবং প্রক্রিয়াটিকে রেসিমিকরণ বলে।

☑ **ডায়াস্টেরিওমার**-যখন দুই বা দুই এর অধিক ত্রিমাত্রিক সমাবয়ব একে অপরের সাথে দর্পণ-প্রতিবিম্ব হয় না তখন তাদের বলা হয় ডায়াস্টেরিওমার।

☑ **মেসো যৌগ:** ডায়াস্টিরিওমারে একাধিক অপ্রতিসম বা কাইরাল কার্বন পরমাণু থাকা সত্ত্বেও যদি আলোক নিষ্ক্রিয় হয় তবে তাকে মেসো যৌগ বলে। এদের রাসায়নিক এবং ভৌত ধর্ম এনানসিওমার থেকে ভিন্ন। এই জাতীয় একটি মৌলিক প্রতিসাম্য উপাদান থাকবেই।



মেসো টারটারিক এসিড



মেসো 1, 2- ডাইব্রোমো সাইক্লোবিউটেন

❒ **অর্থো-প্যারা ও মেটা নির্দেশক:**

অর্থো-প্যারা নির্দেশক মূলক (ধনাত্মক আবেশীয় ফল)	
নাম	সংকেত
হ্যালোজেন	–X(–F, –Cl, –Br, –I)
হাইড্রক্সিল মূলক	–OH
অ্যালকক্সি মূলক	–OR, $–OCH_3$
অ্যামিনো মূলক	$–NH_2$
অ্যালকাইল প্রতিস্থাপিত অ্যামিনো মূলক	$–NHR, –NR_2$
অ্যালকাইল প্রতিস্থাপিত অ্যামিনো মূলক যেমনঃ– মিথাইল মূলক	–R যেমনঃ, $–CH_3$
মেটা নির্দেশক মূলক (ঋণাত্মক আবেশীয় ফল)	
নাম	সংকেত
নাইট্রো মূলক	$–NO_2$
সালফোনিক এসিড মূলক	$–SO_3H$
সায়ানো মূলক	–CN
কার্বক্সিলিক মূলক	–COOH
অ্যালডিহাইড মূলক	–CHO
কিটো মূলক	>CO

○ **জাস্ট এক কথায় মনে রাখবে**

স্থায়িত্ব	3° > 2° > 1°	ফ্রি-রেডিক্যাল + কার্বোক্যাটায়ন
সক্রিয়তা	1° > 2° > 3°	

➢ **হাকেল তত্ত্ব/অ্যারোমিটিসিটি:**

সূত্রঃ $n = \frac{x-1}{2}$ এখানে, x = পাইবন্ধন সংখ্যা বা দ্বি বন্ধন সংখ্যা।

n এর মান = পূর্ণ সংখ্যা হলে,

অ্যারোমেটিক যৌগ n এর মান = ভগ্নাংশ হলে, অ্যারোমেটিক যৌগ নয়। **এবার বিশ্লেষণী দৃষ্টি নিয়ে উদাহরণ লক্ষ্য কর-**

i) বেনজিনে  পাই বন্ধন তিনটি-

$\therefore n = \frac{x-1}{2} = \frac{3-1}{2} = 1$ (x = 3 = π বন্ধন সংখ্যা)

n এর মান একটি পূর্ণ সংখ্যা তাই বেনজিন অ্যারোমেটিক যৌগ।

ii) 

$n = \frac{x-1}{2} = \frac{1-1}{2} = \frac{0}{2} = 0$

সুতরাং সাইক্লোপ্রপিন আয়ন একটি অ্যারোমেটিক যৌগ

❒ **1°, 2°, ও 3° অ্যালকোহল এর মধ্যে পার্থক্য ঃ** লুকাস বিকারক দিয়ে 1°, 2°, ও 3° অ্যালকোহল পার্থক্য করা হয়।

- 3° অ্যালকোহল লুকাস বিকারকের সাথে খুব দ্রুত বিক্রিয়া করে।
- 2° অ্যালকোহল ধীরে ধীরে বিক্রিয়া করে(৫-১০ মিনিট)
- 1° অ্যালকোহল বিক্রিয়া করে না।

❒ **1°, 2°, ও 3° অ্যামিন এর মধ্যে পার্থক্য ঃ** নাইট্রাস এসিডের সাথে 1°, 2°, ও 3° অ্যামিনের পার্থক্য করা হয়।


- 1° অ্যামিন নাইট্রাস এসিড বিকারকের সাথে নাইট্রোজেন;
- 2° অ্যামিন রঙিন তেল জাতীয় নাইট্রোসো যৌগ;
- 3° অ্যামিন লবণ তৈরী করে।

❒ **ফেনলের প্রাথমিক তথ্যাবলিঃ**

- ফেনলের অপর নাম কার্বলিক এসিড (হাইড্রক্সিবেনজিন)। গ্রামে গঞ্জে সাপ তাড়াতে কার্বলিক এসিড ব্যবহৃত হয়।
- টলুইন উদ্ভূত ফেনল সমূহকে ক্রিসল বলা হয়।

- ফেনল অম্লধর্মী, এটি নীল-লিটমাসকে মৃদু লাল করে কিন্তু কার্বক্সিলিক এসিডের মতো $NaHCO_3$ থেকে CO_2 উৎপন্ন করে না।
- ফেনল অ্যালকোহল অপেক্ষা সবল এসিড।
- ফেনলে H-bond থাকার কারণে গলনাঙ্ককে (42°C) ও স্ফুটনাঙ্ককে (181°C) সমআণবিক ভর বিশিষ্ট জৈব যৌগ অপেক্ষা বেশী।
- কিউমিন ফেনল পদ্ধতিতে 90% ব্যবহৃত ফেনলের শিল্পোৎপাদন করা হয়।
- ফেনল শীতল পানিতে অদ্রবণীয় কিন্তু গরম পানিতে অধিক দ্রবণীয়।

কার্বনিল যৌগের শ্রেণিবিভাগঃ দ্বি-যোজী কার্বনিল (>C = O) মূলক যুক্ত যৌগকে কার্বনিল যৌগ (অ্যালডিহাইড বা কিটোন) বলে। এটি হচ্ছে জৈব রসায়নের মেরুদণ্ড।



অ্যামিনের ব্যবহার বা গুরুত্বঃ

- উদ্ভিদ ও প্রাণী থেকে প্রাপ্ত অনেক অ্যামিন ওষুধ ও পুষ্টিকারক হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।
- অ্যামিন DNA ও RNA এর নিউক্লিওটাইড সমূহের বিষম-চাক্রিক ক্ষারক হিসেবে বিদ্যমান।
- কৃত্রিম তন্তু যেমন- নাইলন- 6:6 তৈরিতে হেক্সামিথিলিন ডাইঅ্যামিন ব্যবহৃত হয়।
- ইথাইল অ্যামিন ও ডাই ইথাইল অ্যামিন চামড়া শিল্পে লোমনাশক রূপে ব্যবহৃত হয়।
- সালফোনিলামাইড একটি ক্ষত নিবারক ও জীবাণুনাশক, অ্যাম্পেটামিন একটি বলকারক, বেনাড্রিল (3° অ্যামিন) ঘুমের ঔষধ ও এলার্জি নিরোধক ঔষধ হিসেবে ব্যবহৃত হয়।
- জীবকোষের নিউক্লিওপ্রোটিন গঠনকারী DNA অ্যামিন ক্ষারক দিয়ে গঠিত।

TNT এর ব্যবহারঃ

- TNT শক্তিশালী নিরাপদ বিস্ফোরক যা পুরানো স্থাপনা ভাঙতে ব্যবহৃত হয়।
- অন্যান্য বিস্ফোরক দ্রব্যের চেয়ে এটি অধিক স্থায়ী।
- TNT বোমা, হাতবোমা, গ্রেনেড ও শেল তৈরিতে ব্যবহার হয়।
- Amatol নামক বিস্ফোরক তৈরিতে ব্যবহৃত হয়।

ডেটলের ব্যবহারঃ–

- **ক্লোরোজাইলিনলঃ** ব্যাকটেরিয়া বিরোধী যা জীবাণুনাশ করার পাশাপাশি প্রদাহ হ্রাস করে।
- **আইসোপ্রোপাইল অ্যালকোহলঃ** ক্ষতস্থানে ছত্রাক ও জীবাণু সংক্রমণ রোধ করে।
- **পাইন অয়েলঃ** পাইন অয়েল এর পচন রোধক এবং সংক্রামক বিরোধী ভূমিকা আছে।


প্যারাসিটামলঃ

প্রাথমিক কথাঃ– 4 হাইড্রক্সি অ্যাসিট্যানিলাইড বা N–(4– হাইড্রক্সিফিনাইল) ইথান্যামাইডকে প্যারাসিটামল বলে।

প্যারাসিটামলের ব্যবহারঃ– জ্বর ও মাথাব্যথা নিবারক বা এনালজেসিক হিসেবে ব্যবহার করা হয়, সর্দি-ফ্লু উপশম হিসেবেও কাজ করে। দেহের তাপমাত্রা 101.3° ফারেনহাইট বা 38.5°C এর বেশি হলে প্যারাসিটামল খেতে হবে।


গুরুত্বপূর্ণ নামধারী বিক্রিয়াসমূহঃ

01. কার্বিল অ্যামিন বিক্রিয়াঃ অ্যালকোহলীয় কস্টিক পটাস বা কস্টিক সোডা ও অ্যানিলিনের সঙ্গে ক্লোরোফরমকে 60-70°C উষ্ণতায় উত্তপ্ত করলে ফিনাইল অ্যাইসোসায়ানাইড তথা কার্বিল অ্যামিন উৎপন্ন হয়।




কার্বিল অ্যামিনের উৎকট গন্ধ দ্বারা অ্যানিলিন বা ক্লোরোফরমের সনাক্ত করা যায়। এ পরীক্ষাটিকে কার্বিল অ্যামিন পরীক্ষা বলে।


02. কোব বিক্রিয়াঃ 4-7 বায়ুচাপ ও 120°C তাপমাত্রায় সোডিয়াম ফিনোক্সাইডের সাথে CO_2 এর বিক্রিয়ায় সোডিয়াম স্যালিসাইলেট গঠিত হয়। উদ্ভূত যৌগকে HCl দ্বারা আর্দ্র-বিশ্লেষণ করলে অর্থো-হাইড্রক্সিবেনজয়িক এসিড উদ্ভাবকের নামানুসারে এ বিক্রিয়াকে কোব-বিক্রিয়া বলে।



03. ক্যানিজারো বিক্রিয়াঃ কার্বন পরমাণুতে হাইড্রোজেনবিহীন অ্যালডিহাইড দ্রবণে যুগপৎভাবে জারিত ও বিজারিত হয়ে যথাক্রমে এসিড ও অ্যালকোহলে রূপান্তরিত হয়। এ বিক্রিয়াকে ক্যানিজারো বিক্রিয়া বলে। যেমন- ফর্মালডিহাইড থেকে মিথানয়িক এসিড ও মিথানল উৎপন্ন হয়।



04. রাইমার টাইম্যান বিক্রিয়াঃ ক্লোরোফর্মকে ফেনল ও কস্টিক পোটাস দ্রবণসহ 60-70°C উষ্ণতায় উত্তপ্ত করলে স্যালিসাইল অ্যালডিহাইড উৎপন্ন হয়। উদ্ভাবকের নামানুসারে এ বিক্রিয়াকে রাইমার-টাইম্যান বলে।



05. হ্যালোফরম বিক্রিয়া বুঝার কৌশলঃ

A. কার্বনিল যৌগের ক্ষেত্রেঃ যে সকল যৌগে CH_3CO- (অ্যাসিটাইল গ্রুপ) এবং এই গ্রুপের খালি বন্ধনটি দ্বারা 'কার্বন' কিংবা 'হাইড্রোজেন' যুক্ত থাকে কেবল সে সব যৌগে হ্যালোফরম বিক্রিয়া প্রদর্শন করে। যেমন- অ্যাসিট্যালডিহাইড (CH_3CHO), অ্যাসিটোন (CH_3COCH_3)

টেকনিকঃ 2 নং কার্বনে অক্সিজেন (O) থাকে।

B. অ্যালকোহলের ক্ষেত্রেঃ যে সকল অ্যালকোহলের অণুতে (CH_3–) গ্রুপ বিদ্যমান কেবল সে সব অ্যালকোহলই হ্যালোফরম বিক্রিয়া প্রদর্শন করে। যেমন- ইথানল (CH_3-CH_2-OH), আইসোপ্রোপাইল অ্যালকোহল (CH_3-$CH(OH)$-CH_3)

টেকনিকঃ 2 নং কার্বনে অক্সিজেন (O) থাকে।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. অ্যামোনিয়া যুক্ত $AgNO_3$ দ্রবণ দ্বারা কোনটি সনাক্ত করা যায়?

[JU-A, Set-G; 2022-23; Set-B; 20

A. অ্যালকিন
B. অ্যালকোহলীয় হাইড্রক্সিল
C. অ্যালডিহাইড
D. অ্যালকাইন

Solution Why অ্যালকাইন-1 NH_3 যুক্ত $AgNO_3$ এর সাথে সিলভার অ্যালকানাইডের সাদা অধঃক্ষেপ এবং NH_3 মিশ্রিত Cu_2Cl_2 বিক্রিয়ায় কপার অ্যালকানাইডের লাল অধঃক্ষেপ দেয়।

- $R–C\equiv C–H + [Ag^{+}(NH_3)_2]NO_3 \rightarrow R–C\equiv C–Ag\downarrow + NH_4NO_3$ (সিলভার অ্যালকানাইড)
- $R–C\equiv C–H + [Cu^{+}(NH_3)_2]Cl \rightarrow R–C\equiv C–Cu\downarrow + NH_4Cl + NH_3$ (কপার অ্যালকানাইড)

যেহেতু, অ্যালকাইন-1 ছাড়া অ্যালকাইন-2 বা অন্যান্য অ্যালকাইন এবং অ্যালকিন উপরের বিক্রিয়া দেয় না। তাই এ সব বিক্রিয়া দ্বারা অ্যালকাইন-1 অ্যালকাইন-2 থেকে এবং সকল অ্যালকিন থেকে পার্থক্য করা হয়।

02. জৈব এসিড ও অ্যালকোহলের বিক্রিয়ায় উৎপন্ন যৌগে কোন যৌগমূলকটি থাকে? [JU-A, Set-G: 2022-23]

A. $-\overset{O}{\overset{\|}{C}}-OR$ B. $-\overset{O}{\overset{\|}{C}}-H$ C. $-\overset{O}{\overset{\|}{C}}-CH_3$ D. $-\overset{O}{\overset{\|}{C}}-OR$

SCWhy $R-COOH + R'-OH \rightarrow R-CO-OR'$ (এস্টার)

• মূল প্রশ্নে অপশন A ও D একই হওয়ায় অপশন A ই বেছে নেয়া হলো।

03. নাইট্রাইল মূলকের সংকেত কি? [JU-A, Set-G: 2022-23]

A. $-C\equiv N$ B. $-N=O$ C. $-N=N-$ D. N_3^-

SAWhy $-C\equiv N$ কে নাইট্রাইল বা সায়ানাইড মূলক বলে।

• $-N=O \rightarrow$ নাইট্রোসিল মূলক। • $-N=N- \rightarrow$ অ্যাজো মূলক।

• $N_3^- \rightarrow$ অ্যাজাইড মূলক।

04. $CH_2=C(Cl)-CH_2-CH(Br)-CH_2CH_3$ যৌগটির IUPAC নাম- [JU-A, Set-G: 2022-23]

A. 2-ক্লোরো-4-ব্রোমো হেক্সিন-2 B. 4-ব্রোমো-2-ক্লোরো-5-মিথাইল পেন্টিন

C. 2-ক্লোরো-4-ব্রোমো-5-মিথাইল পেন্টিন D. 4-ব্রোমো-2-ক্লোরো হেক্সিন

SDWhy $\overset{1}{C}H_2=\overset{2}{C}(Cl)-\overset{3}{C}H_2-\overset{4}{C}H(Br)-\overset{5}{C}H_2-\overset{6}{C}H_3$

IUPAC নাম: 4-ব্রোমো-2-ক্লোরোহেক্সিন।

বিদ্রঃ নাম্বারিং এর জন্য "দীর্ঘতম কার্বন + কাছাকাছি শাখা" এর নীতি প্রয়োগ করতে হবে।

05. নিচের কোনটি একই সমগোত্রীয় শ্রেণীর সদস্য? [JU-A, Set-G: 2022-23]

A. ইথেন, মিথেন, প্রোপিন B. ইথিন, প্রোপিন, বিউটেন

C. ইথেন, প্রোপেন, বিউটেন D. 1-হেক্সিন, 2-হেক্সিন, ৩-হেক্সিন

SCWhy যৌগগুলোর মধ্যে $-CH_2-$ মূলকের পার্থক্য থাকলে তারা একই সমগোত্রীয় শ্রেণীর হয়।

• C_2H_6, C_3H_8, C_4H_{10} এখানে প্রত্যেকটি যৌগে $-CH_2-$ মূলকের পার্থক্য আছে। তাই এরা একই সমগোত্রীয় শ্রেণির।

06. জৈব নমুনা + Na $\xrightarrow{\text{তাপ}}$ NaCNS $\longrightarrow$ P; বিক্রিয়াটি কোন মৌল শনাক্তকরণে ব্যবহৃত হয়? [JU-A, Set-H: 2022-23]

A. N B. S C. N + S D. Na

SCWhy হ্যালোজেন শনাক্তকরণ (লেসাইন পরীক্ষা):

বিক্রিয়ক	উৎপন্ন আয়নিক যৌগ	যৌগে উপস্থিত মৌল
C, N, S, X + Na	NaCN	N
	Na_2S	S
	NaCNS	N ও S
	NaX	X (Cl, Br, I)

07. ফেলিং দ্রবণ হলো- [JU-A, Set-H: 2022-23]

A. $ZnCl_2$ + গাঢ় HCl B. $NH_4OH + AgNO_3$

C. জলীয় $CuSO_4$ ও ক্ষারীয় Na, K টারটারেট

D. $CuSO_4$ দ্রবণ

SCWhy ফেহলিং দ্রবণ:


• 5% $CuSO_4$ ও 5% NaOH মিশ্রিত সোডিয়াম পটাসিয়াম টারটারেট বা রোচিলি লবণের সমআয়তন দ্রবণের মিশ্রণকে ফেহলিং দ্রবণ বলে।

• দ্রবণটি ক্ষারীয় ও মৃদু জারক পদার্থ।

• ফেহলিং দ্রবণ ও টলেন বিকারক শুধুমাত্র অ্যালডিহাইডের সাথে বিক্রিয়া করে কিন্তু কিটোনের সাথে বিক্রিয়া করে না।

08. স্যান্ডমেয়ার বিক্রিয়ায় উৎপন্ন যৌগ হচ্ছে- [JU-A, Set-H: 2022-23]

A. ফেনল B. বেনজিন C. কার্বনিল D. হ্যালোবেনজিন

SDWhy স্যান্ডমেয়ার বিক্রিয়া: 

এখানে, X = Cl ও Br

HI স্যান্ডমেয়ার বিক্রিয়া দেয় না। তাই এতে  উৎপন্ন হবে না।

AHA Tricks: সুন্দরী ডাইনীর কুলাঙ্গার হ্যাবলা বড় ছেলে সেঞ্চুরি হাঁকিয়ে বেড়ায়!!!


সুন্দরী	ডাইনীর	কুলাঙ্গার	হ্যাবলা
↓	↓	↓	↓
স্যান্ডমেয়ার বিক্রিয়া	ডায়াজোনিয়াম লবণ	Cu_2X_2	HX

বড়	ছেলে	সেঞ্চুরি	হাঁকিয়ে	বেড়ায়
↓	↓	↓	↓	↓
Br	Cl	100°C	হ্যালো	বেনজিন

09. ডাইমিথাইল বেনজিন কোনটি? [JU-A, Set-H: 2022-23]

A. টিএনটি B. জাইলিন

C. পিকরিক এসিড D. টলুইন

SBWhy ডাইমিথাইল বেনজিনকে জাইলিন বলে 

জাইলিন

10. $CH_3-CH(NH_2)-CH(Cl)-CH_2CH_3$ যৌগটির IUPAC নাম- [JU-A, Set-H: 2022-23]

A. 3-ক্লোরো-2-অ্যামিনো পেন্টেন B. 3-অ্যামিনো-2-ক্লোরো পেন্টেন

C. 2-অ্যামিনো-3-ক্লোরো পেন্টেন D. 2-ক্লোরো-3-অ্যামিনো পেন্টেন

SCWhy $\overset{1}{C}H_3-\overset{2}{C}H(NH_2)-\overset{3}{C}H(Cl)-\overset{4}{C}H_2-\overset{5}{C}H_3$

IUPAC নাম: 2-অ্যামিনো-3-ক্লোরোপেন্টেন।

11. ডাইমিথাইল ইথার ও ইথানল পরস্পর কোন প্রকার সমানু? [JU-A, Set-H: 2022-23]

A. জ্যামিতিক B. অবস্থান

C. কার্যকরী মূলক সমানুতা D. এনানসিওমার

SCWhy কার্যকরী মূলক সমাণুতাঃ কার্যকরী মূলকের ভিন্নতার কারণে সৃষ্টি হয়। যেমনঃ C_2H_6O এর দুটি সমাণুতা রয়েছে। যথাঃ ইথানল (C_2H_5OH) ও ডাইমিথাইল ইথার (CH_3OCH_3)

12. কোন যৌগটি সিলভার দর্পন পরীক্ষা দেয়? [JU-A, Set-N: 2022-23]

A. প্রোপানোন B. প্রোপান্যাল

C. প্রোপানল D. প্রোপাইন

SBWhy অ্যালডিহাইড সমূহ সিলভার দর্পন ও ফেলিং দ্রবণ পরীক্ষা দেয় কিন্তু কিটোন দেয় না।

$CH_3-CH_2-CHO + [Ag(NH_3)_2]Cl \longrightarrow$

$Ag\downarrow + CH_3-CH_2-COONH_4 + NH_3 + H_2O$

(দর্পন)

13. $A \xrightarrow{PCl_5} B \xrightarrow{Na}$ n-বিউটেন; A ও B যৌগদ্বয় হলো- [JU-A, Set-N: 2022-23]

A. CH_3OH ও CH_3Cl B. CH_3OH ও CH_3CH_2Cl

C. CH_3CH_2OH ও CH_3Cl D. CH_3CH_2OH ও CH_3CH_2Cl

SDWhy $CH_3-CH_2-OH + PCl_5 \longrightarrow CH_3CH_2Cl + POCl_3 + HCl$

$2CH_3CH_2Cl \xrightarrow[\text{শুষ্ক ইথার}]{2Na} \underset{\text{(n-বিউটেন)}}{CH_3-CH_2-CH_2-CH_3} + 2NaCl$

14. C_2H_4, C_2H_2 ও C_2H_6 যৌগগুলোতে C–C বন্ধন দৈর্ঘ্য যথাক্রমে X, Y ও Z হলে- [JU-A, Set-N: 2022-23]

A. X < Y < Z B. Y < Z < X

C. X < Z < Y D. Y < X < Z

SDWhy C_2H_4, C_2H_2 ও C_2H_6 এ C–C বন্ধন দৈর্ঘ্য যথাক্রমে 1.34Å, 1.20Å ও 1.54Å। সুতরাং, সঠিক ক্রম হলো: Y < X < Z

15. নিচের কোনটি পেপটাইড বন্ধন? [JU-A, Set-N: 2022-23]

A. –NHCO– B. –C–O–C–

C. –C=C– D. –C=N–

SAWhy পেপটাইড বন্ধন হলো দ্বিযোজী অ্যামাইড বন্ধন (–CONH–) যার মাধ্যমে 2টি অ্যামাইনো এসিড যুক্ত হয়ে ডাইপেপটাইড গঠন করে।

16. $CH_3–CH_2CH(CH_3)–CH(NH_2)–CH_3$ যৌগটির IUPAC নাম- [JU-A, Set-N: 2022-23]

A. 3-মিথাইল-4-অ্যামিনোপেন্টেন B. 2-অ্যামিনো-3-মিথাইল পেন্টেন
C. 2-মিথাইল-3-অ্যামিনো পেন্টেন D. 4-অ্যামিনো-3-মিথাইল পেন্টেন

S(B) Why? $\overset{5}{CH_3}–\overset{4}{CH_2}–\overset{3}{CH}(\overset{CH_3}{\overset{|}{}})–\overset{2}{CH}(\overset{NH_2}{\overset{|}{}})–\overset{1}{CH_3}$

IUPAC নাম: 2-অ্যামিনো-3-মিথাইলপেন্টেন

বি.দ্র.: নাম্বারিং এর ক্ষেত্রে কাছাকাছি শাখাকে প্রাধান্য দিতে হবে অর্থাৎ, যেদিক থেকে শাখার অবস্থানের যোগফল কাছাকাছি সেদিক থেকে নাম্বারিং করতে হবে।

17. লুকাস বিকারক হিসাবে ব্যবহৃত হয়- [JU-A, Set-R: 2022-23]

i. গাঢ় HCl ii. গাঢ় HBr iii. অনার্দ্র $ZnCl_2$

A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii


S(B) Why? লুকাস বিকারক হলো HCl এ দ্রবীভূত অনার্দ্র $ZnCl_2$ এর দ্রবণ। এটি দ্বারা 1°, 2°, 3° অ্যালকোহল শনাক্ত করা হয়।

18. $CH_3MgX + CH_3CHO \rightarrow H_3O^+ \rightarrow C$; C যৌগটি: [JU-A, Set-R: 2022-23]

i. হ্যালোফর্ম বিক্রিয়া দেয়
ii. লুকাস বিকারকের সাথে খুব ধীরে বিক্রিয়া দেয়
iii. CH_3CH_2CHO কে বিজারিত করে প্রস্তুত করা যায়

কোনটি সঠিক?

A. i B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii

S(A) Why? $CH_3–MgX + CH_3–CHO \longrightarrow$ 

$\xrightarrow[H^+]{H_2O}$ $CH_3–\overset{OH}{\overset{|}{CH}}–CH_3$ (প্রোপানল-2 যা C যৌগ)

- $CH_3–\overset{OH}{\overset{|}{CH}}–CH_3 + X_2 + NaOH \rightarrow CHX_3 + CH_3COONa + NaX + H_2O$
- $CH_3–\overset{OH}{\overset{|}{CH}}–CH_3 + \text{গাঢ়}\ HCl + ZnCl_2 \xrightarrow{\text{দ্রুতগতি}} CH_3–\overset{Cl}{\overset{|}{CH}}–CH_3 + H_2O$
- $CH_3–CH_2–CHO \xrightarrow[[H]]{H_2/Pt} CH_3–CH_2–CH_2–OH$ $(1^\circ - OH)$
- $CH_3–CO–CH_3 \xrightarrow[[H]]{H_2/Pt} CH_3–\overset{OH}{\overset{|}{CH}}–CH_3$ $(2^\circ–OH)$

19. কোনটি হেটেরোসাইক্লিক যৌগ? [JU-A, Set-R: 2022-23,19-20; 11-12;8-9]

A. পিরিডিন B. সাইক্লোবিউটেন
C. বেনজিন D. ন্যাপথালিন

S(A) Why? জৈব যৌগে C + (S/O/N/P/X) থাকলে তা বিষম চাক্রিক হয়।

যেমন: ফিউরান→ (C_4H_4O), থায়োফিন→ (C_4H_4S)

পাইরল→ (C_4H_5N), পিরিডিন→ (C_5H_5N)

20. $CH_3–CH(OH)–CH_2–CHO$ যৌগটির IUPAC নাম- [JU-A, Set-R: 2022-23]

A. β-হাইড্রক্সি বিউটারালডিহাইড B. 2-বিউটান্যাল
C. 3-হাইড্রক্সি বিউটান্যাল D. 2-হাইড্রক্সি বিউটান্যাল

S(C) Why? $\overset{4}{CH_3}–\overset{3}{\overset{OH}{\overset{|}{CH}}}–\overset{2}{CH_2}–\overset{1}{CHO}$


IUPAC নাম: 3-হাইড্রোক্সি বিউটান্যাল।

সাধারণ নাম: β-হাইড্রক্সিবিউটারালডিহাইড।

21. কোনটি জ্যামিতিক সমানুতা প্রদর্শন করে? [JU-A, Set-R: 2022-23]

A. ClCH=CHCl B. CH_2=CHCl
C. CH_2=CH_2 D. Cl_2C=CH_2

S(A) Why? CHCl=CHCl এর সিস-ট্রান্স সমাণু হলো:



সিস- ১,২-ডাইক্লোরোইথিন ট্রান্স- ১,২-ডাইক্লোরোইথিন

সাধারণত প্রতিস্থাপিত অ্যালকিনসমূহ জ্যামিতিক সমাণুতা প্রদর্শন দ্বিবন্ধনযুক্ত কার্বনের উভয়পার্শ্বে প্রতিস্থাপিত মূলকগুলো আলাদা হতে হবে

22. প্রাইমারি অ্যালকাইল হ্যালাইড সাধারণত কি ধরনের বিক্রিয়া দেয়? [JU-A, Set-S: 2


A. S_N1 B. S_N2 C. E_1 D. পলিমারি

S(B) Why? প্রাইমারি (1°) অ্যালকাইল হ্যালাইড S_N^2 বিক্রিয়া দেয়

23. $C_6H_4(CH_3)Cl$ সংকেত যুক্ত কয়টি সমাণু সম্ভব? [JU-A, Set-S: 2

A. 2 B. 3 C. 4 D. 6

S(B) Why? বেনজিন বলয়ে প্রতিস্থাপক 2টি হলে সমানু 3টি হয় সেগুলো অর্থো, মেটা ও প্যারা সমানু হবে।




(o-ক্লোরোটলুইন) (m-ক্লোরোটলুইন) (p-ক্লোরোটলুইন)

24. কোনটি আয়োডোফর্ম বিক্রিয়া প্রদর্শন করবে? [JU-A, Set-S: 2

A. C_6H_5CHO B. CH_3CH_2CHO
C. $CH_3CH(OH)–CH_3$ D. $CH_3CH_2CH_2OH$

S(C) Why? যেসব জৈব যৌগকে জারিত করলে $CH_3–CO–$ মূলক যায় অথবা $CH_3–CO–$ মূলক বিশিষ্ট R–CHO বা R–CO–R এ হ্যালোজেন ও NaOH বা KOH দ্রবণ যোগ করে উত্তপ্ত করলে হ্যা উৎপন্ন হয়।

$CH_3–CHO$, $CH_3–CO–CH_3$,  –$CO–CH_3$,

$CH_3–CH_2–OH$, $CH_3–CH(OH)–CH_3$ হ্যালোফরম বিক্রিয়া দেয়।

$CH_3–CH(OH)–CH_3 + I_2 \xrightarrow{NaOH} CHI_3 + CH_3–COONa + NaI +$

25. $CH_3COOR + H_2O \xrightarrow{H^+} X + ROH$; X যৌগটি হচ্ছে- [JU-A, Set-S: 20

A. এস্টার B. অ্যানহাড্রাইড
C. অ্যামাইড D. এসিড

S(D) Why? এষ্টারিফিকেশন বিক্রিয়া:


$CH_3COOR + H_2O \rightleftharpoons ROH + CH_3COOH$
(এস্টার) (অ্যালকোহল) (জৈব এসিড)


26. কোনটি হেটোরোসাইক্লিক অ্যালিফেটিক যৌগ? [JU-A, Set-S: 20

A. ইথিলিন অক্সাইড B. ফিউরান
C. থায়োফিন D. পিরিডিন

S(A) Why? হেটারোসাইক্লিক যৌগ:

হেটারোসাইক্লিক বা বিষম চাক্রিক
C, H + (S, O, N)

হেটারো অ্যালিসাইক্লিক

ইথিলিন অক্সাইড

হেটারো অ্যারোমেটিক

ফিউরান থায়োফিন পাইরল পিরিডিন


27. কোনটি জৈব যৌগ নয়? [JU-A, Set-F: 20

A. CH_4 B. HCHO C. HCN D. CH_3OH

S(C) Why? HCN এটি অজৈব যৌগ। কার্বন ও হাইড্রোজেন বিদ্যমান জৈব যৌগ নয় এমন যৌগ: NH_4CNO, $NaHCO_3$, H_2CO_3, KCN

28. $CH_3–CH_2CH(CH_3)–(CH_2CH_3)_2$ যৌগটির IUPAC নাম- [JU-A, Set-S: 2022-23]

A. 2,2-ডাইইথাইল বিউটেন B. 3-মিথাইল-3-ইথাইল পেন্টেন
C. 3-ইথাইল-3-মিথাইল পেন্টেন D. 1,1,1-ট্রাই ইথাইল ইথেন



SCWhy IUPAC নাম: 3-ইথাইল-3-মিথাইলপেন্টেন

বিদ্র: প্রশ্নে ভুল আছে। সঠিক গঠন এর ক্ষেত্রে 3নং কার্বনের সাথে H হবে না।

29. কোনটি বিষম চাক্রিক অ্যারোমেটিক যৌগ? [JU-A, Set-I. 2021-22]


A. ইপক্সি ইথেন B. সাইক্লোপ্রোপেন
C. বেনজিন D. পিরিডিন

SDWhy বিষমচাক্রিক অ্যারোম্যাটিক যৌগ: যেসব অ্যারোম্যাটিক যৌগের চক্রাকার কার্বণ শিকলে কার্বন ছাড়া অন্য একটি ভিন্ন মৌলের পরমাণু তথা বিষম পরমাণু (N,O,S,P) ইত্যাদি বিদ্যমান থাকে তাকে বিষম চাক্রিক যৌগ বলে।

30. CH_3CN অণুতে যথাক্রমে সিগমা ও পাই বন্ধন সংখ্যা হলো- [JU-A, Set-O. 2021-22]

A. 5 ও 2 B. 4 ও 3 C. 5 ও 3 D. 4 ও 2

SAWhy



σ-বন্ধন → 5টি
π-বন্ধন → 2টি

31. মিথাইল কার্বিনল এর সংকেত কোনটি? [JU-A, Set-M. 2021-22]

A. $CH_3–OH$ B. $CH_3CH_2–OH$
C. $CH_3CH(OH)CH_3$ D. $(CH_3)_3C–OH$

SBWhy 1 যোজী কার্বিনল মূলক হলো: $–CH_2–OH$। তাই মিথাইল কার্বিনল এর সংকেত $CH_3–CH_2–OH$।

32. কোনটি অ্যারোমেটিক যৌগ নয়? [JU-A, Set-Q. 2021-22]

A. ফিউরান B. টেট্রাহাইড্রোফিউরান
C. পিরিডিন D. অ্যানথ্রাসিন **Ans B**

33. নিচের কোনটি বেনজিন বলয়ে অর্থো-প্যারা নির্দেশক? [JU-A, Set-O. 2021-22]

A. –COOH B. –CHO
C. $–NO_2$ D. $–NHCOCH_3$

SDWhy অর্থো-প্যারা ও মেটা নির্দেশকের শক্তিমাত্রা:

সক্রিয় বা নিষ্ক্রিয়তার ক্রম	সক্রিয়কারী গ্রুপ বা হার প্রবর্ধক (অর্থো-প্যারা নির্দেশক)	নিষ্ক্রিয়কারী গ্রুপ বা হার নিষ্ক্রিয়ক (মেটা নির্দেশক)
শক্তিশালী	$–NH_2$, –NHR, $–NR_2$, –OH	$–NO_2$, $–\overset{+}{N}R_3$, $–CF_3$, $–CCl_3$
সাধারণ	$–OCH_3$, $–OC_2H_5$, $–NHCOCH_3$	–COOH, –COOR, $–SO_3H$, –CHO, –COR
দূর্বল	CH_3, $–C_2H_5$, R–	–F,–Cl,–Br,–I (অর্থো-প্যারা)

34. নিচের কোনটি ইলেকট্রোফাইল? [JU-A, Set-I. 2021-22]

A. PH_3 B. H_2O C. BF_3 D. NH_3

SCWhy ইলেট্রোনাকর্ষী বিকারক বা ইলেকট্রোফাইল: এরা ইলেকট্রন প্রিয় কারণ এরা নিজেরা ধনাত্মক বা এদের ইলেকট্রনের অভাব আছে।

35. কার্বোক্সিলিক এসিড কোন ধরনের বিক্রিয়া দেয়? [JU-A, Set-M. 2021-22]

A. ইলেকট্রোফিলিক সংযোজন B. ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন
C. নিউক্লিওফিলিক সংযোজন D. নিউক্লিওফিলিক প্রতিস্থাপন

SBWhy প্রতিস্থাপন বিক্রিয়া দুই প্রকার:

- ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন: অ্যালকেন ও বেনজিন এ ধরনের বিক্রিয়া দেয়।
- নিউক্লিওফিলিক প্রতিস্থাপন: S_N^1, S_N^2, 3° RX, 1°RX, অ্যালকোহল, ইথার, এসিড ও এর জাতকসমূহ (COOH ব্যতীত) এ ধরনের বিক্রিয়া দেয়।

36. $R–CH_2–Br + NaOH(aq) \longrightarrow$ উৎপাদ, বিক্রিয়াটির কৌশল কি? [JU-A, Set-I. 2021-22]

A. ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন B. নিউক্লিওফিলিক প্রতিস্থাপন
C. অপসারণ বিক্রিয়া D. সংযোজন বিক্রিয়া

SBWhy $R–CH_2–Br + NaOH\,(aq) \rightarrow R–CH_2–OH + NaBr$

হ্যালোজেনো অ্যালকেনের ($R–CH_2–X$) আংশিক ধনাত্মক চার্জযুক্ত কার্বনকে কেন্দ্রাকর্ষী বিকারক বা নিউক্লিওফাইল (যেমন ইলেকট্রন সমৃদ্ধ আয়ন ও প্রশম অণু) আক্রমণ করে; ফলে হ্যালাইড আয়ন (X^-) কেন্দ্রাকর্ষী বিকারক দ্বারা প্রতিস্থাপিত হয়। এরূপে কেন্দ্রাকর্ষী বিকারক বা নিউক্লিওফাইল দ্বারা R–X এর হ্যালোজেন পরমাণুর হ্যালাইড আয়নরূপে পরিত্যক্ত হওয়ার বিক্রিয়াকে কেন্দ্রাকর্ষী বা নিউক্লিওফিলিক প্রতিস্থাপন (S_N) বলা হয়।

37. নিচের কোনটি ইলেক্ট্রোফাইল? [JU-A, Set-F. 2021-22]

A. $AlCl_3$ B. NH_3
C. R–OH D. H_2O

SAWhy ইলেট্রোনাকর্ষী বিকারক বা ইলেকট্রোফাইল: এরা ইলেকট্রন প্রিয় কারণ এরা নিজেরা ধনাত্মক বা এদের ইলেকট্রনের অভাব আছে।

38. $CH_3CH_2CH(Br)CH_3 + KOH\ (alc.) \longrightarrow A + H_2O + KBr$; A যৌগটি- [JU-A, Set-O. 2021-22]

i. জ্যামিতিক সমাণুতা দেখায়
ii. মারকনিকভের নিয়ম মেনে চলে
iii. ব্রোমিন দ্রবণকে বর্ণহীন করে।

নিচের কোনটি সঠিক?

A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. i, ii ও iii

SCWhy $CH_3CH_2CH(Br)CH_3 \xrightarrow{KOH\ (alc)}$ $CH_3–CH=CH–CH_3$ বিউট-2-ইন (80%); $CH_3–CH_2–CH=CH_2$ বিউট-1-ইন (20%)

- অ্যালকিন-2-সিস-ট্রান্স সমানু দেখাবে।
- মার্কনিকভ নীতি মেনে চলে না (কারণ অপ্রতিসম কার্বন বিদ্যমান নেই)
- এটি ব্রোমিন দ্রবণকে বর্ণহীন করে।

39. $R\text{-}COONa + NaOH(CaO, \text{তাপ}) \rightarrow A + Na_2CO_3$; A যৌগটি কি? [JU-A, Set-F. 2021-22]

A. অ্যালকিন B. কার্বক্সিলিক এসিড
C. অ্যালকেন D. অ্যালডিহাইড

SCWhy ডি-কার্বোক্সিলেশন বিক্রিয়া:

$R–COONa + NaOH.CaO \rightarrow \underset{\text{অ্যালকেন}}{R–H} + Na_2CO_3$

40. কোনটি অপ্রতিসম অ্যালকিন? [JU-A, Set-M. 2021-22]

A. $CH_2 = CH_2$ B. $CH_3–CH = CH–CH_3$
C. $CH_2 = CH–CH_3$ D. $ClCH = CHCl$

SCWhy অপ্রতিসম অ্যালকিনের দ্বিবন্ধের দুই পাশে অসম সংখ্যক কার্বন থাকে।


41. ফেলিং দ্রবণে Cu_2O এর লাল অধঃক্ষেপ দেয়- [JU-A, Set-I. 2021-22]

i. অ্যালডিহাইড ii. ফরমিক এসিড iii. গ্লুকোজ।

16	A	$x=\frac{1}{2}(-1+\sqrt{-3})=\omega$ তবে $y=\frac{1}{2}(-1-\sqrt{-3})=\omega^2$, $1-x-y+xy$ $=1-\omega-\omega^2+\omega^2=2-(\omega+\omega^2)=2-(-1)=3$
17	C	মান $=c-(a^2+b^2)=7-2=5$
18	B	ধরি, $x=\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\ldots\ldots}}}}$ $\Rightarrow x^2=2+\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\ldots\ldots}}}\Rightarrow x^2=2+x\Rightarrow x^2-x-2=0$ $x=\frac{-(-1)\pm\sqrt{(-1)^2-4\times1(-2)}}{2\times1}=\frac{1\pm\sqrt{9}}{2}=\frac{1\pm3}{2}=2,-1$
19	A	$\lvert z-3\rvert=9\Rightarrow\lvert x+iy-3\rvert=9$ $\Rightarrow\sqrt{(x-3)^2+y^2}=81$ $\Rightarrow x^2+y^2-6x-72=0$ [যা একটি বৃত্তের সমীকরণ]
20	A	$\lvert p+2\rvert=3$ বা, $\lvert x+iy+2\rvert=3$ বা, $\sqrt{(x+2)^2+y^2}=3$ $\therefore(x+2)^2+y^2=9$; যা বৃত্ত নির্দেশ করে।

বহুপদী ও বহুপদী সমীকরণ

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	আদর্শ দ্বিঘাত সমীকরণের বৈশিষ্ট্য	★★★
TOPIC-02	দ্বিঘাত সমীকরণে নিশায়কের ব্যবহার	★★★
TOPIC-03	মূল ও অজানা মান নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-04	মূল থেকে সমীকরণ নির্ণয় সংক্রান্ত	★★★
TOPIC-05	দ্বিঘাত সমীকরণের সর্বোচ্চ বা সর্বনিম্ন মান সংক্রান্ত	★★★
TOPIC-06	ভাগশেষ উপপাদ্য সংক্রান্ত	★★★
TOPIC-07	শর্তমূলক	★

কুইক রিভিশন AT A GLANCE

❒ **বহুপদী:** এক বা একাধিক পদ সম্বলিত বীজগাণিতিক রাশিকে বহুপদী বলে। বহুপদীর চলকের সর্বোচ্চ ঘাত যত সমীকরণটিতে সর্বাধিক ততগুলো মূল থাকে।

Note:

- বহুপদী হতে হলে অবশ্যই প্রতিটি পদে x এর ঘাত অঋণাত্মক হতে হবে। যেমন- $\frac{1}{x}+3x+x^2$ বহুপদী নয় এবং x^2-3x+4 বহুপদী হবে।
- কোনো সমীকরণের সর্বোচ্চ ঘাত যত, ঐ সমীকরণের মূল ততটি। যেমন, দ্বিঘাত সমীকরণ $5x^2+10x-2=0$ -এর মূল 2টি।
- কোন দ্বিঘাত সমীকরণ, অজ্ঞাত রাশিটির দুইয়ের অধিক মান দ্বারা সিদ্ধ হলে, তা অবশ্যই একটি অভেদ হবে। যেমন- $x^4+x^2+1=(x^2-x+1)(x^2+x+1)$
- একাধিক চলক সম্বলিত কোন পদ থাকলে সে পদের ঘাত হয় উভয় চলকের ঘাতের যোগফল। যেমন: $x^2y^3+5x^3+y^3=0$ একটি পঞ্চঘাত সমীকরণ।

❒ **গাণিতিক সমস্যাসমূহ সমাধানের জন্য প্রয়োজনীয় সূত্র ও প্রক্রিয়াসমূহ:**

আদর্শ দ্বিঘাত সমীকরণের বৈশিষ্ট্য

আদর্শ দ্বিঘাত সমীকরণ: $ax^2+bx+c=0$

- দ্বিঘাত হবার শর্ত $a\neq 0$
- $b=0$ এবং $c<0$ হলে মূলদ্বয় সমান কিন্তু বিপরীত চিহ্নযুক্ত হয় এবং a ও c একই চিহ্নের হলে মূলদ্বয় জটিল, বিপরীত চিহ্নের হলে মূলদ্বয় বাস্তব হয়।
- $c=0$ হলে সমীকরণটির একটি মূল শূন্য হয়।
- $b=c=0$ হলে সমীকরণটির দুটি মূলই সমান এবং শূন্য।
- $c=a$ হলে সমীকরণটির একটি মূল অপরটির উল্টা।
- a ও c ধনাত্মক এবং b ঋণাত্মক হলে সমীকরণটির দুটি মূলই যোগবোধক হয়।
- a ও c ঋণাত্মক এবং b ধনাত্মক হলে সমীকরণটির দুটি মূলই বিয়োগবোধক হয়।
- $a+b+c=0$ হলে একটি মূল 1 এবং অন্যটি c/a হবে।

দ্বিঘাত সমীকরণে নিশায়কের ব্যবহার

দ্বিঘাত সমীকরণ $ax^2+bx+c=0$ এর নিশায়ক/পৃথায়ক/বিবেচক (b^2-4ac) কে D দ্বারা সূচিত করা হয়।
দ্বিঘাত সমীকরণের মূলদ্বয়ের প্রকৃতি D এর উপর নির্ভর করে।

- $D=0$ হলে মূলদ্বয় বাস্তব, সমান, মূলদ এবং সমান মূলদ্বয় $=-\frac{b}{2a}$
- $D>0$ হলে মূলদ্বয় বাস্তব ও অসমান হয়।
- D পূর্ণবর্গ হলে মূলদ্বয় মূলদ ও অসমান হয়।
- $D<0$ হলে মূলদ্বয় অবাস্তব/জটিল/কাল্পনিক, অসমান ও পরস্পরের অনুবন্ধী জটিল সংখ্যা হয়।
- $D=0$ হলে ax^2+bx+c দ্বিঘাত রাশিটি পূর্ণবর্গ হবে।

মূল ও অজানা মান নির্ণয় সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

- $ax^2+bx+c=0$ দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় α, β হলে $\alpha+\beta=-\frac{b}{a}$ এবং $\alpha\beta=\frac{c}{a}$; মূলদ্বয়ের অন্তর, $|\alpha-\beta|=\frac{\sqrt{b^2-4ac}}{a}$
- $ax^3+bx^2+cx+d=0$ ত্রিঘাত সমীকরণের মূল তিনটি α, β, γ হলে

$$\sum\alpha=\alpha+\beta+\gamma=-\frac{b}{a}$$

$$\sum\alpha\beta=\alpha\beta+\beta\gamma+\gamma\alpha=\frac{c}{a};\ \Sigma\alpha\beta\gamma=-\frac{d}{a}$$

মূল থেকে সমীকরণ নির্ণয়

- দ্বিঘাত সমীকরণের মূল দুটি α, β হলে সমীকরণটি: $(x-\alpha)(x-\beta)=0 \Rightarrow x^2-(\alpha+\beta)x+\alpha\beta=0$
- ত্রিঘাত সমীকরণের মূল তিনটি α, β, γ হলে সমীকরণটি: $(x-\alpha)(x-\beta)(x-\gamma)=0$
  $\Rightarrow x^3-(\alpha+\beta+\gamma)x^2+(\alpha\beta+\beta\gamma+\gamma\alpha)x-\alpha\beta\gamma=0$
- ত্রিঘাত সমীকরণের মূল তিনটি α, β, γ হলে সমীকরণটি: (x– একটি মূল) (অপর মূলদ্বয় বিশিষ্ট দ্বিঘাত সমীকরণ) = 0

দ্বিঘাত সমীকরণের সর্বোচ্চ বা সর্বনিম্ন মান সংক্রান্ত

- $ax^2+bx+c=0$ রাশির সর্বোচ্চ বা সর্বনিম্ন মান $=c-\frac{b^2}{4a}$
  i. $a>0$ (x^2 এর সহগ ধনাত্মক) হলে মান সর্বনিম্ন
  ii. $a<0$ (x^2 এর সহগ ঋণাত্মক) হলে মান সর্বোচ্চ
- সর্বোচ্চ বা সর্বনিম্ন মানের ক্ষেত্রে, $x=-\frac{b}{2a}$ হবে

শর্তমূলক গাণিতিক প্রয়োগ

যা সরাসরি মনে রাখাই ভালো:

- x^2-px+q ও x^2-qx+p রাশিদ্বয়ের একটি সাধারণ উৎপাদক থাকার শর্ত, $p+q+1=0$
- $a_1x^2+b_1x+c_1=0$ এবং $a_2x^2+b_2x+c_2=0$ সমীকরণ দুটির দুটি মূলই সাধারণ হওয়ার শর্ত- $\frac{a_1}{a_2}=\frac{b_1}{b_2}=\frac{c_1}{c_2}$
- $x^2-px+q=0$ ও $x^2-qx+p=0$ সমীকরণের একটি সাধারণ মূল থাকার শর্ত, $p+q+1=0$
- $x^2-bx+c=0$ ও $x^2-cx+b=0$ এর মূলদ্বয়ের পার্থক্য একটি ধ্রুব রাশি হবার শর্ত, $b+c+4=0$
- $x^2-px+q=0$ সমীকরণের মূল দুইটির পার্থক্য 1 হলে, $p^2=1+4q$ হবে।
- $ax^2+bx+b=0$ সমীকরণের মূলদ্বয়ের অনুপাত m : n হলে

$$\sqrt{\frac{m}{n}}+\sqrt{\frac{n}{m}}+\sqrt{\frac{b}{a}}=0$$

MCQ কৌশল

- $f(x)=0$ সমীকরণের মূলগুলি α, β, γ.... হলে,
  (a) $-\alpha, -\beta, -\gamma$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f(-x)=0$
  (b) $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}, \frac{1}{\gamma}$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f\left(\frac{1}{x}\right)=0$
  (c) $-\frac{1}{\alpha}, -\frac{1}{\beta}, -\frac{1}{\gamma}$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f\left(-\frac{1}{x}\right)=0$
  (d) $\alpha+h, \beta+h, \gamma+h$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f(x-h)=0$
  (e) $\alpha-h, \beta-h, \gamma-h$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f(x+h)=0$
  (f) $h\alpha, h\beta$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f(\frac{x}{h})=0$
  (g) $\frac{\alpha}{h}, \frac{\beta}{h}$ .... মূল বিশিষ্ট সমীকরণ $f(hx)=0$
- $ax^2+bx+c=0$ সমীকরণের-
  (a) মূলদ্বয় গুণাত্মক বিপরীত হলে, $a=c$
  (b) মূলদ্বয় গুণাত্মক বিপরীত এবং বিপরীত চিহ্নযুক্ত হলে, $a=-c$
  (c) একটি মূল অপরটির n গুণ হলে, $\frac{(n+1)^2}{n}=\frac{b^2}{ac}$

- $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে,
  (a) $-\alpha, -\beta$ মূল বিশিষ্ট সমীকরণ, $ax^2 - bx + c = 0$
  (b) $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূল বিশিষ্ট সমীকরণ, $cx^2 + bx + a = 0$
  (c) $-\frac{1}{\alpha}, -\frac{1}{\beta}$ মূল বিশিষ্ট সমীকরণ, $cx^2 - bx + a = 0$
- $ax^2 + bx + c$ রাশির সর্বোচ্চ বা সর্বনিম্ন মান $c - \frac{b^2}{4a}$ হবে $x = -\frac{b}{2a}$ এর জন্য।
  $a > 0, a < 0$ হলে প্রদত্ত রাশির যথাক্রমে সর্বনিম্ন ও সর্বোচ্চ মান পাওয়া যাবে।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

1. $6x^2 - 5x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূলবিশিষ্ট সমীকরণ কোনটি? [JU-A, Set-G: 2022-23]

A. $x^2 - 5x + 6 = 0$ B. $x^2 - 4x + 3 = 0$
C. $x^2 - 11x + 30 = 0$ D. $x^2 - 2x + 1 = 0$

SAWhy $6x^2 - 5x + 1 = 0$ এর মূলদ্বয় α ও β হলে,
$\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূলবিশিষ্ট সমীকরণ: $6\left(\frac{1}{x}\right)^2 - 5\left(\frac{1}{x}\right) + 1 = 0$
$\Rightarrow \frac{6}{x^2} - \frac{5}{x} + 1 = 0 \Rightarrow x^2 - 5x + 6 = 0$

2. k-এর মান কত হলে, $(k^2 - 3)x^2 + 3kx + (3k + 1) = 0$ সমীকরণের মূল দুটি পরস্পর বিপরীত হবে? [JU-A, Set-H: 2022-23]

A. 4, –1 B. –4, 1 C. 4, 2 D. 1, 4

SAWhy $(k^2 - 3)x^2 + 3kx + (3k + 1) = 0$; α & $\frac{1}{\alpha}$
$\therefore \alpha \cdot \frac{1}{\alpha} = \frac{3k + 1}{k^2 - 3} \Rightarrow k^2 - 3k - 4 = 0$
$\Rightarrow k^2 - 4k + k - 4 = 0 \Rightarrow k(k - 4) + 1(k - 4) = 0$
$\Rightarrow (k - 4)(k + 1) = 0 \Rightarrow k = 4, -1$

3. যদি $x^2 - x + 5 = 0$ সমীকরণের মূলদ্বয় tanA এবং tanB হয় তবে $\sin^2(A + B)$ এর মান কোনটি? [JU-A, Set-H: 2022-23]

A. $\frac{1}{17}$ B. $-\frac{1}{17}$ C. $\frac{1}{18}$ D. $-\frac{1}{18}$

SAWhy $x^2 - x + 5 = 0$; tanA & tanB $\therefore$ tanA + tanB = 1
এবং tanA + tanB = 5; $\tan(A + B) = \frac{\tan A + \tan B}{1 - \tan A \tan B}$
$\Rightarrow \tan(A + B) = \frac{1}{1 - 5} \Rightarrow \cot(A + B) = -4$
$\therefore \operatorname{cosec}^2(A + B) = \cot^2(A + B) + 1 = (-4)^2 + 1$
$\Rightarrow \frac{1}{\sin^2(A + B)} = 17 \Rightarrow \sin^2(A + B) = \frac{1}{17}$

4. $6x^2 - 5x + 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\frac{1}{\alpha} + \frac{1}{\beta}$ এর মান কোনটি? [JU-A, Set-N: 2022-23; Set-O: 21-22]

A. $-\frac{5}{3}$ B. $-\frac{5}{12}$ C. $\frac{5}{12}$ D. $\frac{5}{3}$

SDWhy $6x^2 - 5x + 3 = 0$; α & β
$\therefore \alpha + \beta = \frac{5}{6}$ এবং $\alpha\beta = \frac{3}{6} \therefore \frac{1}{\alpha} + \frac{1}{\beta} = \frac{\beta + \alpha}{\alpha\beta} = \frac{\frac{5}{6}}{\frac{3}{6}} = \frac{5}{3}$

5. একটি দ্বিঘাত সমীকরণের একটি মূল $1 + i$ হলে, অপর মূল কোনটি হবে? [JU-A, Set-R: 2022-23; 09-10]

A. $1 + i$ B. $-1 + i$ C. $-1 - i$ D. $1 - i$

SDWhy একটি মূল $1 + i$ হলে অপর মূলটি হবে $1 - i$; কারণ জটিল মূলদ্বয় যুগলরূপে থাকে।

6. $3x^2 - 2x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয়ের বর্গের সমষ্টি কোনটি? [JU-A, Set-R: 2022-23]

A. $\frac{2}{3}$ B. $\frac{2}{9}$ C. $-\frac{2}{3}$ D. $-\frac{2}{9}$

SDWhy $3x^2 - 2x + 1 = 0$; α & β $\therefore \alpha + \beta = \frac{2}{3}$ এবং $\alpha\beta = \frac{1}{3}$
$\therefore \alpha^2 + \beta^2 = (\alpha + \beta)^2 - 2\alpha\beta = \left(\frac{2}{3}\right)^2 - \frac{2}{3} = \frac{2}{3}\left(\frac{2 - 3}{3}\right) = \frac{-2}{9}$

7. $x^2 - 5x + c = 0$ সমীকরণের একটি মূল 4 হলে অন্য মূল কোনটি? [JU-A, Set-S: 2022-23]

A. –5 B. –4 C. 4 D. 1

SDWhy যেহেতু একটি মূল 4 $\therefore 4^2 - 5 \times 4 + c = 0 \Rightarrow c = 4$
$\therefore$ সমীকরণটি হলো $x^2 - 5x + 4 = 0$ এর একটি মূল 4 হলে অন্য মূলটি 1

8. $2x^3 - 5x + 3 = 0$ এর মূলগুলো α, β, γ হলে, $(\beta + \gamma)(\gamma + \alpha)(\alpha + \beta)$ এর মান কোনটি? [JU-A, Set-S: 2022-23]

A. 3 B. –3 C. $\frac{3}{2}$ D. $-\frac{3}{2}$

SCWhy $\alpha + \beta + \gamma = 0 \Rightarrow \beta + \gamma = -\alpha$ এবং $\alpha\beta\gamma = -\frac{3}{2}$
$\therefore (\beta + \gamma)(\gamma + \alpha)(\alpha + \beta) = (-\alpha)(-\beta)(-\gamma) = -\alpha\beta\gamma = -\left(-\frac{3}{2}\right) = \frac{3}{2}$

9. $3x^2 - 6x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে $\frac{1}{\alpha}$ এবং $\frac{1}{\beta}$ মূলবিশিষ্ট সমীকরণ কোনটি? [JU-A, Set-F: 2021-22]

A. $3x^2 - 6x + 3 = 0$ B. $x^2 - 6x + 3 = 0$
C. $x^2 + 6x - 3 = 0$ D. $x^2 - 6x + 1 = 0$

SBWhy $3x^2 - 6x + 1 = 0$
$\Rightarrow 3\left(\frac{1}{x}\right)^2 - 6 \times \frac{1}{x} + 1 = 0 \Rightarrow \frac{3}{x^2} - \frac{6}{x} + 1 = 0$
$\Rightarrow 3 - 6x + x^2 = 0 \therefore x^2 - 6x + 3 = 0$

10. k এর মান কত হলে $x^2 - 3x + 2 + k = 0$ সমীকরণের একটি উৎপাদক $(x - 3)$ হবে? [JU-A, Set-O: 2021-22, JU: 19-20]

A. –3 B. –2 C. 1 D. 2

SBWhy $(x - 3)$ একটি উৎপাদক $\therefore f(3) = 0$ হবে
এখন $f(3) = 9 - 9 + 2 + K$
$\Rightarrow 0 = 2 + K \therefore K = -2$

11. $ax^2 + bx + c = 0$ সমীকরণের একটি মূল 0 হলে c এর মান কত? [JU-A, Set-O: 2021-22]

A. 0 B. 1 C. 2 D. 3

SAWhy যেহেতু একটি মূল 0
$\therefore a \times 0^2 + b \times 0 + c = 0 \therefore c = 0$

12. $2x^2 - 5x + 2 = 0$ সমীকরণের একটি মূল 2 হলে অপর মূলটি কত? [JU-A, Set-Q: 2021-22]

A. $\frac{1}{2}$ B. 3 C. –2 D. 1

SAWhy $2x^2 - 5x + 2 = 0$ এর মূলদ্বয় 2 এবং α
$\therefore \alpha + 2 = \frac{5}{2} \therefore \alpha = \frac{5}{2} - 2 = \frac{1}{2}$

বিকল্প: $\alpha\beta = \frac{2}{2} \Rightarrow \beta = \frac{2}{4} = \frac{1}{2}$

13. $4x^2 - kx + 5 = 0$ সমীকরণটির একটি মূল অপরটির দ্বিগুণ হলে k এর মান কত? [JU-A, Set-F. 2021-22]

A. $3\sqrt{10}$ B. $\sqrt{80}$ C. $2\sqrt{10}$ D. $\sqrt{10}$

SAWhy ধরি, মূলদ্বয় α এবং 2α

$\therefore \alpha + 2\alpha = \frac{k}{4}$

$\Rightarrow 3\alpha = \frac{k}{4} \therefore \alpha = \frac{k}{12}$

আবার, $2\alpha^2 = \frac{5}{4}$

$\Rightarrow \alpha^2 = \frac{5}{8} \Rightarrow \frac{k^2}{144} = \frac{5}{8}$

$\Rightarrow k = \sqrt{\frac{720}{8}} \Rightarrow k = 3\sqrt{10}$

শর্টকাট: $\frac{(n+1)^2}{n} = \frac{b^2}{ac} \Rightarrow \frac{(2+1)^2}{2} = \frac{(-k)^2}{4\times 5}$

$\Rightarrow k^2 = 90 \Rightarrow k = \pm 3\sqrt{10}$

14. $x^2 - 5x + c = 0$ সমীকরণের একটি মূল 4 হলে c এর মান কত? [JU-A, Set-M. 2021-22, CU. 17-18; RU. 09-10, 05-06]

A. 4 B. –4 C. 1 D. 5

SAWhy যেহেতু একটি মূল 4 $\therefore 4^2 - 5\times 4 + c = 0 \Rightarrow c = 4$

15. $2x^3 + 5x^2 + 5x + 2 = 0$ সমীকরণের মূলগুলি α, β ও γ হলে $\sum\alpha\beta$ এর মান কত? [JU-A, Set-I. 2021-22]

A. $\frac{5}{2}$ B. $-\frac{5}{2}$ C. 1 D. – 1

SAWhy $\sum\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha$

এখন $2x^3 + 5x^2 + 5x + 2 = 0$ এর জন্য $\sum\alpha\beta = \frac{5}{2}$

16. $x^2 - 5x + 5 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে $\alpha^3 + \beta^3$ এর মান কত? [JU-A, Set-L. 2021-22]

A. 50 B. 25 C. 75 D. 100

SAWhy $x^2 - 5x + 5 = 0$ এর মূলদ্বয় α ও β হলে $\therefore \alpha + \beta = 5$

$\alpha\beta = 5$; এখন, $\alpha^3 + \beta^3 = (\alpha+\beta)^3 - 3\alpha\beta(\alpha+\beta)$

$= 5^3 - 3\times 5\times 5 = 50$

17. $2x^2 - 3x + 1 = 0$ সমীকরণের মূল দুটির যোগফলের সাথে মূল দুটির গুণফল যোগ করলে কত হবে? [JU-A, Set-Q. 2021-22]

A. 2 B. 1 C. 0 D. 3

SAWhy $2x^2 - 3x + 1 = 0$ এর মূল দ্বয় α, β হলে, $\alpha + \beta = \frac{3}{2}$

$\alpha\beta = \frac{1}{2} \therefore \alpha + \beta + \alpha\beta = \frac{3}{2} + \frac{1}{2} = \frac{4}{2} = 2$

18. $5x^2 - 6x + 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে $\frac{1}{\alpha} + \frac{1}{\beta}$ এর মান কোনটি? [JU-A, Set-F. 2021-22]

A. 6/5 B. 3/5 C. 2 D. 3

SCWhy $5x^2 - 6x + 3 = 0$ এর মূল α, β হলে,

$\alpha + \beta = \frac{6}{5}$ এবং $\alpha\beta = \frac{3}{5} \therefore \frac{1}{\alpha} + \frac{1}{\beta} = \frac{\alpha+\beta}{\alpha\beta} = \frac{\frac{6}{5}}{\frac{3}{5}} = 2$

19. $2x^3 - 3x - 5 = 0$ সমীকরণের মূলগুলি α, β ও γ হলে $\sum\alpha\beta$ এর মান কত? [JU-A, Set-M. 2021-22]

A. $\frac{5}{2}$ B. $\frac{3}{2}$ C. $-\frac{3}{2}$ D. $-\frac{5}{2}$

SCWhy $2x^3 - 3x - 5 = 0$ হলে $\sum\alpha\beta = \frac{c}{a} = \frac{-3}{2}$

20. $x^2 + x + 4 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে $\alpha - \beta$ = কত? [JU-A, Set-Q. 2021-22, JnU. 09-10]

A. ± 16 B. $\pm\sqrt{-15}$ C. $\pm\sqrt{-20}$ D. $\pm\sqrt{15}$

SBWhy $x^2 + x + 4 = 0$ এর মূল α, β হলে

$\alpha - \beta = \frac{\pm\sqrt{b^2 - 4ac}}{a} = \pm\frac{\sqrt{1^2 - 4.1.4}}{1} = \pm\sqrt{-15}$

বিকল্প: $\alpha + \beta = -1$, $\alpha\beta = 4$

$\therefore (\alpha-\beta)^2 = (\alpha+\beta)^2 - 4\alpha\beta = (-1)^2 - 4.4 \therefore \alpha - \beta = \pm\sqrt{-15}$

21. $x^2 - 4x + 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে $\alpha - \beta$ কত? [JU-A, Set-M. 2021-22]

A. –2 B. 2 C. ± 2 D. 4

SCWhy $x^2 - 4x + 3 = 0 \therefore \alpha - \beta = \frac{\sqrt{b^2 - 4ac}}{a} = \sqrt{4} = \pm 2$

22. $x^2 - 5x + 6 = 0$ সমীকরণটির মূল দুইটির যোগফল ও গুণফল এর সমষ্টি কত? [JU-A 20-21]

A. 11 B. 1 C. –1 D. –11

SAWhy $x^2 - 5x + 6 = 0$ সমীকরণ

$\alpha + \beta = 5$; $\alpha\beta = 6 \therefore \alpha + \beta + \alpha\beta = 5 + 6 = 11$

23. $3x^2 + 7x - 2 = 0$ সমীকরণটির মূল দুইটির যোগফল ও গুণফল সমষ্টি কত? [JU-A 20-21, JU. 14-15]

A. $-\frac{5}{3}$ B. –3

C. 5 D. $\frac{4}{3}$

SBWhy $3x^2 + 7x - 2 = 0$ এর মূলদ্বয়ের যোগফল $\alpha + \beta = -\frac{7}{3}$

মূলদ্বয়ের গুনফল $\alpha\beta = -\frac{2}{3} \therefore \alpha + \beta + \alpha\beta = -\frac{7}{3} - \frac{2}{3} = -\frac{9}{3} = -3$

24. নিচের কোনটি $2 - i\sqrt{3}$ মূলবিশিষ্ট সমীকরণ? [JU-A 20-21]

A. $x^2 - 4x + 7 = 0$ B. $x^2 - 4x - 7 = 0$

C. $x^2 - 3x + 7 = 0$ D. $x^2 + 3x - 7 = 0$

SAWhy $2 - i\sqrt{3}$ মূল হলে, $x = 2 - i\sqrt{3}$

$\Rightarrow (x-2)^2 = (-i\sqrt{3})^2 \Rightarrow x^2 - 4x + 4 = -3 \Rightarrow x^2 - 4x + 7 = 0$

25. $ax^2 + bx + c = 0$ সমীকরণের নিশ্চায়কের মান পূর্ণসংখ্যা ও ধনাত্মক এবং a, b, c মূলদ হলে উক্ত সমীকরণের মূলদ্বয়– [JU-D. 19-20]

A. মূলদ ও সমান B. মূলদ ও অসমান

C. জটিল D. বাস্তব ও জটিল

SBWhy $ax^2+bx+c = 0$ সমীকরণের নিশ্চায়কের মান পূর্ণসংখ্যা ও ধনাত্মক

$\therefore b^2 - 4ac > 0$; $b^2 - 4ac > 0$ হলে মূলদ্বয় মূলদ ও অসমান।

26. $x^3 + px + q = 0$ সমীকরণের মূল a, b, c হলে $(a^2 + b^2 + c^2)$ এর মান কত? [JU-A. 19-20]

A. 2q B. –2q C. 2p D. –2p

SDWhy $x^3 + px + q = 0$ এর মূলগুলো, a, b, c হলে,

$a + b + c = 0$ এবং $ab + bc + ca = p$

$\therefore (a+b+c)^2 = a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$

$\Rightarrow a^2 + b^2 + c^2 = (a+b+c)^2 - 2(ab + bc + ca) = 0 - 2p = -2p$

27. $x^2 - 4x + k = 0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে, মূলদ্বয়ের মান কোনটি? [JU-H. 19-20]

A. –4 B. 4 C. 1 D. –1

SBWhy $x^2 - 4x + k = 0$ এর মূলদ্বয় সমান হলে, $b^2 - 4ac = 0$

$\therefore (-4)^2 - 4.1.k = 0 \Rightarrow 16 - 4k = 0 \Rightarrow 4k = 16 \therefore k = 4$

28. $x^3 - 5x^2 + 6 = 0$ সমীকরণের মূলত্রয় a, b, c হলে, $\frac{1}{abc}$ এর মান কোনটি? [JU. 19-20]

A. – 6 B. $\frac{-1}{6}$

C. 0 D. $\frac{1}{5}$

SBWhy $abc = -6 \quad \therefore \frac{1}{abc} = \frac{1}{-6}$

29. $5x^2 - 17x + 9 = 0$ সমীকরণের মূল α, β হলে, $\alpha + \beta$ এর মান কত? [JU. 18-19]

A. $\frac{17}{5}$ B. $\frac{5}{17}$ C. $\frac{-17}{5}$ D. -9

S A Why $5x^2 - 17x + 9 = 0 \quad \therefore \alpha + \beta = \frac{17}{5}$

30. k এর মান কত হলে $(3k+1)x^2 - (11+k)x + 9 = 0$ সমীকরণটির মূলদ্বয় জটিল সংখ্যা হবে- [JU. 18-19; IU. 17-18, 16-17; RU-C. 16-17; BUET. 11-12]

A. $k > 1$ B. $k < 85$
C. $k \geq 85$ D. $1 < k < 85$ Ans D

31. একটি দ্বিঘাত সমীকরণের একটি মূল $\frac{1}{3 - i\sqrt{2}}$ হলে অপর মূলটি কোনটি? [JU. 17-18]

A. $\frac{3}{11} - i\frac{\sqrt{2}}{11}$ B. $\frac{3}{11} + i\frac{\sqrt{2}}{11}$ C. $\frac{3i}{11} - \frac{\sqrt{2}}{11}$ D. $\frac{3i}{11} + \frac{\sqrt{2}}{11}$

S A Why $\frac{1}{3 - i\sqrt{2}} = \frac{3 + i\sqrt{2}}{3^2 - (i\sqrt{2})^2} = \frac{3 + i\sqrt{2}}{9 + 2} = \frac{3}{11} + i\frac{\sqrt{2}}{11}$

$\therefore$ অপর মূল $\frac{3}{11} - i\frac{\sqrt{2}}{11}$

32. $5x^2 - kx + 9 = 0$ সমীকরণের একটি মূল অপরটির পাঁচগুণ হলে k এর মান কোনটি? [JU. 17-18]

A. 12 B. 16 C. 18 D. 9

S C Why ধরি, একটি মূল $= \alpha$

$\therefore$ অপর মূল $= 5\alpha \quad \therefore \alpha + 5\alpha = \frac{k}{5} \quad \Rightarrow \alpha = \frac{k}{30}$;

$\alpha 5\alpha = \frac{9}{5} \Rightarrow \alpha^2 = \frac{9}{25} \quad \therefore \alpha = \pm\frac{3}{5} \quad \therefore k = 30 \times \left(\pm\frac{3}{5}\right) = \pm 18$

শর্টকাট: $\frac{(n+1)^2}{n} = \frac{b^2}{ac} \Rightarrow \frac{(5+1)^2}{5} = \frac{(-k)^2}{5 \times 9}$

$\Rightarrow k^2 = 36 \times 9 \quad \Rightarrow k = \pm(6 \times 3) = \pm 18$

33. x এর মান বাস্তব হলে $-4x^2 + 4ax + b^2$ রে সর্বোচ্চ মান কোনটি? [JU. 17-18]

A. $a^2 + b^2$ B. $2a^2 - b^2$ C. $a^2 - b^2$ D. $a^2 + 2b^2$

S A Why সর্বোচ্চ মান $= c - \frac{b^2}{4a} = b^2 - \frac{(4a)^2}{4(-4)} = b^2 - \frac{16a^2}{-16} = a^2 + b^2$

34. $a(\sqrt{3} - 2) = 3(\sqrt{3} + 2)$ সমীকরণ অনুসারে নীচের কোনটি সঠিক? [JU-H. 16-17]

A. $20 < a < 36$ B. $a > 25$
C. a is negative D. $21 < a < 22$

S C Why $a(\sqrt{3} - 2) = 3(\sqrt{3} + 2)$

যেহেতু, $\sqrt{3} - 2$ Negative সেহেতু 'a' also Negative

35. $2x^2 + 7x - 4 = 0$ সমীকরণটিতে x এর মান কত? [JU. 16-17]

A. $\left(\frac{1}{2}, -4\right)$ B. $\left(-\frac{1}{2}, 4\right)$ C. $(-4, 1)$ D. $(-4, -1)$

S A Why $2x^2 + 7x - 4 = 0$ বা, $2x^2 + 8x - x - 4 = 0$

বা, $2x(x+4) - 1(x+4) = 0$ বা, $(x+4)(2x-1) = 0 \quad \therefore x = -4, \frac{1}{2}$

36. k-এর মান কত হবে $x^2 - 6x - 1 + k(2x+1) = 0$ সমীকরণটির মূল দুইটি সমান হবে? [JU. 16-17, 09-10; CU. 14-15, 12-13, 09-10, 07-08, 03-04, 02-03; KU. 09-10, 05-06, 03-04; RU. 17-18, 12-13, 06-07; BRU. 15-16]

A. 5 অথবা 2 B. 15 অথবা 12
C. 16 অথবা 12 D. 6 অথবা 2

S A Why $x^2 - 6x - 1 + k(2x+1) = 0$

বা, $x^2 + 2x(k-3) + (k-1) = 0$..... (i)

(i) এর মূলদ্বয় পরস্পর সমান। $\therefore \{2(k-3)\}^2 = 4(k-1)$

বা, $(k-3)^2 = (k-1)$ বা, $k^2 - 6k + 9 - k + 1 = 0$

বা, $k^2 - 7k + 10 = 0$ বা, $k^2 - 2k - 5k + 10 = 0$

বা, $k(k-2) - 5(k-2) = 0$ বা, $(k-2)(k-5) = 0 \quad \therefore k = 2, 5$

37. পূর্ণসংখ্যা সহগসহ দ্বিঘাতিক সমীকরণ, যার একটি মূল $\sqrt{-5} - 1$ [JU. 16-17; DU. 13-14; HSTU. 14-15; RU. 13-14]

A. $x^2 + 2x + 6 = 0$ B. $x^2 + x + 3 = 0$
C. $x^2 + 2x - 6 = 0$ D. $x^2 + x - 3 = 0$

S A Why ধরি, $x = \sqrt{-5} - 1$

$\Rightarrow x + 1 = \sqrt{-5} \quad \Rightarrow (x+1)^2 = (\sqrt{-5})^2$

$\Rightarrow x^2 + 2x + 1 = -5 \Rightarrow x^2 + 2x + 6 = 0$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 + 2x + 6 = 0$

38. যদি polynomial ফাংশন $x^3 - 3x^2 + 4x - 10$ কে $(x-1)$ দিয়ে ভাগ করা হয়, তাহলে ভাগশেষ হবে- [JU. 16-17]

A. -8 B. 0 C. 8 D. 2

S A Why $(x-1)$ দ্বারা ভাগ করলে $(x-1)$ ফাংশনের একটি উৎপাদক হবে অর্থাৎ $x = 1$ দ্বারা ফাংশনটি সিদ্ধ হবে।

$\therefore f(1) = 1^3 - 3(1)^2 + 4.1 - 10 = -8 \quad \therefore$ ভাগশেষ $= -8$

39. α এর মান কত হলে $\alpha x^2 + 3x + 4 = 0$ সমীকরণের মূলগুলো বাস্তব ও অসমান হবে? [JU. 15-16; RU. 14-15, 08-09; KU. 14-15]

A. $\alpha < \frac{16}{9}$ B. $\alpha > \frac{9}{16}$ C. $\alpha < \frac{9}{16}$ D. $\alpha > -\frac{16}{9}$

S C Why নিশ্চায়ক $= 3^2 - 4.\alpha.4 > 0$

$\Rightarrow 9 - 16\alpha > 0 \quad \Rightarrow 16\alpha < 9 \quad \Rightarrow \alpha < \frac{9}{16}$

40. $x^2 - 5x - 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে, $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূলবিশিষ্ট সমীকরণ কোনটি? [JU. 15-16; DU. 12-13, 01-02, 99-00]

A. $3x^2 + 5x - 1 = 0$ B. $2x^2 - 5x + 1 = 0$
C. $3x^2 + 5x + 1 = 0$ D. $3x^2 - 5x - 1 = 0$ Ans A

41. $2x^3 - 5x + 3 = 0$ সমীকরণের মূলগুলো α, β, γ হলে, $(\beta+\gamma)(\gamma+\alpha)(\alpha+\beta)$ এর মান কত? [JU. 15-16]

A. 3 B. -3 C. $\frac{3}{2}$ D. $-\frac{3}{2}$

S C Why $\alpha + \beta + \gamma = 0 \Rightarrow \beta + \gamma = -\alpha$ এবং $\alpha\beta\gamma = -\frac{3}{2}$

$\therefore (\beta+\gamma)(\gamma+\alpha)(\alpha+\beta) = (-\alpha)(-\beta)(-\gamma) = -\alpha\beta\gamma = -\left(-\frac{3}{2}\right) = \frac{3}{2}$

42. $x^2 + kx + 1 = 0$ সমীকরণের k এর মান কত হলে মূলদ্বয় জটিল হবে? [JU. 14-15; BU. 11-12; CoU. 19-20; RU. 17-18; DU. 02-03]

A. $-4 < k$ B. $-1 < k < 1$
C. $-2 < k < 2$ D. $0 < k < 1$

S C Why $x^2 + kx + 1 = 0$

জটিল হবে যখন, $k^2 - 4.1.1 < 0 \quad \Rightarrow k^2 < 4 \quad \Rightarrow -2 < k < 2$

43. $5x^2 - 3x - 1 = 0$ সমীকরণটির মূলদ্বয়ের প্রকৃতি কিরূপ? [JU. 14-15]

A. বাস্তব B. বাস্তব ও অমূলদ
C. অবাস্তব D. বাস্তব ও মূলদ

S B Why $5x^2 - 3x - 1 = 0$

$\therefore$ নিশ্চায়ক $= (-3)^2 - 4(5)(-1) = 9 + 20 = 29 > 0$

$\therefore$ মূলদ্বয় বাস্তব, অসমান, অমূলদ।

44. যদি $P(x) = x^3 + 6x^2 - ax + 6$ কে $x - 2$ দিয়ে ভাগ করলে ভাগশেষ 6 হয়, তবে $a = ?$ [JU-H. 14-15]

A. 32 B. 16
C. 6 D. 4

S B Why $x^3 + 6x^2 - ax + 6$

$x = 2$ বসিয়ে, $8 + 24 - 2a + 6 = 6$

বা, $-2a = -32$ বা, $a = 16$

45. $x^2 - 10x + 34 = 0$ সমীকরণের মূলগুলো হলো- [JU. 14-15]

A. $3 + i$ B. $5 \pm i$
C. $5 + 2i$ D. $5 \pm 3i$

S Ⓐ Why $x^2 - 10x + 34 = 0$

$\Rightarrow x = \frac{10 \pm \sqrt{100 - 136}}{2} = 5 \pm 3i$

46. একটি সমীকরণের মূল $2 + 3i$ হলে, সমীকরণটি নির্ণয় কর। [JU. 12-13]

A. $x^2 - 4x + 13 = 0$ B. $x^2 - x + 3 = 0$
C. $x^2 - x + 3 = 0$ D. None **Ans A**

47. $4x^2 - 3x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয়ের বর্গের সমষ্টি কত? [JU-A. 12-13]

A. $-\frac{4}{3}$ B. $\frac{1}{16}$
C. $\frac{5}{4}$ D. কোনটিই নয় **Ans B**

48. $x^3 - 3x^2 + 2x + 1 = 0$ সমীকরণের মূলগুলো α, β, γ হলে $\sum\alpha\beta$ এর মান কত? [JU. 11-12]

A. 3 B. 2 C. 1 D. 5

S Ⓑ Why $\sum\alpha\beta = \frac{C}{a} = 2$

49. মূলদ সহগ বিশিষ্ট দ্বিঘাত সমীকরণের একটি মূল $\frac{1}{2 - \sqrt{5}}$ হলে অপরটি কত? [JU. 11-12]

A. $-2 - \sqrt{5}$ B. $-2 + \sqrt{5}$ C. $2 + \sqrt{5}$ D. $\frac{1}{-2 + \sqrt{5}}$

S Ⓐ Why অপর মূলটি $= \frac{1}{2 + \sqrt{5}}$

অথবা, $\frac{2 + \sqrt{5}}{4 - 5} = -2 - \sqrt{5}$

50. $x^2 - 2x + 2 = 0$ হলে, $x = ?$ [JU. 10-11]

A. $1 \pm i$ B. $1 \pm \sqrt{-1}$
C. 1 D. A ও B উভয়ই

S Ⓓ Why $x^2 - 2x + 2 = 0$

$\Rightarrow x = \frac{2 \pm \sqrt{4 - 8}}{2} \Rightarrow x = 1 \pm \sqrt{-1} = 1 \pm i$

51. $ax^2 + bx + c = 0$ এর একটি মূল শূন্য হলে c এর মান- [JU. 10-11]

A. 0 B. –1 C. 1 D. কোনটিই নয়

S Ⓐ Why $ax^2 + bx + c = 0$ এর একটি মূল শূন্য হলে, $c = 0$

52. কোন দ্বিঘাত সমীকরণের একটি মূল $3 - \sqrt{-5}$ হলে সমীকরণটি হবে- [JU. 10-11]

A. $x^2 - 6x + 14 = 0$ B. $x^2 + 6x - 14 = 0$
C. $x^2 - 14x + 6 = 0$ D. None **Ans A**

53. $x^3 + 7x^2 - 10x - 16 = 0$ এর একটি মূল- [JU. 09-10; IU. 07-08]

A. 3 B. 5 C. –8 D. 7

S Ⓒ Why $x^3 + 7x^2 - 10x - 16 = 0, x = -8, 2, -1$

54. $9x^4y^3 - 8x^6 + 4xy^3 + 7$ বহুপদীর ঘাত কত? [JU. 09-10]

A. 6 B. 7 C. 4 D. 3

S Ⓑ Why x^4y^3 এর ঘাত $= 4 + 3 = 7$

55. $4x^4 + 6x^5 - 2x^2 + x + 5 = 0$ বহুপদীর ঘাত কত? [JU. 09-10]

A. 4 B. 7
C. 5 D. 3 **Ans C**

56. $px^2 + qx + 1, qx^2 + px + 1$ রাশি দুটির একটি সাধারণ উৎপাদক থাকতে পারে যদি-[JU. 06-07, 05-06; KU. 03-04; RU. 06-07; NSTU. 04-05; RU. 02-03]

A. $p + 1 = 0$ B. $q + 1 = 0$
C. $p + q - 1 = 0$ D. $p + q + 1 = 0$

S Ⓓ Why $px^2 + qx + 1, qx^2 + px + 1$ রাশি দুটির একটি সাধারণ উৎপাদক থাকার শর্ত $p + q + 1 = 0$

57. $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূল দুইটির অনুপাত r হলে $\frac{(r+1)^2}{r}$ এর মান কত? [JU. 06-07; RUET. 13-14]

A. $\frac{b^2}{ac}$ B. $\frac{a^2}{bc}$
C. $\frac{c^2}{ab}$ D. $\frac{ac}{b^2}$ **Ans**

58. $ax^2 + bx + c = 0$ এর একটি মূল অপরটির উল্টা এবং বিপরীত চিহ্নযুক্ত হলে যদি- [JU. 05-06; CU. 04-05]

A. $a - c = 0$ B. $a + c = 0$
C. $b + c = 0$ D. $b - c = 0$

S Ⓑ Why $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয়ের গুণফল $= \frac{c}{a}$

যেহেতু একটি মূল অপরটির উল্টা এবং বিপরীত চিহ্নযুক্ত

$\therefore \frac{c}{a} = -1 \Rightarrow c = -a \therefore c + a = 0$

সেলফ টেস্ট
(নিম্নোক্ত প্রশ্নগুলোর কয়টি (●) উত্তরটি করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. k এর মান কত হলে $(k^2 - 3)x^2 + 3kx + (3k + 1) = 0$ সমীকরণের দুইটি পরস্পর উল্টো হবে?

Ⓐ 4, –1 Ⓑ –4, 1
Ⓒ 4, 2 Ⓓ 1, 4

02. $\frac{1}{x} + a - bx = 0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে কোনটি সঠিক?

Ⓐ $a^2 - 4b = 0$ Ⓑ $b^2 - 4a = 0$
Ⓒ $b^2 + 4a = 0$ Ⓓ $a^2 + 4b = 0$

03. k-এর মান কত হবে $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$ সমীকরণটির মূল দুটি সমান হবে?

Ⓐ 5 অথবা 2 Ⓑ 15 অথবা 12
Ⓒ 16 অথবা 12 Ⓓ 6 অথবা 2

04. $(a^2 - 3)x^2 + 3ax + (3a + 1) = 0$ সমীকরণের মূল দুইটি পরস্পর উল্টা হলে a এর মান কত?

Ⓐ 1, –4 Ⓑ –1, –4
Ⓒ –1, 4 Ⓓ 1, 4

05. $3x^2 - kx + 4 = 0$ সমীকরণ একটি মূল অপরটির 3 গুণ হলে k এর মান-

Ⓐ 8 Ⓑ –8
Ⓒ $\sqrt{8}$ Ⓓ ± 8

06. $x^2 - 4x + 4 = 0$ এর বীজদ্বয় α এবং β হলে, $\alpha^3 + \beta^3$ এর মান কত?

Ⓐ 24 Ⓑ 32
Ⓒ 16 Ⓓ 8

07. $3x^2 - 2x + 1 = 0$ সমীকরণের মূলদ্বয়ের বর্গের সমষ্টি কত?

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $\frac{2}{9}$
Ⓒ $-\frac{2}{3}$ Ⓓ $\frac{-2}{9}$

08. যদি $x^2 + x + 2 = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β হয়, তবে $\frac{1}{\alpha} + \frac{1}{\beta} = ?$

Ⓐ $\frac{2}{3}$ Ⓑ $-\frac{1}{2}$
Ⓒ $-\frac{2}{3}$ Ⓓ $\frac{-2}{9}$

8. $2x^2+6x-(k+2)=0$ সমীকরণটির একটি মূল অপরটির বর্গের সমান হলে k এর মান কত?
ⓐ 6 ⓑ 1
ⓒ 6 বা –1 ⓓ – 6 বা 1

9. $4x^3+16x^2-9x-36=0$ সমীকরণটির দুইটি মূলের যোগফল শূন্য হলে, সমীকরণটির সমাধান হবে-
ⓐ $\frac{3}{2}, -\frac{5}{2}, -8$ ⓑ $\frac{3}{2}, -\frac{3}{2}, -4$
ⓒ $\frac{1}{2}, -\frac{1}{2}, \frac{3}{4}$ ⓓ $\frac{1}{2}, -\frac{1}{2}, -5$

11. পূর্ণসংখ্যা সহগসহ দ্বিমাত্রিক সমীকরণ, যার একটি মূল $\sqrt{-5}-1$
ⓐ $x^2+2x+6=0$ ⓑ $x^2+x+3=0$
ⓒ $x^2+2x-6=0$ ⓓ $x^2+x-3=0$

12. কোন দ্বিঘাত সমীকরণের একটি মূল $\frac{1}{1+i}$ হলে, সমীকরণটি–
ⓐ $x^2-x+1=0$ ⓑ $2x^2-2x+1=0$
ⓒ $x^2+x+1=0$ ⓓ $2x^2+2x+1=0$

13. $x^2-7x+2=0$ সমীকরণের মূলদ্বয় হতে 2 কম মূলবিশিষ্ট সমীকরণটি-
ⓐ $x^2-4x+6=0$ ⓑ $x^2-3x-8=0$
ⓒ $x^2-11x+8=0$ ⓓ $x^2-3x+8=0$

14. $6x^2-5x+1=0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে, $\frac{1}{\alpha}, \frac{1}{\beta}$ মূল বিশিষ্ট সমীকরণটি হবে-
ⓐ $x^2-5x+6=0$ ⓑ $3x^2-2x+5=0$
ⓒ $x^2-6x+5=0$ ⓓ $5x^2+2x-6=0$

15. $5+3x-x^2$ এর সর্বোচ্চ মান-
ⓐ 3 ⓑ $\frac{11}{4}$
ⓒ $\frac{29}{4}$ ⓓ $\frac{27}{4}$

16. x^2-3x+5 এর ন্যূনতম মান-
ⓐ 3 ⓑ 5
ⓒ $\frac{15}{4}$ ⓓ $\frac{11}{4}$

17. $5x^3-2x^2+3x+10$ কে $(x+2)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে-
ⓐ –44 ⓑ 48
ⓒ 0 ⓓ 16

18. যদি $x^2-bx+c=0$ এবং $x^2-cx+b=0$ সমীকরণের মূলগুলোর মধ্যে কেবল একটি ধ্রুবকের পার্থক্য থাকে, তাহলে কোনটি সঠিক?
ⓐ $b+c=4$ ⓑ $b+c=1$
ⓒ $b+c=-1$ ⓓ $b+c=-4$

19. $a_1x^2+b_1x+c_1=0$ এবং $a_2x^2+b_2x+c_2=0$ সমীকরণের উভয়মূলই সাধারণ হওয়ার শর্ত-
ⓐ $a_1b_2=a_2b_1$
ⓑ $(a_1b_2-a_2b_1)=(c_1a_2-c_2a_1)^2$
ⓒ $a_1+a_2=b_1+b_2=c_1+c_2$
ⓓ $\frac{a_1}{a_2}=\frac{b_1}{b_2}=\frac{c_1}{c_2}$

20. $x^2-px+q=0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $\frac{q}{p-\alpha}, \frac{q}{p-\beta}$ মূল বিশিষ্ট সমীকরণ-
ⓐ $x^2-2px+3=0$ ⓑ $x^2-3qx+2p=0$
ⓒ $x^2-5px+2q=0$ ⓓ $x^2-px+q=0$

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	A	$(k^2-3)x^2+3kx+(3k+1)=0$ সমীকরণের মূলদ্বয়ের গুণফল $=\frac{3k+1}{k^2-3}$ [যেহেতু সমীকরণের মূল দুইটি পরস্পর বিপরীত] $\frac{3k+1}{k^2-3}=1$ $\Rightarrow k^2-3=3k+1$ $\Rightarrow k^2-3k-4=0$ $\Rightarrow (k-4)(k+1)=0 \therefore k=4$ or -1
02	D	$\frac{1}{x}+a-bx=0$ $\Rightarrow 1+ax-bx^2=0$ $\Rightarrow bx^2-ax-1=0$ সমীকরণের মূলদ্বয় সমান হলে, নিশ্চায়ক, $D=0$ $\therefore (-a)^2-4.b(-1)=0$ $\Rightarrow a^2+4b=0$
03	A	$x^2-6x-1+k(2x+1)=0$ বা, $x^2+2x(k-3)+(k-1)=0$..... (i) (i) এর মূলদ্বয় পরস্পর সমান। $\therefore \{2(k-3)\}^2=4(k-1)$ বা, $(k-3)^2=(k-1)$ বা, $k^2-6k+9-k+1=0$ বা, $k^2-7k+10=0$ বা, $k^2-2k-5k+10=0$ বা, $k(k-2)-5(k-2)=0$ বা, $(k-2)(k-5)=0 \therefore k=2,5$
04	C	$(a^2-3)x^2+3ax+(3a+1)=0$ সমীকরণের মূলদ্বয় পরস্পর উল্টা হলে, $\frac{3a+1}{a^2-3}=1$ $\Rightarrow a^2-3a-4=0 \quad \therefore a=4,-1$
05	D	মূলদ্বয় α ও 3α. $\therefore \alpha+3\alpha=\frac{k}{3}$ $\Rightarrow \alpha=\frac{k}{12}$ এবং মূলদ্বয়ের গুণফল, $3\alpha^2=\frac{4}{3}$ $\Rightarrow \alpha^2=\frac{4}{9} \Rightarrow \frac{k^2}{12^2}=\frac{4}{9}$ $\Rightarrow k^2=64 \Rightarrow k=\pm 8$
06	C	$x^2-4x+4=0$ সমীকরণের মূলদ্বয় α এবং β হলে $\alpha+\beta=4$ এবং $\alpha\beta=4$ $\therefore \alpha^3+\beta^3=(\alpha+\beta)^3-3\alpha\beta(\alpha+\beta)=4^3-3\times4\times4=16$
07	D	$3x^2-2x+1=0$ সমীকরণের মূলদ্বয় α এবং β হলে $\alpha+\beta=\frac{2}{3}$ এবং $\alpha\beta=\frac{1}{3}$ $\therefore$ মূলদ্বয়ের বর্গের সমষ্টি $=\alpha^2+\beta^2=(\alpha+\beta)^2-2\alpha\beta=\left(\frac{2}{3}\right)^2-\left(\frac{1}{3}\right)=-\frac{2}{9}$
08	B	$x^2+x+2=0$ সমীকরণের মূলদ্বয় α এবং β হলে, $\alpha+\beta=-1$ এবং $\alpha\beta=2$ $\therefore \frac{1}{\alpha}+\frac{1}{\beta}=\frac{\alpha+\beta}{\alpha\beta}=-\frac{1}{2}$

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
09	C	$ax^2 + bx + c = 0$ সমীকরণটির একটি মূল অপরটির বর্গের সমান হলে $c^2a + a^2c + b^3 = 3abc$ হবে। $\therefore (k+2)^2 . 27 + 27^2 \{-(k+2)\} + 6^3 = 3.27.6. \{-(k+2)\}$ উভয় পক্ষকে 27 দ্বারা ভাগ করে পাই- $\Rightarrow k^2 + 4k + 4 - 27k - 54 + 8 = -18k - 36$ $\Rightarrow k^2 - 5k - 6 = 0$ $\Rightarrow (k-6)(k+1) = 0$ $\therefore k = 6$ or -1
10	B	ধরি, মূলত্রয় a, $-a$ এবং b $\therefore a - a + b = -\frac{16}{4}$ $\therefore$ অপর মূলটি $= -4$
11	A	ধরি, $x = \sqrt{-5} - 1$ $\Rightarrow x + 1 = \sqrt{-5}$ $\Rightarrow (x+1)^2 = (\sqrt{-5})^2$ $\Rightarrow x^2 + 2x + 1 = -5$ $\Rightarrow x^2 + 2x + 6 = 0$ $\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 + 2x + 6 = 0$
12	B	$x = \frac{1}{1+i} = \frac{(1-i)}{2}$ $\Rightarrow (2x-1)^2 = (-i)^2 = -1$ $\Rightarrow 2x^2 - 2x + 1 = 0$
13	B	$x^2 - 7x + 2 = 0$ $\therefore (x+2)^2 - 7(x+2) + 2 = 0$ $\Rightarrow x^2 + 4x + 4 - 7x - 14 + 2 = 0$ $\Rightarrow x^2 - 3x - 8 = 0$
14	A	$f\left(\frac{1}{x}\right) = 0$ $\therefore 6\left(\frac{1}{x}\right)^2 - 5\left(\frac{1}{x}\right) + 1 = 0$ $\Rightarrow \frac{6 - 5x + x^2}{x^2} = 0$ $\therefore x^2 - 5x + 6 = 0$
15	C	$-ax^2 + bx + c$ রাশিটির বৃহত্তম মান বা গুরুমান $= c - \frac{b^2}{4a}$ $\therefore$ সর্বোচ্চ মান $= 5 + \frac{3^2}{4.1} = \frac{29}{4}$
16	D	$ax^2 + bx + c$ রাশিটির ক্ষুদ্রতম মান বা লঘু মান $= c - \frac{b^2}{4a}$ $\therefore x^2 - 3x + 5$ এর ন্যূনতম মান $= 5 - \frac{(-3)^2}{4.1} = \frac{11}{4}$
17	A	$x = -2$ বসিয়ে, $5(-2)^3 - 2(-2)^2 + 3(-2) + 10$ $= -40 - 8 - 6 + 10 = -44$
18	D	সরাসরি মুখস্থ।
19	D	$a_1x^2 + b_1x + c_1 = 0$ এবং $a_2x^2 + b_2x + c_2 = 0$ এর দুটি মূলই সাধারণ শর্ত $\rightarrow \frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}$
20	D	$x^2 - px + q = 0$; $\alpha + \beta = p$, $\alpha\beta = q$ নির্ণেয় সমীকরণের প্রথম মূল $= \frac{q}{p - \alpha} = \frac{\alpha\beta}{\beta} = \alpha$ ২য় মূল $= \frac{q}{p - \alpha} = \frac{\alpha\beta}{\alpha} = \beta$ [প্রদত্ত ও নির্ণেয় সমীকরণ একই।]

দ্বিতীয় পত্র অধ্যায়: ০৬

কনিক

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	VI IMP
TOPIC-01	সমীকরণের জ্যামিতিক প্রকৃতি নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-02	পরাবৃত্তের সমীকরণ হতে বিভিন্ন Parameter নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-03	পরাবৃত্তের সমীকরণ নির্ণয় সম্পর্কিত	★★
TOPIC-04	পরাবৃত্তের স্পর্শক ও স্পর্শ বিন্দু নির্ণয়	★★
TOPIC-05	উপকেন্দ্রিক দূরত্ব সম্পর্কিত	★★
TOPIC-06	সমীকরণ থেকে লেখচিত্র অংকন সংক্রান্ত	★
TOPIC-07	সমীকরণ থেকে বিভিন্ন উপাদান বের করা সংক্রান্ত	★★
TOPIC-08	উপবৃত্তের পরামিতিক স্থানাঙ্ক সংক্রান্ত	★★
TOPIC-09	বিভিন্ন উপাদান থেকে উপবৃত্তের সমীকরণ নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-10	উপকেন্দ্র ও দিকাক্ষের দূরত্ব সংক্রান্ত	★★
TOPIC-11	স্পর্শক সম্পর্কিত	★★
TOPIC-12	জ্যা এর সমীকরণ নির্ণয় সংক্রান্ত	★★
TOPIC-13	সমীকরণ থেকে বিভিন্ন উপাদান নির্ণয় করা সংক্রান্ত	★★
TOPIC-14	অধিবৃত্তের পরামিতিক স্থানাঙ্ক সংক্রান্ত	★★
TOPIC-15	বিভিন্ন উপাদান থেকে অধিবৃত্তের সমীকরণ নির্ণয় করা সংক্রান্ত	★

সারাজীবনের সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- কনিকের সাধারণ সমীকরণ:
  $x^2 + y^2 + 2gx + 2fy + 2hxy + c = 0$
  $(ab - h^2) = 1$ হলে কনিকটি পরাবৃত্ত
  $0 < (ab - h^2) < 1$ হলে কনিকটি উপবৃত্ত
  $(ab - h^2) > 1$ হলে কনিকটি অধিবৃত্ত
  $a = b$, $h = 0$ হলে বৃত্ত
- উৎকেন্দ্রিকতা e হলে,
  $e = 1$ হলে কনিকটি পরাবৃত্ত
  $0 < e < 1$ হলে কনিকটি উপবৃত্ত
  $e > 1$ হলে কনিকটি অধিবৃত্ত
  $e = 0$ হলে বৃত্ত
  $e = \infty$ হলে জোড় সরলরেখা
- ফোকাস (α, β) নিয়ামকরেখা $ax + by + c = 0$, উৎকেন্দ্রিকতা e হলে কনিক সমীকরণ, $(x-\alpha)^2 + (x-\beta)^2 = e^2 \frac{(ax + by + c)^2}{a^2 + b^2}$

পরাবৃত্ত

- কোন দ্বিঘাত সমীকরণের দ্বিঘাত সম্বলিত পদগুলো পূর্ণবর্গ সৃষ্টি করলে এটি একটি পরাবৃত্ত
- $y = mx + c$ রেখাটি $y^2 = 4ax$ পরাবৃত্তকে স্পর্শ করবে যদি $c = \frac{a}{m}$ হয়
  স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{a}{m^2}, \frac{2a}{m}\right)$
- $y^2 = 4ax$ পরাবৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $yy_1 = 2a(x + x_1)$
- $y = mx + c$ রেখাটি $x^2 = 4ay$ পরাবৃত্তকে স্পর্শ করলে $c = -am^2$
  স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $(2am, am^2)$
- $x^2 = 4ay$ পরাবৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $xx_1 = 2a(y + y_1)$
- (x_1, y_1) বিন্দুটি $y^2 = 4ax$ পরাবৃত্তের, বাইরে অবস্থান করলে, $y_1^2 - 4ax_1 > 0$
  উপরে অবস্থান করলে, $y_1^2 - 4ax_1 = 0$
  ভেতরে অবস্থান করলে, $y_1^2 - 4ax_1 < 0$

- $\frac{|\text{অক্ষের সমীকরণ}|^2}{|\text{স্পর্শকের সমীকরণ}|} = 4$ |উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য|

পরাবৃত্তের আকার	$y^2 = 4ax$	$x^2 = 4ay$
শীর্ষবিন্দু	(0, 0)	(0, 0)
উপকেন্দ্র	(a, 0)	(0, a)
অক্ষরেখার সমীকরণ	y = 0	x = 0
নিয়ামকরেখার সমীকরণ	x + a = 0	y + a = 0
উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x = a	y = a
স্পর্শকের সমীকরণ	x = 0	y = 0
উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	4|a|	4|a|
উপকেন্দ্রিক লম্বের প্রান্তবিন্দু	(a ± 2a)	(± 2a, a)
(x, y) বিন্দুর উপকেন্দ্রিক দূরত্ব	x + a	y + a

উপবৃত্ত

- (x_1, y_1) বিন্দুটি $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ উপবৃত্তের,

বাইরে অবস্থান করলে, $\frac{x_1^2}{a^2} + \frac{y_1^2}{b^2} - 1 > 0$

উপরে অবস্থান করলে, $\frac{x_1^2}{a^2} + \frac{y_1^2}{b^2} - 1 = 0$

ভেতরে অবস্থান করলে, $\frac{x_1^2}{a^2} + \frac{y_1^2}{b^2} - 1 < 0$

- $y = mx + c$ রেখাটি $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ উপবৃত্তকে স্পর্শ করবে যদি $c^2 = a^2m^2 + b^2$ হয়।
- (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $\frac{xx_1}{a^2} + \frac{yy_1}{b^2} = 1$
- যেকোনো বিন্দুতে উপকেন্দ্রিক দূরত্বদ্বয়ের যোগফল বৃহৎ অক্ষের সমান।
- উপবৃত্তের সকল কেন্দ্রগামী জ্যা ঐ বিন্দুতে সমদ্বিখন্ডিত হয়।
- P(x, y) বিন্দুটি উপবৃত্তের উপর অবস্থিত হলে এর পরামিতিক স্থানাঙ্ক (acosθ, bsinθ)

পরামিতিক সমীকরণ, $x = a\cos\theta$, $y = b\sin\theta$

উপবৃত্তের আকার	$\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ (a > b)	$\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ (b > a)
কেন্দ্রের স্থানাঙ্ক	(0, 0)	(0, 0)
উৎকেন্দ্রিকতা	$e = \sqrt{1 - \frac{b^2}{a^2}}$	$e = \sqrt{1 - \frac{a^2}{b^2}}$
বৃহৎ অক্ষের দৈর্ঘ্য	2a	2b
ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্য	2b	2a
বৃহৎঅক্ষের সমীকরণ	y = 0	x = 0
ক্ষুদ্রঅক্ষের সমীকরণ	x = 0	y = 0
শীর্ষদ্বয়ের স্থানাঙ্ক	(± a, 0)	(0, ± b)
ফোকাসদ্বয়ের স্থানাঙ্ক	(± ae, 0)/ $(\pm\sqrt{a^2 - b^2}, 0)$	(0, ± be)/ $(0, \pm\sqrt{b^2 - a^2})$
ফোকাসদ্বয়ের দূরত্ব	$2ae = 2\sqrt{a^2 - b^2}$	$2be = 2\sqrt{b^2 - a^2}$
নিয়ামকরেখাদ্বয়ের সমীকরণ	$x = \pm\frac{a}{e}$	$y = \pm\frac{b}{e}$
উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	$\frac{2b^2}{a}$	$\frac{2a^2}{b}$
উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x = ± ae	y = ± be
ক্ষেত্রফল	π ab	π ab
উপকেন্দ্র ও অনুরূপ নিয়ামকের দূরত্ব	$\frac{a}{e} - ae$	$\frac{b}{e} - be$

অধিবৃত্ত

- (h, k) কেন্দ্র বিশিষ্ট অধিবৃত্তের সমীকরণ, $\frac{(x-h)^2}{a^2} - \frac{(y-k)^2}{b^2} = 1$
- $y = mx + c$ রেখাটি $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ অধিবৃত্তকে স্পর্শ করবে যদি $c^2 = a^2m^2 - b^2$ হয়।
- (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $\frac{xx_1}{a^2} - \frac{yy_1}{b^2} = 1$
- পরামিতিক স্থানাঙ্ক, (asecθ, btanθ)
- অধিবৃত্তের উপর কোন বিন্দু P(x,y) উপকেন্দ্রদ্বয় S, S' হলে |PS' − PS| = 2a

অধিবৃত্তের আকার	$\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$	$\frac{y^2}{b^2} - \frac{x^2}{a^2} = 1$
কেন্দ্রের স্থানাঙ্ক	(0, 0)	(0, 0)
উৎকেন্দ্রিকতা	$e = \sqrt{1 + \frac{b^2}{a^2}}$	$e = \sqrt{1 + \frac{a^2}{b^2}}$
আড় অক্ষের দৈর্ঘ্য	2a	2b
অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য	2b	2a
আড়অক্ষের সমীকরণ	y = 0	x = 0
অনুবন্ধী অক্ষের সমীকরণ	x = 0	y = 0
শীর্ষদ্বয়ের স্থানাঙ্ক	(±a, 0)	(0, ± b)
ফোকাসদ্বয়ের স্থানাঙ্ক	(±ae, 0) $(\pm\sqrt{a^2 + b^2}, 0)$	(0, ±be) $(0, \pm\sqrt{a^2 + b^2})$
ফোকাসদ্বয়ের দূরত্ব	$2ae = 2\sqrt{a^2 + b^2}$	$2ae = 2\sqrt{a^2 + b^2}$
নিয়ামকরেখাদ্বয়ের সমীকরণ	$x = \pm\frac{a}{e}$	$y = \pm\frac{b}{e}$
উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য	$\frac{2b^2}{a}$	$\frac{2a^2}{b}$
উপকেন্দ্রিক লম্বের সমীকরণ	x = ± ae $x = \pm\sqrt{a^2 + b^2}$	y = ± be $y = \pm\sqrt{a^2 + b^2}$
অধিবৃত্তের অসীমতট	$y = \pm\frac{b}{a}x$	$y = \pm\frac{b}{a}x$

- **MCQ এর জন্য বিশেষ সূত্র/কৌশল:**

কৌশল: $x^2 + gx + fy + c = 0$ এবং $y^2 + gx + fy + c = 0$ পরাবৃত্তের লম্বের দৈর্ঘ্য যথাক্রমে |f| এবং |g|

$ax^2 + by^2 + gx + fy + c = 0$ উপবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $\frac{2b}{\sqrt{a}}$, যখন a > b; $\frac{2a}{\sqrt{b}}$, যখন b > a.

- **কৌশল:** (α, β) শীর্ষবিন্দু ও (a, β) উপকেন্দ্র বিশিষ্ট পরাবৃত্তের সমীকরণ $(y-\beta)^2 = \pm 4|\alpha - a|(x - \alpha)$ যথাক্রমে $\alpha < a$ ও $\alpha > a$।

(α, β) শীর্ষবিন্দু ও (b, β) নিয়ামকরেখার পাদবিন্দু বিশিষ্ট পরাবৃত্তের সমীকরণ $(y-\beta)^2 = \pm 4|\alpha - a|(x - \alpha)$ যথাক্রমে $\alpha > b$ ও $\alpha <$ b।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. $y = 3x + 1$ রেখাটি $y^2 = 4ax$ পরাবৃত্তকে স্পর্শ করলে পরাবৃত্তটির উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কোনটি? [JU-A, Set-G: 2022-23]

A. 10 একক B. 11 একক
C. 12 একক D. 13 একক

SOWhy $y = 3x + 1$ ∴ m = 3 ; c = 1

এখন, $a = \frac{c}{m} \Rightarrow a = \frac{1}{3}$

∴ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য, $|4a| = 4.\frac{1}{3} = \frac{4}{3}$ একক

02. $y^2 = 9x$ পরাবৃত্তের (4, 6) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ কোনটি? [JU-A, Set-G: 2022-23]

A. $3x + 4y + 12 = 0$ B. $3x - 4y + 12 = 0$
C. $3x - 4y + 6 = 0$ D. $3x + 4y + 11 = 0$

S C Why $y^2 = 9x = 4\left(\frac{9}{4}\right)x \therefore a = \frac{9}{4}$

স্পর্শক: $y = mx + c \Rightarrow y = mx + \frac{a}{m}$; যা (4, 6) বিন্দুগামী

$\Rightarrow 6 = 4m + \frac{9}{4m} \Rightarrow 16m^2 - 24m + 9 = 0$

$\Rightarrow (4m)^2 - 2.4m.3 + (3)^2 = 0 \Rightarrow (4m - 3)^2 = 0 \Rightarrow 4m = \frac{3}{4}$

$\therefore$ স্পর্শকের সমীকরণ: $y = \frac{3}{4}x + \frac{\frac{9}{4}}{\frac{3}{4}} \Rightarrow y = \frac{3}{4}x + 3 \Rightarrow 3x - 4y + 12 = 0$

03. $5x^2 + 15x - 10y - 4 = 0$ পরাবৃত্তটির নিয়ামকের সমীকরণ কোনটি? [JU-A, Set-H: 2022-23]

A. $40x + 81 = 0$ B. $40y + 81 = 0$
C. $40y + 41 = 0$ D. $40x + 41 = 0$

S C Why $5x^2 + 15x - 10y - 4 = 0 \Rightarrow 5x^2 + 15x = 10y + 4$

$\Rightarrow 5\left(x^2 + 3x + \frac{9}{4}\right) = 10y + 4 + \frac{45}{4} \Rightarrow 5\left(x + \frac{3}{2}\right)^2 = 10\left(y + \frac{61}{40}\right)$

$\Rightarrow \left(x + \frac{3}{2}\right)^2 = 4.\frac{1}{2}\left(y + \frac{61}{40}\right)$

$\therefore$ নিয়ামকের সমীকরণ, $y + \frac{61}{40} = -\frac{1}{2}$

$\Rightarrow y = -\frac{1}{2} - \frac{61}{40} = \frac{-20 - 61}{40} \Rightarrow 40y + 81 = 0$

04. $y^2 = 4px$ পরাবৃত্তটি (3, 2) বিন্দু দিয়ে গমন করলে উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত একক? [JU-A, Set-H: 2022-23]

A. $\frac{4}{3}$ B. 4 C. 3 D. $\frac{3}{2}$

S C Why $y^2 = 4px$ যা (3, –2) বিন্দুগামী $\Rightarrow 4 = 12p$

$\Rightarrow p = \frac{1}{3} \therefore y^2 = 4.\frac{1}{3}.x \therefore$ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= |4a| = \frac{4}{3}$

05. $y^2 = 4x$ পরাবৃত্তের উপরিস্থিত P বিন্দুর কোটি 6 হলে ঐ বিন্দুর উপকেন্দ্রিক দূরত্ব কত? [JU-A, Set-N: 2022-23]

A. $3\sqrt{2}$ B. $2\sqrt{3}$ C. 10 D. $3\sqrt{5}$

S C Why $y^2 = 4.1.x \therefore a = 1$

কোটি $= 6 \therefore 6^2 = 4x \therefore x = 9$

উপকেন্দ্রিক দূরত্ব, $SP = a + x = 1 + 9 = 10$

06. $y^2 - 2x^2 = 2$ অধিবৃত্তের উৎকেন্দ্রিকতা কোনটি? [JU-A, Set-R: 2022-23]

A. $\sqrt{\frac{3}{2}}$ B. $2\sqrt{3}$
C. $3\sqrt{2}$ D. $\sqrt{\frac{2}{3}}$

S C Why $y^2 - 2x^2 = 2 \Rightarrow \frac{y^2}{2} - \frac{x^2}{1} = 1$

$e = \sqrt{1 + \frac{a^2}{b^2}} = \sqrt{1 + \frac{1}{2}} = \sqrt{\frac{3}{2}}$

07. $x = 4\sec\theta$, $y = 6\tan\theta$ হলে অধিবৃত্তের কার্তেসীয় সমীকরণ কোনটি? [JU-A, Set-R: 2022-23]

A. $\frac{x^2}{16} + \frac{y^2}{36} = 1$ B. $\frac{x^2}{16} - \frac{y^2}{36} = 1$
C. $\frac{x^2}{16} - \frac{y^2}{9} = 1$ D. $\frac{y^2}{9} - \frac{x^2}{25} = 1$

S B Why $x = 4\sec\theta \Rightarrow \sec\theta = \frac{x}{4}$ | $y = 6\tan\theta \Rightarrow \tan\theta = \frac{y}{6}$

আমরা জানি, $\sec^2\theta - \tan^2\theta = 1$

$\Rightarrow \left(\frac{x}{4}\right)^2 - \left(\frac{y}{6}\right)^2 = 1 \therefore \frac{x^2}{16} - \frac{y^2}{36} = 1$

08. $7y^2 = 3px$ পরাবৃত্তটি (2, 3) বিন্দু দিয়ে গমন করলে এর উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত একক? [JU-A, Set-K: 2022-23]

A. $\frac{9}{2}$ B. $\frac{3}{2}$ C. $\frac{7}{2}$ D. 9

S A Why $7y^2 = 3px$ পরাবৃত্তটি (2, 3) বিন্দুগামী হলে,

$\Rightarrow 7 \times 9 = 3 \times P \times 2 \Rightarrow 63 = 6P \therefore P = \frac{63}{6} = \frac{21}{2}$

$\therefore$ পরাবৃত্তটি $7y^2 = 3 \times \frac{21}{2}x \Rightarrow y^2 = \frac{9}{2}x$

$\therefore$ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $|4a| = \frac{9}{2}$ একক

09. $y^2 = 4x + 8y$ পরাবৃত্তটির শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [JU-A, Set-K: 2022-23]

A. (4, 0) B. (0, 4) C. (–4, 0) D. (–4, 4)

S A Why $y^2 - 8y = 4x \Rightarrow y^2 - 2.y.4 + (4)^2 = 4x + 16$

$\Rightarrow (y - 4)^2 = 4.1(x + 4) \Rightarrow Y^2 = 4.1.X$

$\therefore$ শীর্ষবিন্দু: $(X, Y) = (0, 0) \therefore X = 0 \Rightarrow x + 4 = 0 \Rightarrow x = -4$

$\therefore Y = 0 \Rightarrow y - 4 = 0 \Rightarrow y = 4$

10. $x^2 + 4x + 2y = 0$ পরাবৃত্তের শীর্ষ বিন্দু কোনটি? [JU-A, Set-L: 2022-23]

A. (–2, 2) B. (2, 2) C. (2, –2) D. (–2, –2)

S C Why $x^2 + 4x + 2y = 0 \Rightarrow x^2 + 2.2x + 2^2 = -2y + 4$

$\Rightarrow (x + 2)^2 = -2(y - 2) = 4\left(-\frac{1}{2}\right)(y - 2)$

$\therefore X = 0 \Rightarrow x + 2 = 0 = x = -2 \therefore Y = 0 \Rightarrow y - 2 = 0 \Rightarrow y = 1$

$\therefore$ শীর্ষ বিন্দু $= (-2, 2)$

11. $x^2 + 2y^2 = 4$ এর উপকেন্দ্র দুইটির স্থানাঙ্ক কত? [JU-A, Set-L: 2022-23]

A. $(\pm\sqrt{2}, 0)$ B. $(0, \pm\sqrt{2})$
C. $(0, \pm\sqrt{6})$ D. $(\pm\sqrt{6}, 0)$

S A Why $x^2 + 2y^2 = 4 \Rightarrow \frac{x^2}{2^2} + \frac{y^2}{(\sqrt{2})^2} = 1$

এখন, $e = \sqrt{1 - \frac{2}{4}} = \frac{\sqrt{2}}{2} = \frac{1}{\sqrt{2}}$

$\therefore$ উপকেন্দ্র $= (\pm ae, 0) \Rightarrow \left(\pm 2 \times \frac{1}{\sqrt{2}}, 0\right) \Rightarrow (\pm\sqrt{2}, 0)$

12. $3x^2 + 4y^2 = 12$ উপবৃত্তের উপকেন্দ্রিকতা কোনটি? [JU-A, Set-Q: 2022-23]

A. $\frac{1}{4}$ B. $\frac{1}{2}$
C. $\frac{3}{4}$ D. $\frac{\sqrt{3}}{2}$

S B Why $3x^2 + 4y^2 = 12 \Rightarrow \frac{x^2}{4} + \frac{y^2}{3} = 1 \therefore e = \sqrt{1 - \frac{3}{4}} = \sqrt{\frac{1}{4}}$

13. $16x^2 + 25y^2 = 400$ উপবৃত্তের উপকেন্দ্রিকতা কোনটি? [JU-A, Set-Q: 2022-23]

A. $\frac{1}{25}$ B. $\frac{1}{5}$
C. $\frac{13}{25}$ D. $\frac{3}{5}$

S C Why $16x^2 + 25y^2 = 400$

$\Rightarrow \frac{x^2}{25} + \frac{y^2}{16} = 1 \therefore e = \sqrt{1 - \frac{16}{25}} = \frac{3}{5}$

4. $4x^2 + 25y^2 = 100$ উপবৃত্ত দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? [JU-A, Set-F. 2021-22]

A. 10π B. 4π
C. 25π D. 100π

SCWhy $4x^2 + 25y^2 = 100 \Rightarrow \frac{x^2}{25} + \frac{y^2}{4} = 1$

$\Rightarrow \frac{x^2}{5^2} + \frac{y^2}{2^2} = 1 \therefore$ ক্ষেত্রফল $= \pi \times 5 \times 2 = 10\pi$

5. $\frac{x^2}{9} + \frac{y^2}{16} = 1$ উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা কত? [JU-A, Set-F. 2021-22]

A. $\frac{7}{\sqrt{7}}$ B. $\frac{\sqrt{7}}{4}$
C. $\sqrt{7}$ D. 4

SCWhy $\frac{x^2}{9} + \frac{y^2}{16} = 1 \therefore e = \sqrt{1 - \frac{9}{16}} = \frac{\sqrt{7}}{4}$

6. $\frac{x^2}{12} + \frac{y^2}{16} = 1$ উপবৃত্তটির উপকেন্দ্র দুইটির স্থানাঙ্ক কত? [JU-A, Set-F. 2021-22]

A. $(\pm 2, 0)$ B. $(0, \pm 2)$
C. $(\pm 2\sqrt{7}, 0)$ D. $(0, \pm 2\sqrt{7})$

SCWhy $\frac{x^2}{12} + \frac{y^2}{16} = 1 \Rightarrow \frac{x^2}{\sqrt{(12)}^2} + \frac{y^2}{4^2} = 1$

$\therefore e = \sqrt{1 - \frac{12}{16}} = \sqrt{\frac{4}{16}} = \frac{1}{2} \therefore$ উপকেন্দ্র $= (0, \pm 4 \times \frac{1}{2}) = (0, \pm 2)$

7. $y^2 - x^2 = 1$ অধিবৃত্তটির শীর্ষবিন্দু দুইটির স্থানাঙ্ক কত? [JU-A, Set-F. 2021-22]

A. $(0, \pm 1)$ B. $(\pm 1, 0)$
C. $(0, \pm 2)$ D. $(\pm 2, 0)$

SCWhy $y^2 - x^2 = 1;$
শীর্ষবিন্দু $(x, y) = (0, \pm b) = (0, \pm 1)$

8. $y^2 - x^2 = 1$ অধিবৃত্তটির উপকেন্দ্র দুইটির স্থানাঙ্ক কত? [JU-A, Set-L. 2021-22]

A. $(0, \pm 1)$ B. $(\pm 1, 0)$
C. $(\pm\sqrt{2}, 0)$ D. $(0, \pm\sqrt{2})$

SCWhy $y^2 - x^2 = 1 \therefore e = \sqrt{1 + \frac{1}{1}} = \sqrt{2}$

$\therefore$ উপকেন্দ্র $= (0, \pm be) = (0, \pm\sqrt{2})$

9. $\frac{y^2}{64} - \frac{x^2}{36} = 1$ অধিবৃত্তটির উৎকেন্দ্রিকতা কত? [JU-A, Set-L 2021-22, JU-A 20-21]

A. $\frac{5}{4}$ B. $\frac{4}{5}$
C. $\frac{\sqrt{28}}{8}$ D. $\frac{8}{\sqrt{28}}$

SCWhy $\frac{y^2}{8^2} - \frac{x^2}{6^2} = 1 \therefore e = \sqrt{1 + \frac{6^2}{8^2}} = \sqrt{\frac{64 + 36}{64}} = \frac{10}{8} = \frac{5}{4}$

10. $\frac{y^2}{64} - \frac{x^2}{36} = 1$ অধিবৃত্তটির শীর্ষবিন্দু দুইটির স্থানাঙ্ক কত? [JU-A, Set-M. 2021-22]

A. $(\pm 6, 0)$ B. $(\pm 8, 0)$
C. $(0, \pm 8)$ D. $(0, \pm 6)$

SCWhy $\frac{y^2}{64} - \frac{x^2}{36} = 1 \Rightarrow \frac{y^2}{8^2} - \frac{x^2}{6^2} = 1;$ শীর্ষ $(0, \pm 6)$

11. $y = 2x + b$ রেখাটি $y^2 = 16x$ পরাবৃত্তের স্পর্শক হলে b এর মান কত? [JU-A, Set-Q. 2021-22, BU. 18-19, DU. 96-97]

A. 1 B. 2
C. 3 D. 4

SCWhy $y = 2x + b$ রেখাটি $y^2 = 16x$ পরাবৃত্তের স্পর্শক হলে $b = \frac{4}{2} = 2$

22. $x^2 - 4x + 12y - 40 = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত? [JU-A, Set-O. 2021-22]

A. 12 B. 8
C. 6 D. 4

SCWhy $x^2 - 4x + 12y - 40 = 0$

$\Rightarrow x^2 - 4x + 4 = -12y + 40 + 4 \Rightarrow (x-2)^2 = -12\left(y - \frac{44}{12}\right)$

$\therefore$ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য $= |4a| = |-12| = 12$

23. $3y^2 = 5x$ পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাঙ্ক কোনটি? [JU-A, Set-Q. 2021-22]

A. (5/3, 0) B. (5/6, 0)
C. (5/12, 0) D. (0, 0)

SCWhy $3y^2 = 5x \Rightarrow y^2 = \frac{5}{3}x \therefore y^2 = 4.\frac{5}{12}x \therefore$ উপকেন্দ্র $= (\frac{5}{12}, 0)$

24. $y^2 - 8x - 6y - 23 = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাঙ্ক কত? [JU-A, Set-M. 2021-22]

A. (−2, 3) B. (−4, 3) C. (0, 3) D. (−6, 3)

SCWhy $y^2 - 8x - 6y - 23 = 0$

$\Rightarrow y^2 - 2.3y + 3^2 = 8x + 23 + 9 \Rightarrow (y-3)^2 = 8x + 32$

$\Rightarrow (y-3)^2 = 8(x+4) \Rightarrow (y-3)^2 = 4.2(x+4)$

উপকেন্দ্র $(X, Y) = (a, 0) \therefore x + 4 = 2 \therefore x = -2$

$y - 3 = 0 \therefore y = 3 \therefore (x, y) = (-2, 3)$

25. $y^2 = 2(x + 3)$ পরাবৃত্তের শীর্ষবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [JU-A, Set-O. 2021-22]

A. (3, 0) B. (0, 3)
C. (−3, 0) D. (0, −3)

SCWhy $y^2 = 2(x + 3)$
শীর্ষবিন্দুতে $(X, Y) = (0, 0)$
$\therefore x + 3 = 0 \Rightarrow x = -3 \quad |y' = 0$
$\therefore (x, y) = (-3, 0)$

26. $y^2 + 8x - 2y - 23 = 0$ পরাবৃত্ত এর উপকেন্দ্র কোনটি? [JU-A 20-21]

A. (1,2) B. (3,1)
C. (5,1) D. (1,1)

SCWhy $y^2 + 8x - 2y - 23 = 0 \Rightarrow y^2 - 2.1.y + 1^2 + 8x - 24 = 0$

$\Rightarrow (y-1)^2 = -8(x-3)$

$\Rightarrow (y-1)^2 = -4.2(x-3)$ .....(i)

সমীকরণকে আদর্শ সমীকরণের সাথে তুলনা করে পাই,

$(y-\beta)^2 = 4x(x-\alpha) \therefore$ উপকেন্দ্র $= (a + \alpha, \beta) = (-2 + 3, 1) = (1, 1)$

27. $3x^2 + 2y^2 = 6$ উপবৃত্তটির উৎকেন্দ্রিকতা কত? [JU-A 20-21]

A. $\frac{5}{\sqrt{3}}$ B. $\frac{2}{\sqrt{3}}$
C. $\frac{1}{\sqrt{3}}$ D. $\sqrt{3}$

SCWhy $3x^2 + 2y^2 = 6 \Rightarrow \frac{x^2}{2} + \frac{y^2}{3} = 1$

$\Rightarrow \frac{x^2}{(\sqrt{2})^2} + \frac{y^2}{(\sqrt{3})^2} = 1 \therefore e = \sqrt{1 - \frac{2}{3}} = \sqrt{\frac{3-2}{3}} = \frac{1}{\sqrt{3}}$

28. $3x^2 + 2y^2 = 6$ উপবৃত্ত (Ellipse) টির উপকেন্দ্র (focus) দুইটির স্থানাঙ্ক কত? [JU-A 20-21]

A. $(0, \pm\sqrt{3})$ B. $(\pm\sqrt{3}, 0)$
C. $(0, \pm 1)$ D. $(\pm 1, 0)$

SCWhy $3x^2 + 2y^2 = 6 \Rightarrow \frac{x^2}{2} + \frac{y^2}{3} = 1$

$\therefore e = \sqrt{1 - \frac{2}{3}} = \frac{1}{\sqrt{3}}$

$\therefore$ উপকেন্দ্র $= \left(0, \pm\sqrt{3} \times \frac{1}{\sqrt{3}}\right) = (0, \pm 1)$

29. $x^2 - 8x + 2y + 7 = 0$ পরাবৃত্তের শীর্ষবিন্দুর স্থানাংক কোনটি? [JU-D. 19-20; IU. 18-19]

A. (0, 2) B. (2, 1)
C. $\left(4, \frac{9}{2}\right)$ D. (2, 4)

SCWhy $x^2 - 8x + 2y + 7 = 0 \Rightarrow x^2 - 8x = -2y - 7$
$\Rightarrow x^2 - 2.4.x + 4^2 = -2y - 7 + 16 \Rightarrow (x-4)^2 = -2y + 9$
$\Rightarrow (x-4)^2 = -2\left(y - \frac{9}{2}\right)$ শীর্ষবিন্দু: (X, Y) = (0, 0)
$\Rightarrow \left(x-4, y-\frac{9}{2}\right) = (0, 0); (x, y) = \left(4, \frac{9}{2}\right)$

30. $x^2 + 4x + y^2 + 6y + 1 = 0$ সমীকরণটি একটি উপবৃত্ত হলে এর কেন্দ্রের স্থানাংক কত? [JU-H. 19-20]

A. (–2, 3) B. (4, 9)
C. (–2, –3) D. (1, –3)

SCWhy $x^2 + 4x + y^2 + 6y + 1 = 0$
$\Rightarrow x^2 + 2.x.2 + 2^2 + y^2 + 2.y.3 + 3^2 + 1 - 13 = 0$
$\Rightarrow (x+2)^2 + (y+3)^2 = 12$ ∴ কেন্দ্র (–2, –3)

31. $xy = 2$ সমীকরণটি হবে- [JU. 18-19; RU. 09-10; SUST. 08-09]

A. বৃত্ত B. পরাবৃত্ত
C. উপবৃত্ত D. অধিবৃত্ত

SDWhy $xy = a$ অধিবৃত্তের সমীকরণ।

32. $y^2 - x^2 = 4$ সমীকরণটি হবে- [JU. 18-19]

A. বৃত্ত B. অধিবৃত্ত C. পরাবৃত্ত D. উপবৃত্ত

SBWhy $y^2 - x^2 = 4$
একটি অধিবৃত্তের সমীকরণ কারণ x^2 ও y^2 এর সহগ বিপরীত চিহ্নযুক্ত।

33. $x^2 - 4x + 12y - 40 = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য কত? [JU. 18-19; RU. 18-19]

A. 4 B. 6
C. 8 D. 12

SDWhy $x^2 - 4x + 12y - 40 = 0$
$\Rightarrow x^2 - 4x + 4 = -12y + 40 + 4$
$\Rightarrow (x-2)^2 = -12\left(y - \frac{44}{12}\right)$
∴ উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য = $|4a| = |-12| = 12$

34. p এর মান কত হলে $4x^2 + 4y^2 = 80$ উপবৃত্তটি $(0, \pm 4)$ বিন্দু দিয়ে যাবে? [JU. 18-19]

A. 4 B. 6
C. 8 D. 5

SDWhy $4x^2 + 4y^2 = 80$ উপবৃত্ত $(0, \pm 4)$ বিন্দুগামী হলে,
∴ $4 \times 0 + p \times 16 = 80$ ∴ $p = 5$

35. একটি উপবৃত্তের উপকেন্দ্রিক লম্ব ক্ষুদ্র অক্ষের অর্ধেক; e এর মান কোনটি? [JU. 17-18; CU. 11-12; RU. 08-09; BU. 18-19]

A. $\frac{2}{\sqrt{3}}$ B. $\frac{1}{\sqrt{3}}$
C. $\frac{\sqrt{3}}{2}$ D. $\frac{3}{\sqrt{2}}$

SCWhy $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$
উপবৃত্তের উপকেন্দ্রিক লম্ব = $\frac{2b^2}{a}$ এবং ক্ষুদ্র অক্ষ = 2b;
প্রশ্নমতে, $\frac{2b^2}{a} = b$ ∴ $\frac{b}{a} = \frac{1}{2}$
∴ $e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} = \sqrt{1 - \frac{1}{4}} = \frac{\sqrt{3}}{2}$ **Ans.**

36. $y^2 - 6x + 4y + 10 = 0$ পরাবৃত্তের অক্ষের সমীকরণ কোনটি? [JU. 17-18; JKKNIU. 19-20; NSTU. 18-19]

A. $x = 1$ B. $x + 1 = 0$
C. $y = 0$ D. $y + 2 = 0$

SDWhy $y^2 - 6x + 4y + 10 = 0$
বা, $y^2 + 2.y.2 + 2^2 = 6x - 10 + 4$
বা, $(y+2)^2 = 6(x-1) = 4.\frac{3}{2}(x-1)$
∴ অক্ষের সমীকরণ, $y + 2 = 0$

37. $3x^2 - 7y = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাংক কত? [JU. 17-18]

A. $(\frac{7}{31})$ B. $(\frac{7}{12}, 0)$
C. $(0, \frac{7}{12})$ D. (1, 7)

SCWhy $3x^2 - 7y = 0$
$\Rightarrow 3x^2 = 7y \Rightarrow x^2 = \frac{7y}{3} = 4 \times \frac{7y}{12}$
উপকেন্দ্রের স্থানাংক (X, Y) = (0, a)
$\Rightarrow (x, y) = \left(0, \frac{7}{12}\right)$

38. সরলরেখা $y = kx - 1$ বক্ররেখা $y = x^2 + 3$ বক্ররেখার স্পর্শক হলে k এর একটি মান- [JU. 17-18, DU. 15-16, 07-08, JaU. 17-18]

A. 1 B. $2\sqrt{2}$
C. 3 D. 4

14. কোন বলের উপর একই দিকে ক্রিয়াশীল দুইটি বলের লব্ধি হলে-
(a) বলদ্বয়ের সমান (b) বিয়োগফলের সমান
(c) গুণফলের সমান (d) বিয়োগফলের বিপরীত

15. 12N ও 8N দুটি সমান্তরাল বল 10 মিটার লম্বা একটি হালকা সরল দণ্ডের দুই প্রান্তে কার্যরত হয়। দণ্ডের কত দূরত্বে লব্ধি বলদ্বয়ের ক্রিয়া রেখা
(a) 2 মিটার (b) 4 মিটার
(c) 6 মিটার (d) 8 মিটার

16. একজন লোক তার কাঁধে অনুভূমিকভাবে রক্ষিত 6 ফুট দীর্ঘ একটি সমমিতি বাহুর দণ্ডের প্রান্তে W ওজনের একটি বস্তু বহন করছে। কাঁধের উপর চাপের পরিমাণ যদিতে ওজনের তিন গুণ হয় তবে কাঁধ হতে হাতের দূরত্ব হবে-
(a) 3 feet (b) 4 feet
(c) 2 feet (d) 1 feet

17. P =?, Q = ?



(a) P = 36, Q = 48 (b) P = 48, Q = 36
(c) P = 12, Q = 12 (d) P = 36, Q = 12






18. দুইটি লিপিবদ্ধুরী সমান্তরাল বলের লব্ধি 10N। লব্ধি হতে একটি হতে 3m এবং অপরটি হতে 5m দূরে ক্রিয়া করে। বলদ্বয়ের মান কত?
(a) 25N, 15N (b) 10N, 25N
(c) 15N, 20N (d) 10N, 20N

19. দুইটি লিপিবদ্ধুরী বলদ্বয়ের লব্ধি 12 units এবং ইহা বলদ্বয় হতে যথাক্রমে 3 units এবং 4 units দূরে ক্রিয়াশীল। বলদ্বয়ের মান কত?
(a) 48 and 36 units (b) 48 and 48 units
(c) 40 and 36 units (d) 40 and 40 units
E. 40 and 48 units

20. কোন বিন্দু বা কেন্দ্রের চতুর্দিকে কোন বলের ভ্রামকই শূন্য?
(a) অভিলম্ব বলের দূরত্ব (b) অভিলম্ব বল
(c) বল × বলের দূরত্ব (d) বল × দূরত্ব

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	B	সূত্রমতে, $R^2=P^2+Q^2+2PQ\cos\alpha$ $\Rightarrow(2\sqrt{5})=2^2+(2\sqrt{2})^2+2\times2\times2\times\sqrt{2}\cos\alpha$ $\Rightarrow 20=4+8+8\sqrt{2}\cos\alpha \Rightarrow 8=8\sqrt{2}\cos\alpha°$ $\Rightarrow\cos\alpha=\frac{1}{\sqrt{2}}\Rightarrow\alpha=45°$ এখানে, $R=2\sqrt{5}$ $Q=2\sqrt{2}$ $P=2$
02	B	লব্ধির মান, $R=\sqrt{8^2+3^2+2.8.3.\cos60°}$ $=\sqrt{64+9+48.\frac{1}{2}}=\sqrt{97}$
03	A	লব্ধির মান, $R=\sqrt{(\sqrt{3})^2+(\sqrt{3})^2+2.(\sqrt{3}).(\sqrt{3})\cos120°}$ $=\sqrt{3}$ units
04	B	মনে করি, একটি বল P. তাহলে, অপরটি 2P. বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ α প্রশ্নমতে, $\tan90°=\frac{2P\sin\alpha}{P+2P\cos\alpha}$ $\Rightarrow P+2P\cos\alpha=0$ $\Rightarrow\cos\alpha=-\frac{1}{2}=\cos120°\therefore\alpha=120°$
05	A	বলদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ α হলে, $4^2=2^2+3^2+2.2.3\cos\alpha$ $\Rightarrow 12\cos\alpha=(16-13)=3$ $\Rightarrow\cos\alpha=\frac{1}{4}\therefore\alpha=\cos^{-1}\left(\frac{1}{4}\right)$
06	A	যদি, P ও 2P মানের দুইটি বলের অন্তর্ভুক্ত কোণ α এবং লব্ধি P ও α কোণে θ কোণ উৎপন্ন করে। $\therefore$ প্রশ্নমতে, $\tan\theta=\frac{2P\sin\alpha}{P+2P\cos\alpha}$ এবং $\tan\theta=\frac{(2P+8)\sin\alpha}{2P+(2P+8)\cos\alpha}$ $\because\frac{2P\sin\alpha}{P+2P\cos\alpha}=\frac{(2P+8)\sin\alpha}{2P+(2P+8)\cos\alpha}$ $\Rightarrow\frac{1}{1+2\cos\alpha}=\frac{4}{P+8\cos\alpha}$ $\therefore P=4$ (Ans) বিকল্প: P এবং Q মানের দুইটি বল α কোণে ক্রিয়াশীল এবং P ও 2P এর পরিবর্তে P ও Q বলদ্বয় ক্রিয়া করলে যদি লব্ধি ও অপরিবর্তিত থাকে তাহলে $\frac{P}{Q}=\frac{P}{Q}\cdot\frac{P}{2P}=\frac{2P}{2P+8}$ $\therefore P=4$ (Ans)
07	B	যদি, বলদ্বয় P এবং Q প্রথম ক্ষেত্রে $\alpha=90°$ $\because R^2=P^2+Q^2$ $\Rightarrow P^2+Q^2=13$ ২য় ক্ষেত্রে $\alpha=120$ $\therefore R^2=P^2+Q^2-PQ$ $7=P^2+Q^2-PQ$ $\Rightarrow PQ=13-7\Rightarrow PQ=6$ Option b অনুযায়ী $3\times2=6$ এবং $3^2+2^2=13$ তাই উত্তর B
08	C	3P, 5P ও 7P বলত্রয় সমান্তর ধরা গঠন করে যার সাধারণ অন্তর 2P $\therefore$ বলত্রয়ের লব্ধি $=\sqrt{3}\times2P=2\sqrt{3}P$
09	C	7, 13, 19 একক মানের বলত্রয়ের সমান্তর ধরা গঠন করে যার সাধারণ অন্তর 6 N $\therefore$ লব্ধি $=\sqrt{3}\times$ বলত্রয়ের সাধারণ অন্তর $=\sqrt{3}\times6=6\sqrt{3}$N

		ব্যাখ্যা
৯	A	তারের উপর চাপ = R $\therefore R = \frac{wl}{x} = \frac{w(1+0.5)}{0.5}$ $= \frac{w \times 1.5}{0.5} = 3w$ 
১০	A	লামির উপপাদ্য $\frac{P}{\sin\alpha} = \frac{Q}{\sin\beta} = \frac{R}{\sin\gamma}$
১১	B	একটি ত্রিকৃজের তিনটি বাহু দ্বারা তিনটি বলকে নিয়ে, মান ও একই ক্রম প্রকাশ করতে হলে যে কোন দুটি বলের লোপকল তৃতীয়টি অপেক্ষা সূক্ষ্ম হতে হয়।
১২	D	$\angle AIB = 180° - \left(\frac{A}{2} + \frac{B}{2}\right) = 180° - \left(90° + \frac{C}{2}\right)$
১৩	A	কোন বলের উপর একই দিকে ভিন্নমানের দুটি বলের লব্ধি বলের লোকক্রম বলের সমান।
১৪	B	সূক্ষ্ম বল হতে লব্ধির ভিন্নবিন্দুর দূরত্ব = AC   $\therefore \frac{12}{BC} = \frac{8}{AC}$ $\Rightarrow \frac{12}{AB - AC} = \frac{8}{AC}$ $\Rightarrow 12AC = 8(AB - AC)$ $\Rightarrow 12AC = 8.10 - 8AC$ [$\because$ AB = 10 মিটার] $\Rightarrow 20AC = 80 \Rightarrow AC = 4$ মিটার
১৫	C	ধরি, কীল হতে হাতের দূরত্ব, x $W.(6-x) = 2w.x \Rightarrow 6 - x = 2x$ $\Rightarrow 6 = 3x \therefore x = 2$ 
১৭	B	সোপান, লব্ধি P − Q = 12 এবং এর দিক P বলের সমান বিপরীত সোপান, P > Q অপশন (B) হতে, P − Q = 48 − 36 = 12.
১৮	A	এখানে, AB = 3m; AC = 5m $\therefore$ BC = 2m আবার, $\frac{P}{AC} = \frac{Q}{AB} = \frac{10}{BC}$ এখন, $\frac{P}{AC} = \frac{10}{BC}$ $\Rightarrow \frac{P}{5} = \frac{10}{2} \therefore P = 25$ এবং, $\frac{Q}{AB} = \frac{10}{BC}$ $\Rightarrow \frac{Q}{3} = \frac{10}{2} \therefore Q = 15$ $\because$ বলদ্বয় 25,15 N 
১৯	A	দেওয়া আছে, AB = 4 BC = 3 $\therefore$ AC = (4 − 3) = 1; পাইথাগোরাস, $\frac{P}{BC} = \frac{Q}{AB} = \frac{12}{AC}$ $\Rightarrow \frac{P}{BC} = \frac{12}{AC} \Rightarrow \frac{P}{3} = \frac{12}{1}$ $\Rightarrow P = 36$ $\therefore$ বলদ্বয় 48,36 আবার, $\frac{Q}{AB} = \frac{12}{AC}$ $\Rightarrow \frac{Q}{4} = 12 \therefore Q = 48$
২০	C	কোন বিন্দু বা ক্রমের চতুর্দিকে কোন বলের ভ্রামকত্ব = বল × লম্ব দূরত্ব

সমতলে চলমান বস্তুর গতি

কি পড়বে? কেন পড়বে? কতটুকু পড়বে?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	বেগের সমন্বিতির সূত্র সংক্রান্ত সমস্যাবলী	★★★
TOPIC-02	দৌড়, নদী ও স্রোত সংক্রান্ত	★★
TOPIC-03	গাড়ীসহ, আপেক্ষিক বেগ সংক্রান্ত	★★★
TOPIC-04	পথিক সাপেক্ষে বৃষ্টিফোঁটার বাস্তবের সংক্রান্ত	★★★
TOPIC-05	x-অক্ষ বেগের অভিক্রান্ত দূরত্ব	★
TOPIC-06	বৃত্তাকার ট্রাকের চক্কর বেগ, সময় ও সংখ্যা সংক্রান্ত	★★★
TOPIC-07	ঢালুপথে নিক্ষিপ্তপ্রাসের পতিতাক্রান্ত সমস্যাবলী	★★★
TOPIC-08	ঢালে নিক্ষিপ্ত/পড়ন্ত বস্তুর গতি বিষয়ক	★★
TOPIC-09	h-উচ্চতা হতে উর্ধ্বে নিক্ষিপ্ত বস্তুর গতি	★★★
TOPIC-10	শব্দ শোনার ভিত্তিতে উচ্চতা/গভীরতা সংক্রান্ত	★★
TOPIC-11	বায়ু-প্রতিরোধ, ইয়ুর-বিন্দুক, বায়ু-বাধা সংক্রান্ত	★★★

সংক্ষেপে সব কথা | বুলেটে বিজ্ঞান | AT A GLANCE

- পদার্থবিজ্ঞানের সমস্যাসমূহ সমাধানের জন্য প্রয়োজনীয় সূত্র ও প্রক্রিয়াসমূহ:

- পথিকের ও বৃষ্টি:
  - $V_{mm}^2 + V_{mm}^2 = 2v^2$
  - $V_{mm} = u - v$
  - $V = \sqrt{u^2 + v^2}$

- গড় বেগ নির্ণয়:

  কোন স্থানে যাবার বেগ = u, আসার বেগ = v হলে গড় বেগ = $\frac{2uv}{u+v}$

- নিক্ষিপ্ত/পড়ন্ত বস্তুর গতি:
  - ভূমির উর্ধ্বে h উচ্চতা হতে u বেগে উলম্বভাবে উপরে নিক্ষিপ্ত একটি বস্তু t সময়ে ভূমিতে v বেগে পতিত হলে- $h = -ut + \frac{1}{2}gt^2$; $v = -u + gt$
  - পড়ন্ত বস্তু পতনের শেষ 1 sec এ h দূরত্ব অতিক্রম করলে পতনের মোট সময় = $\left(\frac{1}{2} + \frac{h}{gt}\right)$ sec

- প্রাসবেগ:
  - সর্বোচ্চ উচ্চতা, $H = \frac{u^2 \sin^2\alpha}{2g}$
  - অনুভূমিক দূরত্ব $d = u\cos\alpha.t$
  - উলম্ব দূরত্ব, $h = u\sin\alpha.t - \frac{1}{2}gt^2$
  - পতনকাল বা উড্ডয়নকাল, $t = \frac{u\sin\alpha}{g}$
  - প্রমনকাল, $T = \frac{2u\sin\alpha}{g}$
  - অনুভূমিক পাল্লা, $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$
  - সর্বোচ্চ অনুভূমিকপাল্লা, $R_{max} = \frac{u^2}{g}$
  - $\frac{4H}{R} = \tan\alpha$

☛ স্রোত সংক্রান্ত সমস্যাবলী:

- স্রোতের অনুকূলে বেগ = u + v
- ন্যূনতম দূরত্বে নদী পার হতে লব্ধি বেগ = $\sqrt{u^2+v^2}$
- নদী পার হতে সময় $t = \frac{s}{\sqrt{u^2+v^2}}$
- তীরের সাথে সাঁতারু বা নৌকার বেগের মধ্যবর্তী কোণ $\alpha = \cos^{-1}(-\frac{\text{স্রোতের বেগ}}{\text{সাঁতারুর বেগ}})$
- স্রোতের প্রতিকূলে বেগ = u − v
- স্বল্পতম সময়ে নদী পার হওয়ায় সময়, $t = \frac{s}{u\sin\alpha}$

▣ তক্তা সংক্রান্ত সমস্যাবলী:

☛ বেগের মান = $\sqrt{\text{ভেদকৃত তক্তার সংখ্যা}}$:

- যখন হারানো বেগ = $\frac{1}{2}$ বা আদিবেগের অর্ধেক তখন দূরত্ব বা সরণ = $\frac{S}{3}$ [S = আদি সরণ]
- S একক অতিক্রম করার পরে বুলেটে বেগ আদিবেগের $\frac{1}{n}$ অংশ হলে বুলেট আরো যেতে পারবে $\frac{S}{n^2-1}$ একক।

☛ আপেক্ষিক বেগ সংক্রান্ত:

- দুটি বস্তু যখন একই দিকে গমন করে, তখন–
  A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ = $V_B - V_A$ এবং
  B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ = $V_A - V_B$
- দুটি বস্তু যখন পরস্পর বিপরীত দিকে গমন করে, তখন–
  A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ = $V_A + V_B$ এবং
  B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ = $V_A + V_B$

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. একটি ট্রেন t সেকেন্ডে $3t + \frac{t^2}{8}$ মিটার পথ যায়। 5 মিনিট পর ট্রেনটির বেগ কত? [JU-A, Set-G: 2022-23]

A. 78 m/s B. 87 m/s C. 75 m/s D. 85 m/s

S(A)Why $s = 3t + \frac{t^2}{8} \therefore v = \frac{ds}{dt} = 3 + \frac{t}{4}$

$t = 5 \times 60 = 300s$ হলে, $v = 3 + \frac{300}{4} = 3 + 75 = 78$ m/s

02. একটি কণা স্থিরাবস্থা থেকে যাত্রা করে 3 সেকেন্ডে 18 মিটার অতিক্রম করলে 4^{th} সেকেন্ডে কত পথ অতিক্রম করবে? [JU-A, Set-G: 2022-23; 18-19]

A. 12m B. 14m C. 16m D. 20m

S(B)Why $u = 0\ ms^{-1}$

$s = u + \frac{1}{2}at^2 \Rightarrow 18 = 0 + \frac{1}{2}.a(3)^2 \Rightarrow a = 4\ ms^{-2}$

$\therefore s_{4th} = 0 + \frac{1}{2} \times 4(2 \times 4 - 1) = 14m$

03. একটি কণা স্থিরাবস্থা হতে যাত্রা করে সমত্বরণে চলে 8র্থ সেকেন্ডে 14m দূরত্ব অতিক্রম করে। ৮ম সেকেন্ডে এ কণাটি কত দূরত্ব অতিক্রম করবে? [JU-A, Set-H: 2022-23]

A. 30m B. 32m C. 35m D. 40m

S(A)Why $s = u + \frac{1}{2}a(2t-1)$ | $s = 14m$, $u = 0\ ms^{-1}$, $t = 45$

$\Rightarrow 14 = 0 + \frac{1}{2}a(2 \times 4 - 1) \Rightarrow a = \frac{14 \times 2}{7} = 4\ ms^{-2}$

$t = 8$ sec হলে, $S = u + \frac{1}{2}a(2t-1)$

$= 0 + \frac{1}{2} \times 4(2 \times 8 - 1) = 30$ m

04. একটি কণাকে a m/sec আদিবেগে আনুভূমিক রেখার সঙ্গে 30° কোণে প্রক্ষেপ করা হল। কণাটির সর্বাধিক উচ্চতা কত m? [JU-A, Set-S: 2022-23]

A. $\frac{a^2}{2g}$ B. $\frac{a^2}{4g}$ C. $\frac{a^2}{8g}$ D. $\frac{a^2}{2g^2}$

S(C)Why সর্বাধিক উচ্চতা $H = \frac{u^2\sin^2\theta}{2g} = \frac{a^2\sin^2 30°}{2g} = \frac{a^2}{8g}$

05. মন্দনের ক্ষেত্রে গতির সমীকরণ কোনটি? [JU-A, Set-N: 2022-23]

A. $s = u + \frac{1}{2}f(2t-1)$ B. $s = u - \frac{1}{2}f(2t-1)$

C. $s = ut - \frac{1}{2}f(t-1)$ D. $s = u - \frac{1}{2}f(2t+1)$ Ans

06. একটি কণা স্থিরাবস্থা থেকে $2m/sec^2$ ধ্রুব ত্বরণে যাত্রা করে তৃতীয় সেকেন্ডে কত পথ অতিক্রম করবে? [JU-A, Set-N: 2022-23]

A. 4m B. 5m

C. 6m D. 7m

S(B)Why $S = u + \frac{1}{2}a(2t-1) = 0 + \frac{1}{2} \times 2(2 \times 3 - 1) = 5$ m

07. ভূমি হতে v বেগে খাড়া উপরের দিকে নিক্ষিপ্ত বস্তুর সর্বাধিক উচ্চতা কোনটি? [JU-A, Set-R: 2022-23]

A. $\frac{v}{g}$ B. $\frac{v}{2g}$ C. $\frac{v^2}{g}$ D. $\frac{v^2}{2g}$

S(D)Why আমরা জানি, $H = \frac{u^2}{2g} \therefore H = \frac{v^2}{2g}$

08. একটি কণা $60cm/sec^2$ সমত্বরণে চলে এগারো তম সেকেন্ডে 720cm দূরত্ব অতিক্রম করলে। কণাটির আদিবেগ কোনটি? [JU-A, Set-R: 2022-23; 19-20]

A. 72cm/sec B. 80cm/sec

C. 90cm/sec D. 120cm/sec

S(C)Why $s = u + \frac{1}{2}a(2t-1)$ | $t = 11$ sec, $a = 60\ cm/sec^2$, $s = 720$ cm

$\Rightarrow 720 = u + \frac{1}{2} \times 60(2 \times 11 - 1)$

$\Rightarrow u = 720 - (30 \times 21) \Rightarrow u = 90$ cm/sec

09. স্রোতের বেগের দ্বিগুণ বেগে স্রোতের সাথে কত ডিগ্রী কোণে সাঁতার কেটে প্রবাহমান একটি নদী সোজা পথে পাড়ি দেয়া যাবে? [JU-H. 19-20; CU-F. 19-20]

A. 180° B. 90°

C. 45° D. 120°

S(D)Why $\cos\alpha = -\frac{\text{স্রোতের বেগ}}{\text{সাঁতারুর বেগ}} = -\frac{v}{2v}$

$\therefore \alpha = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120°$

10. মিনারের শীর্ষ থেকে 19.5 m/sec বেগে খাড়া উপরে নিক্ষিপ্ত পাথর 5 sec সময়ে নিচে পড়লে মিনারের উচ্চতা কত? [JU-H. 19-20, 15-16]

A. 18 m B. 10 m

C. 25 m D. 40 m

S(C)Why $h = -ut + \frac{1}{2}gt^2$

$\Rightarrow h = -19.5 \times 5 + \frac{1}{2} \times 9.8 \times 5^2 \therefore h = 25$ m

11. স্থিরাবস্থান হতে একটি গাড়ি সোজা পথে $8m/sec^2$ সমত্বরণে চলছে। গাড়ি 100m দূরে দাঁড়ানো একজন লোককে কত বেগে অতিক্রম করবে? [JU-D. 19-20]

A. 30 m/sec B. 40 m /sec

C. 45 m/sec D. 50 m/sec

S(B)Why আমরা জানি, | $u = 0$, $a = 8ms^{-2}$, $s = 100$ m, $v = ?$

$v^2 = u^2 + 2as$

$\Rightarrow v^2 = 2 \times 8 \times 100$

$\Rightarrow v^2 = 1600 \therefore v = 40\ ms^{-1}$

12. কোন প্রক্ষেপকের আদি নিক্ষেপণ বেগ দ্বিগুণ বৃদ্ধি করা হলে নিচের কোনটি সঠিক? [JU. 18-19]

A. আনুভূমিক পাল্লা দ্বিগুণ হবে
B. আনুভূমিক পাল্লা তিনগুণ হবে
C. আনুভূমিক পাল্লা চারগুণ হবে
D. কোনটি নয়

S C Why আনুভূমিক পাল্লা $R = \frac{u^2 \sin 2\alpha}{g}$ $\therefore R \propto u^2$

$\therefore$ নিক্ষেপণ বেগ দ্বিগুণ বৃদ্ধি করা হলে আনুভূমিক পাল্লা চার গুণ হবে।

13. একটি ট্রেন স্থিরাবস্থা হতে 4 ft/sec^2 ত্বরণে চলা শুরু করার পর ঘণ্টায় 30 মাইল বেগে যেতে তার কত second লাগবে? [JU-A. 16-17]

A. 8 B. 9 C. 10 D. 11

S D Why $v = 30 \text{ mile/h} = \frac{30 \times 1760 \times 3}{3600} = 44 \text{ ft/s}$

$\therefore v = u + at \Rightarrow 44 = 0 + 4t$

$\Rightarrow t = 11 \text{ sec}$

14. একটি বস্তু 9.8m/sec বেগে 30 ডিগ্রী কোণে 9.8 মিটার বাড়ির ছাদের উপর থেকে নিক্ষেপ করা হলো। কতক্ষণ পর বস্তুটি ভূমিতে পড়বে? [JU. 16-17]

A. 4 sec B. 2 sec C. 6 sec D. 1 sec

S D Why $h = u \sin \alpha t + \frac{1}{2} gt^2$

$\Rightarrow 9.8 = 9.8 \sin 30° \, t + \frac{1}{2} 9.8 \times t^2$

$\Rightarrow 9.8 = 9.8 \left(\sin 30° \, t + \frac{1}{2} t^2 \right)$

$\Rightarrow 1 = \frac{1}{2} t^2 + \frac{1}{2} t \Rightarrow t = 1 \text{ sec}$

15. 36 কে.জি. ভরের একটি বস্তুর উপর কি পরিমাণ বল প্রয়োগ করলে এক মিনিটে এর বেগ ঘণ্টায় 15 কি.মি. বৃদ্ধি পাবে? [JU. 15-16; KU. 17-18]

A. 2.5 N B. 2 N C. 3.5 N D. 3 N

S A Why প্রযুক্ত বল $F = ma = 36 \times \frac{15 \times 1000}{60 \times 60 \times 60} = 2.5 \text{ N}$

16. কোন বস্তুর গড় বেগ বলতে বুঝায় আদি ও শেষ বেগের- [JU. 15-16]

A. ভাগফল B. গুন C. পার্থক্য D. গড়

S D Why কোন বস্তুর গড় বেগ বলতে বুঝায় আদি ও শেষ বেগের গড়।


17. কোন কণার উপর একই সময়ে একই দিকে ক্রিয়াশীল দুইটি বেগ 12ms^{-1} এবং 5ms^{-1} হলে, তাদের লব্ধি বেগ কত? [JU. 14-15]

A. 12 ms^{-1} B. 16 ms^{-1} C. 17 ms^{-1} D. 10 ms^{-1}

S C Why বলদ্বয় একইদিকে ক্রিয়াশীল বলে,

লব্ধি = P + Q = 12 + 5 = 17 ms^{-1}

18. যদি স্রোতের বেগ u এবং নৌকার বেগ 2u হয়, তবে নদীর প্রস্থ AD = ? [JU. 11-12]



A. 1 km B. 3 km
C. 2.25 km D. 4 km

S B Why $\frac{1.5}{AD} = \frac{u}{2u}$ $\therefore AD = 3\text{km}$

19. 20 ms^{-1} বেগে গতিশীল একটি বস্তুর বেগ প্রতি সেকেন্ডে 3 ms^{-2} হারে হ্রাস পায়। থেমে যাওয়ার আগে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে? [JU. 10-11]

A. 67.66 m B. 66.67 m
C. 76.66 m D. 96.67 m

S B Why $v^2 = u^2 - 2as \Rightarrow s = \frac{u^2 - v^2}{2a} = \frac{20^2 - 0}{2 \times 3} = 66.67 \text{ m}$

20. একটি বস্তু 24.5 মিঃ/সেঃ বেগে আনুভূমিক তলের সাথে 60° কোণে নিক্ষেপ করা হল। বস্তুটি যে উচ্চতায় উঠে তা বের করার পদ্ধতিঃ [JU. 09-10]

A. $\frac{(24.5)^2 \sin 60°}{(2 \times 9.8)}$ B. $\frac{(24.5)^2 \sin^2 60°}{(2 \times 9.8)}$

C. $\frac{(24.5)^2 \cos 60°}{(2 \times 9.8)}$ D. $\frac{(24.5)^2 \sin^3 60°}{(2 \times 9.8)}$

S B Why উচ্চতা, $\frac{u^2 \sin^2 \alpha}{2g} = \frac{(24.5)^2 \sin^2 60°}{(2 \times 9.8)}$ $\therefore t = 1 \text{ sec}$

সেলফ টেস্ট

(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. একটি কণার উপর 2m/sec, 3m/sec ও 5m/sec মানের তিনটি বেগ এমন তিনটি দিকে আরোপ করা হলো যেন কণাটি স্থিতিশীল থাকে। ক্ষুদ্রতর মানের বেগ দু'টির মধ্যবর্তী কোণের পরিমাপ কত?

Ⓐ 30° Ⓑ 180°
Ⓒ 0° Ⓓ 90°

02. দুইটি বল যার একটি 10 নিউটন বিশিষ্ট এবং বলদ্বয় 120° কোণে ক্রিয়া করলে লব্ধির মান উল্লেখিত বলটির সমান হয়, অপর বলটির মান কত?

Ⓐ 20 নিউটন Ⓑ 0 অথবা 10 নিউটন
Ⓒ 15 নিউটন Ⓓ 5 নিউটন

03. স্রোতের বেগের দ্বিগুণ বেগে স্রোতের সাথে কত ডিগ্রী কোণে সাঁতার কাটলে প্রবাহমান একটি নদী সোজা পথে পাড়ি দেয়া যাবে?

Ⓐ 180° Ⓑ 90°
Ⓒ 45° Ⓓ 120°

04. স্রোতের বেগ u এবং নৌকার বেগ v, নৌকাটি স্রোতের বিপরীত দিকে চালালে স্রোতের সাপেক্ষে নৌকাটির আপেক্ষিক বেগ হবে–

Ⓐ u + v Ⓑ v − u
Ⓒ v Ⓓ u − v

05. একটি বস্তুকণা 35 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি বরাবর 10 সেকেন্ডে একটি ব্যাসের এক প্রান্ত থেকে অপর প্রান্তে যায়। বস্তুকণাটির গড়বেগ কত?

Ⓐ 5 সে.মি./সে. Ⓑ 7 সে.মি./সে.
Ⓒ 9 সে.মি./সে. Ⓓ 11 সে.মি./সে.

06. একটি গাড়ী সমত্বরণে 30 km/hour আদিবেগে 100 km পথ অতিক্রম করে 50 km/hour চূড়ান্ত বেগ প্রাপ্ত হয়। গাড়িটির ত্বরণ-

Ⓐ 8 km/h^2 Ⓑ 800 km/h^2
Ⓒ 16 km/ h^2 Ⓓ 80 km/h^2

07. একটি বিন্দু 12 সেকেন্ড সুষম ত্বরণে চলার পর তার বেগ সেকেন্ডে 56 কিলোমিটার থেকে 92 কিলোমিটার হলো। বিন্দুটির অতিক্রান্ত দূরত্ব কত?

Ⓐ 800 কি.মি. Ⓑ 880 কি.মি.
Ⓒ 888 কি.মি. Ⓓ কোনোটিই নয়

08. কোন গাড়ী ঘণ্টায় 45 মাইল বেগে চলে; 2 মিনিট 20 সেকেন্ডে ইহা কত মাইল যাবে?

Ⓐ $1\frac{1}{5}$ Ⓑ $1\frac{2}{5}$
Ⓒ $1\frac{3}{4}$ Ⓓ $1\frac{3}{5}$

09. একটি কণা স্থিরাবস্থা থেকে ধ্রুব ত্বরণ 2m/sec^2 সহকারে চলতে শুরু করলে তৃতীয় সেকেন্ডে কণাটির অতিক্রান্ত দূরত্ব কত?

Ⓐ 13 মিটার Ⓑ 9 মিটার
Ⓒ 5 মিটার Ⓓ 4 মিটার

10. একটি কণা যদি একাদশ সেকেন্ডে 720 সে.মি. এবং পঞ্চদশ সেকেন্ডে 960 সে.মি. দূরত্ব অতিক্রম করে তবে কণাটির ত্বরণ কত?

Ⓐ 30 cm/s^2 Ⓑ 40 cm/s^2
Ⓒ 50 cm/s^2 Ⓓ 60 cm/s^2

11. একটি বুলেট কোন দেয়ালের মধ্যে 2 ইঞ্চি ঢুকার পর উহার অর্ধেক বেগ হারায়। বুলেটটি দেওয়ালের মধ্যে আরও কত দূর ঢুকবে?
Ⓐ 2^n Ⓑ $\left(\frac{2}{3}\right)^n$
Ⓒ 1^n Ⓓ $\left(\frac{1}{2}\right)^n$

12. যদি u বেগে অনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তু T সময়ে তার গতিপথের সর্বোচ্চ উচ্চতা H এ পৌঁছায়, তবে $\frac{H}{T^2}$ হবে।
Ⓐ $\frac{2}{g}$ Ⓑ $\frac{g}{2}$ Ⓒ g Ⓓ $\frac{1}{g}$

13. 32 ft/sec আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে একটি বস্তু নিক্ষেপ করা হলো। ইহার অনুভূমিক পাল্লা-
Ⓐ 16 ft Ⓑ $32\sqrt{3}$ ft
Ⓒ 32 ft Ⓓ $16\sqrt{3}$ ft

14. u বেগে অনুভূমিকের সাথে α কোণে প্রক্ষিপ্ত বস্তুর সর্বোচ্চ উচ্চতা-
Ⓐ $\frac{u^2 \sin 2\alpha}{2g}$ Ⓑ $\frac{u^2 \sin^2 \alpha}{2g}$
Ⓒ $\frac{u^2 \sin 2\alpha}{g}$ Ⓓ $\frac{u^2 \sin^2 \alpha}{g}$

15. 196 ms^{-1} আদিবেগে ও অনুভূমিকের সাথে 30° কোণে একটি বস্তুকে শূন্যে প্রক্ষেপ করা হলো। বস্তুটির মোট বিচরণ কাল কত?
Ⓐ 4 s Ⓑ 2 s
Ⓒ 1 s Ⓓ কোনোটিই নয়

16. 10 মি./সে. বেগে খাড়া উর্ধ্বগামী একটি বেলুন থেকে একখণ্ড পাথর ফেলে দেয়া হল। পাথরখণ্ডটি 10 সেকেন্ডে ভূমিতে পতিত হলে, কত মিটার উচ্চতা থেকে পাথরখণ্ডটি ফেলা হয়েছিল?
Ⓐ 360 Ⓑ 370
Ⓒ 380 Ⓓ 390

17. ভূমি হতে u আদিবেগে খাড়া উর্ধ্বমুখে নিক্ষিপ্ত কোন কণার সর্বোচ্চ উচ্চতা-
Ⓐ $\frac{u}{2g}$ Ⓑ $\frac{u^2}{g}$ Ⓒ $\frac{u^2}{2g}$ Ⓓ $\frac{2u}{g}$

18. কোন স্তম্ভের শীর্ষ হতে 19.5m/sec বেগে খাড়া উপরের দিকে প্রক্ষিপ্ত কোন কণা 5 sec পরে স্তম্ভের পাদদেশে পতিত হলে স্তম্ভের উচ্চতা-
Ⓐ 25 m Ⓑ 50 m
Ⓒ 20 m Ⓓ 30 m

19. একটি বস্তু 9.8m/sec বেগে 30 ডিগ্রী কোণে 9.8 মিটার বাড়ির ছাদের উপর থেকে নিক্ষেপ করা হলো। কতক্ষণ পর বস্তুটি ভূমিতে পড়বে?
Ⓐ 4 sec Ⓑ 2 sec
Ⓒ 6 sec Ⓓ 1 sec

20. কোন প্রক্ষেপকের আদি নিক্ষেপন বেগ দ্বিগুণ বৃদ্ধি করা হলে নিচের কোনটি সঠিক?
Ⓐ অনুভূমিক পাল্লা দ্বিগুণ হবে Ⓑ অনুভূমিক পাল্লা তিনগুণ হবে
Ⓒ অনুভূমিক পাল্লা চারগুণ হবে Ⓓ কোনটি নয়

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	C	ত্রিভুজের তৃতীয় বাহুটি কোণ α হলে, $5^2 = 2^2 + 3^2 + 2.2.3\cos\alpha \Rightarrow 12\cos\alpha = 12$ $\Rightarrow \cos\alpha = 1 \quad \therefore \alpha = \cos^{-1}(1) = 0°$
02	B	P = Q = R হলে, α = 120°
03	D	$\cos\alpha = -\frac{\text{বেগের জোর}}{\text{ত্বরণের জোর}} = -\frac{v}{2v} \quad \therefore \alpha = \cos^{-1}\left(-\frac{1}{2}\right) = 120$
04	A	দুটি বস্তু একটি দিকে গমন করলে, (i) A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ = $V_B - V_A$ (ii) B বস্তুর সাপেক্ষেA বস্তুর আপেক্ষিক বেগ = $V_A - V_B$ দুটি বস্তু বিপরীত দিকে গমন করলে, (i) A বস্তুর সাপেক্ষে B বস্তুর আপেক্ষিক বেগ = $V_A + V_B$ (ii) B বস্তুর সাপেক্ষে A বস্তুর আপেক্ষিক বেগ = $V_A + V_B$
05	B	গড়বেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{35 \times 2}{10} = 7$ সে.মি./সে.
06	A	$a = \frac{v^2 - u^2}{2s} = \frac{50^2 - 30^2}{2 \times 100} = 8$ km/h^2
07	C	$s = \bar{v}t = \frac{92 + 56}{2} \times 12 = 888$ km
08	C	v = 45 মাইল/ঘন্টা = 0.0125 মাইল/সে. t = 2 min 20 sec = 140 sec $s = vt = 0.0125 \times 140 = 1.75 = 1\frac{3}{4}$
09	C	$s_{th} = u + \frac{1}{2}a(2t - 1) = 0 + \frac{1}{2} \times 2 \times (2 \times 3 - 1) = 5$m
10	D	$a = \frac{960 - 720}{15 - 11} = \frac{240}{4} = 60$ cm/sec^2
11	B	একেত্রে, $\frac{1}{n} = \frac{1}{2} \therefore n = 2, s = 2^n$ $\therefore x = \frac{s}{n^2 - 1} = \frac{2}{2^2 - 1} = \left(\frac{2}{3}\right)^n$
12	B	উত্থানকাল T এবং সর্বোচ্চ উচ্চতা H হলে $T = \frac{u}{g}$ এবং $H = \frac{u^2}{2g}$ [সর্বোচ্চ উচ্চতার ক্ষেত্রে] $\therefore \frac{H}{T^2} = \frac{u^2}{2g} \times \frac{g^2}{u^2} = \frac{g}{2}$
13	D	অনুভূমিক পাল্লা, $R = \frac{u^2 \sin 2\alpha}{g} = \frac{(32)^2 . \sin 2.30°}{32} = 16\sqrt{3}$ft
14	B	[সরাসরি সূত্র]
15	B	$T = \frac{2u \sin\alpha}{g} = \frac{2 \times 19.6 \times \sin 30°}{9.8} = 2$ sec
16	D	h উচ্চতা হতে পাথরটি পতিত হলে, $h = -10 \times 10 + \frac{1}{2} \times 9.8 \times 10^2 = 390$ m.
17	C	[সরাসরি সূত্র]
18	A	একেত্রে, u = 19.5 m/s, t = 5 s, g = 9.8 m/s^2 $\therefore h = -ut + \frac{1}{2}gt^2 = -19.5 \times 5 + \frac{1}{2} \times 9.8 \times 5^2 = 25$ m [∵ স্তম্ভের শীর্ষ হতে বস্তু খাড়া উপরে প্রক্ষিপ্ত হয়]
19	D	$h = u\sin\alpha + \frac{1}{2}gt^2$ $\Rightarrow 9.8 = 9.8 \sin 30° + \frac{1}{2}9.8 \times t^2$ $\Rightarrow 9.8 = 9.8\left(\sin 30° + \frac{1}{2}t^2\right); 1 = \frac{1}{2}t^2 + \frac{1}{2} \therefore t = 1$ sec
20	D	অনুভূমিক পাল্লা $R \frac{u^2 \sin 2\alpha}{g} \therefore R \propto u^2$ ∴ নিক্ষেপন বেগ দ্বিগুণ বৃদ্ধি করা হলে অনুভূমিক পাল্লা চার গুণ হয়।

শিক্ষার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়বস্তু

বিগত অনুযদে সাধারণত অতি অল্প সংখ্যক বাংলা প্রশ্ন এসে থাকে। তাই বাংলায় সময় দেওয়া যুক্তিযুক্ত নয়। তবে প্রতি বছরই নিম্নোক্ত বিষয়বস্তু থেকে প্রশ্ন এসে থাকে।

অধ্যায়: ০১ সন্ধি বিচ্ছেদ

① মূল কথা :

- সন্ধি শব্দের অর্থ মিলন।
- পাশাপাশি দুইটি বর্ণের মিলনকে সন্ধি বলে।
- যেমন: যথা + অর্থ = যথার্থ। এখানে (আ+অ=আ) হয়েছে।

› সন্ধি বাংলায় ২ ধরনের

১। স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি

② কিন্তু তৎসম/সংস্কৃতে সন্ধি ৩ ধরনের

১। স্বরসন্ধি ২। ব্যঞ্জনসন্ধি ৩। বিসর্গ সন্ধি

স্বরসন্ধি

স্বরবর্ণের সাথে স্বরবর্ণের মিলনকে স্বরসন্ধি বলে।

সূত্র ১: অ + অ = আ, নর + অধম = নরাধম
অ + আ = আ, জল + আশয় = জলাশয়
আ + অ = আ, যথা + অর্থ = যথার্থ
আ + আ = আ, মহা + আশয় = মহাশয়।
চেষ্টা কর: নবান্ন, সদানন্দ, মহার্ঘ, প্রাণাধিক, কথামৃত।

সূত্র ২: অ + ই = এ, শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
অ + ঈ = এ, পরম + ঈশ = পরমেশ
আ + ই = এ, যথা + ইষ্ট = যথেষ্ট
আ + ঈ = এ, মহা + ঈশ = মহেশ
চেষ্টা কর: নরেশ, রমেশ, স্বেচ্ছা, পূর্ণেন্দু, ঢাকেশ্বরী।

সূত্র ৩: অ + উ = ও, সূর্য + উদয় = সূর্যোদয়
অ + ঊ = ও, গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব
আ + উ = ও, যথা + উচিত = যথোচিত
আ + ঊ = ও, গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি
চেষ্টা কর: নীলোৎপল, মহোর্ধ্ব, চলোর্মি, ফলোদয়।

সূত্র ৪: অ + ঋ = অর, দেব + ঋষি = দেবর্ষি
আ + ঋ = অর, মহা + ঋষি = মহর্ষি
চেষ্টা কর: উত্তমর্ণ, অধমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি

সূত্র ৫: অ + ঋত = আর, শীত + ঋত = শীতার্ত
আ + ঋত = আর, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত
চেষ্টা কর: হিমার্ত, ভয়ার্ত, তৃষ্ণার্ত

সূত্র ৬: অ + এ = ঐ, জন + এক = জনৈক
অ + ঐ = ঐ, মত + ঐক্য = মতৈক্য
আ + এ = ঐ, সদা + এব = সদৈব
আ + ঐ = ঐ, মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য
চেষ্টা কর: হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য, দৈনিক, তথৈবচ

সূত্র ৭: অ + ও = ঔ, বন + ওষধি = বনৌষধি
অ + ঔ = ঔ, পরম + ঔষধ = পরমৌষধ
আ + ও = ঔ, মহা + ওষধি = মহৌষধি
আ + ঔ = ঔ, মহা + ঔষধ = মহৌষধ

সূত্র ৮: ই + ই/ঈ ছাড়া অন্যস্বর = য-ফলা,
যেমন-অতি+অধিক = অত্যধিক
ই + ই/ঈ ছাড়া অন্যস্বর = য-ফলা
যেমন-মসী + আধার = মস্যাধার
চেষ্টা কর: ইত্যাদি, অত্যন্ত, অত্যুক্তি, অত্যাচার, নদ্যম্বু।

সূত্র ৯: উ + উ/ঊ ছাড়া অন্যস্বর = ব-ফলা
যেমন- সু + আগত = স্বাগত
উ + উ/ঊ ছাড়া অন্যস্বর = ব-ফলা
চেষ্টা কর: তন্বী, অন্বেষণ, পশ্বাদম, পশ্চাচার, অন্বয়, মন্বন্তর।

সূত্র ১০: এ + Any স্বর = অয়, শে + অন = শয়ন
ঐ + Any স্বর = আয়, গৈ + অক = গায়ক
ও + Any স্বর = অব, পো + অন = পবন
ঔ + Any স্বর = আব, ভৌ + উক = ভাবুক
চেষ্টা কর: নায়িক, লবণ, নয়ন, নায়ক, পবিত্র, দ্রাবক, পাবক।
কিছু Extra স্বরসন্ধি: পরীক্ষা, সতীশ, রবীন্দ্র, মধ্যাহ্ন, তূর্ণ।

ব্যঞ্জনসন্ধি: ব্যঞ্জনসন্ধি ৩ ভাবে হয়

ক. ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ
খ. স্বরবর্ণ + ব্যঞ্জনবর্ণ
গ. ব্যঞ্জনবর্ণ + ব্যঞ্জনবর্ণ

⊙ ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ

সূত্র: ক / চ / ট / ত / প + Any স্বর = বর্গের ৩য় বর্ণ হবে।
যেমন: দিক্ + অন্ত = দিগন্ত; নিচ্ + অন্ত = নিজন্ত
চেষ্টা কর: সুবন্ত, তদবধি, বাগীশ, বাগাড়ম্বর, সদানন্দ।

⊙ স্বরবর্ণ + ব্যঞ্জনবর্ণ

Any স্বর + ছ = 'চ্ছ'
অ + ছ = এক + ছত্র = একচ্ছত্র
আ + ছ = কথা + ছলে = কথাচ্ছলে
ই + ছ = পরি + ছদ = পরিচ্ছদ
চেষ্টা কর: মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, প্রতিচ্ছবি।

⊙ ব্যঞ্জনবর্ণ + ব্যঞ্জনবর্ণ

ত / দ + হ = দ্ধ
যেমন: তদ্ + হিত = তদ্ধিত (ত + হ = দ্ধ)
পদ + হতি = পদ্ধতি (দ + হ = দ্ধ)
চেষ্টাকর: উদ্ধার, উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত
ম + য / র / ল / শ / ষ / স / হ / ব = ং
যেমন: ম + য = ং = সম্ + যম = সংযম
ম + র = ং = সম্ + রক্ষণ = সংরক্ষণ
ম + ল = ং = সম্ + লাপ = সংলাপ
চেষ্টাকর: বারংবার, সংশোধন, স্বয়ংবরা, সংযোগ, সর্বংসহা।

এছাড়াও ব্যঞ্জন সন্ধির কিছু critical উদাহরণ

বৃষ্টি = বৃষ্+তি, ষষ্ঠ = ষষ্+থ, কুজ্ঝটিকা = কুৎ + ঝটিকা
যাচ্ছে তাই = যা + ইচ্ছা + তাই
ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র, উদ্যোগ = উৎ + যোগ, তদ্রূপ = তৎ + রূপ
সঞ্চয় = সম্ + চয়, কিন্নর = কিম্ + নর, সন্ন্যাস = সম্ + ন্যাস
যজ্ঞ = যজ্ + ন, যাচ্ঞা = যাচ্ + না, রাজ্ঞী = রাজ্ + নী
সম্রাট = সম্ + রাট, তন্ময় = তৎ + ময়, মৃন্ময় = মৃৎ + ময়
চিন্ময় = চিৎ + ময়, তন্মধ্যে = তৎ + মধ্যে
চেষ্টা কর: একোনবিংশতি, দ্বৈপায়ন, তত্ত্বাবধায়ক, তত্ত্বাতীত, বংশোদ্ভূত, বিশ্ববিদ্যালয়, ভূম্যধিকারী, তদ্ভব, উদ্যম, হৃৎকম্প, কৃষ্টি

⊙ বিসর্গ সন্ধি: সন্ধি বিচ্ছেদের সময় বিসর্গ (ঃ) চিহ্ন দেওয়া ফরয।

কিছু বিসর্গ সন্ধি

তপোবন = তপঃ + বন	মনোরম = মনঃ + রম
অন্তর্গত = অন্তঃ + গত	পুনরায় = পুনঃ + আয়
অন্তর্ধান = অন্তঃ + ধান	পুনর্জন্ম = পুনঃ + জন্ম
নিরাকার = নিঃ + আকার	আশীর্বাদ = আশীঃ + বাদ
দুর্যোগ = দুঃ + যোগ	প্রাদুর্ভাব = প্রাদুঃ + ভাব
প্রাতরাশ = প্রাতঃ + আশ	নীরব = নিঃ + রব
নীরোগ = নিঃ + রোগ	নীরস = নিঃ + রস,
নিশ্চয় = নিঃ + চয়	শিরশ্ছেদ = শিরঃ + ছেদ
ধনুষ্টংকার = ধনুঃ + টংকার	দুস্থ = দুঃ + থ
নমস্কার = নমঃ + কার	পদস্খলন = পদঃ + খলন
ততোধিক = ততঃ + অধিক	নিঃস্তব্ধ = নিঃ + স্তব্ধ

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

শুদ্ধোদন সকাল বেলার **মার্তণ্ড** (সূর্য) দেখার জন্য **গবাক্ষ** (জানালা) দিয়ে তাকিয়ে দেখলেন এক **প্রৌঢ়** **কুলটা** **অন্যান্য** দিকে চেয়ে হেঁটে যাচ্ছে।

নিপাতনে ব্যঞ্জনসন্ধি

পতঞ্জলি ও **মনীষা** **পরস্পর** **আশ্চর্য** হয়ে তাকালেন। কারণ তারা সেই **তস্করকে** (চোর) চিনে ফেলে যে গত **বৃহস্পতি** রাতে **ষোড়শ** ও **একাদশ** জন মিলে **বনস্পতি** ও **গোষ্পদ** ধ্বংস করেছিল।

নিপাতনে বিসর্গ সন্ধি

বাচস্পতির স্নেহের সন্তান **হরিশ্চন্দ্র**। তিনি **অহরহ** **শিরঃপীড়ায়** ভোগেন। তাই **প্রাতঃকালে** **ভাস্কর** (সূর্য) দেখতে পান না বলে **অহর্নিশ** **মনঃকষ্টে** আছেন।

বিশেষ নিয়মে ব্যঞ্জন

উত্থান	সংস্কার	পরিষ্কার
উত্থাপন	সংস্কৃত	পরিষ্কৃত

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি? [JU-H, Set-F: 20-21]

A. গায়ক B. নয়ন

C. প্রৌঢ় D. নায়ক

SCWhy কতিপয় নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি:

অন্য + অন্য = অন্যান্য	স্ব + ঈর = স্বৈর
গো + ঈশ্বর = গবেশ্বর	স্ব + ঈরিণী = স্বৈরিণী
শার + অঙ্গ = শারঙ্গ	রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ

02. 'নয়ন' এর সন্ধিবিচ্ছেদ – [JU-H, Set-C: 20-21]

A. নে + অন B. ন + অন

C. নই + ন D. ন + ওন

SCWhy স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন:

- শে + অন = শয়ন
- গৈ + অক = গায়ক
- পো + অন = পবন

03. 'অতএব' এর সন্ধি বিচ্ছেদ কী? [JU-H, Set-A: 20-21]

A. অ + ত + এ + ব B. অত + এ+ ব

C. অতঃ + এব D. অত +এব

SCWhy 'অতএব' এর সন্ধি বিচ্ছেদ হলো- অতঃ + এব।

অধ্যায়: ০২ সমাস

⊙ **মূলকথা :**

- সমাস শব্দের অর্থ- সংক্ষেপণ।
- সমাস বাক্যকে - সংক্ষেপ করে।
- দুই বা ততোধিক পদ এক পদে পরিণত হওয়াকে সমাস বলে।
- সমাস এর রীতি= সংস্কৃত থেকে বাংলায় এসেছে।
- সমাস - ৬ প্রকার।

  ১। দ্বন্দ্ব ২। দ্বিগু ৩। তৎপুরুষ ৪। কর্মধারয় ৫। বহুব্রীহি ৬। অব্যয়ীভাব
- 'দ্বিগু' সমাসকে অনেকে 'কর্মধারয়' সমাস বলে।
- 'কর্মধারয়কে' কেউ কেউ 'তৎপুরুষ সমাস বলে।

⊙ **যা জানতে হবে**

সিংহ চিহ্নিত আসন = সিংহাসন

- সিংহাসন = সমস্তপদ (সমাস নিষ্পন্ন পদ)
- সিংহ চিহ্নিত আসন = ব্যাসবাক্য (বিগ্রহবাক্য)
- সিংহ = পূর্বপদ
- আসন = পরপদ/উত্তরপদ

কোন সমাস কোন পদ প্রধান

উভয়পদ প্রধান = দ্বন্দ্ব সমাস

কোনোপদ প্রধান নয় = বহুব্রীহি সমাস

পূর্বপদ প্রধান = অব্যয়ীভাব সমাস

পরপদ প্রধান = দ্বিগু, তৎপুরুষ, কর্মধারয় সমাস।

দ্বন্দ্ব সমাস

সূত্র: যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থ প্রাধান্য পায়।

মিলনার্থক দ্বন্দ্ব	চা-চিনি, দুধ-ভাত
সমার্থক দ্বন্দ্ব	হাট-বাজার, ঘর-বাড়ি
বিপরীতার্থক দ্বন্দ্ব	আয়-ব্যয়, জমা-খরচ
বিরোধার্থক দ্বন্দ্ব	অহি-নকুল, দা-কুমড়া
সংখ্যাবাচক দ্বন্দ্ব	নয়-ছয়, সাত-পাঁচ
বহুপদী দ্বন্দ্ব	সাহেব-বিবি-গোলাম
অলুক দ্বন্দ্ব	দুধে-ভাতে, মায়ে-ঝিয়ে
দুটি ক্রিয়া যোগে দ্বন্দ্ব	আসা-যাওয়া, দেখা-শোনা

দ্বিগু সমাস

সূত্র: মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাই দ্বিগু সমাস।

তিন ফলের সমাহার	ত্রিফলা
চার রাস্তার সমাহার	চৌরাস্তা
পঞ্চ ভূতের সমাহার	পঞ্চভূত
সপ্ত অহের সমাহার	সপ্তাহ

দেখ পার কিনা: ত্রিপদী, পঞ্চবটী, পঞ্চনদ, ত্রিভুজ, তেমাথা, অষ্টধাতু, চতুর্ভুজ, ত্রিমোহিনী, শতাব্দী, ত্রিকাল, নবরত্ন, চতুর্ভুজ, তেরনদী, চৌমোহনা, পঞ্চ সপ্তর্ষি, ষড়ঋতু।

তৎপুরুষ সমাস

সূত্র: তৎপুরুষ জানার আগে বিভক্তি জানা ফরয।

তৎপুরুষ (৯) প্রকার

প্রকার	বিভক্তি	উদাহরণ
দ্বিতীয়া তৎপুরুষ	কে/রে	বিপদকে আপন্ন = বিপদাপন্ন
তৃতীয়া তৎপুরুষ	দ্বারা/দিয়া/কর্তৃক	মনগড়া = মন দিয়ে গড়া
চতুর্থী তৎপুরুষ	কে/রে/জন্য/নিমিত্তে	গুরুকে ভক্তি = গুরুভক্তি

প্রকার	বিভক্তি	উদাহরণ
পঞ্চমী তৎপুরুষ	হতে/থেকে/চেয়ে	বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত
ষষ্ঠী তৎপুরুষ	র/এর	চায়ের বাগান = চা-বাগান
সপ্তমী তৎপুরুষ	এ/য়/তে	গাছে পাকা = গাছ পাকা।

দেখ পার কিনা: শরণাপন্ন, কলাবেচা, রথদেখা, মধুমাখা, শ্রমলব্ধ, রান্নাঘর, ডাকমাশুল, ঋণমুক্ত, জেলমুক্তি, খাঁচাছাড়া, ধানক্ষেত, পাটক্ষেত, বিড়ালছানা, হাতকানা, ভোজনপটু, তালকানা।

অলুক তৎপুরুষ: ঘোড়ার ডিম, কলের গান, সাপের পা, মনের মানুষ, কলে ছাঁটা, তেলে ভাজা, ঘিয়ে ভাজা, গরুর গাড়ি, গায়ে পড়া।

নঞ তৎপুরুষ: না বাচক অব্যয় পূর্বে বসে যে তৎপুরুষ হয় তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

যেমন: ন-আচার = অনাচার ; নয় কাতর = অকাতর

দেখ পার কিনা: অনাদর, আলুনী, অনাবাদী, নাতিদীর্ঘ, অবিশ্বাস, অলৌকিক, অকেশা, অসুর, অকাল, অঘাট, অমানুষ, অসঙ্গত, অভদ্র, অগম্য, নাবালক।

উপপদ তৎপুরুষ: কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয় তাই উপপদ তৎপুরুষ।

যেমন: ধামা ধরে যে = ধামা ধরা।

তৎপুরুষের ব্যতিক্রম

১. চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী (ব্যাপ্তি অর্থে ২য়া তৎপুরুষ)

২. ঊন, হীন, শূন্য থাকলে তৃতীয়া তৎপুরুষ হয়।

যেমন: একোন, বিদ্যাহীন, জ্ঞানশূন্য।

কর্মধারয় সমাস

বিশেষ্য ও বিশেষ্য ভাবাপন্ন পদের সাথে বিশেষণ ও বিশেষণ ভাবাপন্ন পদের যে সমাস হয় তাকে কর্মধারয় সমাস বলে।

বিশেষ নিয়মে সাধিত কর্মধারয়:

মহান যে রাজা = মহারাজ	কু যে আচার = কদাচার
মহান যে নবি = মহানবি	মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান
সুন্দরী যে লতা = সুন্দর লতা	মহতী যে কীর্তি = মহাকীর্তি
যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব	

কর্মধারয় ৪ প্রকার:

উপমান কর্মধারয়: সাধারণ ধর্মবাচক পদের সঙ্গে উপমান বাচক পদের যে সমাস হয় তাই উপমান কর্মধারয়।

কাজলকালো, অরুণরাঙা, তুষারশুভ্র, ভ্রমরকৃষ্ণ, কুসুমকোমল, শশব্যস্ত, বজ্রকঠিন, তুষারশীতল, হরিণচপল, বরফশীতল, ঘনশ্যাম।

উপমিত কর্মধারয়: সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাই উপমিত কর্মধারয়।

মুখচন্দ্র, পুরুষসিংহ, ফুলকুমারী, অধরপল্লব, সোনামুখ, পদ্মলোচন, ওলকপি, করপল্লব।

রূপক কর্মধারয়: উপমান ও উপমেয়ের মধ্যে অভিন্নতা কল্পনা করা হলে রূপক কর্মধারয় সমাস হয়।

চেনার সহজ উপায়: উপমানে 'ন্যায়' মাঝখানে থাকবে। উপমিতে 'ন্যায়' শেষে থাকবে। আর রূপক কর্মধারয় সমাসে 'রূপ' কথাটি থাকবে।

ব্যাসবাক্য	সমস্তপদ
মন রূপ মাঝি	মনমাঝি
বিষাদ রূপ সিন্ধু	বিষাদসিন্ধু

এভাবে- সুখসাগর, জীবনপ্রদীপ, পরাণপাখি, প্রেমডোর, শোকানল, ভবনদী, মোহনিদ্রা, ক্রোধানল, জ্ঞানবৃক্ষ।

মধ্যপদলোপী কর্মধারয়:

ব্যাসবাক্য	সমস্তপদ
ঘরে পালিত জামাই	ঘরজামাই
মোম নির্মিত বাতি	মোমবাতি
সংবাদ বিষয়ক পত্র	সংবাদপত্র

এভাবে- স্মৃতিসৌধ, সাহিত্যসভা, মৌমাছি, শিক্ষামন্ত্রী, রাষ্ট্রনীতি, জোস্নারাত, চিনিকল, ধর্মঘট, জীবনবীমা, রেলগাড়ি, গোবরগণেশ, বৌভাত, একাদশ।

বহুব্রীহি সমাস

বিশেষ নিয়মে সাধিত বহুব্রীহি:

কমলের ন্যায় অক্ষি যার = কমলাক্ষ	পর নাতিতে যার = পরনাত
চন্দ্র চূড়া যার = চন্দ্রচূড়	বিচিত্র কর্ম যার = বিচিত্র কর্মা
যুবতী জায়া যার = যুবজানি	নদী মাতা যার = নদীমাতৃক
বিগত হয়েছে পত্নী যার = বিপত্নীক	
মৎস্যের ন্যায় গন্ধ যার = মৎস্যগন্ধা	
স্ত্রীর সহিত বর্তমান যা = সস্ত্রীক	

বহুব্রীহি সমাস ৮ প্রকার

প্রকারভেদ	সংজ্ঞা	উদাহরণ
সমানাধিকরণ বহুব্রীহি	পূর্বপদে বিশেষণ ও পরপদে বিশেষ্য হবে।	যেমন: নীল কণ্ঠ যার = নীল কণ্ঠ
ব্যাধিকরণ বহুব্রীহি	পূর্ব+পরপদ কোনটি বিশেষণ নয়।	যেমন: বীণা পাণিতে যার = বীণাপাণি
ব্যতিহার বহুব্রীহি	পূর্বপদে আ-কার + পরপদে ই-কার হবে। হাতা (া-কার) + হাতি (ি-কার)	যেমন: হাতাহাতি, কানাকানি, লাঠালাঠি,
সংখ্যাবাচক বহুব্রীহি	পূর্বপদে সংখ্যা, পর পদে বিশেষ্য থাকে এবং সমস্ত পদ বিশেষণ হবে।	যেমন: তেপায়া, চৌচালা, সেতার, চারহাতি, দশগজি
নঞ বহুব্রীহি	না অর্থবোধক অভ্যযোগ	যেমন: বেহেড, নির্ভুল, বেতার, অজ্ঞান, অবিশ্বাস
মধ্যপদলোপী বহুব্রীহি	সমস্তপদ লোপ পায়	যেমন: নবান্ন, সোনামুখী, বিড়ালচোখী ইত্যাদি
প্রত্যয়ান্ত বহুব্রীহি	সমস্ত পদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত থাকে	যেমন: দেটানা, একচোখা, ঘরমুখো, দোনলা ইত্যাদি
অলুক বহুব্রীহি	পূর্বপদের বিভক্তি লোপ হয় না	যেমন: মুখেভাত, গলায় গামছা, মাথায় ছাতা, কানে খাটো
নিপাতনে সিদ্ধ বহুব্রীহি	নিয়ম মানে না	দ্বীপ, অন্তরীপ, জীবন্মৃত, নরপশু, পণ্ডিতমূর্খ

এভাবে নিচের বহুব্রীহিগুলো চেষ্টা কর : সুশ্রী, পীতাম্বর, হাসাহাসি, চুলাচুলি, দশানন, চারহাতি, আশীবিষ, কথাসর্বস্ব, হৃতসর্বস্ব, খোশমেজাজ, বদবখত, হতশ্রী, জবরদস্তি।

অব্যয়ীভাব সমাস

পরপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থ প্রাধান্য পায় তাই অব্যয়ীভাব।

অর্থ	ব্রাকেট	উদাহরণ
পর্যন্ত	(আ)	মরণ পর্যন্ত = আমরণ
পশ্চাৎ	(অনু)	পশ্চাৎ গমন= অনুগমন
সদৃশ	(উপ)	শহরের সদৃশ=উপশহর
সমীপে	(উপ)	কূলের সমীপে=উপকূল
ক্ষুদ্র	(উপ)	গ্রহের ক্ষুদ্র=উপগ্রহ
বিরুদ্ধ	(প্রতি)	বিরুদ্ধ কূল= প্রতিকূল
প্রতিনিধি	(প্রতি)	ছবির প্রতিনিধি=প্রতিচ্ছবি
অতিক্রম	(যথা)	রীতিকে অতিক্রম না করে=যথারীতি

অর্থ	ব্রাকেট	উদাহরণ
ঈষৎ	(আ)	ঈষৎ নত=আনত
বীপ্সা	(অনু)/(প্রতি)	দিন দিন = প্রতিদিন

চেষ্টাকর: আসমুদ্রহিমাচল, অনুধাবন, উপজেলা, উপকণ্ঠ, উপবন, উপনদী, প্রতিবাদ, প্রতিচ্ছায়া, যথাবিধি, যথাসাধ্য, আরব্জিম, হররোজ, ফিকানীল, প্রতিক্ষণ, হাভাত, নিরামিষ।

প্রাদি সমাস

⊙ প্র, পরি, অনু প্রভৃতি উপসর্গ যোগে গঠিত শব্দ-ই প্রাদি সমাস। যেমন:

প্রভাত – প্রকৃষ্টরূপে যে ভাত
পরিভ্রমণ – পরি যে ভ্রমণ
অনুতাপ – অনুতে যে তাপ
উপাচার্য – উপ যে আচার্য

নিত্য সমাস

➢ যার ব্যাসবাক্যের দরকার হয় না তাকে নিত্য সমাস বলে।

যেমন: গৃহান্তর (অন্য গৃহ), গ্রামান্তর (অন্য গ্রাম), দেশান্তর (অন্য দেশ), কালান্তর, যুগান্তর, কালসাপ (কাল তুল্য সাপ), বিরানব্বই (দুই ও নব্বই), আমরা (তুমি, আমি ও সে), গ্রামযুদ্ধ, দর্শনমাত্র, কেবলমাত্র,পূজার্থ (পূজার নিমিত্ত)।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. নিচের কোনটি উপমান কর্মধারয় সমাস? [JU-A, Set-G: 2022-23]

A. কাজল কালো B. মমতারস
C. জয়পতাকা D. সিংহাসণ

SAWhy উপমেয় পদের সাথে উপমানের তুলনা করা হলে তাকে বলা হয় উপমান কর্মধারয় সমাস। সহজ কথায় তুলনাটি সত্য হলে সেটি উপমান কর্মধারয় সমাস। সুতরাং কাজল কালো-কাজলের ন্যায় কালো এটি উপমান কর্মধারয় সমাস।

02. নিচের কোনটি বহুব্রীহি সমাস নয়? [JU-A, Set-H: 2022-23]

A. অনাসক্ত B. তেপায়া
C. অল্পপ্রাণ D. চৌরাস্তা

SDWhy চৌরাস্তা শব্দের ব্যাসবাক্য হলো চার রাস্তার সমাহার। এটি দ্বিগু সমাস। বাকী অপশন গুলো বহুব্রীহি সমাস।

03. নিচের কোনটি ব্যধিকরণ বহুব্রীহি সমাসের উদাহরণ? [JU-A, Set-N: 2022-23]

A. যুবজানি B. পাপমতি
C. একচোখা D. সবগুলো

SAWhy পূর্বপদ ও পরপদ দুটোই যদি বিশেষ্য পদ হয় এবং ব্যাসবাক্যে যার থাকে তাকে ব্যধিকরণ বহুব্রীহি সমাস বলে। যুবজানি এর ব্যাসবাক্য হলো যুবতি জায়া যার।

04. 'ক্ষণজীবী' কোন সমাস? [JU-A, Set-R: 2022-23]

A. উপপদ তৎপুরুষ সমাস B. অলুক তৎপুরুষ সমাস
C. প্রাদি সমাস D. বহুব্রীহি সমাস

SAWhy ক্ষীণভাবে বাঁচে যে-ক্ষণজীবী উৎপদ তৎপুরুষ সমাস।

05. 'গণতন্ত্র' কোন সমাস? [JU-A, Set-S: 2022-23]

A. প্রাদি সমাস B. অলুক দ্বন্দ্ব সমাস
C. মধ্যপদলোপী কর্মধারয় সমাস D. কোনটি নয়

SCWhy গণের (মানুষ) জন্য তন্ত্র-গণতন্ত্র। গণতন্ত্র শব্দটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস।

06. 'রূপসাগর' কোন ধরনের সমাস? [JU-A, Set-Q: 21-22]

A. কর্মধারয় B. বহুব্রীহি
C. তৎপুরুষ D. নিত্য

SAWhy রূপসাগর-রূপক কর্মধারয়। ব্যাসবাক্য: রূপ রূপ সাগর।

07. 'দেবদারু' কোন ধরনের সমাস? [JU-A, Set-O: 2]

A. বহুব্রীহি B. তৎপুরুষ
C. কর্মধারয় D. নিত্য

SCWhy দুটি বিশেষণ পদ একটি বিশেষ্যকে বোঝালে কর্মধারয় সমাস হ

08. 'দীর্ঘসূত্র' কোন ধরনের সমাস? [JU-A, Set-M: 2]

A. অব্যয়ীভাব B. তৎপুরুষ
C. কর্মধারয় D. বহুব্রীহি

SBWhy দীর্ঘসূত্র দ্বিতীয় তৎপুরুষ সমাস।

09. 'আটপৌরে' কোন ধরনের সমাস? [JU-A, Set-I: 2]

A. বহুব্রীহি B. অব্যয়ীভাব
C. তৎপুরুষ D. কর্মধারয়

SAWhy আটপৌরে-আট প্রহরের উপযুক্ত-বহুব্রীহি।

10. 'রদবদল' কোন ধরনের সমাস? [JU-A, Set-F: 2]

A. দ্বন্দ্ব B. অব্যয়ীভাব
C. তৎপুরুষ D. কর্মধারয়

SBWhy রদ্ + বদল → অব্যয়ীভাব সমাস।

11. ঠিক অব্যয়ীভাব কোনটি? [JU-H, Set-C: 2]

A. জনপ্রতি = জন জন B. আনুক্ষণ = ক্ষণ ক্ষণ
C. প্রতিজন = জনে জনে D. বেহায়া = হায়ার অভাব

SDWhy পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। সমীপ্য (নৈকট্য), (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, সাদৃশ্য, ক্ষুদ্র, যোগ্যতা প্রভৃতি নয় অব্যয়ীভাব সমাস হয়। যেমন:

- জন জন = প্রতিজন
- পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্ত
- ক্ষণ ক্ষণ = প্রতিক্ষণ
- শহরের সদৃশ = উপশহর

12. 'ছাত্রছাত্রী' কোন ধরনের সমাস? [JU-A, Set-G: 2]

A. তৎপুরুষ B. দ্বন্দ্ব
C. কর্মধারয় D. বহুব্রীহি

SBWhy যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থা তাকে দ্বন্দ্ব সমাস বলে। দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর ব্যাসবাক্যে এবং, ও, আর এ তিনটি অব্যয় পদ ব্যবহার করা হয়। যেমন-

- ছাত্র ও ছাত্রী = ছাত্রছাত্রী
- হাত ও পা = হাত পা
- দেখা ও শোনা = দেখা-শোনা
- ধুতি ও চাদর = ধুতি-চাদর।

13. 'ডাকমাশুল' কোন ধরনের সমাস? [JU-A, Set-E: 2]

A. তৎপুরুষ B. দ্বন্দ্ব
C. কর্মধারয় D. বহুব্রীহি

SAWhy এটি চতুর্থী তৎপুরুষ সমাস। এর ব্যাসবাক্য হলো ডাকের জন্য মা এরূপ ছাত্রাবাস, চোষ কাগজ, হজযাত্রা, রান্নাঘর, পাগলাগারদ, মাপকাঠি ইত্যাদি।

14. 'ধানজমি' কোন ধরনের সমাস? [JU-A, Set-C: 2]

A. তৎপুরুষ B. দ্বন্দ্ব
C. কর্মধারয় D. বহুব্রীহি

SAWhy ধানজমি এর ব্যাসবাক্য হলো "ধানের জন্য জমি।" পূর্ব বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে তাকে তৎপুরুষ সমাস বলে। এখানে চতুর্থী বিভক্তি লোপ পেয়েছে। তাই চতুর্থী তৎপুরুষ সমাস।

15. 'মরাকান্না' কোন ধরনের সমাস? [JU-A, Set-B: 2]

A. তৎপুরুষ B. দ্বন্দ্ব
C. কর্মধারয় D. বহুব্রীহি

SAWhy পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লো সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যেমন: মরার জন্য (নিমিত্তে) = মরাকান্না, ডাকের জন্য মাশুল = ডাকমাশুল।

কারক ও বিভক্তি

মূল কথা:

- সংজ্ঞা: (কৃ+ণক) কারক শব্দের অর্থ যা ক্রিয়া সম্পাদন করে।
- বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নাম পদের যে সম্পর্ক হয় তাকে কারক বলে।
- **কারক ৬ প্রকার।** যথা: কর্তৃ, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ কারক।

যা জানতে হবে :

(১) "কে/কারা" দিয়ে প্রশ্ন করলে কর্তৃকারক পাওয়া যায়
(২) "কি/কাকে" দিয়ে প্রশ্ন করলে কর্মকারক পাওয়া যায়
(৩) "কিসের দ্বারা/কী উপায়ে" দিয়ে প্রশ্ন করলে করণ কারক পাওয়া যায়
(৪) "কি/কাকে" (নিঃস্বার্থে) দিয়ে প্রশ্ন করলে সম্প্রদান কারক পাওয়া যায়
(৫) "কোথা হতে" দিয়ে প্রশ্ন করলে অপাদান কারক পাওয়া যায়
"কোথায়/কখন" দিয়ে প্রশ্ন করলে অধিকরণ কারক পাওয়া যায়।

কর্তৃকারক

কর্তৃ-এর প্রকার	সংজ্ঞা	উদাহরণ
মুখ্য কর্তা	যে নিজে নিজে ক্রিয়া সম্পাদন করে তাই মুখ্য কর্তা।	তামিম ক্রিকেট খেলে (তামিম কর্তা)।
প্রযোজক কর্তা	মূল কর্তা যখন অন্যকে কাজে নিয়োজিত করে তখন তাকে প্রযোজক কর্তা বলে।	শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন।
প্রযোজ্য কর্তা	মূল কর্তার করণীয় কাজ যখন অন্যকে দিয়ে সম্পন্ন করা হয় তখন তাকে প্রযোজ্য কর্তা বলে।	রাখাল (প্রযোজক) গরুকে (প্রযোজ্য) ঘাস খাওয়াচ্ছে।
ব্যতিহার কর্তা	বাক্যে দুই কর্তা একত্রে সমজাতীয় ক্রিয়া সম্পন্ন করলে ব্যতিহার কর্তা বলে।	বাঘে-মহিষে এক ঘাটে জল খায়।

কর্মকারক

⊙ কর্তা যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পাদন করে তাকে কর্মকারক বলে। যেমন: নিপা ফুল তুলছে।

কর্মের প্রকার	উদাহরণ
সকর্মক ক্রিয়ার কর্ম	নাসরিন ফুল তুলছে
প্রযোজক কর্ম	ছেলেটিকে বিছানায় শোয়াও
সমধাতুজ কর্ম	বেশ এক ঘুম ঘুমিয়েছি
উদ্দেশ্য ও বিধেয় কর্ম	দুধকে (উদ্দেশ্যকর্ম, প্রধান) মোরা দুগ্ধ (বিধেয়কর্ম, অপ্রধান) বলি, হলুদকে বলি হরিদ্রা

করণ কারক

⊙ করণ অর্থ যন্ত্র/সহায়ক। ক্রিয়া সম্পাদনের জন্য যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে।

- নীলা কলম দ্বারা লেখে? কীসের দ্বারা (কলম)
- জগতে কীর্তিমান হয় সাধনায়। কী উপায়ে (সাধনায়)
- লাঙ্গল দ্বারা জমি চাষ হয়। কীসের দ্বারা (লাঙ্গল)
- শিকারী বিড়াল গোঁফে চেনা যায়। কীসের দ্বারা চেনা যায় (গোঁফ)
- ছাত্ররা বল খেলে। কী দিয়ে খেলে (বল)

সম্প্রদান কারক

⊙ স্বার্থ/স্বত্ব ত্যাগ করে কোন দান বা অর্চনা ।

- ভিখারীকে ভিক্ষা দাও, সৎ পাত্রে কন্যা দাও।
  বি:দ্র: ফিরে আসলে কর্ম কারক হবে।
- ধোপাকে কাপড় দাও (কর্ম)।

⊙ সম্প্রদানের ব্যতিক্রম: নিমিত্তার্থে "কে" বিভক্তি যুক্ত হলে ৪র্থী বিভক্তি হয়।

- বেলা যে গড়িয়ে এল জলকে চল (নিমিত্তার্থে ৪র্থী) (গোসলের জন্য চল)

অপাদান কারক

⊙ যা থেকে কিছু জাত, চ্যুত, বিরত, গৃহীত, ভীত, উৎপন্ন, রক্ষিত, আরম্ভ, দূরীভূত হয় তাকে অপাদান কারক বলে।

চেনার উপায়	উদাহরণ
উৎপন্ন	তিলে তৈল হয়
ভীত	এখানে ভূতের ভয় আছে / বাবাকে বড্ড ভয় পাই
রক্ষিত	বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা
বিচ্যুত	গাছ হতে পাতা পড়ে; / মেঘ হতে বৃষ্টি পড়ে
গৃহীত	দুধ থেকে দই হয়
বিরত	পাপে বিরত হও
দূরীভূত	দেশ হতে অভাব চলে গেছে
আরম্ভ	সোমবার থেকে পরীক্ষা শুরু
দর্শন	পাহাড় হতে সমুদ্র দেখা যায়
নিক্ষেপ	বিমান থেকে বোমা ফেলানো হল
স্থানবাচক	তিনি চট্টগ্রাম থেকে এসেছেন
দূরত্ববাচক	ঢাকা থেকে যশোর ৩৮০ কি. মি.

অধিকরণ কারক

➢ ক্রিয়া সম্পাদনের সময় ও আধারকে অধিকরণ কারক বলে। **অধিকরণ ৩ প্রকার:** ১। কালাধিকরণ ২। আধারাধিকরণ ৩। ভাবাধিকরণ

➢ **ভাবাধিকরণ:** যদি কোন ক্রিয়াবাচক বিশেষ্য অন্য কোনরূপ ক্রিয়ার ভাবের অভিব্যক্তি প্রকাশ করে তখন তাকে ভাবাধিকরণ বলে।

➢ ভাবাধিকরণ সর্বদাই ৭মী বিভক্তিতে হয়। এই জন্য ভাবাধিকরণকে ভাবে ৭মীও বলা হয়।

- সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয় = সূর্যোদয়ে (ক্রিয়াবাচক বিশেষ্য)
- কান্নায় শোক মন্দীভূত হয় = কান্নায় (ক্রিয়াবাচক বিশেষ্য)

➢ **আধারাধিকরণ:** ক্রিয়া সম্পাদনের স্থানকে আধারাধিকরণ বলে। **ইহা ৩ প্রকার।** যথা:

প্রকার	উদাহরণ
১. ঐকদেশিক	১. বনে বাঘ আছে ২. আকাশে চাঁদ আছে
২. অভিব্যাপক	১. নদীতে পানি আছে ২. তিলে তৈল আছে
৩. বৈষয়িক	১. সবুজ অঙ্কে ভাল, ইংরেজিতে খারাপ ২. আমাদের সেনারা সাহসে দুর্জয়, যুদ্ধে অপরাজেয়

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. 'লোকমুখে শুনেছি'- এই বাক্যে 'লোকমুখে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [JU-H, Set-E,F: 19-20]

A. করণ, দ্বিতীয়া B. করণ, সপ্তমী
C. অপাদান, দ্বিতীয় D. অপাদান, সপ্তমী

SDWhy যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারকে বলে। যেমন- বিচ্যুত: ছাদ থেকে পানি পড়ে; গৃহীত: দুধ থেকে দই হয়; জাত: জমি থেকে ফসল পাই; বিরত: পাপে বিরত হও; ভীত: বাঘকে ভয় পায় না কে?

02. তার 'বাড়িতে' সব আছে কোন কারকে কোন বিভক্তি? [JU-H, Set-F: 20-21]

A. অধিকরণে শূন্য B. অপাদানে সপ্তমী
C. অধিকরণে পঞ্চমী D. অধিকরণে সপ্তমী

SDWhy ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধার (স্থান) কে অধিকরণ কারক বলে। যেমন:– আধার (স্থান) : আমরা রোজ বেড়াতে যেতাম।
কাল (সময়): প্রভাতে সূর্য ওঠে।
কালাধিকরণ, আধারাধিকরণ ও ভাবাধিকরণ এ তিন ধরনের অধিকরণ কারক রয়েছে।

03. তিনি "শোকে" পাগল হলেন- কোন কারকে কোন বিভক্তি? [JU-H, Set-A: 20-21]

A. অধিকরণে সপ্তমী B. অপাদানে সপ্তমী
C. অধিকরণে পঞ্চমী D. অধিকরণে শূন্য

SBWhy এখানে "শোক" শব্দটি ভীত অর্থে এবং 'এ' বিভক্তি ব্যবহৃত হয়েছে তাই- তিনি "শোকে" পাগল হলেন "শোক" শব্দটি অপাদানে সপ্তমী কারক।

অধ্যায়: ০৪

বাগধারা

গুরুত্বপূর্ণ বাগধারা

অগত্যা মধুসূদন	অনন্যোপায় হয়ে
অগস্ত্য যাত্রা	শেষ বিদায়
অঞ্জল প্রভাব	স্ত্রীর প্রভাব
অশ্বমেধ যজ্ঞ	বিপুল আয়োজন
অকাল কুষ্মাণ্ড	অপদার্থ
অচ্ছের যষ্টি	অপরিহার্য অবলম্বন
অর্ধচন্দ্র	গলাধাক্কা
অমাবস্যার চাঁদ	দুর্লভ বস্তু
আঠারো মাসে বছর	দীর্ঘসূত্রিতা
আক্কেল গুড়ুম	হতবুদ্ধি হওয়া
আক্কেল সেলামি	ভুলের মাশুল
আকাশে তোলা	অতিরিক্ত প্রশংসা করা
ইদুর কপালে	মন্দভাগ্য
ইতর বিশেষ	প্রভেদ বা পার্থক্য
উজানের কৈ	সহজলভ্য
উনপঞ্চাশ বায়ু	পাগলামি
এক চোখা	পক্ষপাত দুষ্ট
একাদশে বৃহস্পতি	মহাসৌভাগ্য
এসপার ওসপার	মীমাংসা
কাক ভূষণ্ডি	সম্পূর্ণ ভেজা
কিষ্কিন্ধ্যাকাণ্ড	তুমুল হট্টগোল
কেতাদুরস্ত	ফ্যাশনবগিশ/পরিপাটি
কেঁচে গণ্ডুষ	গোড়া থেকে শুরু
কলুর বলদ	একটানা খাটুনি
কেউ কেটা	সামান্য
কচু বনের কালাচাঁদ	অপদার্থ
কংস মামা	নির্মম আত্মীয়
খয়ের খাঁ	চাটুকার
গড্ডলিকা প্রবাহ	অন্ধভাবে অনুসরণ
গদাই লস্করি চাল	মন্থর গতি
গোবর গণেশ	অকর্মণ্য
গোঁফ-খেজুরে	অত্যন্ত কুঁড়ে
গৌরচন্দ্রিকা	ভূমিকা
চিনির বলদ	ভারবাহী
ঝাঁকের কৈ	এক দলভুক্ত
টুপ ভুজঙ্গ	নেশায় বিভোর
ঠুঁটো জগন্নাথ	অকর্মণ্য
ঢাকের কাঠি	তোষামুদে
ঢাক ঢাক গুড় গুড়	লুকোচুরি
তাসের ঘর	ক্ষণস্থায়ী ঘর
তামার বিষ	অর্থের কুপ্রভাব
তেল-নুন-লকড়ি	মৌলিক প্রয়োজন
তীর্থের কাক	প্রতীক্ষারত
তুলসী বনের বাঘ	সুবেশে দুর্বৃত্ত

দহরম মহরম	অন্তরঙ্গতা
দুধের মাছি	সুসময়ের বন্ধু
ধর্মপুত্র যুধিষ্ঠির	ধার্মিক
নিরানব্বইয়ের ধাক্কা	সঞ্চয়ের প্রবৃত্তি
পাথরে পাঁচ কিল	অদৃষ্ট সুপ্রসন্ন
পায়াভারি	অহংকার
ফাপর দালালি	অতিরিক্ত চালবাজি
ব্যাঙের আধুলি	সামান্য পুঁজি হলেও যা গর্বের
ব্যাঙের লাথি	নগণ্য লোকের দ্বারা অপমান
ব্যাঙের সর্দি	অসম্ভব ব্যাপার
ভূষণ্ডির কাক	বিচক্ষণ ব্যক্তি
ভিজে বিড়াল	কপটচারী
ভুইফোঁড়	নতুন আগমন
মাছের মায়ের পুত্রশোক	লোক-দেখানো শোক
যক্ষের ধন	কৃপণের ধন
রামগরুড়ের ছানা	গোমড়ামুখো লোক
রাবণের চিতা	চির অশান্তি
লেফাফা দুরস্ত	বাইরে পরিপাটি
শিরে সংক্রান্তি	সামনেই বিপদ
শকুনি মামা	অনিষ্টকর আত্মীয়
শাপে বর	অনিষ্টে ইষ্ট লাভ
হাতটান	চুরির অভ্যাস
আলুদোষ, আলুর দোষ	মেয়েদের প্রতি অত্যধিক দুর্বলতা; চরিত্রের দো
ইন্দ্রপতন	বিখ্যাত ব্যক্তির মৃত্যু
ত্রিশঙ্কু অবস্থা, ত্রিশঙ্কুর দশা	কোনো দিকেই যাওয়া যাচ্ছে না এমন অবস্থা
দঁক ভাঙা	জলকাদা ভাঙা/কাঁদা ভাঙা
নবমী দশা	মূর্ছা
বিদুরের খুদ	দরিদ্রের ক্ষুদ্র কিন্তু সশ্রদ্ধ উপহার
বুড় সালিকের ঘাড়ে রোঁ	বুড়ো বয়সে দৃষ্টিকটু ফুর্তি বা ফুর্তিবাদ যুবকের মতো ম
মেনিমুখো	সলজ্জ
মাৎস্যন্যায়	অরাজকতা
মাছের মা	নির্মম
রাহুর দশা	দুঃসময়
রাজযোটক	সুন্দর মিল
লক্ষ্মীর বরযাত্রী, সুখের পায়রা, দুধের মাছি	সুসময়ের বন্ধু
শিং ভেঙে বাছুরের দলে ভেড়া	বেশি বয়সে ছোটদের সাথে ঘনিষ্ঠতা করা
শিয়ালের যুক্তি	অকেজো যুক্তি
শনির দশা	দুঃসময়
সাপের ছুঁচো গেলা	অনিচ্ছায় বাধ্য হয়ে কাজ করা
কৃষ্ণের জীব	দুর্বল ও অসহায় প্রাণী
মুখ তোলা	প্রসন্ন হওয়া
পান্তা ভাতে ঘি	নষ্ট
নগদ নারায়ণ	কাঁচা টাকা
শিকায় তোলা	মুলতবি রাখা
নেপোয় মারে দই	ধূর্ত লোকের ফলপ্রাপ্তি
কূর্ম অবতার	অলস
চল্লিশের কোঠা	উনচল্লিশ
তাল ঠোকা	সগর্ব উক্তি

ঘর হায় না তেড়ে গুঁতোয়	কুকাজে পটুত্ব
ঘোষের লাউ অঘলের কদু	সব পক্ষের মন যুগিয়ে চলা
ঘোরপাঁচ	খুশি করা
ঘোলাজাউ	বাকসর্বস্ব
ঘোড়ত সলিলে	স্বীয় কর্মের ফল ভোগ
ঘোড়া পাজা	বড়াই করা
চিলাকড়ু	অকর্মণ্য লোক
চুড়িদর্শন	পালিয়ে যাওয়া
চুর্কি নাচন	নাজেহাল অবস্থা
চলের চাঁদ	সুন্দর ব্যক্তি কিন্তু অপদার্থ
চলন চাঁদ	ভাগ্যবান
চেহাদুরস্ত	পরিপাটি
চাপাথর	হিসাব-নিকাশ
চৌকোটি চৌষট্টি	প্রায় সম্পূর্ণ
চাটের মড়া	অতি বৃদ্ধ
চেলা হাকিম	অনভিজ্ঞ
ছাট কপালে	হতভাগ্য
চর্বিত চর্বণ	পুনরাবৃত্তি
ছোলা হাঁড়ি	গম্ভীর
জমড়াগাছি করা	তোষামোদ করা
জোকুলের ষাঁড়	নিষ্কর্মা ও ভবঘুরে
ঝেড়া রোগ	সাধ্যের অতিরিক্ত সাধ

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. 'চোখের নেশা' বাগ্‌ধারাটির অর্থ কী? [JU-H, Set-F: 20-21]

A. নির্লজ্জ B. লজ্জা
C. চক্ষুশূল D. রূপের মোহ

SOWhy কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা:
- রামগরুড়ের ছানা (গোমড়ামুখো লোক)
- সাক্ষী গোপাল (নিষ্ক্রিয় দর্শক)
- গা-করা (মনোযোগ দেওয়া)
- শিকায় তোলা (মুলতবি রাখা)
- নেপোয় মারে দই (ধূর্ত লোকের ফলপ্রাপ্তি)

02. 'তামার বিষ' বাগধারার অর্থ- [JU-H: 2018-19]

A. অর্থের কুপ্রভাব B. কারো সুনামে জ্বালা
C. গভীর আঘাত D. গভীর ক্ষত

SAWhy
- তামার বিষ → অর্থের কুপ্রভাব;
- তিলকে তাল বলা → অত্যন্ত বাড়িয়ে বলা।
- তীর্থের কাক → প্রতীক্ষারত;
- তুলো ধুনা করা → দুর্দাশাগ্রস্ত করা।

03. 'ঢাকের বায়া' বাগধারার অর্থ কি? [JU-F: 2018-19]

A. মূল্যবান B. মূল্যহীন
C. অসাধারণ D. কৃপণ

SBWhy ঢাকের বায়া অর্থ- মূল্যহীন।
ঢাকের কাঠি- তোষামুদে।
ঢাক ঢাক গুড় গুড়- লুকোচুরি।

04. 'নাকের বদলে নরুন' বাগধারার অর্থ- [JU-F: 2018-19]

A. যথার্থ প্রাপ্য দেয়া B. প্রাপ্যের চেয়ে বেশী দেয়া
C. প্রাপ্যের চেয়ে কম দেয়া D. কিছুই না দেয়া

SCWhy 'নাকের বদলে নরুন' বাগধারার অর্থ প্রাপ্যের চেয়ে কম দেওয়া।

অধ্যায়: ০৫

এক কথায় প্রকাশ

গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ

চোখের কোণ	অপাঙ্গ	জয় করার ইচ্ছা	জিগীষা
একশত পঞ্চাশ বছর	সার্ধশতবর্ষ	বিজয় লাভের ইচ্ছা	বিজিগীষা
সৃষ্টি করার ইচ্ছা	সিসৃক্ষা	বেঁচে থাকার ইচ্ছা	জিজীবিষা
যে রূপ ইচ্ছা	যদৃচ্ছা	দান করার ইচ্ছা	লিপ্সা
হনন করার ইচ্ছা	জিঘাংসা	মুক্তি পেতে ইচ্ছা	মুমুক্ষা
হাতির ডাক	বৃংহণ বা বৃংহিত	হিত করার ইচ্ছা	হিতৈষা
কুকুরের ডাক	বুক্কন	অলঙ্কারের ধ্বনি	শিঞ্জন
অশ্বের ডাক	হ্রেষা	বিহঙ্গের ধ্বনি	কাকলি
পেঁচা বা উলূকের ডাক	ঘূৎকার	ধনুকের ধ্বনি	টঙ্কার
মোরগের ডাক	শকুনিবাদ	সমুদ্রের ঢেউ	ঊর্মি
আনন্দজনক ধ্বনি	নন্দিঘোষ	সমুদ্রের ঢেউয়ের শব্দ	কল্লোল
গম্ভীর ধ্বনি	মন্দ্র	যে নারী সুন্দরী	রামা
যে নারী কহলপ্রিয়	খান্ডানী	রাত্রির প্রথম ভাগ	পূর্বরাত্র
যে মেঘে প্রচুর বৃষ্টি হয়	সংবর্ত	রাত্রির মধ্যভাগ	মহানিশা
দিনের পূর্ব ভাগ	পূর্বাহ্ণ	রাত্রির শেষভাগ	পররাত্র
দিনের মধ্য ভাগ	মধ্যাহ্ন	রাত্রির তিনভাগ একত্রে	ত্রিযামা
দিনের অপর ভাগ	অপরাহ্ণ	রাত্রিকালীন যুদ্ধ	নৌক্তিক
যার দুটি মাত্র দাঁত	দ্বিরদ (হাতি)	যার চারদিকে স্থল	হ্রদ
যার দুহাত সমান চলে	সব্যসাচী	যার কোনো তিথি নেই	অতিথি
যার শুভ ক্ষণে জন্ম	ক্ষণজন্মা	যিনি অতিশয় হিসাবি	পাটোয়ারি
যে তীর নিক্ষেপে পটু	তীরন্দাজ	দমন করা যায় না যাকে	অদম্য
যে রব শুনে এসেছে	রবাহূত	দমন করা কষ্টকর যাকে	দুর্দমনীয়
যা পূর্বে শোনা যায় নি	অশ্রুতপূর্ব	যে গাঁজায় নেশা করে	গৌঞ্জেল
যা বলা হচ্ছে	বক্ষ্যমাণ	যা পূর্বে দেখা যায় নি	অদৃষ্টপূর্ব
যা জল দেয়	জলদ (মেঘ)	যা পূর্বে ছিল এখন নেই	ভূতপূর্ব
যা চুষে খাবার যোগ্য	চোষ্য	যা পূর্বে কখনো হয় নি	অভূতপূর্ব
যা চিবিয়ে খাবার যোগ্য	চর্ব্য	যা মুছে ফেলা যায় না	দুর্মোচ্য
যা চেটে খাবার যোগ্য	লেহ্য	যা সহজে জানা যায় না	দুর্জ্ঞেয়
যা পুনঃ পুনঃ দুলছে	দোদুল্যমান	যা প্রমাণ করা যায় না	অপ্রমেয়
যা বলা হয় নি	অনুক্ত	যা আহূত (ডাকা) হয় নি	অনাহূত
যা বলার যোগ্য নয়	অকথ্য	যা কষ্টে জয় করা যায়	দুর্জয়
যা আঘাত পায় নি	অনাহত	যা কষ্টে লাভ করা যায়	দুর্লভ
অনশনে মৃত্যু	প্রায়	যা প্রকাশ করা হয় নি	অব্যক্ত
কাচের তৈরি বাড়ি	শিশমহল	যা নিজের দ্বারা অর্জিত	স্বোপার্জিত
রক্ত বর্ণ পদ্ম	কোকনদ	নারীর কটিভূষণ	রশনা
পদ্মের ডাঁটা বা নাল	মৃণাল	মাসের শেষ দিন	সংক্রান্তি
ক্ষমার যোগ্য	ক্ষমার্হ	ফুল হতে জাত	ফুলেল
গদ্যপদ্যময় কাব্য	চম্পু	গরুর খুরে চিহ্নিত স্থান	গোষ্পদ
পা ধোয়ার জল	পাদ্য	চৈত্র মাসে উৎপন্ন ফসল	চৈতালি
জ্বল জ্বল করছে যা	জাজ্বল্যমান	জ্বলছে যে অর্চি (শিখা)	জ্বলদর্চি
ক্ষুদ্র প্রলয়	খণ্ডপ্রলয়	এক থেকে শুরু করে	একাদিক্রমে
ক্ষুদ্র মৃৎপাত্র	ভাঁড়	জীবিত থেকেও যে মৃত	জীবন্মৃত
ক্ষুদ্র ফোঁড়া	ফুসকুড়ি	বাতাসে (ক-তে) চরে যে	কপোত
ক্ষুদ্র নদী	সারণি	আকাশে (খ-তে) চরে যে	খেচর/খচর
ক্ষুদ্র জাতীয় বক	বলাক	অরিকে দমন করে যে	অরিন্দম
ছোট ছোট গাছ	গাছড়া	সর্বত্র গমন করেন যিনি	সর্বগ

যা জল দেয়	জলদ	ঈষৎ আমিষ গন্ধ যার	আঁষটে
পুরুষের কর্ণভূষণ	বীরবৌলি	শোক দূর হয়েছে যার	বীতশোক
কর্মে যাহার ক্লান্তি নাই	অক্লান্তকর্মী	দিন ও রাত্রির সন্ধিক্ষণ	গোধূলি
হস্তী রাখার স্থান	পিলখানা	আবক্ষ জলে নেমে স্নান	অবগাহন

অক্ষিতে কাম যার (যে নারীর)	কামাক্ষী
পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব	রজত জয়ন্তী
পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব	সুবর্ণ জয়ন্তী
ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব	হীরক জয়ন্তী
অনুসন্ধান করার ইচ্ছা	অনুসন্ধিৎসা
উদক (জল) পানের ইচ্ছা	উদন্যা
রাজহাঁস (পক্ষীর) কর্কশ ডাক	ক্রেঙ্কার
পরকে (কোকিল শাবক) পালন করে যে	পরভৃৎ (কাক)
পরের (কাকের) দ্বারা প্রতিপালিত যে	পরভৃত (কোকিল)
যে নারী অতি উজ্জ্বল ও ফর্সা	মহাশ্বেতা
যে নারী আনন্দ দান করে	বিনোদিনী
যে নারীর সহবাসে মৃত্যু হয়	বিষকন্যকা
যে নারী বার (সমূহ) গামিনী	বারাঙ্গনা
যে নারী অঘটন ঘটাতে পারদর্শী	অঘটনঘটনপটিয়সী
যে নারী সূর্যকে দেখে না (অন্তঃপুরে থাকে)	অসূর্যম্পশ্যা
যে নারী একবার সন্তান প্রসব করেছে	কাকবন্ধ্যা
যে নারী পূর্বে অন্যের স্ত্রী ছিল	অন্যপূর্বা
যে নারী (বা গাভী) দুগ্ধবতী	পয়স্বিনী
যে নারী প্রিয় বাক্য বলে	প্রিয়ংবদা
যে নারী স্বয়ং পতি বরণ করে	স্বয়ংবরা
যে নারী বীর সন্তান প্রসব করে	বীরপ্রসূ
যে নারী দেহ সৌষ্ঠব সম্পন্না	অঙ্গনা
যে নারী অপরের দ্বারা প্রতিপালিতা	পরভৃতা বা পরভৃতিকা
যে নারীর স্বামী ও পুত্র জীবিত	বীরা বা পুত্রঘ্নী
যে নারীর স্বামী ও পুত্র মৃত	অবীরা
যে নারীর বিয়ে হয়েছে	উঢ়া
যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে	নবোঢ়া
যে নারীর বিয়ে হয় না	অনূঢ়া
যে নারীর অসূয়া (হিংসা) নেই	অনসূয়া
যে নারীর স্বামী (ভর্তা) বিদেশ থাকে	প্রোষিতভর্তৃকা
যে নারীর সন্তান হয় না	বন্ধ্যা
যে নারীর সন্তান বাঁচে না	মৃতবৎসা
যে নারীর স্বামী দ্বিতীয় বিয়ে করেছে	অধিবিন্না
যে নারীর হাসি সুন্দর	সুস্মিতা
যে নারীর হাসি কুটিলতাবর্জিত	শুচিস্মিতা
যে (পুরুষ) দ্বার পরিগ্রহ করে নি	অকৃতদার
যে (পুরুষ) দ্বার পরিগ্রহ করেছে	কৃতদার
যে (পুরুষ) স্ত্রীর বশীভূত	স্ত্রৈণ
যে পুরুষের স্ত্রী বিদেশ থাকে	প্রোষিতপত্নীক বা প্রোষিতভার্য
যে বৃক্ষের ফল হয় কিন্তু ফুল হয় না	বনস্পতি
দিনের সায় (অবসান) ভাগ	সায়াহ্ন
যার অন্য কোনো উপায় নেই	অনোপায়
যার দাঁড়ি গোঁফ উঠে নি	অজাতশ্মশ্রু
যার উপস্থিত বুদ্ধি আছে	প্রত্যুৎপন্নমতি
যার সব কিছু হারিয়েছে	হৃতসর্বস্ব
যার পূর্বজন্মের কথা স্মরণ আছে	জাতিস্মর
যার দুই দিক বা চার দিকে জল	দ্বীপ

যার বংশ পরিচয় বা স্বভাব কেউই জানে না	অজ্ঞাতকুলশীল
যে পরের গুণেও দোষ ধরে	অসূয়ক
যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে	অবিমৃশ্যকারী
যে অপরের লেখা চুরি করে নিজনামে চালায়	কুম্ভীলক
যে আপনাকে পণ্ডিত মনে করে	পণ্ডিতম্মন্য
যে বিদ্যা লাভ করেছে	কৃতবিদ্য
যে সন্তান পিতার মৃত্যুর পর জন্মে	মরণোত্তরজাতক
যে ক্রমাগত রোদন করছে	রোরুদ্যমান
যে জমিতে দুবার ফসল হয়	দো-ফসলি
যেখানে মৃতজন্তু ফেলা হয়	ভাগাড়/উপশল্য
যে বিষয়ে কোনো বিতর্ক নেই	অবিসংবাদী
যা উরস (বুক) দিয়ে হাঁটে	উরগ (সর্প)
যা পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে	দেদীপ্যমান
যা লাফিয়ে লাফিয়ে চলে	প্লবগ (ব্যাঙ/বানর)
যা কোথাও উঁচু কোথাও নিচু	বন্ধুর
যা খুব শীতল বা উষ্ণ নয়	নাতিশীতোষ্ণ
অকর্মণ্য গবাদি পশু রাখার স্থান	পিঁজরাপোল
অঘ্রান মাসে সন্ধ্যাকালীন ব্রত (রমনীদের)	সেঁজুতি
আশ্বিন মাসের পূর্ণিমা তিথি	কোজাগর
ইতস্তত গমনশীল বা সঞ্চরণশীল	বিসর্পী
ঋণ শোধের জন্য যে ঋণ করা হয়	ঋণার্ণ
...ভার্চুয়াল রিয়েলিটিতে তৈরি হয় - ত্রিমাত্রিক জগত
...গেমে অবজেক্ট তৈরি করা হয় - প্রোগ্রামিং দ্বারা
...এক্সোস্কার্জারি ব্যবহৃত হয় - লিভার ক্যাপারে

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

11. কোথায় স্পেস স্টেশন স্থাপন করা হয়েছে? [JU-A, Set-G: 2022-23]

A. সূর্যের কক্ষপথে B. মংগল গ্রহে
C. পৃথিবীতে D. পৃথিবীর কক্ষপথে

SOWhy যুক্তরাষ্ট্র, রাশিয়া, জাপান, কানাডা এবং ইউরোপীয় ইউনিয়নের পাঁচটি মহাকাশ সংস্থার যৌথ উদ্যোগে আইএসএস পরিচালিত হয়ে আসছে। ১৯৯৮ সালে পৃথিবীর কক্ষপথে এটি স্থাপন করা হয়। চলতি শতকের শুরু থেকে মহাকাশে তিন হাজারের বেশি গবেষণা কার্যক্রম পরিচালিত হয়েছে এই স্টেশনে।

12. ফ্রিল্যান্সার কে? [JU-A, Set-G: 2022-23]

A. দীর্ঘমেয়াদি চুক্তিতে কর্মরত ব্যক্তি
B. যিনি নিয়মমাফিক ১০টা-০৫টা অফিস করেন
C. যিনি স্বাধীনভাবে প্রতিষ্ঠানের কাজ করেন
D. সুনির্দিষ্ট কাজের লাইসেন্স নিয়ে কাজ করেন

SOWhy ফ্রিল্যান্সিং হল মুক্ত ও স্বাধীনভাবে কাজ করা পেশা।

13. নিচের কোনটি শুধুমাত্র বাংলা ভাষায় ব্যবহৃত অক্ষর এনকোডিং এর উদাহরণ? [JU-A, Set-G: 2022-23]

A. ASCII B. UTF-8
C. OTM-32 D. বিজয়

SOWhy বিজয় হল বাংলা লেখার সফটওয়্যার।

14. রোবাটিক্স কি? [JU-A, Set-H: 2022-23]

A. রোবট বিজ্ঞান B. রোবটের ক্রিয়ানীতি
C. শিল্পে ব্যবহৃত রোবট D. রোবট তৈরির ব্যবহৃত ভাষা

SOWhy রোবটিক্স হলো প্রযুক্তির একটি শাখা যেটি রোবট সম্পর্কে ডিজাইন, নির্মাণ, কার্যক্রম ও প্রয়োগ নিয়ে কাজ করে। New Collegiate ডিকশনারীর মতে "রোবট হচ্ছে একটি স্বয়ংক্রিয় যন্ত্র বা মানুষ যেভাবে কাজ করতে পারে সেভাবে কাজ করে অথবা এর কাজ দেখে মনে হয় এর বুদ্ধিমত্তা আছে। সর্বপ্রথম ডিজিটাল ও প্রোগ্রামেবল রোবট আবিষ্কার করেন জর্জ ডেভল, এজন্য তাকে রোবটিক্সের জনক বলা হয়।

15. ইন্টারনেট ব্যবহার করে কর্মসংস্থানের সুযোগকে কি বলা হয়? [JU-A, Set-H: 2022-23]

A. ই-কমার্স B. আউটসোর্সিং C. ই-সিকিউরিটি D. ই-গভর্নেন্স

SOWhy আউটসোর্সিং বলতে এমন এক ধরনের ব্যবসায়িক প্রক্রিয়াকে বোঝায়, যার মাধ্যমে কোনও ব্যবসা প্রতিষ্ঠান তার কোনো কাজ (পণ্য বা পণ্যের অংশবিশেষ উৎপাদন বা সেবা) চুক্তির মাধ্যমে বাইরের দ্বিতীয় কোনও ব্যবসা প্রতিষ্ঠানকে দিয়ে করিয়ে নেয়। তাই, ইন্টারনেট ব্যবহার করে কর্মসংস্থানের সুযোগও আউট আউটসোর্সিং এর অন্তর্ভুক্ত।

16. রোবটিক্স-এর সাথে জড়িত বিষয়গুলো হলো- [JU-A, Set-H: 2022-23]

i. কৃত্রিম বুদ্ধিমত্তা ii. প্রকৌশল বিদ্যা iii. বায়োমেট্রিক্স

নিচের কোনটি সঠিক?

A. i এবং ii B. i এবং iii C. ii এবং iii D. i, ii এবং iii

SOWhy কৃত্রিম বুদ্ধিমত্তা ও প্রকৌশল বিদ্যা নিয়ে রোবটিক্স কাজ করে।

17. বঙ্গবন্ধু স্যাটেলাইট-1, বাংলাদেশের প্রথম জিওস্টেশনারি কমিউনিকেশন স্যাটেলাইট কোন রকেট ব্যবহার করে মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছিল? [JU-A, Set-N: 2021-19]

A. ফ্যালকন 9 B. আরিয়ান 5 C. সয়ুজ 16 D. সয়ুজ 2 Ans: B

18. EFT এর পূর্ণরূপ কি? [JU-A, Set-R: 2022-23]

A. Electronic Fund Transfer B. emotional Freedom Technique
C. Enterprising fund Transfer D. Electronic Fund Technique

SOWhy EFT এর পূর্ণরূপ Electronic Fund Transfer।

19. অনলাইনে পারস্পরিক মিথস্ক্রিয়ায় শিক্ষা কার্যক্রম পরিচালনাকে বলে- [JU-A, Set-S: 2022-23]

A. ই-স্টাডি B. ই-লারনিং
C. অন-লারনিং D. ইন্টারঅ্যাক্টিভ ক্লাস

SOWhy ই-লারনিং বা অনলাইনভিত্তিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীকে এক স্থান থেকে অন্য স্থানে যাবার প্রয়োজন পড়ে না। এভাবে বিভিন্ন দেশের শিক্ষার্থীরা পরস্পরের সাথে আন্তঃসম্পর্ক গড়ে তোলে যা গ্লোবাল ভিলেজ বাস্তবায়নে বিশেষ ভূমিকা পালন করে।

20. মেশিন লার্নিং এর সাথে নীচের কোনটি সবচেয়ে কম সামঞ্জস্যপূর্ণ? [JU-A, Set-F: 2021-22]

A. কৃত্রিম বুদ্ধিমত্তা B. ডাটা সায়েন্স C. পূর্ববর্তী D. কম্পিউটার

SOWhy মেশিন লার্নিং মূলত Data Secience এর একটি অংশ। মেশিন লার্নিং মেশিনকে মানুষের মতো ভাবতে শিখায়।

21. সাইবার ক্রাইম ও আক্রমণ এবং হ্যাকিং এর মধ্যে মিল হলো- [JU-A, Set-I: 2021-22]

A. কম্পিউটারের নিয়ন্ত্রণ নেয়া B. অনুমতি না নেয়া
C. তথ্য চুরি করা D. তথ্যের পরিবর্তন কিংবা মুছে ফেলা

SOWhy সাইবার ক্রাইম ও আক্রমণ এবং হ্যাকিং উভয়ই কম্পিউটার নিয়ন্ত্রণ নিতে চায়।

22. বায়োমেট্রিক্স আমরা কোন কাজে ব্যবহার করতে পারি? [JU-A, Set-O: 2021-22]

A. ব্যক্তির identity নির্ধারণ B. জৈবিক প্রক্রিয়া অনুধাবনে
C. জেনেটিক রোগ নির্ণয়ে D. কার্যকর ভ্যাক্সিন তৈরিতে

SOWhy দেহের গঠন ও শরীরবৃত্তীয় বৈশিষ্ট্যের

বায়োমেট্রিক্স পদ্ধতি	আউটপুট পদ্ধতি
ফিঙ্গার প্রিন্ট	অয়েস রিকোগনিশন
হ্যান্ড জিওমেট্রি	সিগনেচার ভেরিফিকেশন
আইরিশ ও রেটিনা স্ক্যান	টাইপিং কী স্ট্রোক
ফেইস রিকোগনিশন	
DNA	

13. রোবট সোফিয়া কোন দেশে তৈরী করা হয়েছে? [JU-A, Set-M. 2021-22]
A. জাপান B. থাইল্যান্ড
C. হংকং D. আমেরিকা
SCWhy রোবট সোফিয়া হংকং এ তৈরি করা হয়েছে।

14. ছদ্মবেশ ধারণ করে কম্পিউটার থেকে চুরি করে নিয়ে যাওয়াকে বলা হয়- [JU-A, Set-Q. 2021-22]
A. স্পুফিং B. ফিশিং
C. ট্রিকিং D. স্প্যামিং
SAWhy ছদ্মবেশ ধারণ করে কম্পিউটার থেকে চুরি করে নিয়ে যাওয়াকে বলে স্পুফিং।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. ভার্চুয়াল রিয়েলিটিতে কোন ধরনের ইমেজ ব্যবহার করা হয়? [GST-C. 20-21]
A. একমাত্রিক B. দ্বিমাত্রিক
C. ত্রিমাত্রিক D. বহুমাত্রিক
SCWhy ভার্চুয়াল রিয়েলিটিতে ত্রিমাত্রিক ইমেজ ব্যবহার করা হয়।

02. গ্লোবাল ভিলেজ এর backbone কোনটি? [GST-C. 20-21]
A. হার্ডওয়্যার B. সফটওয়্যার
C. কানেক্টিভিটি D. ডাটা
SCWhy বিশ্বগ্রামের মেরুদন্ড হলো নিরাপদভাবে রির্সোস শেয়ার করে নেটওয়ার্কের মাধ্যমে বিভিন্ন উপাত্ত গ্রামের প্রতিটি মানুষের নিকট পৌছে দেয়।

03. অদ্বিতীয়ভাবে একজন ব্যক্তিকে সনাক্ত করার জন্য কোন তথ্যটি ব্যবহৃত হয় না? [GST-A. 20-21]
A. চোখের মনি B. কণ্ঠস্বর
D. আঙুলের ছাপ D. ডিএনএ
SBWhy যেকোনো ২টি মানুষের মধ্যে ৯৯.৯৯% মিল থাকলেও ০.০১% অমিল রয়েছে। কণ্ঠসর দুইটি মানুষের একই হতেই পারে কিন্তু চোখের মান, আঙুলের ছাপ ও ডিএনএ ভিন্ন হবে।

04. কোন পদ্ধতিতে আঙুলের ছাপ ব্যবহার করে অপরাধী নির্ণয় করা যায়? [GST-B. 20-21]
A. জেনেটিক ইঞ্জিনিয়ারিং B. বায়োমেট্রিক্স
C. ন্যানো টেকনোলজি D. আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স
SBWhy বায়োমেট্রিক্স হলো ফিঙ্গার প্রিন্ট পদ্ধতি। এ পদ্ধতি দিয়ে মানুষের ভিন্নতা শনাক্ত করা যায়।

05. কোনটি অনলাইন শিখন প্লাটফর্ম নয়? [DU. 20-21]
A. গুগল ক্লাসরুম B. জুম
C. গুগল স্প্রেডশিট D. গুগল মিট
SCWhy গুগল ক্লাসরুম, জুম, গুগল মিট দিয়ে আমরা মিটিং অথবা ক্লাস করতে পারি।

06. সরকারের সকল কার্যক্রম তথ্যপ্রযুক্তির মাধ্যমে পরিচালনা করার ব্যবস্থার নাম কি? [RU-C, Jupitar-1, Set-1. 2021-22]
A. ই-কমার্স B. টেলিমেডিসিন
C. ই-লার্নিং D. ই-গভার্নেন্স
SDWhy সরকারের সকল কার্যক্রম তথ্য প্রযুক্তির মাধ্যমে পরিচালনার করার ব্যবস্থাকে ই-গভার্নেন্স বলে।

06. কোনটি চতুর্থ শিল্প বিপ্লব (4IR)-এর সাথে সম্পর্কযুক্ত? [RU-C, Neptune-2, Set-1. 2021-22]
A. কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) B. লেজার প্রিন্টিং
C. A ও B D. কোনটিই না
SCWhy চতুর্থ শিল্প হলো উৎপাদন পদ্ধতিতে এবং প্রযুক্তিতে সংক্রিয় করণ এবং তথ্য আদান প্রাদানের প্রচলন। যার মধ্যে-IOT, Cloud Computing, AI প্রযুক্তি গুলো অর্ন্তর্ভুক্ত।
■ Example of Fourth Indeustrial Revolution:
Artificial Inteligence, Cloud Computing, 3D Printing and among others.

08. নিচের কোনটি নলেজ বেজড এক্সপার্ট সিস্টেম? [RU-C, Uranus-1, Set-1. 2021-22]
A. টেলিকনফারেন্সিং B. ডেনড্রাল
C. প্রেটিওমিক্স D. ন্যানো টেকনোলজী
SDWhy ন্যানো টেকনেলজী নলেজ বেজড এক্সপার্ট সিস্টেম।

09. বিনা অনুমতিতে নিরাপত্তা সিস্টেমকে ফাঁকি দিয়ে কারো কম্পিউটারে অবৈধভাবে প্রবেশের মাধ্যমে ক্ষতি সাধন করাকে কি বলে? [RU-C, Uranus-1, Set-1. 2021-22]
A. স্প্রামিং B. হ্যাকিং C. স্পুফিং D. কোনটিই না
SBWhy সাধারনত অনুমতি ব্যতীত কোন কাম্পিউটার নেটওয়ার্কে প্রবেশ করে কম্পিউটার ব্যবহার করা অথবা কোন কম্পিউটারকে তার নিয়ন্ত্রনে নিয়ে নেওয়াই হ্যাকিং।

10. অন্যের লিখা বা গবেষণালব্ধ ফলাফল নিজের বলে চালিয়ে দেয়া কোন ধরনের অপরাধ? [RU-C, Venus-1, Set-1. 2021-22]
A. সফটওয়ার পাইরেসি B. ফিশিং
C. প্লেজারিজম D. স্প্যামিং
SCWhy কোনো লেখা লেখকের অনুমতি ব্যতিত চুরি করা বা নিজের নামে চালানোকে প্লেজিয়ারিজম বলে।

11. মাইক্রোসফট ওয়ার্ড একটি- [RU-B, গ্রুপ-২, (বাণিজ্য, অ-বাণিজ্য)- 20-21]
A. সিস্টেম সফটওয়্যার B. এপ্লিকেশন সফটওয়্যার
C. প্রসেসিং ডিভাইস D. মেমরি
SBWhy মাইক্রোসফট ওয়ার্ড হলো একটি এপ্লিকেশন সফটওয়্যার।

12. GSP এর পূর্ণরূপ কী? [RU-B, গ্রুপ-৩, (অ-বাণিজ্য)- 20-21]
A. Generalized System of Preferences
B. General System of preferences
C. General System of Priority
D. কোনোটিই নয়
SAWhy Generalized System of Preferences বা GSP একটি অগ্রাধিকারমূলক ট্যারিফ সিস্টেম যা বিভিন্ন পণ্যের শুল্ক হ্রাস প্রদান করে। GSP এর ধারণাটি ' মোস্ট ফেভারিট নেশন' ধারণা থেকে একেবারে আলাদা।

13. ব্যক্তির বিশেষ বৈশিষ্ট্যকে ব্যবহার করে যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রবেশাধিকার সংরক্ষণের জন্য কোন পদ্ধতিটি ব্যবহৃত হয়? [RU-B, গ্রুপ-২, (বাণিজ্য)- 20-21]
A. বায়োমেট্রিক্স B. ফয়ারওয়াল C. ভিপিএন D. এনক্রিপশন
SAWhy বায়োমেট্রিক্স হলো এমন একটি প্রযুক্তি যেখানে কোনো ব্যক্তির গঠন এবং আচরণগত বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে তাকে অদ্বিতীয়ভাবে চিহ্নিত বা শনাক্ত করা যায়। কম্পিউটার বিজ্ঞানে বায়োমেট্রিক্সকে ব্যক্তি শনাক্তকরণ এর কোনো সিস্টেমের প্রবেশাধিকার নিয়ন্ত্রণের কৌশল হিসেবে ব্যবহার করা হয়।

14. নিচের কোন মেমরি নন ভোলাটাইল? [RU-B, গ্রুপ-১, (বাণিজ্য)- 20-21]
A. ROM B. DRAM C. SRAM D. কোনোটিই না
SAWhy র‍্যামকে ভোলাটাইল মেমরি বলা হয় কারণ এতে সংরক্ষিত তথ্য বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হওয়ার পর আর থাকে না। আরো কিছু নন-ভোলাটাইল মেমরি যেগুলো বিদ্যুৎ চলে যাওয়ার পরেও মুছে যায় না সেগুলো হলো রম।

15. 'ওয়েইবো' কোন দেশের স্থানীয় সামাজিক যোগাযোগ মাধ্যম? [RU-B, গ্রুপ-১, (অ-বাণিজ্য)- 20-21]
A. জাপান B. তাইওয়ান C. চীন D. থাইল্যান্ড
SCWhy চীনের সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম 'ওয়েইবো' এটি চীনের সবচেয়ে জনপ্রিয় সামাজিক মিডিয়া সাইট, চীনে ৩০% এর বেশি ইন্টারনেট ব্যবহারকারীরা এটা ব্যবহার করে।

16. গ্লোবাল ভিলেজের মেরুদন্ড কোনটি? [RU-B, গ্রুপ-১, (অ-বাণিজ্য)- 20-21]
A. হার্ডওয়্যার B. সফটওয়্যার C. কানেকটিভিটি D. ডেটা
SCWhy বিশ্বগ্রামের মেরুদন্ড হচ্ছে কানেকটিভিটি সে কারণেই মানুষ যে যেখানেই অবস্থান করেন না কেনো সবসময়ই মোবাইল বা কম্পিউটার ইন্টারনেটের মাধ্যমে সংযুক্ত থাকতে পারছে। বিশ্বের তথ্য ভান্ডারের সাথে সার্বক্ষণিকভাবে বা প্রয়োজনে সংযুক্ত থেকে তথ্য প্রাপ্তি নিশ্চিত করার ক্ষেত্রে কানেকটিভিটি মূল ভূমিকা পালন করে।

17. কম্পিউটার Queue হিসাবে পরিচিত কোনটি? [RU-B, গ্রুপ-১, (অ-বাণিজ্য): 20-21]
A. FIFO Memory B. FILO Memory
C. Flash Memory D. কোনটিই নয়
S(A)Why FIFO এর পূর্ণরূপ হলো First In First Out মানে যে প্রথমে প্রবেশ করবে সে প্রথমে বের হবে। কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত হয় FIFO এবং LIFO।

18. কৃত্রিম বুদ্ধিমত্তা কোথায় ব্যবহৃত হয়? [RU-B, গ্রুপ-১, (অ-বাণিজ্য): 20-21]
A. বায়োমেট্রিক্স B. রোবটিক্স
C. বাইয়োইনফরমেটিক্স D. ন্যানোটেকনোলজি
S(B)Why যে শাখায় রোবটের নকশা বা ডিজাইন, গঠন, পরিচলন প্রক্রিয়া, কাজ ও প্রয়োগক্ষেত্র সম্পর্কে আলোচনা করা হয় সেই শাখাকে রোবটিক্স বলা হয়। রোবটে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ করা হয়। কম্পিউটার রোবটের সকল কাজকর্ম নিয়ন্ত্রণ করে। সকল রোবটের কাজের ধারা পূর্ব থেকেই ঠিক করে দেয়া থাকে।

19. ভার্চুয়াল রিয়েলিটিতে কত মাত্রার ইমেজ ব্যবহৃত হয়? [RU-B, গ্রুপ-২, (অ-বাণিজ্য): 20-21]
A. একমাত্রিক B. দ্বি-মাত্রিক
C. ত্রি-মাত্রিক D. বহুমাত্রিক
S(C)Why ভার্চুয়াল রিয়েলিটি হচ্ছে কম্পিউটার নিয়ন্ত্রিত সিস্টেম যাতে মডেলিং ও অনুকরণ বিদ্যার প্রয়োগের মাধ্যমে ইমেজ তৈরির মাধ্যমে অতি অসম্ভব কাজও সম্ভবপর হয়।

20. কম্পিউটারে কাজের গতি কী দ্বারা প্রকাশ করা হয়? [RU-B, গ্রুপ-২, (অ-বাণিজ্য): 20-21]
A. ন্যানোসেকেন্ড B. সেকেন্ড
C. মিনিট D. কোনোটিই নয়
S(A)Why কম্পিউটারের কাজের গতি ন্যানোসেকেন্ড দ্বারা পরিমাপ করা হয়। ১ সেকেন্ড এর ১০০ কোটি ভাগের এক ভাগকে ১ ন্যানোসেকেন্ড বলে। ১ ন্যানোসেকেন্ড = 10^{-9}S.।

21. কৃত্রিম বুদ্ধিমত্তায় ব্যবহৃত হয় কোনটি? [RU-B, গ্রুপ-২, (অ-বাণিজ্য): 20-21]
A. PYTHON B. HTML C. COBOL D. PROLOG
S(D)Why কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্র হচ্ছে এক্সপোর্ট সিস্টেম, রোবটিক্স ইত্যাদি। এক্সপোর্ট সিস্টেম এবং রোবটিক্সে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করার জন্য বিভিন্ন ধরনের প্রোগ্রামিং ভাষা যেমন– LISP, CLISP, PROLOG, C, C++, JAVA।

22. কোনটি প্রথম কম্পিউটার ভাইরাস নামে পরিচিত? [RU-B, গ্রুপ-২, (অ-বাণিজ্য): 20-21]
A. Rabbit B. Creeper Virus
C. Flk Cloner D. SCA Virus
S(B)Why প্রথম কম্পিউটনার ভাইরাসের নাম হচ্ছে Creeper Virus। ম্যাথমেটিশিয়ান জন ভন নিউম্যান ১৯৪৯ সালে কম্পিউটারগুলোকে নিজ থেকেই পরিবর্তন করতে পারে এমন এক ধরনের প্রোগ্রামের নাম কম্পিউটার ভাইরাস এবং গুর্মস দিয়ে একটি থিউরি প্রদান করে গিয়েছিলেন। তার এই থিউরি মোতাবেক দুনিয়ার প্রথম কম্পিউটার ভাইরাস হিসেবে ক্রিপারকে আখ্যায়িত হয়ে থাকে।

23. অনলাইনের মাধ্যমে দরপত্র আহ্বান করাকে কী বলে? [RU-B, গ্রুপ-৩, (অ-বাণিজ্য): 20-21]
A. ই-কর্মাস B. ই-টেন্ডার C. ই-মেইল D. ই-পোস্ট
S(B)Why টেন্ডার শব্দের অর্থ প্রস্তাব। সরকারি বিভিন্ন কাজ সরকারের কর্মচারীদের দ্বারা না করিয়ে অন্য কোনো বাইরের লোকদের দ্বারা করতে দরপত্র আহ্বান কর হয়, তাকে টেন্ডার বলে। আর অনলাইনে দরপত্র আহ্বান করাকে ই-টেন্ডার বলে।

24. কৃত্রিম বুদ্ধিমত্তা কোথায় ব্যবহৃত হয়? [RU-B, গ্রুপ-১, (বাণিজ্য): 20-21]
A. বায়োমেট্রিক্স B. রোবটিক্স
C. বায়োইনফরমেটিক্স D. ন্যানোটেকনোলজি
S(B)Why যে শাখায় রোবটের নকশা বা ডিজাইন, গঠন, পরিচান প্রক্রিয়া, কাজ ও প্রয়োগক্ষেত্র সম্পর্কে আলোচনা করা হয় সেই শাখাকে রোবটিক্স বলে। রোবটে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ করা হয়। কম্পিউটার রোবটের সকল কাজকর্ম নিয়ন্ত্রণ করে। সকল রোবটের কাজের ধারা পূর্ব থেকে ঠিক করে দেওয়া থাকে।

25. ব্যক্তির বিশেষ বৈশিষ্ট্যকে ব্যবহার করে যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রবেশাধিকার সংরক্ষণের জন্য কোন পদ্ধতিটি ব্যবহৃত হয়? [RU-B, গ্রুপ-২, (অ-বাণিজ্য): 20-21]
A. বায়োমেট্রিক্স B. ফায়ারওয়াল
C. ভিপিএন D. এনক্রিপশন
S(A)Why বায়োম্যাট্রিক্স হলো একটি ফিঙ্গারপ্রিন্ট পদ্ধতি। এ পদ্ধতি দ্বারা মানুষের ভিন্নতা শনাক্ত করা যায়।

26. রোবট শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [RU-B, গ্রুপ-২, (বাণিজ্য): 20-21]
A. ইংলিশ B. গ্রিক
C. ল্যাটিন D. স্লাভিক
S(D)Why 'রোবটিক্স' (Robotics) শব্দটির উৎপত্তি হয়েছে স্লাভিক শব্দ 'robota' (রোবটা) থেকে যার ইংরেজি হলো robot (রোবট) এবং আভিধানিক অর্থ হলো শ্রমিক, দাস বা কর্মী।

27. জীববিজ্ঞানে কি ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহার করা হয়? [RU C: 19-20]
A. বায়োইনফরমেটিক্স B. বায়োমেট্রিক্স
C. বায়োকেমিস্ট্রি D. কোনোটিই নয়
S(A)Why বায়োইনফরমেটিক্স হলো কম্পিউটার প্রযুক্তি, ইনফরমেশন থিওরি ও পরিসংখ্যান কৌশল ব্যবহার করে জৈব ডেটা সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে জৈব গবেষণায় ব্যবহৃত একটি উন্নত পদ্ধতি। অন্যদিকে দৈহিক গঠন বা আচরণগত বৈশিষ্ট্যের ভিত্তিতে কোনো ব্যক্তিকে অদ্বিতীয়ভাবে শনাক্ত করার প্রযুক্তি হল বায়োমেট্রিক্স।

28. ISP বলতে কি বুঝো? [RU C: 19-20]
A. Internet Social Privilege B. Internet Service Provider
C. Internet Service Privilege D. Internet Social Public
S(B)Why ইন্টারনেট সার্ভিস প্রভাইডার বা ইন্টারনেট সেবা প্রদানকারী বলতে একটি প্রতিষ্ঠানকে বোঝায়, যারা ইন্টারনেটে প্রবেশ এবং ব্যবহার সংক্রান্ত সেবা প্রদান করে।

29. কোনটি কম্পিউটার ভাইরাস? [RU B 19-20]
A. PHP B. SQL
C. CIH D. Blue Ray
S(C)Why CIH কে মাদার অব অল ভাইরাস বলা হয়। অন্যদিকে PHP ও SQL হলো প্রোগ্রামিং ল্যাংগুয়েজ।

30. কম্পিউটার 'F3 Key' এর কাজ- [RU B 19-20]
A. Refresh B. Find
C. Help D. Save
S(B)Why Refresh → F5
Find → F3
Help → F1
Save → F12

31. অনলাইনে মূল্য পরিশোধ করাকে বলা হয়- [RU C 19-20]
A. অনলাইন পেমেন্ট সিস্টেম B. ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম
C. বিকাশ D. ইন্টারনেট পেমেন্ট সিস্টেম
S(A)Why ইলেকট্রনিক মাধ্যমে বাণিজ্য করার নামই হচ্ছে ইলেকট্রনিক কমার্স বা ই-কমার্স। জনপ্রিয় কিছু ই-কমার্স ওয়েবসাইট হলো- www.bikroy.com, www.rokomari.com, www.daraz.com.bd ইত্যাদি। এসব সাইটে একজন ক্রেতা অনলাইনে তার পছন্দের পণ্যটি অর্ডারের মাধ্যমে মূল্য পরিশোধ করে ক্রয় করতে পারেন।

32. চিন্তা করার ক্ষমতা নিচের কোন প্রযুক্তির মধ্যে আছে? [RU C 18-19]
A. বায়োইনফরমেটিক্স B. রোবটিক্স
C. ইনফরমেটিক্স D. বায়োমেট্রিক্স
S(B)Why রোবোটিক্স প্রযুক্তিটি কম্পিউটার বুদ্ধিমত্তা সম্বলিত ও নিয়ন্ত্রিত রোবট মেশিন তৈরি করে যেগুলো আকৃতিগত দিক থেকে অনেকটাই মানুষের মতো ও দৈহিক ক্ষমতাসম্পন্ন হয়ে থাকে।

33. Global village-এর মেরুদন্ড বলা হয় কোনটিকে? [RU C 18-19; BRU-C: 17-18; ১.বে. ২০১৬]
A. Computer B. Connectivity
C. Data D. Software
SO Why বিশ্বগ্রাম প্রতিষ্ঠার উপাদানসমূহ হলো- হার্ডওয়্যার, সফটওয়্যার কানেকটিভিটী, ডেটা এবং মানুষের জ্ঞান বা সক্ষমতা। ইন্টারনেট সংযুক্ততা বা কানেকটিভিটী হচ্ছে বিশ্বগ্রামের মূলভিত্তি।

34. DNA মাপি-এর জন্য কোন প্রযুক্তি ব্যবহার করা হয়? [RU C 18-19]
A. বায়োইনফরমেটিক্স B. অস্ট্রাসনোগ্রাফি
C. বায়োমেট্রিক্স D. ন্যানোটেকনোলজি
SO Why বায়োইনফরমেটিক্স পদ্ধতি বায়োলজিক্যাল ডেটা যেমন- ডিএনএ, চিনি, অ্যামিনো এসিড এবং নিউক্লিক এসিডসহ অন্যান্য বিষয়কে এনালাইসিস করার জন্য কম্পিউটার প্রযুক্তি, ইনফরমেশন থিওরি এবং গাণিতিক জ্ঞানকে ব্যবহার করা হয়।

35. আঙুলের ছাপ নিয়ে ব্যক্তি শনাক্তকরণের প্রযুক্তি কোনটি? [CU A:17-18]
A. জেনেটিক ইঞ্জিনিয়ারিং B. বায়োমেট্রিক্স
C. ন্যানো টেকনোলজি D. বায়োইনফরমেটিক্স
SO Why কোনো ব্যক্তিকে এককভাবে শনাক্ত করার প্রযুক্তি হল বায়োমেট্রিক্স। বর্তমানে আঙুলের ছাপ বা Fingerprint এর মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা একটি জনপ্রিয় বায়োমেট্রিক সিস্টেম।

36. কোনটি কম্পিউটার বা ইন্টারনেটের মাধ্যমে করা অপরাধ? [CU A:17-18]
A. ই-টেন্ডারিং B. পাইরেসি
C. ই-বুক ডাউনলোড D. ফ্রি ওয়েব হোস্টিং
SO Why পাইরেসি বলতে প্রস্তুতকারীর বিনা অনুমতিতে কোনো ফাইল বা ডকুমেন্ট কপি করা, নিজের নামে বিতরণ কিংবা আংশিক পরিবর্তন করে নিজের নামে চালিয়ে দেওয়াকে পাইরেসি বলে। অন্যের জিনিস চুরি করার মতো পাইরেসি করাও একটি অপরাধ।

37. কোনটি একজন ব্যবহারকারীর জন্য ডেস্কটপ কম্পিউটার হিসেবে সর্বাধিক উপযুক্ত? [CU A:17-18]
A. মাইক্রোকম্পিউটার B. সুপার কম্পিউটার
C. মেইনফ্রেম D. মিনিকম্পিউটার
SO Why ডেস্কটপ কম্পিউটার হল একটি ব্যক্তিগত কম্পিউটার যা দৈনন্দিন কাজে ডেস্ক অথবা টেবিলে রেখে ব্যবহার করা যায়। আকার এবং ব্যবহারের সুবিধার্থে ডেস্কটপ কম্পিউটার হিসেবে মাইক্রোকম্পিউটার অধিক ব্যবহৃত হয়।

38. কৃত্রিম বুদ্ধিমত্তায় প্রধানত ব্যবহৃত হয় কোনটি? [BRU C 19-20]
A. PROLOG B. PYTHON
C. HTML D. COBOL
SO Why কৃত্রিম বুদ্ধিমত্তায় ব্যবহৃত প্রোগ্রামিং ল্যাংগুয়েজসমূহ হলো- LISP, CLISP, PROLOG, C/C++, Java ইত্যাদি।

39. কোন ব্যক্তির দেহের গঠন এবং আচরণগত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে তাকে অদ্বিতীয়ভাবে শনাক্তকরণকে কী বলে? [BRU C 19-20]
A. ন্যানোমেট্রিক্স B. জিওমেট্রিক্স
C. বায়োমেট্রিক্স D. কোনোটিই নয়
SO Why বায়োমেট্রিক্স হল কোনো ব্যক্তিকে এককভাবে শনাক্ত করার প্রযুক্তি। গ্রিক শব্দ "Bio" (জীবন) ও "metric" (পরিমাপ) থেকে উৎপত্তি হয়েছে বায়োমেট্রিক্স (Biometrics)।

40. নিচের কোনটি ইনপুট ও আউটপুট ডিভাইস? [BRU C 19-20]
A. keyboard B. mouse
C. monitor D. touch-monitor
SO Why একই সাথে ইনপুট ও আউটপুট হিসেবে ব্যবহৃত ডিভাইস সমূহ হলো- Touch Screen, Digital Camera, Modem, Handset ইত্যাদি। অন্যদিকে Key board ও Mouse ইনপুট ডিভাইস এবং Monitor হলো আউটপুট ডিভাইস।

41. প্লেজিয়ারিজম কোন অপরাধের সাথে জড়িত? [BRU C 17-18]
A. কপিরাইট লঙ্ঘন B. সফটওয়্যার পাইরেসি
C. আইডেন্টিটি চুরি D. অন্যের লেখা চুরি
SO Why প্লেজিয়ারিজম হলো অন্যের লেখা বা গবেষণালব্ধ তথ্য নিজ নামে চালিয়ে দেওয়া। এটি এক ধরনের সাইবার ক্রাইম।

42. নিচের কোনটি কম্পিউটারের প্রাইমারি মেমোরি? [BRU C 17-18]
A. র‍্যাম B. হার্ডডিস্ক
C. পেনড্রাইভ D. কোনোটিই নয়
SO Why র‍্যাম, রম হলো কম্পিউটারের প্রাইমারি মেমোরি। অন্যদিকে হার্ডডিস্ক, ফ্লপি ডিস্ক, সিডি, পেনড্রাইভ সেকেন্ডারি বা সহায়ক মেমোরি হিসেবে ব্যবহৃত হয়।

43. বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহের নাম কি? [BRU C 17-18]
A. উপগ্রহ-71 B. বাংলাদেশ-1
C. স্বাধীনতা-71 D. বঙ্গবন্ধু-1
SO Why 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (BS-1)' হচ্ছে বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ। ২০১৮ সালের ১১ মে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে ফ্যালকন ৯ রকেটে করে সফলভাবে স্যাটেলাইটটি উৎক্ষেপণের মাধ্যমে বাংলাদেশ ৫৭তম স্যাটেলাইট উৎক্ষেপণকারী সদস্য দেশ হিসেবে স্বীকৃতি লাভ করে। স্যাটেলাইটটির নকশা ও নির্মাণের কাজটি করেছে ফ্রান্সের থ্যালাস অ্যালেনিয়া স্পেস কোম্পানি এবং উৎক্ষেপণের দায়িত্বে ছিল স্পেসএক্স (SpaceX)।

44. কম্পিউটারের স্মৃতির ফিতায় কোন ধরনের চুম্বক ব্যবহার করা হয়? [JKKNIU D 18-19]
A. স্থায়ী B. অস্থায়ী
C. প্রাকৃতিক D. সংকর
SO Why টেপ রেকর্ডার এবং কম্পিউটারের স্মৃতির ফিতায় সিরামিক চুম্বক ব্যবহৃত হয়। এই সিরামিক চুম্বক হচ্ছে এক ধরনের স্থায়ী চুম্বক যা আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি ফেরাইট (Ferrite) নামক যৌগিক পদার্থ দ্বারা গঠিত।

45. ICT দিবস কবে পালিত হয়? [JKKNIU D 18-19]
A. 10 ডিসেম্বর B. 12 ডিসেম্বর
C. 14 ডিসেম্বর D. 16 ডিসেম্বর
SO Why ২৭ নভেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ সরকার আইসিটি দিবসটি রাষ্ট্রীয়ভাবে পালনের ঘোষণা দেয় এবং ২৬ নভেম্বর ২০১৮ তারিখে আইসিটি দিবসের পরিবর্তে এ দিনকে "ডিজিটাল বাংলাদেশ দিবস" হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়া হয়। ২০১৮ সালের ১২ ডিসেম্বর প্রথমবার ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত হয়। এরপর থেকে প্রতিবছর ১২ ডিসেম্বর জাতীয় ও রাষ্ট্রীয়ভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ডিজিটাল বাংলাদেশ দিবস (পূর্ব নাম আইসিটি দিবস) পালন করে।

46. কোনটি ইনপুট ডিভাইস? [JKKNIU D 19-20]
A. মডেম B. র‍্যাম
C. রম D. প্লটার
SO Why কম্পিউটার ইনপুট ডিভাইসগুলো হলো মাউস, কী বোর্ড, মডেম, মাইক্রোফোন ইত্যাদি। অন্যদিকে আউটপুট ডিভাইসগুলো হলো প্রিন্টার, প্লটার, র‍্যাম, রম, মনিটর ইত্যাদি।

47. VIRUS শব্দের পূর্ণ অর্থ কি? [JKKNIU D 16-17]
A. Vital Information Resources Under Seige
B. Virtual Informatics Resources Under Sieze
C. Vital Informations Resources Under Siege
D. Virtual Informations Resources Under Siege
SO Why কম্পিউটার ভাইরাস এ ধরনের ক্ষতিকর কম্পিউটার প্রোগ্রাম যা ব্যবহারকারীর অনুমতি বা ধারণা ছাড়াই নিজে নিজে কপি বা পরিবর্তিত হয়ে পারে। প্রখ্যাত গবেষক 'ফ্রেড কোহেন' ভাইরাসের নামকরণ করেন।

৫. অনলাইনের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য করাকে কি বলা হয়? [JKKNIU B:16-17]

A. E-mail B. E-book
C. E-governance D. E-Commerce

SO Why ইন্টারনেট বা অন্যকোনো কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে কোনো পণ্য বা সেবা ক্রয়-বিক্রয়, সরবরাহ, ব্যবসা সংক্রান্ত লেনদেন ইত্যাদি কাজকে সম্মিলিতভাবে ই-কমার্স বলে। ইলেকট্রনিক কমার্স এর সংক্ষিপ্ত রূপ ই-কমার্স।

৬. কোনটি তথ্যপ্রযুক্তির উপাদান নয়? [JKKNIU B: 16-17]

A. Computer B. Internet
C. Radio/TV D. Light

SO Why তথ্য প্রযুক্তির উপাদানসমূহ হলো- কম্পিউটার, টেলিফোন, মডেম, স্যাটেলাইট, মাইক্রোওয়েভ, রেডিও, টেলিভিশন, স্মার্টফোন, কম্পিউটার নেটওয়ার্ক ইত্যাদি।

৭. কম্পিউটার সিমুলেশন প্রয়োগের ক্ষেত্র কোনটি? [RMSTU A:19-20]

A. ক্রায়োসার্জারি B. ভিডিও কনফারেন্সিং
C. ভার্চুয়াল রিয়েলিটি D. ইন্টারনেট

SC Why ভার্চুয়াল রিয়েলিটি হলো কম্পিউটার সিমুলেশনে তৈরি করা ত্রিমাত্রিক জগৎ যেখানে মানুষের দৃষ্টি, শ্রবণ ও স্পর্শের অনুভূতিকে উদ্দীপ্ত করে বস্তুর কল্পনাকে বাস্তবে অনুভব করা যায়।

৪. এক ন্যানোমিটার সমান কত মিটার? [RMSTU A:19-20]

A. 10^{-7}meter B. 10^{-8}meter
C. 10^{-10}meter D. 10^{-9}meter

SO Why 1 ন্যানোমিটার = 10^{-9} মিটার যা মানুষের চুলের ব্যাসের 80,000 ভাগের একভাগ। 1 মিটারের 100 কোটি ভাগের এক ভাগকে ন্যানোমিটার বলা হয়।

৫. বিশ্বগ্রাম ধারণাটির প্রবক্তা কে? [RMSTU B:19-20]

A. John Makarthy B. Marshall Mcluhan
C. Antonin Artaud D. Damien Broderick

SB Why কানাডিয়ান দার্শনিক ও লেখক হারবার্ট মার্শাল ম্যাকলুহান 'বিশ্বগ্রাম' বা 'গ্লোবাল ভিলেজ' শব্দটিকে সবার সামনে তুলে ধরে জনপ্রিয় করে তোলেন।

৫১. নিচের কোনটি বিশ্বগ্রামের সুবিধা নয়? [RMSTU B:19-20]

A. আর্থিক লেন-দেন করা B. ভিডিও কলের মাধ্যমে কথা বলা
C. প্লেজিয়ারিজম করা D. ব্যবসাকে প্রসারিত করা

SC Why প্লেজিয়ারিজম হলো অন্যের লেখা বা গবেষণালব্ধ তথ্য নিজের নামে চালিয়ে দেওয়া। এটি এক ধরনের সাইবার ক্রাইম।

৫২. কোন উপাদানটি গ্লোবাল ভিলেজ এর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ? [RMSTU B:19-20]

A. ইন্টারনেট (Internet) B. সংবাদপত্র (Newspaper)
C. টেলিভিশন (Television) D. মোবাইল (Mobile)

SA Why গ্লোবাল ভিলেজের ক্ষেত্রে যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। ইন্টারনেট, ই-মেইল, ফ্যাক্স, মোবাইল ইত্যাদির মাধ্যমে বিশ্বের যেকোনো প্রান্তে যোগাযোগ করা যায়।

৫৩. নিচের কোনটি আউটপুট ডিভাইস নয়? [HEC:14-15]

A. মনিটর B. মাউস
C. প্রিন্টার D. প্লটার

SB Why কম্পিউটার ইনপুট ডিভাইসগুলো হলো মাউস, কী বোর্ড, মাইক্রোফোন ইত্যাদি এবং আউটপুট ডিভাইসগুলো হলো মনিটর, প্রিন্টার, প্লটার ইত্যাদি।

৫৬. কোনটি সুপার কম্পিউটার? [HEC:14-15]

A. নোভা B. আই বি এন ৪৩০০
C. পরম D. ক্রোম

SA Why সুপার কম্পিউটার বলা হয়ে থাকে হিসাব নিকাশের গতির উপর নির্ভর করে বিশেষ ক্ষমতাসম্পন্ন কম্পিউটারগুলোকে।

৫৭. নিচের কোনটি Central Processing Unit (CPU)-এর অংশ নয়? [HEC:14-15]

A. Control Unit B. Memory Unit
C. Logic Unit D. System Unit

SO Why কম্পিউটারের Central Processing Unit (CPU) বা কেন্দ্রীয় প্রক্রিয়াকরণের অংশ তিন ভাগে বিভক্ত। যথা- গাণিতিক যুক্তি ইউনিট বা Arithmetic Logic Unit (ALU), নিয়ন্ত্রণ ইউনিট ও রেজিস্টার।

৫৮. নিচের কোনটি কম্পিউটারে স্মৃতির ধারণক্ষমতা নির্দেশ করে না? [HEC:14-15]

A. কিলোবাইট B. মেগাহার্জ
C. মেগাবাইট D. গিগাবাইট

SB Why কিলোবাইট, মেগাবাইট, গিগাবাইট, টেরাবাইট কম্পিউটার স্মৃতির ধারণ ক্ষমতার সাথে জড়িত। অন্যদিকে মেগাহার্জ শব্দ তরঙ্গে ব্যবহৃত হয়।

৫৯. নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্কের সাথে তুলনা করা হয়? [HEC:14-15]

A. বাস B. প্রসেসর
C. র‍্যাম D. রম

SB Why প্রসেসর কম্পিউটারের অন্যতম প্রধান হার্ডওয়্যার। মূলত একেই Central Processing Unit বা CPU বলা হয়ে থাকে।

৬০. CPU ও বিভিন্ন ইনপুট-আউটপুট যন্ত্রের সংযোগ পদ্ধতিকে কী বলা হয়? [HEC:14-15]

A. ইন্টারফেস B. টার্মিনাল
C. প্লটার D. ইন্টারপ্রেটার

SA Why ইন্টারফেস দুটি ডিভাইসের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করে।

৬১. RAM এর সম্পূর্ণ নাম কী? [HEC:14-13;11-12;10-11]

A. র‍্যানডম অ্যাকিউট মেমোরি B. র‍্যানডম অ্যাকসেস মেমোরি
C. রিড অ্যাবসলিউট মেমোরি D. এর কোনটিই নয়

SB Why র‍্যাম হলো কম্পিউটারের প্রধান বা প্রাইমারি মেমোরি।

৬২. GIS ব্যবহারের ক্ষেত্র কোনটি? [HEC:14-15]

A. ভৌগোলিক ও পরিবেশ সংক্রান্ত তথ্য B. আর্থিক লেনদেন
C. রিজার্ভেশন D. কৃত্রিম বুদ্ধিমত্তা

SA Why GIS তথ্য এর পূর্ণরূপ হলো Geographic Information System।

৬৩. কোনটি হার্ডওয়্যার নয়? [HEC:12-13]

A. কি-বোর্ড B. মাউস
C. উইন্ডোজ এক্স পি D. প্রিন্টার

SC Why উইন্ডোজ এক্স পি হলো মাইক্রোসফট কর্পোরেশনের তৈরি করা একটি অপারেটিং সিস্টেম। অন্যদিকে মাউস, কি-বোর্ড ও প্রিন্টার হলো হার্ডওয়্যার।

৬৪. "ফাংশন Key" কোনটি? [HEC:12-13]

A. F B. O
C. 1 D. Fl

SO Why কম্পিউটারে ফাংশন Key হিসাবে F1 – F12 ব্যবহৃত হয়। অন্যদিকে F, 0, 1 ফাংশন Key এর অন্তর্ভুক্ত নয়।

৬৫. মাউস কোন ধরনের যন্ত্র? [HEC:12-13,11-12,10-11]

A. টাইপিং ডিভাইস B. পয়েন্টিং ডিভাইস
C. স্ক্যানিং ডিভাইস D. এনকোডিং ডিভাইস

SB Why পয়েন্টিং ডিভাইস হলো এমন একটি ইনপুট ব্যবস্থা যার মাধ্যমে একজন ব্যবহারকারী নিরবিচ্ছিন্নভাবে এবং বহুমাত্রায় কম্পিউটারে ডেটা ইনপুট করতে সমর্থ হয়।

66. বিল গেটস ও পল অ্যালেন মাইক্রোসফট প্রতিষ্ঠা করেন কত সালে? [HEC:12-13;10-11]
A. 1975 B. 1875
C. 1977 D. 1978
SA Why মাইক্রোসফট কর্পোরেশন একটি বহুজাতিক আমেরিকান প্রযুক্তি কোম্পানি। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের রেডমন্ড, ওয়াশিংটনে অবস্থিত।

67. ই-মেইল এর পূর্ণরূপ কী? [HEC:12-13,11-12]
A. ইলেকট্রিক মেইল B. ইমার্জেন্সি মেইল
C. ইলেকট্রনিক মেইল D. ই কমার্স ইন মেইল
SC Why ই-মেইলকে ডিজিটাল ডাক ব্যবস্থা বলা হয়।

68. নিচের কোন ফাংশনটি দিয়ে যোগ করা হয়? [HEC:12-13]
A. IF B. AND
C. MAX D. SUM
SD Why SUM → যোগের কাজের জন্য ব্যবহৃত হয়।
AND → গুণের কাজের জন্য ব্যবহৃত হয়।
অন্যদিকে IF Statement হিসাবে ব্যবহৃত হয়।

69. নিচের যন্ত্রগুলোর মধ্যে কোনটি অডিও হার্ডওয়্যার? [HEC:12-13]
A. মডেম B. সাউন্ড কার্ড
C. ওয়েব ক্যাম D. পেনড্রাইভ
SB Why কম্পিউটারের বাহ্যিক অবকাঠামোগত যন্ত্র বা যন্ত্রাংশকে হার্ডওয়্যার বলে। মাইক্রোফোন, মিডি কীবোর্ড, সাউন্ড কার্ড ইত্যাদি অডিও হার্ডওয়্যার।

70. হেডার এন্ড ফুটার কোন মেনুতে থাকে? [HEC:12-13]
A. ফাইল B. এডিট
C. ভিউ D. টুলস
SD Why হেডার এবং ফুটার হলো ডকুমেন্টের একটি পার্ট যাতে বিভিন্ন তথ্যসমূহ সংযুক্ত করা থাকে।

71. স্প্রেডশিটের ছোট ছোট ঘরকে বলা হয়- [HEC:12-13]
A. সেল B. গ্রাফ
C. রেঞ্জ D. ম্যাক্রো
SA Why স্প্রেডশিটের ছোট ছোট ঘরকে সেল বলে অন্যদিকে গ্রাফ, রেঞ্জ, ম্যাক্রো স্প্রেডশিটের ছোট ছোট ঘরের সাথে সম্পর্কিত নয়।

72. কম্পিউটারের জনক কাকে বলা হয়? [HEC:12-13,11-12;10-11,08-09]
A. স্টিভ জবস B. এডাম স্মিথ
C. বিল গেটস D. চার্লস ব্যাবেজ
SD Why চার্লস ব্যাবেজ একজন ইংরেজ যন্ত্র প্রকৌশলী, গণিতবিদ আবিষ্কারক ও দার্শনিক। তাকে আধুনিক কম্পিউটারের জনক বলা হয়।

73. নিচের কোনটি অপারেটিং সিস্টেম নয়? [HEC:11-12]
A. UNIX B. MX WINDOWSNT
C. LINUX D. PHP
SD Why UNIX, MX WINDOWSNT, LINUX ইত্যাদি হলো অপারেটিং সিস্টেম। অন্যদিকে PHP ওয়েব উন্নয়নের কাজে ব্যবহৃত হয়, যার পূর্ণরূপ: Hypertext Preprocessor।

74. DVD শব্দ সংক্ষেপটির পূর্নরূপ হল- [HEC:11-12]
A. Digital Versatile Devider B. Digital Video Divider
C. Digital Various Driver D. Digital Versatile Disc
SD Why ডিজিটাল ভার্সেটাইল ডিস্ক এক ধরনের অপটিকাল ডিস্ক ভিত্তিক উপাত্ত সংরক্ষণের ফর্মেট। আধুনিক ডিজিটাল যুগের অনেক বেশী তথ্য রাখার চাহিদা থেকে এর সৃষ্টি।

75. কোনোটি নিউমেরিক Key নয়? [HEC:11-12]
A. 0 B. 1
C. F1 D. 2
SC Why 0, 1, 2 ইত্যাদি হলো Numeric Key অন্যদিকে F1 - F12 হলো ফাংশন Key.

76. বাংলাদেশে প্রথম কম্পিউটার প্রকৌশল ও প্রযুক্তি বিভাগ চালু হয় কোন বিশ্ববিদ্যালয়ে? [HEC:11-12;10-11]
A. নর্থ সাউথ ইউনিভার্সিটি B. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
C. ঢাকা বিশ্ববিদ্যালয় D. এ আই ইউ বি
SB Why বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) বাংলাদেশে শীর্ষস্থানীয় প্রকৌশল সম্পর্কিত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান।

77. কোনটি সহায়ক স্মৃতি নয়? [HEC:10-11]
A. ফ্লপি ডিস্ক B. রম
C. হার্ড ডিস্ক D. সিডিরম
SB Why হার্ডডিস্ক, ম্যাগনেটিক টেক, ফ্লপি ডিস্ক, সিডি, পেনড্রাইভ, সিডি রম কম্পিউটারের সেকেন্ডারি বা সহায়ক মেমোরি হিসেবে ব্যবহৃত হয় অন্যদিকে র‍্যাম, রম হলো কম্পিউটারের প্রাইমারি মেমোরি।

78. ইনটেল পেনটিয়াম 4 মাইক্রোপ্রসেসর এর আবির্ভাব কত সালে? [HEC:10-11]
A. 2000 সালে B. 2001 সালে
C. 2002 সালে D. 2003 সালে
SA Why পেনটিয়াম 4 একটি সিঙ্গেল কোর মাইক্রোপ্রসেসর যেটি ডেস্কটপ, ল্যাপটপসহ বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসে ব্যবহৃত হয়।

79. AGP পরিপূর্ণ কী? [HEC:09-10]
A. Access Graphics Port B. Accelerated Graphics Port
C. Acurrate Graphics Port D. Access Graphics Passage
SB Why ১৯৯৬ সালে সর্বপ্রথম ইন্টেল কোম্পানি তাদের মাদারবোর্ডে উচ্চগতির গ্রাফিক্স কার্ড যুক্ত করতে অ্যাক্সিলারেটেড গ্রাফিক্স কার্ড বসানো শুরু করে।

80. নিচের কোনটি সেকেন্ডারি মেমোরি? [HEC:09-10]
A. ম্যাগনেটিক টেক B. ম্যাগনেটিক ডিস্ক
C. ফ্লপি ডিস্ক D. উপরের সবগুলো
SD Why হার্ডডিস্ক, ফ্লপি ডিস্ক, ম্যাগনেটিক টেক, সিডি, ম্যাগনেটিক টেপ, পেনড্রাইভ, সিডি রম কম্পিউটারের সেকেন্ডারি বা সহায়ক মেমোরি হিসেবে ব্যবহৃত হয়।

SELF TEST
(নিম্নোক্ত প্রশ্নগুলো বৃত্ত (●) ভরাট করে প্রস্তুতি যাচাই করে নাও)

01. চন্দ্রে অবতরণকারী প্রথম মনুষ্যবাহী মহাকাশযানের নাম–
Ⓐ অ্যাপোলো-১১ Ⓑ স্পুটনিক-২
Ⓒ স্পুটনিক-১ Ⓓ লুনা-৯

02. কোনটি আইসিটিতে নৈতিকতা নির্দেশ করে?
Ⓐ ইন্টারনেট যথেচ্ছ ব্যবহার Ⓑ তথ্যের গোপনীয়তা বজায়
Ⓒ দক্ষ হ্যাকার হওয়া Ⓓ নিরাপত্তায় হস্তক্ষেপ করা

03. কোন প্রযুক্তির মাধ্যমে আমাদের ভোগ্য পণ্য ছোট হতে থাকে?
Ⓐ ট্রানজিস্টর প্রযুক্তি Ⓑ বায়ো প্রযুক্তি
Ⓒ লিকুইড ক্রিস্টাল প্রযুক্তি Ⓓ সেমিকন্ডাক্টর প্রযুক্তি

04. পরিবেশ থেকে তথ্য গ্রহণ করার জন্য রোবট ব্যবহার করে-
Ⓐ ব্যাটারি Ⓑ ক্যামেরা
Ⓒ সেন্সর Ⓓ স্ক্যানার

05. ভিডিও কনফারেন্সিং এর জন্য ব্যবহৃত সফটওয়্যার–
Ⓐ Skype Ⓑ yahoo.com
Ⓒ gmail.com Ⓓ facebook.com

6. ক্যাডমিয়াম ব্যাটারির বৈশিষ্ট্য হলো-
Ⓐ দীর্ঘায়ু কিন্তু ওজনে ভারী Ⓑ ছোট কিন্তু ব্যায়বহুল
Ⓒ বেশি শক্তি প্রদান করে Ⓓ ওজন কম ও নিরাপদ

7. টেলিমেডিসিন সার্ভিসের সাহায্যে কী করা হয়?
Ⓐ গল্প করা হয় Ⓑ হাসপাতালের ঠিকানা পাওয়া যায়
Ⓒ ঔষধ বিক্রি হয়
Ⓓ বিশেষজ্ঞ ডাক্তারের চিকিৎসা সেবা গ্রহণ করা যায়

8. কাকে ন্যানো প্রযুক্তির জনক বলা হয়?
Ⓐ জোহান্স মেন্ডেস Ⓑ লুই পাস্তুর
Ⓒ রিচার্ড ফাইনম্যান Ⓓ মার্শাল ম্যাকলুহান

9. দেশের অর্থনীতির চাকাকে বেগবান করার ক্ষেত্রে নিচের কোনটি নতুন মাত্রা যুক্ত করেছে?
Ⓐ ফেইসবুক Ⓑ আউটসোর্সিং
Ⓒ গুগল Ⓓ সংবাদপত্র

10. কিসকে তুলনা করা হয়-
Ⓐ একটি শহরের সাথে Ⓑ একটি গ্রামের সাথে
Ⓒ একটি জেলার সাথে Ⓓ একটি উপজেলার সাথে

11. ম্যানুয়াল পদ্ধতিতে নতুন ডিএনএ বা এর অংশ একটি জীবন্ত বস্তুতে যুক্ত করাই-
Ⓐ বায়োইনফরমেটিক্স Ⓑ বায়োমেট্রিক্স
Ⓒ ক্রায়োথেরাপি Ⓓ জেনেটিক ইঞ্জিনিয়ারিং

12. প্রথম ইন্ডাস্ট্রিয়াল রোবটের নাম হলো-
Ⓐ তালোন Ⓑ মুরাতা বয়
Ⓒ ইউনিমেট Ⓓ আসিমো

13. Elance কী কাজে ব্যবহৃত হয়?
Ⓐ টাকা পাঠানোর জন্য Ⓑ মেইল করার জন্য
Ⓒ ভিডিও কল করার জন্য Ⓓ আউটসোর্সিং এর জন্য

14. ক্রায়োসার্জারির যাত্রা শুরু হয় যার হাত ধরে-
Ⓐ Marshall McLuhan Ⓑ IS Cooper
Ⓒ Jack Williamson Ⓓ K. Eric Drexler

15. বিশুদ্ধ মানব ইনসুলিন তৈরিতে সক্ষম কোনটি?
Ⓐ রিকম্বিনেন্ট DNA Ⓑ ক্রায়োসার্জারি
Ⓒ ন্যানো প্রযুক্তি Ⓓ কেমোথেরাপি

16. অ্যাকচুয়েটরের উদাহরণ হলো-
Ⓐ সেন্সর Ⓑ রোবট
Ⓒ CPU Ⓓ ডিসি মোটর

17. ম্যাকলুহান ১৯৬২ সালে যে গ্রন্থটি রচনা করেন তার নাম কী?
Ⓐ Understanding Media Ⓑ The Gutenberg Galaxy
Ⓒ The Global village Ⓓ Engineers of Creation

18. ওরাল ক্যান্সারে কোন চিকিৎসা পদ্ধতি উত্তম?
Ⓐ কেমোথেরাপি Ⓑ ফিজিওথেরাপি
Ⓒ ক্রায়োথেরাপি Ⓓ রেডিওথেরাপি

19. নিম্নের কোন ওয়েব সাইটটি চাকরির বিজ্ঞাপন দেয়া হয়?
Ⓐ bdjobs.com.bd Ⓑ bdnews24.com
Ⓒ Guru.com Ⓓ yahoo.com

20. অনলাইনের মাধ্যমে ব্যবসা-বাণিজ্যকে কী বলে?
Ⓐ ই-ব্যাংকিং Ⓑ ই-লার্নিং
Ⓒ ই-কমার্স Ⓓ ই-বাজার

Answer Analysis

01.A	02.B	03.D	04.C	05.A	06.B	07.D	08.C	09.B	10.B
11.D	12.C	13.D	14.B	15.A	16.D	17.B	18.C	19.A	20.C

অধ্যায়: ০২ কমিউনিকেশন সিস্টেম ও নেটওয়ার্কিং

কি পড়ব ? কেন পড়ব ? কতটুকু পড়ব ?

TOPICS	MAGNETIC DECISION [যা পড়বে]	V.V.I RATE
TOPIC-01	কমিউনিকেশন সিস্টেমের ধারণা ও ডেটা কমিউনিকেশন সিস্টেম	***
TOPIC-02	ব্যান্ডউইথ	**
TOPIC-03	ডেটা ট্রান্সমিশন মেথড	**
TOPIC-04	ডেটা ট্রান্সমিশন মোড	**
TOPIC-05	ডেটা কমিউনিকেশন মাধ্যম: তার মাধ্যম	**
TOPIC-06	তারবিহীন মাধ্যম ও যোগাযোগ ব্যবস্থা	***
TOPIC-07	মোবাইল যোগাযোগ ও বিভিন্ন প্রজন্ম	**
TOPIC-08	কম্পিউটার নেটওয়ার্কিং এর ধারণা ও উদ্দেশ্য	***
TOPIC-09	নেটওয়ার্কের বিভিন্ন ডিভাইস, নেটওয়ার্কের কাজ ও টপোলজি	***
TOPIC-10	ক্লাউড কম্পিউটিং	*

সাজানো সব তথ্য কুইক রিভিশন AT A GLANCE

- অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরিতে ব্যবহার হয় না - কপার
- বর্তমানে প্রাপ্ত অপটিক্যাল ফাইবারের ডেটা পরিবহণের হারে সীমা নির্দেশক - 100 mbps –100 gbps
- Wi-Max স্ট্যান্ডার্ড - 802.16
- 3G মোবাইল প্রযুক্তি চালু হয় - ২০০১ সালে।
- ভয়েস ব্যান্ড ব্যবহার করা হয়- প্রিন্টারে।
- সিনক্রোনাস ট্রান্সমিশনে প্রতিটি ব্লকের শুরুতে হেডারটি জায়গা নেয় - 2 বাইট।
- অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশনে প্রতিবারে ডেটা ট্রান্সমিট হয় - 10 বিট করে।
- ডিশ বা ক্যাবল টেলিভিশন নেটওয়ার্কের ক্যাবলে ব্যবহৃত হয় - RF কানেক্টর।
- ডেটাকে ক্যারেক্টার বাই ক্যারেক্টার ট্রান্সমিট করা হয় - অ্যাসিনক্রোনাস
- কো-এক্সিয়্যাল ক্যাবলের ডেটা ট্রান্সফার রেট - 200 Mbps
- SMS এর পূর্ণ নাম - Short Message Service
- ARPANET শুরু হয় - ১৯৬০ সালে।
- মাইক্রোওয়েভ কমিউনিকেশনে ব্যবহার করা হয় - ব্রডব্যান্ড
- টেলিভিশন কেন্দ্র থেকে অনুষ্ঠান সম্প্রচার যে ধরনের ডেটা ট্রান্সমিশন - ব্রডকাস্ট
- মাইক্রোওয়েভের ফ্রিকোয়েন্সি রেঞ্জ হলো- 300 MHz – 300 GHz
- হাব, রিপিটার, ব্রিজ গেইটওয়ের বিষয়গুলো সম্পর্কিত - নেটওয়ার্ক
- লেজার রশ্মির সাহায্যে উপাত্ত স্থানান্তর করা হয় - ফাইবার অপটিক কেবল
- মডেম হলো- কম্পিউটার থেকে আগত ডিজিটাল সংকেতকে অ্যানালগ অথবা অ্যানালগ সংকেতকে ডিজিটাল পরিণত করার যন্ত্র।
- স্যাটেলাইট কমিউনিকেশনের জন্য ব্যবহার করা হয় - ব্রডব্যান্ড দ্বারা।
- আলোর গতিতে ডেটা স্থানান্তরিত হয় - ফাইবার অপটিক কেবল
- সর্বপ্রথম কম্পিউটার নেটওয়ার্কের নাম - আর্পানেট
- ই-মেইলের পূর্ণরূপ - ইলেকট্রনিক মেইল
- লেজার রশ্মির সাহায্যে উপাত্ত স্থানান্তর করা হয় - ফাইবার অপটিক ক্যাবল
- কম্পিউটারের সাথে বাইরের যন্ত্রের সংযোগ ব্যবস্থাকে বলা হয় - ইন্টারফেস।
- FTP এর পূর্ণরূপ - File Transfer Protocol
- Bluetooth হলো - Personal Area Network
- প্রথম Web Browser - World Wide Web
- টিভি রিমোট থেকে নির্গত হয় - অবলোহিত আলো।
- ব্যান্ডউইডথ মানে - বিট/সেকেন্ড
- 1 কেবি = 1024 বাইট।

- ডিজিটাল সংকেতকে এনালগ সংকেতে রূপান্তরের ডিভাইস - মডেম।
- বড় ভৌগোলিক এরিয়ার ক্ষেত্রে দুই বা ততোধিক ল্যান একসাথে জুড়ে যে ধরনের নেটওয়ার্ক - CAN
- বাংলাদেশ থেকে আমেরিকায় ডেটা পাঠানোর জন্য সবচেয়ে দ্রুতগতির মাধ্যম হিসেবে বিবেচিত হয় - অপটিক্যাল ফাইবার
- GPS- এর পূর্ণরূপ- Global Positioning System
- চতুর্থ প্রজন্মের মোবাইল ব্যবহার করে - IP
- গ্রুপ এসএমএস প্রদান হল - মাল্টিকাস্ট
- একটি চ্যানেলের মধ্য দিয়ে 10 সেকেন্ডে 100000 বিট ডেটা ট্রান্সফার হলে এর ব্যান্ডউইথ - 10000 bps
- ডেটা ট্রান্সফার রেট সর্বোচ্চ - ওয়াই-ম্যাক্স প্রযুক্তির।
- তারহীন যোগাযোগ মাধ্যম – মাইক্রোওয়েভ।
- কোন ব্যক্তির নিকটবর্তী বিভিন্ন ডিভাইসের সংযোগ স্থাপন করে তথ্য আদান-প্রদানের নেটওয়ার্ককে বলে - PAN
- CDMA এর পূর্ণরূপ - Code Division Multiple Access.
- GPRS এর পূর্ণরূপ - General Pocket Radio Service.
- কম্পিউটার ও মাল্টিমিডিয়া প্রজেক্টরের মধ্যে ডেটা সঞ্চালন মোড- সিমপ্লেক্স।
- পৃথিবী থেকে স্যাটেলাইট স্থাপন করা হয় - 36000 কি.মি. উচ্চতায়।
- মোবাইল ফোনের MMS সেবা চালু হয় - দ্বিতীয় প্রজন্ম।
- কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয় - ইন্টারনেট।
- ই-মেইল আদান-প্রদানে ব্যবহৃত SMTP এর পূর্ণরূপ - Simple Mail Transfer Protocol
- পৃথিবীতে বিশ্বগ্রামে পরিণত করেছে - WAN নেটওয়ার্ক।
- মোবাইল ফোন একটি - Full Duplex যোগাযোগ ব্যবস্থা।
- Modulator ও Demodulator এর সংক্ষিপ্ত রূপ - Modem
- অফিসে যে ধরনের নেটওয়ার্ক টপোলজি ব্যবহৃত হয় - স্টার
- পূর্ণ-অভ্যন্তরীণ প্রতিফলনের নিয়ম অনুযায়ী ডেটা ট্রান্সমিশন হয় - অপটিক্যাল ফাইবার ক্যাবল।
- 'TESS' এর পূর্ণরূপ - ট্রানজিটিং এক্সোপ্লানেট সার্ভে স্যাটেলাইট।
- সাবমেরিন ক্যাবল - Internet এর অংশ।
- সর্বাধিক জনপ্রিয় ও আদর্শ প্রটোকল হলো- TCP
- 'VSAT' - Very Small Aperture Terminal.
- ডেটা কমিউনিকেশনের মূল উপাদান - ৫টি
- 'ব্যান্ডউইডথ' - ডেটা প্রবাহের গতি।
- Wi-Fi এর স্ট্যান্ডার্ড - IEEE 802.11
- Teleconferencing যে ধরনের ডেটা ট্রান্সমিশন মোড - Full-Duplex
- নেটওয়ার্ক টপলজি - LAN
- স্টার টোপোলোজিতে ব্যবহৃত হয় - Central Hub
- ডাটা ট্রান্সমিশন পদ্ধতি - Synchronous
- ওয়াকি-টকি যে ধরনের যোগাযোগ মোড ব্যবহার করে - Half Duplex.
- ব্রডব্যান্ড ডেটা ট্রান্সমিশনের হার - 1Mbps
- ব্লু-টুথের মাধ্যমে তৈরি নেটওয়ার্ক - PAN
- GPRS এর পূর্ণরূপ - General Packet Radio Service.
- কম্পিউটার নেটওয়ার্ক OST মডেমের স্তর - ৭ টি।
- আলো পালস ব্যবহৃত হয় - অপটিক্যাল ফাইবারে।
- ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত প্রোটোকল - TCP/IP
- ক্লাউড সার্ভার নীচের সবচেয়ে ভালো বর্ণনা করা সম্ভব - ব্যবহারকারীর চাহিদা অনুযায়ী কম্পিউটার সেবা দেওয়া।
- ওয়াই-ফাই (Wi-Fi) নেটওয়ার্কের সংযোগের জন্য সংশ্লিষ্ট ডিভাইসটির সংযোগ মাধ্যম - তারহীন সংযোগ।
- সাধারণত ইনফ্রারেড ডিভাইস ব্যবহার করা হয় - টিভি রিমোটে।
- 1 কিলোবাইট=1024 বাইট।
- Wi MAX এর পূর্ণরূপ- World Wide Interoperability Microwave Access
- 1G Language - Assembly Language
- কমিউনিকেশনের সিস্টেমে গেটওয়ে ব্যবহার হয় - দুই বা তার অধিক ভিন্ন নেটওয়ার্কের সংযুক্ত করার কাজে।
- 8086 মাইক্রো প্রসেসর - 16 বিটের
- যা ছাড়া ইন্টারনেটে প্রবেশ করা সহজ নয় - ওয়েব ব্রাউজার।
- MICR এর পূর্ণরূপ - Magnetic Ink Character Reader
- কম্পিউটারের মূল মেমরি তৈরি হয় - সিলিকন
- Wi-Max এর স্ট্যান্ডার্ড - 802.16 GHz
- তারগুলো পেঁচানো জোড়া থাকে বলে ঐ তারকে বলা হয়- টুইস্টেড পেয়ার ক্যাবল
- মডেমের অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেত পরিণত করার কাজকে বলে - ডিমডুলেশন
- আইপি ডেটা নেটওয়ার্ক - 4G
- ডেটা কমিউনিকেশন - দুইটি ডিভাইসের মধ্যে তথ্যের বিনিময়
- ন্যারো ব্রান্ডে সর্বনিম্ন ডেটা স্পিড - 45 বিপিএস
- 5 কিলোবাইট ডেটা আদান-প্রদানের ক্ষেত্রে এসিনক্রোনাস ট্রান্সমিশনের দক্ষতা 72-73%
- ডিভাইসটি প্রটোকল ট্রান্সলেশনে ব্যবহৃত হয় - গেটওয়ে
- ন্যারো ব্যান্ডে ডেটা স্থানান্তর হয় - 300 bps
- অনুমতি ব্যতীত কোনো কম্পিউটার নেটওয়ার্ক প্রবেশ করে কম্পিউটার ব্যবহার করাকে বলে - হ্যাকিং
- ডেটা কমিউনিকেশনের গতিকে - 3 ভাগে ভাগ করা যায়।
- কম্পিউটার নেটওয়ার্কিং এর জন্য টপোলজি ব্যবহার করা হয় - 6 ধরনের।
- প্রটোকল ট্রান্সলেশনে সুবিধা দেয় - গেটওয়ে নেটওয়ার্ক ডিভাইস।
- ভয়েস ব্যান্ড ব্যবহৃত হয় - টেলিফোনে
- স্যাটেলাইট ভূমি থেকে নির্দিষ্ট কক্ষ- পথে রাখতে হয় - 36000 Km উচ্চতায়
- ব্রডব্যান্ডের ব্যান্ডউইড্থ - 1 Mbps বা অধিক
- স্টার টপোলজিতে যে ডিভাইসটি ব্যবহৃত হয় - হাব
- ডেটা ট্রান্সমিশন ভিলে সর্বনিম্ন হয়- ইউনিকাস্ট মোডে।
- মোবাইল ফোনে আলট্রা ব্রডব্যান্ড গতির ইন্টানেট ব্যবহার করা হয়- ৪র্থ প্রজন্মে
- কম্পিউটার থেকে প্রিন্টারে ডেটা স্থানান্তরিত হয়- ভয়েস ব্যান্ড
- bps - এর পূর্ণরূপ - bit per second
- ডেটা স্থানান্তরের হারকে বলে- ব্যান্ডউইডথ
- Full Duplex-র মাধ্যমে একই সময়ে ডেটা দুদিকে যেতে পারে।
- ব্লুটুথের মাধ্যমে তৈরি নেটওয়ার্ককে বলে- PAN
- ন্যারোব্যান্ড ব্যবহৃত হয় - টেলিগ্রাফ
- ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্ক ব্যবহৃত হয় - LAN এর ক্ষেত্রে।
- মোবাইল সিম ক্রয়ে গ্রাহককে সহায়তা করে - বায়োমেট্রিক্স
- রহিম বাসায় নেটওয়ার্ক স্থাপনের জন্য দোকান থেকে RJ45 ও 1টি সুইচ কিনে আনে। রহিমের বাসার নেটওয়ার্ক টপোলজি হবে - স্টার
- রেডিও সিগনাল প্রথমে ডিজিটাল পদ্ধতিতে মোবাইল ব্যবহৃত হয় - 2G প্রজন্মে
- GSM এর পূর্ণরূপ হলো- Global System for Mobile Communication
- অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশনের সুবিধা হলো - প্রাইমারি স্টোরেজ ডিভাইস প্রয়োজন হয় না।
- ব্রডকাস্ট মোডের উদাহারণ হলো - টিভি সম্প্রচার
- সাশ্রয়ীভাবে পাহাড়ী এলাকায় কার্যকরী নেটওয়ার্ক স্থাপনের জন্য সুবিধাজনক মাধ্যম - রেডিও ওয়েভ।
- মোবাইলের ইন্টারনেট ব্যবহার শুরু হয় - ২য় প্রজন্ম হতে।
- গ্রীন ফোন বলা হয় - CDMA প্রযুক্তির মোবাইল ফোনকে।
- কম্পিউটার ও মাল্টিমিডিয়া প্রজেক্টরের মধ্যে ডেটা সঞ্চালন মোড - সিমপ্লেক্স
- হটস্পট - তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা।
- একই ভবনের বিভিন্ন কক্ষে রক্ষিত কম্পিউটারের মধ্যে নেটওয়ার্ক ব্যবস্থাকে বলে - LAN
- ট্যুইস্টেড পেয়ার ক্যাবল এর সাধারণ রং - সাদা
- ভয়েস ব্যান্ডের সর্বোচ্চ গতি - 9600 bps
- একই সাথে উভয় প্লে দিয়ে ডেটা স্থানান্তর পদ্ধতিকে বলে - ফুল ডুপ্লেক্স
- একটি কেন্দ্রীয় কম্পিউটার থাকে - স্টার টপোলজিতে।

- ব্লুথ স্ট্যান্ডার্ড - 802.15
- একটি কেন্দ্রীয় হাব দ্বারা সংযুক্তি থাকে - STAR টপোলজি।
- ডাটা ফিল্টারিং সম্ভব - রাউটার ডিভাইসে।
- IEEE 802.11 প্রযুক্তির সাহায্যে তৈরি করা যাবে - LAN নেটওয়ার্ক।
- একটি চ্যানেলের মধ্য দিয়ে 10 সেকেন্ডে 1,00,000 বিট ডেটা ট্রান্সফার হলে এর ব্যান্ডউইথ - 10000 bps
- এক SMS প্রদান হলো- মাল্টিকাস্ট মোড।
- দূর প্রজন্মের মোবাইল ফোনের প্রধান বৈশিষ্ট্য - আইপি নির্ভর ওয়ারলেস নেটওয়ার্ক।
- টেলিফোনের জন্য ব্যবহৃত ক্যাবল - টুইস্টেড পেয়ার।
- ইন্টারনেট কী - বিশ্বব্যাপী নেটওয়ার্ক।
- একক কম্পিউটার থেকে সিগন্যাল নির্দিষ্ট প্রাপক কম্পিউটারেই প্রেরণ করা যায়- রাউটার এর সাহায্যে।
- Wi-Max নেটওয়ার্কে ব্যবহৃত হয় - MAN
- দুইজন ব্যক্তি মোবাইল কথোপকথনের ক্ষেত্রে - ফুল-ডুপ্লেক্স মোড কাজ করে।
- অনালগ সংযোগ ডিজিটাল সংকেতে রূপান্তরিত হয় - মডেম এর মাধ্যমে।
- ব্যান্ডউইথ হলো - ডেটা প্রবাহের হার।
- অপটিক্যাল ফাইবারের সবচেয়ে ভিতরের অংশ - কোর
- ট্রাংক লাইন বেশি ব্যবহৃত হয় - টেলিফোনে
- কো-এক্সিয়াল ক্যাবলের ডেটা সিগন্যালকে EMI থেকে রক্ষা করার জন্য ব্যবহৃত হয় - মেটালিক শিল্ড।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরি - কাঁচ তন্তু দিয়ে।
- সর্বোচ্চ গতিতে ডেটা ট্রান্সফার করে - ফাইবার অপটিক ক্যাবল।

বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. থ্রি কোন বলা হয় কোন প্রযুক্তির মোবাইল ফোনকে? [JU-A, Set-S: 2022-23]

A. FDMA B. TDMA
C. CDMA D. PDMA

SCWhy CDMA সিস্টেমে কম পাওয়ার দরকার হয় তাই ব্যাটারির আয়ুষ্কাল বৃদ্ধি পায় এবং দীর্ঘক্ষণ ধরে কথা বলা যায় যা পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ কারণে CDMA-কে গ্রীন ফোন (Green phone) বলা হয়।

02. ভার্চুয়াল রিয়েলিটির মাধ্যমে করা সম্ভব– [JU-A, Set-S: 2022-23]

i. ড্রাইভিং শেখা ii. ডাক্তারি শেখা
iii. বিমান চালনা শেখা একটি তথ্যসমূহে সংগ্রহশালা-

A. i এবং ii B. ii এবং iii C. i এবং iii D. i, ii এবং iii

SDWhy প্রাত্যহিক জীবনে ভার্চুয়াল রিয়েলিটির প্রভাব:

- শিক্ষা ও গবেষণায়।
- চিকিৎসাক্ষেত্রে এবং ডাক্তারদের প্রশিক্ষণ।
- কার ড্রাইভিং প্রশিক্ষণ।
- বিমান চালনার প্রশিক্ষণ।
- ট্রাফিক ব্যবস্থাপনা।
- সেনাবাহিনীতে যুদ্ধ প্রশিক্ষণে।
- ব্যবসায় বাণিজ্যে।
- মহাশূন্য অভিযানে।

03. ওয়াইম্যাক্স এর স্ট্যান্ডার্ড কত? [JU-A, Set-S: 2022-23]

A. IEER 802.11 B. IEEE 803.15
C. IEEE 803.11 D. IEE 802.16

SDWhy বিভিন্ন ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেমের প্রয়োজনীয় স্ট্যান্ডার্ড:

সিস্টেম	স্ট্যান্ডার্ড
Wifi	IEEE 802.11
Bluetooth	IEEE 802.15
Zigbee	IEEE 802.15.4
WiMax	IEEE 802.16

04. ভার্চুয়াল রিয়ালিটি (Virtual Reality) কি বোঝায়? [JU-A, Set-R: 2022-23]

A. একটি তথ্যসমূহের সংগ্রহশালা
B. অবস্থানের মধ্যে ভ্রমণ করা
C. একটি সম্পূর্ণ নিমগ্ন পরিবেশ
D. একটি সংজ্ঞায়িত এলাকায় সবচেয়ে কাছে অবস্থিত হওয়া

SCWhy ভার্চুয়াল রিয়েলিটি হলো সফটওয়্যার নির্মিত একটি কাল্পনিক পরিবেশ। যেখানে ব্যবহারকারী ঐ পরিবেশে মগ্ন হয়ে, বাস্তবে অনুকরণে সৃষ্ট দৃশ্য উপযোগ করে, সেই সাথে বাস্তবের ন্যায় শ্রবনানুভূতি, দৈহিক, মানসিক ভাবাবেগ ও উত্তেজনা অনুভূতির অভিজ্ঞতা অর্জন করতে পারে।

05. EC2 কোন কোম্পানির অবকাঠামো সেবা? [JU-A, Set-R: 2022-23]

A. আমাজন B. গুগল
C. মাইক্রোসফট D. অ্যাপল

SAWhy **IaaS: Infrastructure-as-a-Service (অবকাঠামোগত সেবা):** অবকাঠামো ভাড়া দেওয়ার সার্ভিস, যেমন: আমাজন ইলাস্টিক কম্পিউট ক্লাউড (EC2) এর উদাহরণ। EC2-তে ডেটা সেন্টারের প্রতি সার্ভারে ১ থেকে ৮টি ভার্চুয়াল মেশিন চলে, ক্লায়েন্টরা এগুলো ভাড়া নেন।

06. ক্লাউড কম্পিউটিং এর মাধ্যমে কাজ কর সুবিধাজনক কারণ- [JU-A, Set-R: 2022-23]

i. শুধুমাত্র নিজস্ব হার্ডওয়্যার প্রয়োজন
ii. সফটওয়্যার স্বয়ংক্রিয়ভাবে আপডেট হয়
iii. সার্বক্ষণিক ব্যবহার করা যায়

A. i এবং ii B. ii এবং iii
C. i এবং iii D. i, ii এবং iii

SCWhy ক্লাউড কম্পিউটিং এর সুবিধা:

- অপারেটিং খরচ।
- প্রায় সীমাহীন স্টোরেজ সুবিধা।
- নিরাপত্তা।
- সহজে তথ্য প্রবেশাধিকার।
- সফটওয়্যার খরচ কম।
- সহজপ্রাপ্যতা।
- স্বয়ংক্রিয়ভাবে সফটওয়্যার আপডেট ও রক্ষণাবেক্ষণ।
- ছোট ও প্রাথমিক উদ্যোক্তাদের জন্য আশীর্বাদস্বরূপ।

07. নিরাপদ VPN সংযোগ স্থাপনের জন্য সাধারণত কোন প্রযুক্তি ব্যবহার করা হয়? [JU-A, Set-R: 2022-23]

A. HTTP B. SSL/TLS C. SMTP D. Securi

SBWhy সুরক্ষিত করার জন্য SSL/TLS ব্যবহার করা হয়।

08. Bluetooth এর bandwidth কত? [JU-A, Set-N: 2022-23]

A. 2 Mbps B. 12Mbps C. 5Mbps D. 1Mbps

SDWhy ব্লুটুথ হলো স্বল্প দূরত্বের (১০ মিটার বা ৩৩ ফিটের কাছাকাছি) ভেতর বিনা খরচে ডেটা আদান-প্রদানের জন্য বহুল প্রচলিত ওয়্যারলেস প্রযুক্তি। 2.45 গিগাহার্টস ফ্রিকোয়েন্সিতে সিগন্যাল আদান-প্রদান করে। এর ব্যান্ডউইথ 1Mbps।

09. নিম্নের কোনটি UNICODE এর উদাহরণ? [JU-A, Set-N: 2022-23]

A. ASCII B. UTF-8
C. OTM-32 D. Hexa

SBWhy **Alphanumeric code:**

ASCII-7, EBCDIC, ASCII-8, Unicode
- UTF-8
- UTF-16BE
- UTF-16LE
- UTE-32BE
- UTF-32LE

10. কম্পিউটার নেটওয়ার্কে রাউটারের প্রাথমিক কাজ কি? [JU-A, Set-N: 2022-23]

A. ডেটা এনক্রিপশন B. ভৌত স্তর সংযোগ
C. প্যাকেট সুইচিং এবং রাউটিং D. নেটওয়ার্ক ঠিকানা অনুবাদ

SDWhy নেটওয়ার্ক ঠিকানা অনুবাদ কম্পিউটার নেটওয়ার্কে রাউটারের প্রাথমিক কাজ। ইহা ব্যক্তিগত নেটওয়ার্ক সমর্থন পুনরুদ্ধার করে পাবলিক IP গঠন করে।

11. রোগীর তথ্য সংরক্ষণে ব্যবহার করা হয় যে সফটওয়্যারগুলো:
[JU-A, Set-N: 2022-23]
i. Therapy Notes ii. Clinic iii. Care 360
নিচের কোনটি সঠিক?
A. i and ii B. ii and iii C. i and iii D. i, ii and iii
S C Why রোগের জন্যে রোগীর স্বাস্থ্যবিষয়ক তথ্যগুলো সুনির্দিষ্ট উপায়ে সংগ্রহ করে তা ডিজিটাল উপায়ে সংরক্ষণ করার প্রক্রিয়াকে ইলেকট্রনিক রেকর্ড (EHR) বলে। EHR এ ব্যবহৃত সফটওয়্যারগুলো হলো: Therapy notes, Epic care, Medi Touch, Jareoc, Next Gen Ambulatory EHR, TheraNest, Care 360 ইত্যাদি।

12. ভিন্ন ভিন্ন প্রটোকলের একাধিক নেটওয়ার্ক সংযুক্ত করতে কোন ডিভাইস ব্যবহার করা হয়?
[JU-A, Set-H: 2022-23]
A. রিপিটার B. গেটওয়ে
C. ব্রিজ D. হাব
S D Why গেটওয়ে হলো এমন ধরনের যন্ত্র যেগুলো ভিন্ন ভিন্ন নেটওয়ার্ককে যুক্ত করার জন্য ব্যবহার করা হয়। রাউটার, হাব, ব্রিজ, সুইচ ইত্যাদি যন্ত্র প্রটোকল ট্রান্সলেশনের সুবিধা দেয় না, কিন্তু গেটওয়ে এই সুবিধা দেয়। কোন ধরনের ট্রান্সলেশনের সুবিধা দিচ্ছে তার উপর ভিত্তি করে এটি OSI, রেফারেন্স মডেলের সকল স্তরে কাজ করতে পারে।

13. TCP/IP প্রোটোকল স্যুটের কোন স্তরটি একাধিক নেটওয়ার্কে প্যাকেটের ঠিকানা এবং রাউটিং জন্য দায়ী?
[JU-A, Set-H: 2022-23]
A. অ্যাপ্লিকেশন স্তর B. নেটওয়ার্ক স্তর
C. পরিবহন স্তর D. নেটওয়ার্ক ইন্টারফেস স্তর
S B Why ট্রান্সমিশন কন্ট্রোল প্রোটোকল/ইন্টারনেট প্রোটোকল (TCP/IP) হল একটি সেট ইন্টারনেটে ডাটা স্থানান্তর করতে ব্যবহৃত প্রোটোকল। এটি নিশ্চিত করার জন্য দায়ী যে ডাটা একটি নেটওয়ার্কে কম্পিউটারের মধ্যে নিরাপদে এবং নির্ভরযোগ্যভাবে প্রেরণ করা হয়। TCP হল একটি ট্রান্সপোর্ট প্রোটোকল যা ডেটাকে প্যাকেটে ভাগ করে এবং নেটওয়ার্ক জুড়ে পাঠায়। এটি নিশ্চিত করে যে প্যাকেজগুলি ক্রমানুসারে এবং ত্রুটি ছাড়াই বিতরণ করা হয়েছে। IP হল একটি নেটওয়ার্ক প্রোটোকল যা ইন্টারনেটে প্যাকেট রাউটিং করার জন্য দায়ী।

14. কোন প্রজন্মের মোবাইল ফোনে LTE স্ট্যান্ডার্ড অন্তর্ভুক্ত করা হয়েছে?
[JU-A, Set-G: 2022-23]
A. ১ম B. ২য়
C. ৩য় D. ৪র্থ
S D Why LTE, লং টার্ম এভুলুশন অথবা ফোরজি এলটিই যে নামেই পরিচিত হোক না কেন এটি মোবাইল ফোন এবং ডাটা টার্মিনালগুলোর জন্য উচ্চ গতির তথ্য আদান-প্রদানের বেতার যোগাযোগ ব্যবস্থাকে বোঝানো হয়ে থাকে। এটি চতুর্থ প্রজন্মের মোবাইল ফোনে অন্তর্ভুক্ত।

15. কম্পিউটার নেটওয়ার্কে সুইচের মূল উদ্দেশ্য কি?
[JU-A, Set-G: 2022-23]
A. নেটওয়ার্ক ঠিকানা B. ডেটা এনক্রিপশন
C. ভৌত স্তর সংযোগ D. প্যাকেট ফিল্টারিং
S D Why কম্পিউটার নেটওয়ার্কের মূল উদ্দেশ্য প্যাকেট ফিল্টারিং। প্যাকেট ফিল্টারিং হল একটি ফায়ারওয়াল কৌশল যা আউটগোয়িং এবং ইনকামিং প্যাকেটগুলি পর্যবেক্ষণ করে নেটওয়ার্ক অ্যাক্সেস নিয়ন্ত্রণ করতে, উৎস এবং গন্তব্য ইন্টারনেট প্রোটোকল (আইপি) ঠিকানা, প্রোটোকল এবং পোর্টগুলির উপর ভিত্তি করে তাদের পাস বা থামানোর অনুমতি দেয়।

16. ইন্টারনেটে স্ট্রিমিং ভিডিওর ব্যান্ডউইথ কত–
[JU-A, Set-F. 2021-22]
A. 1.5 Mbps B. 4 Mbps
C. 3 Mbps D. 5 Mbps
S A Why ইন্টারনেটে স্ট্রিমিং ভিডিওর ব্যান্ডউইথ 1.5 Mbps.

17. ইমেইলের ব্যান্ডউইথ কত–
[JU-A, Set-I. 2021-22]
A. 0.7 Mbps B. 0.2 Mbps
C. 0.3 Mbps D. 0.5 Mbps
S D Why ডেটা স্থানান্তরের হারকে Bandwidth বলে। ই-মেইল, ভিডিও, মিউজিক এবং ওয়েব ব্রাউজিং এর Bandwidth 0.5Mbps

18. ওয়েব ব্রাউজিং এর জন্য প্রয়োজনীয় ব্যান্ডউইথ কত?
[JU-A, Set-M. 2021-22]
A. 1 Mbps B. 1.44 Mbps
C. 2 Mbps D. 2.44 Mbps
S D Why একক সময়ে যে পরিমাণ ডেটা স্থানান্তর করা হয় তাকে ব্যান্ডউইথ বলে। ওয়েব ব্রাউজিং এর জন্য প্রয়োজনীয় ব্যান্ডউইথ 2.44 Mbps.

19. ন্যারো ব্যান্ডের সর্বনিম্ন ডাটা স্পিড কত?
[JU-A, Set-O. 2021-22]
A. 35bps B. 45bps
C. 200bps D. 300bps
S B Why

ব্যান্ড	গতি
ন্যারো ব্যান্ড	45-300 bps
ভয়েস ব্যান্ড	9600 bps
ব্রড ব্যান্ড	1Mbps -1Gbps

20. গ্রুপ এসএমএস হল–
[JU-A, Set-Q. 2021-22]
A. ইউনিকাস্ট B. মাল্টিকাস্ট
C. টেলিকাস্ট D. ব্রডকাস্ট
S B Why যে ট্রান্সমিশন পদ্ধতিতে নেটওয়ার্কের কোনো একটি নোড থেকে ডেটা প্রেরণ করলে তা নেটওয়ার্কের অধীনে শুধু নির্দিষ্ট গ্রুপের সদস্য গ্রহণ করতে পারে তাকে মাল্টিকাস্ট বলা হয়।
উদাহরণ: গ্রুপ SMS, গ্রুপ MMS

21. বিট সিনক্রোনাইজেশন হচ্ছে–
[JU-A, Set-Q. 2021-22]
i. ডাটা ব্লক আকারে স্থানান্তর করা
ii. ডাটার বিটের বিন্যাস ও সংযুক্ত অতিরিক্ত বিট
iii. ব্যান্ড উইথের পরিমান বাড়ানো
নিচের কোনটি সঠিক?
A. i ও ii B. ii ও iii
C. i ও iii D. কোনটিই নয়
S A Why ডাটাকে ব্লক আকারে সাজানো ও স্থানান্তর করাকে সিনক্রোনাস।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান

01. কোন ডিভাইসটিতে ডাটা ফিল্টারিং সম্ভব?
[GST-A. 20-21]
A. সুইচ B. হাব
C. রিপিটার D. রাউটার
S D Why রাউটার এর বৈশিষ্ট্য হলো ডাটা ফিল্টারিং করা। হাব, সুইচ, রিপিটার দিয়ে ডাটা ফিল্টারিং সম্ভব নয়।

02. কোন প্রজন্মের মোবাইল ফোনে LTE (Long Term Evolution) স্ট্যান্ডার্ড অন্তর্ভুক্ত করা হয়েছে?
[GST-A. 20-21]
A. ১ম B. ২য়
C. ৩য় D. ৪র্থ
S D Why 4G গতি নিয়ে সর্বপ্রথম যে দুটি প্রযুক্তি বাজারে আসে তা WiMax এবং LTE।

03. কোনটি এসিনক্রোনাস কাউন্টার?
[GST-A. 20-21]
A. রিং কাউন্টার B. MOD-10 কাউন্টার
C. রিপল কাউন্টার D. সবগুলো
S D Why অ্যাসিনক্রোনাস কাউন্টারে কোনো সাধারণ ইনপুট থাকে না। সিনক্রোনাস কাউন্টারে একটি সাধারণ input clock দ্বারা যুক্ত থাকে। যেমন: আপ কাউন্টার, ডাউন কাউন্টার।

04. WiMAX প্রযুক্তিতে কভারেজ এলাকা (মিটারে) কত?
[GST-A. 20-21]
A. 10-50 B. 100-500
C. 1000-5000 D. 10000-50000
S D Why Bluetooth → 10 – 100 m
WiMax → 10km – 50km

কোনটি অনলাইন ভিডিও মিটিং প্লাটফর্ম নয়? [GST-A. 20-21]
A. হোয়াটসঅ্যাপ B. ওয়েবক্স
C. জুম D. গুগল মিট
S(D)Why হোয়াটসঅ্যাপ, জুম ও গুগলমিট ব্যবহার করে আমরা যেকোনো মিটিং, ক্লাস ইত্যাদি করতে পারি।

টেলনেট কী? [GST-B. 20-21]
A. নিরাপত্তা ব্যবস্থা B. এক ধরনের সফটওয়্যার
C. তারবিহীন নেটওয়ার্ক D. কোনোটিই নয়
S(C)Why হটস্পট হলো একটি তারবিহীন নেটওয়ার্ক।

কোনটি নেটওয়ার্ক ডিভাইস নয়? [GST-B. 20-21]
A. Hub B. Switch
C. Router D. TCP
S(D)Why নেটওয়ার্ক ডিভাইসসমূহ মডেম, NIC, রিপিটার, হাব, সুইচ, রাউটার, ব্রিজ, গেটওয়ে, অন্যদিকে TCP ট্রান্সপোর্ট লেয়ার প্রোটোকল।

কোনটি উপগ্রহে ডাটা প্রেরণের সাথে সম্পর্কিত? [GST-B. 20-21]
A. Downlink B. Modulate
C. Demodulate D. Uplink
S(D)Why Downlink → উপগ্রহ থেকে ডাটা গ্রহণ করতে ব্যবহৃত হয়।
Uplink → ডাটা প্রেরণ করা হয়।

ভিডিও কনফারেন্সিং-এ ব্যবহৃত ডাটা ট্রান্সমিশন মোড হলো [GST-B. 20-21]
A. মাল্টিকাস্ট B. ব্রডকাস্ট
C. সিমপ্লেক্স D. ইউনিকাস্ট
S(A)Why ইউনিকাস্ট একটি প্রেরক থেকে একটি প্রাপক ডেটা প্রদান। মাল্টিকাস্ট নেটওয়ার্কের একটি নোড থেকে প্রেরিত ডেটা নেটওয়ার্কের অধীনে সকলমোডেই গৃহীত হয় না। নির্দিষ্ট গ্রুপের সদস্য গ্রহণ করতে পারে।

কোন ডিভাইসটি "ফুল ডুপ্লেক্স" মোডে কাজ করে? [GST-B. 20-21]
A. মোবাইল ফোন B. ওয়াকি টকি
C. রেডিও ব্রডকাস্টিং যন্ত্রাংশ D. সবগুলো
S(A)Why ফুল ডুপ্লেক্স পদ্ধতিতে ডেটা উভয়দিকে প্রেরণ করা যায়।

RJ45 কানেক্টর ব্যবহার করে ৩০টি কম্পিটার একটি সুইচের সাথে সংযোগ স্থাপন করা হলো। নেটওয়ার্কটিতে কোন টপোলজির ব্যবহার হয়েছে? [GST-C. 20-21]
A. স্টার B. রিং
C. বাস D. মেশ
S(A)Why একটি সুইচের সাথে একাধিক কম্পিউটারের যুক্ত হওয়ার পদ্ধতি হলো স্টার।

কোন প্রজন্মের মোবাইলে IP ডাটা নেটওয়ার্ক অন্তভূক্ত করা হয়েছে? [GST-C. 20-21]
A. ১ম B. ২য়
C. ৩য় D. ৪র্থ
S(D)Why চতুর্থ প্রজন্মের মোবাইল সিস্টেমের প্রধান বৈশিষ্ট্য হলো সার্কিট সুইচিং পরিবর্তে ইন্টারনেট প্রটোকল ভিত্তিক (IP) নেটওয়ার্কের ব্যবহার। সুতরাং মোবাইল টেলিফোন সিস্টেমে (IP) ভিত্তিক নেটওয়ার্কের ব্যবহারের মাধ্যমে ডেটা আদান প্রদান করা সম্ভব।

কোনটি তারবিহীন MAN এর সাথে সম্পর্কিত? [GST-C. 20-21]
A. স্যাটেলাইট B. WiMAX
C. Wi-Fi D. ইনফ্রারেড
S(B)Why Bluetooth → PAN
Wi-Fi → Lan
WiMax → MAN
স্যাটেলাইট → WAN

কোনটি ইটের দেয়াল ভেদ করতে পারে না? [GST-C. 20-21]
A. রেডিও ওয়েভ B. মাইক্রোওয়েভ
C. ইনফ্রায়েড D. কোনোটিই নয়
S(B)Why 300GHz হতে 400 THz পর্যন্ত ফ্রিকুয়েন্সিকে বলা হয় ইনফ্রারেড। মাঝে কোনো বাধা বা থাকলে এ ধরনের সিগনাল সর্বোচ্চ 30 মিটার পর্যন্ত যেতে পারে। ইনফ্রারেডের একটি অসুবিধা হচ্ছে এটি ইটের দেয়াল বা শক্ত প্রাচীর ভেদ করতে পারে না।

15. ভিন্ন ভিন্ন প্রটোকলের একাধিক নেটওয়ার্ককে সংযুক্ত করতে কোন ডিভাইস ব্যবহৃত হয়? [GST-C. 20-21]
A. রিপিটার B. গেটওয়ে
C. ব্রিজ D. হাব
